গ্ৰেণ মাত্রায় দিবসে ২ ৩ বাব , ইহাতে প্রসাব বৃদ্ধি পাইয়া যুবিকাশ নিঃসৃত হয় লিথিয়া সাইট্রাস গোয়েকম, ক্লোবেট অব্ পটাশ। ফস্ফেট অব্ এমোনিয়া কুইনাইন ও কলচিকম বক্তহীনতা থাকিলে লৌহঘটিত ঔষধ—ফেবি এট্ এমন্ সাইট্রাস, ভাইনম ফেরি, সিবপ ফেবি আইয়োডাইড্ ইত্যাদি আইয়োডাইড অব্ পটাসিয়ম ও আইয়োডাইড অব্ এমোনিয়ম প্রত্যেকে ৫০ গ্ৰেণ, জল ৪ ড্রাম, গ্লিসিবিণ ১ আউন্স—এই বোগে চক্ৰেণ হইলে স্থানিক প্রয়োজ্য বিবিধ প্রকাব মিনাবেল ওয়াটর্স ভিসি, কার্লস্বাড, হাবোগেট স্থান পরিবর্তন বিট্রোসিডেন্ট গাউটে কাউন্টব ইবিটান্ট, টর্পেন্টাইন ষ্টিউপ্স এবং ক্লোবোফর্ম ও বেলডোনা প্রভৃতি আক্ষেপ-নিবাবক ঔষধ প্রয়োজ্য

আণিকা ও আর্সিনিক সেবন উপকাৰী অনিঙ্গার জন্ত সল্ ফোনাল প্রয়োজ্য অবসন্নতা প্রাপ্ত হইলে উওজক প্রয়োজ্য ইদানীং এই বোগে পাইপি রেজিন উপকাৰী বলিয়া কথিত হয়।

রিউমেটিজম—বাত ।

তরুণ ও প্রাচীন ভেদে এই বোগ দ্বিবিধ

তরুণ বাত —ইহা একটা প্রবল পীড়া, এতদ্বারা রোগী সমূহ কষ্ট ভোগ করে , ইহাতে প্রবল জ্বর ও কখন কখন হৃৎপিণ্ড আক্রান্ত হয় দেহাভ্যন্তরে ল্যাক্টিক এসিড বা ক্ষীণাত্তর আধিক্য এই বোগের কারণ বলিয়া কথিত হয় খাচু দ্রব্যস্থ শ্বেতসার প্রথমতঃ ক্ষীণাত্তর পবিণত হয়, পবে উহাব সহিত অর্চি-জেন মিলিত হইয়া কার্বনিক এসিড ও জল হয়, ইহা ফুসফুস দিয়া

বিদূরিত হইয়া থাকে। কোন কাৰণ বশতঃ প্রোক্ত ক্রিয়াব
ব্যাপ্ত জন্মিলে শরীরেব মধ্যে স্বীকৃত সঞ্চিত হইয়া পড়ে।

লক্ষণ । — অস্থিৰতা, জ্বব, আর্কতা বা শৈত্য সংস্পর্শেব
পব অঙ্গাদির অনম্যতা ও বেদনা সম্বন্ধে বর্দ্ধিত হইয়া উঠে, এক
বা ততোধিক বৃহৎ সন্ধি বেদনাযুক্ত ও স্বীত হয় প্রধান
জ্বব ও সার্কাস্টিক উপজ্বব বোগী নড়িতে চড়িতে অসমর্থ
হয়, সন্ধিব বেদনা এত যন্ত্রণাদায়ক হয় যে, শয্যাবস্ত্রের ভাবও
অসহনীয় হইয়া উঠে চক্ষু অতৃপ্তিকর বা অশ্লঃক্ষয়ণ শ্বেদ-
স্রাব হইয়া থাকে। নাড়ী পুষ্ট, ক্রত ও লক্ষনশীল; সচরাচর
কোষ্ঠবদ্ধ; সময়ে সময়ে উদনাময়; জিহ্বা আর্দ্র, কিন্তু গাট মলা-
বৃত্ত, মূত্র লালবর্ণ, অন্ন, স্বল্প ও যুবেটপূর্ণ। রোগেব পুনরাক্রমণ
অতি সাধাবৎ। এই বোগেব উপসর্গেব মধ্যে এই কয়েকটা
প্রধান, যথা — প্রদাহ এক স্থান হইতে অন্য স্থানে গমন কবে,
ক্ষুবেষ্ট বা হৃদাস্তবচ্ছদ আক্রান্ত হইলে রোগ সাংঘাতিক
হইতে পারে কখন কখন বায়নশীভুজ, কুসকুমচ্ছদ, কুমকুম,
মস্তিক বা মস্তিকচ্ছদেব প্রদাহ সমুৎস্থিত হয় কোন উপসর্গ
না থাকিলে এই বোগ ১৫ ১৬ দিন হইতে ৩০ দিন থাকে যদি
সাংঘাতিক হয়, তবে তাহা হৃদপিণ্ড আক্রান্ত হওয়া বশতঃই
হইয়া থাকে

চিকিৎসা — স্যাক্টিয়া বেসিমোয়ার অর্ডিট ৫ মোটা
মাত্রায় ব্যবহার কবিলে তরুণ বালক বোগেব বেদনা সম্বন্ধে উপ-
শান্ত হয় উষ্ণ উষ্ণ পুণ্ডীস বেদনাযুক্ত স্থানে স্থাপন কবিলে
শ্যালিসিলিন্ ও হইতে ১৫ গ্রেণ মাত্রায় ২ ঘণ্টাস্তব সেবন কবা-
ইলে ১ বা ২ দিনেব মধ্যে বোগোপশম লগিত হয় প্রথমে

বেদনা ■ তৎপরে জ্বব কমিয়া যায় স্যালিসিলেট অব্ সোড ব্যবহারে উপকার লক্ষ হইয়াছে, এতৎ ব্যবহারে স্থূপিণ্ড অক্রান্ত হইবার আশঙ্কা অনেকাংশে নিবারিত হয় মাত্রা ৩—১৫ গ্রেণ। স্যালিসিলিক এসিডও স্ফুলপ্রাদ সল্ফবস এসিডের ফিউমিগেশন ও শয্যাবস্তাদিতে উহাব বাষ্প লাগান উপকারক ভিরাট্রিয়ার মলম স্থানিক প্রয়োজ্য একোনাইট, আর্নিকা, বেন্জইক্ এসিড্। ব্রাইওনিয়া মহোপকারী

স্যালাইন্ পর্গেটিভ্‌স্ ৩৩১, ৩৩৪, ৩৩৯, ৩৫০, ৩৫৩, ৩৫৪
অথবা ক্যালোমেল ৫ গ্রেণ ও জেলাপ ৩০ গ্রেণ বেদনা নিবারণার্থ পূর্ণ মাত্রায় ওপিয়ম্ দিবে ইহাতে স্বেদস্রাব হওয়ায় বিঘাণ্ড পণার্থ বিদূষিত হইতে পারে ওপিয়ম ও বেলেডোনা প্রতিবাএ শয়নকালে—১০১ কম্পাউণ্ড ইপিক্যাক্ পাউডর ৪ ৬ ঘণ্টাস্তর অনেকে পূর্ণমাত্রায় কুইনাইন ব্যবহারেব অনুমোদন করেন ইহাব সঙ্গে ৪ ৫ গ্রেণ আইয়োডাইড অব্ পটাশিয়ম দিলে সমধিক উপকার লক্ষ হয় টিংচাব ভিরেট্রাই ভিরিডিস্ ১ ৩ মিনিম মাত্রায় এক আউন্স জল সহ ৩ ৪ ঘণ্টাস্তর আবশ্যক মত সেব্য টিংচব একোনাইট ছায়া নাড়ী স্পন্দনেব ক্রততা ও জ্বব নিবারিত হয়—২৭২। সেবনার্থ নাইট্রেট অব্ পটাশ ১০—৩০ গ্রেণ মাত্রায় জলের সঙ্গে ও বাহ্যিক উহাব উগ্র জ্বব পীড়িত স্ক্‌ফিহনে বস্ত্রখণ্ড ছাব ভিজাইয়া দিবে জর্দীব-বস ২ ৩ আউন্স দিনে ২ ৩ বাব, ইহা ব্যবহারকালে বিশেষ সাবধান থাকা কর্তব্য, কারণ সময়ে সময়ে ইহা ছায়া অত্যন্ত অবসন্নতা উপস্থিত হয় বাইকার্বনেট অব্ পটাশ বা সোডা ২০ হইতে ৩০ গ্রেণ, শুক্ক জল বা সোডা ওয়াটবেব সঙ্গে ৩ ৪ ঘণ্টা-

স্তব্ব দিবে—২৯২, ২৯৬ হইব সঙ্গে ভাইনম কলচিকম ৫—
 ১০ মিনিম সাইট্রেট অব্ পটাশ যদি পীড়া এক বা ততোধিক
 সন্ধিস্থানে অধিক দিন পর্য্যন্ত থাকে, তবে পূৰ্ব্বোক্ত ঔষধের
 সঙ্গে আইয়োডাইড অব্ পটাশিয়ম মিশ্রিত করিয়া দিবে। শ্বেদ-
 আবের স্বল্পতায় উষ্ণ বাষ্প স্নান। বোগাস্তেব দৌৰ্বল্যে এমো-
 নিয়া ও বার্ক ১৮৩; ফেরি এট এমোনি সাইট্‌ন্ ১৮০ প্রবল
 লক্ষণাদি তিবোহিত হইবার পবেই কড্‌মিওব অয়েল ব্যবহার
 করিতে আবস্ত কবিলে উপকাব হয়। লাইকব্ আর্গিনিকেলিস্।
 স্থানিক ঔষধ—আক্রান্ত সন্ধি তুলা, ফ্লানেল বা অয়েল সিধ দ্বাৰা
 সর্ষদা আবৃত রাখিবে জলে সোডা ও অহিফেন মিশ্রিত কবিয়া
 সেই জল উত্তপ্ত কবণানন্তব তন্দ্বাৰা সেক দিবে তৎক্ৰমে প্রদাহ
 একটু উপশান্ত হইলে সন্ধির চতুর্পার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র বিষ্টাব নিম্ন-
 মেন্ট আইয়োডিন মাগিণ কবিয়া তুলা দ্বাৰা ঢাকিয়া রাখা
 উচিত কেহ কেহ তক্রণাবস্থায় বিষ্টাব দ্বাৰা ফোন্স কবাইয়া
 তত্‌পরি পুলটীস্ দিতে বলেন সর্দি প্রবণ রোগেব পক্ষে ডাক্‌কে-
 মাৰা। অনিদ্রা ও প্রলাপ বর্তমানে লিথিয়া ব্রোমাইড্ প্রদাহ
 কৰক্ষিত উপশান্ত হইলে রসটক্ সেবন সুফলপ্রদ। অয়েল
 অব্ উইণ্টর গ্রীণ ও ইক্‌থিয়ল উপকারী

এই রোগ দ্বাৰা হৃৎপিণ্ড আক্রান্ত হইবার আশঙ্কা হইলে
 অনেকে জলৌকা দ্বাৰা রক্তমোষণ ও মার্করী দ্বাৰা মুখ আনয়ন
 কবিত্তে বলেন কিন্তু উক্ত উপায়েপেক্ষা পূৰ্ণমাত্রায় ওপিয়ম সেবন
 কবান এবং লিঙ্গিড ও মর্টার্ড পুর্টীস্ সংলগ্ন কবান অধিক উপ-
 কারী অথবা ১ গ্রেণ মাত্রায় ওপিয়ম ২৩ ঘণ্টাস্তর হৃৎপ্রদাহ
 বর্তমানে সেব্য। বাইকার্বনেট অব্ পটাশ সেবন রহিত করিবে

না তৎপরে হৃৎপিণ্ডাবক পর্দার অভ্যন্তরে বক্তবস শ্রাবিত হইলে ত্রিষ্টাব ও আইয়োডাইড্ অব্ পটাশিয়ম সেবন করান কর্তব্য প্রথমে লঘুপাক পথ্য দিবে অধিক দৌর্বল্য প্রকাশিত হইলে মাংসেব বোল, ছন্ধ, ডিষ প্রভৃতি দেওয়া যাইতে পারে। শর্করা ব্যবহার নিষিদ্ধ মদ্য ও আসবাদি বিশেষ আবশ্যক না হইলে দিবে না।

প্রাচীন বাত কখন ত্বণ বোগেব পব হয়, কখন বা ইহা আপনাপনি উপস্থিত হয়। বৃদ্ধ বয়সে এই বোগ অতি সাধাবণ সন্ধি বা স্নায়ুর সৌত্রীণ আবরণ, পেশীচ্ছদ, কণ্ডুরা ও অস্থিচ্ছদ প্রধানতঃ এই বোগেব দ্বারা আক্রান্ত হয়। প্রমেহ বশতঃ এক প্রকার বাতবোগ হয়, তাহাকে গনেন্‌কিয়েল রিউ মেটজম বলে কোমবে, বজ্জণে, গ্রীবা ও বক্ষেব পেশীতে সময় সময় বাতরোগ জন্মে।

চিকিৎসা। স্ন্যাক্টিয়া রেসিমোজা বিশেষ উপকারী। ক্যাপসিকমেব উগ্র অরিষ্ট লিণ্টে ভিজাইয়া স্থানিক প্রয়োজ্য বেদনা নিবারণার্থ ক্লোরাল অয়েল মেজিবিয়ান ও সাসাফুস্ সল্ফর ও সল্ফাইড্ স্থানিক ও স্থানরূপে। অলিয়েট অব্ মার্করী এণ্ড মর্ফিয়া স্থানিক প্রয়োজ্য সোডী স্যালিসিলেট ও কুইনী স্যালিসিলেট স্যালিসিলেট অব্ সোডা ব্যবহারে দেহ হইতে যুবিকাল নিঃসৃত হইয়া উপকার হয় সার্ভোজিক স্বাস্থ্য যাহাতে উন্নত হয়, তজ্জন্ত যত্ন কবিবে পবিপাক ক্রিয়া যাহাতে স্মৃশ্ৰুত ভাবে সম্পাদিত হয়, তৎপক্ষে দৃষ্টি রাখা কর্তব্য আইয়োডাইড অব্ পটাশিয়ম বা সোডিয়ম—৩৯৯, ৪০১, ৪০৪ ; ইহার সঙ্গে বাইকার্বনেট অব্ পটাশও মিশ্রিত করিয়া দেওয়া

যায় । কডলিভর অষল । কুইনাইন ও বেলেডোনা আইরো-
ডাইড অব্ আয়বণ—১৮১, ৪০৩ টিংচর গোয়েকম—২৮৬ ।
কল্চিকম—বিবিধ ঔষধেব সঙ্গে সার্ম্পাফিলা ৩৩৯ । কনসিড
মল্লিমেট—৩৯৮, ৪০২ আর্সিনিক ও ভাইনম ফেরি ১৯১
একোনাইট ও আইরোডাইড অব্ পটাসিয়ম ৪০৪ টিংচর
ব্রাইওনিয়া ও রসটক্স লিগিয়া ব্রোমাইড স্ক্র সফির পীড়ায়
হাবোগেট প্রভৃতি মিনারেল ওয়াটর্স উষ্ণ বাষ্প-স্নান, সল্ট
ওয়াটর বাথ স্থানিক—ব্লিষ্টাব, আইয়োডিন পেন্ট সাইকর
এমোনিয়া ও সোপ লিনিমেন্ট ৪১ বিবিধ উত্তেজক, অবসাদব
ও বেদনানিবারক মর্দন—৪৩, ১৪৪, ১৪৯, ১৫০, ১৫৩ সব-
কিউটিনিয়স ইন্জেক্শন অব্ সফিয়া ও এটপিন্ কটিবাত্তে
বেলেডোনা গাষ্টব ও এম্প্লাষ্ট্রম্ ফেরি লাগাইলে উপকার হয়
পেশীর কণ্ডরা এই রোগে আক্রান্ত হইলে মলফর চূর্ণ বা মলম
স্থানিক প্রযোজ্য বাতরোগীর পক্ষে গাজে ফুগেন ব্যবহার
করা উচিত এবং বিয়াব ও উত্তেজক সদা সেবন নিষিদ্ধ । অয়েল
ইউক্যালিপ্টস্ মর্দন । গ্যালব্যানিক ব্যাটারী দ্বারা তাড়িত প্রয়োগ
লিনিমেন্ট পটাসী আইয়োডাইড কম্ সেপোনী ইকুথিয়স ৫—১০
গ্রেণ্ মাজায় সেবনে উপকার হয়, মস্তনতঃ ইহাতে মলফর থাকায়
উপকার মর্নে বিগুন্ধ মলফর সেবনও সফলপ্রদ পীড়িত
সন্ধিতে পর্যায়ক্রমে স্নান ও উষ্ণ জলধাণা প্রয়োগ হিতকর ।

ক্রনিক অস্টিয়ো আর্থাইটিস্—এক প্রকার বাত ।

সন্ধি স্থানের এক প্রকার পুরাতন পীড়া গাউট ও রিউমেটিজমের সঙ্গে কোন কোন বিষয়ে সোসাদৃশ্য থাকিলেও তাহা হইতে ইহা একটা স্বতন্ত্র পীড়া

লক্ষণ পীড়িত সন্ধি ক্ষীণ, বেদনাম্বিত ও অনমনীয় ভরণরোগ হঠাৎ উপস্থিত হয় ও তৎসঙ্গে জ্বর ও সার্ভান্দ্রিক অসুস্থতা বর্তমান থাকে কিন্তু সাধারণতঃ এই বোগ প্রাচীন। প্রারম্ভে গাত্রগুরুতা, আলস্য, অস্থিভতা, ক্ষুধাভাব ও দুগ্ধিত নিঃস্রাব বর্তমান থাকে। তৎপবে সন্ধি সকল শক্তি ও বেদনাম্বিত, নৈহিক বিয়োব মধ্যে রস আবিভ হওয়ায় উহা ক্ষীণ ও বিস্তৃত। বজ্রক, চান্দ্র ও গুরু সন্ধিতে পীড়া হইলে বেঙ্গলি হাটিতে পাবে না হস্ত ধাবা টিপিলে বা অল্প আঘাত কবিলে রস সঞ্চালন অনুভব কবিতো পাব যায় সম্ভব কালে সন্ধিতে এক প্রকার বিশেষ স্ফুটন শব্দ বোগী নিজে শুনিতে পায় রোগ অধিক দিবস স্থায়ী হইলে সন্ধিবিধান পূর্ণ হওয়ায় সন্ধি অচল হইয়া পড়ে কখন কখন সন্ধিস্থ উপস্থি বিনষ্ট হওয়ায় সন্ধি অকর্মণ্য ও বিধান পবিবর্তন হইয়া থাকে তৎসময় পেশীতে আক্ষেপ, মানসিক অবসাদ, আলস্য, অগ্নিমান্দ্য ও পাকায়ণে অল্প, বাত্রিতে নিদ্রাব ব্যাঘাত, বৎসঞ্চালনেব মূর্ত্ততা বৎসঃ সর্দে স্কাব প্রবণত এই বোগেব স্থিতিকাল কয়েক মাস হইতে কয়েক বৎসর পর্য্যন্ত

চিকিৎসা — স্ত্রীগোকদেব ঋতু বৈষম্য থাকিলে স্যানিট্রিয়া বেসিমাঙ্গা বিশেষ উপকারী ৪ আউন্স সোডা ও ২০ গ্রেণ আর্সনিয়ট অব সোডা এক গামলা জলে মিশাইয়া তাহাতে

মান করিলে উপকার হয় । একোনাইট, আর্নিকা, স্যালিসিলেট
কুইনিন বা সোডা, লিথিয়া, গোস্বেকম্ কলচিকম্, আইয়োডিন,
পল্‌সেটীলা সেবনে সময় সময় উপকার দর্শে

ইহাকে বিউমটিক্ গাউট বা অর্থাইটিস্ও বলে ইহাতে উভয়
প্রকার পীড়ার প্রকৃতি মিশ্রিত থাকে স্ত্রীলোকমেব এই পীড়ার
সঙ্গে জন্মঘুর ক্রিয়া বিশৃঙ্খলা থাকিলে, তৎপ্রতিকার সাধন
সর্বপ্রথমে কর্তব্য মূহু বিবেচক—সলফেট অব্ সোডা ও
সল্‌ফর প্রভৃতি । কডলিওব আয়ল । আক্রান্ত সর্ষিতে উষ্ণ
জলসেচন । সল্‌ফর ও ম্যাগ্নেসাইন বাথ্ আর্সেনিক
বাথ্ কুইনাইন, সিরপ ফেরি আইয়োডাইড, লাইকব পটাশ,
আইয়োডাইড ও ব্রোমাইড অব্ পটাসিয়ম, কলচিকম
ও লাইকব আর্সিনিকেলিস । ইহাদিগকে প্রত্যক্ষ স্বতন্ত্র অথবা
ছই তিনটী একত্রে ব্যবহার করিবে স্ত্রীলোকদিগেব পক্ষে
আইয়োডিন ও ব্রোমিন ঘটিও ঐষধ দিবে না ; কারণ আর্জিব-
স্রাবের আধিক্য পাবিলে এতদ্বারা তাহা আরও বৃদ্ধি প্রাপ্ত হয়
একোনাইট ও সার্পেন্টেরী ৪২৮ । সাময়িক ত্রিষ্টাব, আইয়ো-
ডাইড অব্ পটাসিয়ম অয়েন্টেমেন্ট বা লিনিমেন্ট ও মার্কিউ-
বিমেল প্লাষ্টার দ্বারা সন্ধিস্থান স্থাপীৎ । অগ্ৰাণ্ড স্থানিক বাতে
উদ্ভিখিত বিবিধ গিনাবেগ ওয়াটস সেবনে বিশেষ উপকার হয়
তগ্ৰাণ্ড হাবোপেট, কার্লস্‌বাড, ভিগা, স্পা প্রভৃতি প্রধান ।
নিম্নলিখিত মলম মর্দনে বিশেষ উপকার হয়, যথা এসিড্
স্যালিসিলিক, টর্পেন্টাইন অয়েল, ও স্যানোলিন প্রত্যেকে
২০ ড্রাম ও চর্বি ৩ আউন্স ইহা মক্কা প্রকার বাতে
প্রয়োজ্য ।

পাইমিয়া—আইকরিমিয়া—পূষাত্মক রক্ত ।

রক্তে শত্ৰিত পদার্থ বা পূষকণা আশোষিত হইলে এই রোগ জন্মে ইহা এক প্রকার রক্তেব পীড়া

লক্ষণ —কম্প শীত, স্বেদস্রাব, নাড়ী দ্রুত, আপস্মাবিক আক্রমণ, উদবাময়, বঙামাশয়, ফুসফুস ছেদপ্রদাহ, অগ্রচ্ছেদপ্রদাহ, বিসর্প, বিস্ফোটক ও ফোটক প্রভৃতি শীততা শীঘ্র শীঘ্র বৃদ্ধি, অব সন্নতা, তৎপবে মৃত্যু প্রাচীন বোগেব লক্ষণ অপেক্ষাকৃত মৃদু ও তাহা ক্রমশঃ প্রকাশিত হয়

চিকিৎসা —প্রথমাবধিই উত্তেজক ব্যবহার কবিবে এমোনিয়া ও ইথর ২, ৩ ড্রাণ্ডি, ইথর ও সিনকোনা ১৩ ড্রাণ্ডি ও ডিম্ব, বিস্ফটী, চিকেন ব্রথ দুগ্ধ, ক্রিম প্রভৃতি কুইনাইন ■ নাইট্রিক এসিড ১১৩, ১২৪ বেদনার উপশমার্থ অহিফেন বমন নিবারণার্থ এমোনিয়া ■ হাইড্রোসিয়ানিক এসিড ডিল ৪ সাইট্রেট অব্ সোডা, লবেল ওয়াটব, সোডাওয়াটার, বিস্মথ ববফ সেবনার্থ, এবং পাকাশম্পোপবি পুলটাস ও সিনাপিজম ওয়েটসিট প্যাকিং, এসিড স্পঞ্জিং সলফেট অব্ ম্যাগ্নিসিয়া বা সোডা কতাদিতে আইয়োডোফর্ম, কার্বলিক এসিড, থাইমল, পাব-ম্যাঙ্গানেট অব্ পটাশ প্রভৃতি স্থানিক ব্যবহার্য বোথিক এসিড, কার্বলিক এসিড, সোডা সল্ফ কার্বোলাস, পটাশ পাব-ম্যাঙ্গানেট, আর্গটিন, ফেবি পাবক্লোবাইড, আইমোডিন জেব রাণ্ডি, মর্ট লিকব, কুইনিন, স্যালিসিন, টেবিসিহু সেবনীয কুইনিন, টিং ষ্টিল ■ ক্লোরেট অব্ পটাশ বিশেষ উপকারী

এরিসিপেলাস—বিসর্প ।

চর্মের বিস্তীর্ণ ও প্রসারণশীল প্রদাহ, এই প্রদাহ সচরাচর চর্মের নিম্নস্থ যোজক তন্তুতে হয়। এই রোগের সঙ্গে জ্বর থাকে ও আক্রান্ত অংশ ঘোর লালবর্ণ, উষ্ণ, বেদনাবিত্ত ও ক্ষীণ হয়। ইহা এক প্রকার বিশেষ বিষ হইতে উৎপন্ন হয়। অল্পস্থ স্বাবয়ুক কত-বোগী অনেকগুলি এক স্থানে থাকিলে এই রোগ হওয়ার সম্ভাবনা ; ইহা বহুব্যাপক স্পর্শক্রমক। শবীরের সকল অংশেই এই পীড়া জন্মিতে পারে। স্বল্পস্থ বিসর্প—মুখমণ্ডলের ও মস্তকের চর্মেই সচরাচর হইয়া থাকে। আঘাত-জনিত বিসর্প—আহত স্থানেই জন্মে।

লক্ষণ ।—দেহাতান্তবে বিষ প্রবিষ্ট হওয়ার ৩ হইতে ৪ দিন পরে রোগ প্রকাশিত হয়। শীত, কম্প, ও লা বেদনা, জ্বর ও সার্বাঙ্গিক অল্পস্থতা মূত্র কখন কখন আঙুলালিক, মস্তকের বিশৃঙ্খলা, প্রলাপ। বমন, বিবসিয়া, উদবাসন্ন। মুখমণ্ডলে এই রোগ হইলে মুখাকৃতি এককালে পরিবর্তিত হয়। মস্তক বা তাহার ঝিলীতে প্রদাহ প্রসারিত হইলে প্রায়ই রোগ সাংঘাতিক হয়। জীবনীশক্তির অবসন্নতা হয়। মধুমেহ।

■ আঙুলালিক মূত্ররোগে পীড়িত ব্যক্তিদেব এই রোগ হইলে প্রায়ই তাহা সাংঘাতিক হইয়া থাকে। ইহার বিষ ধারা নব প্রসুতিদের স্মৃতিকাজর হইতে পারে।

চিকিৎসা ।—একোনাইটেব অরিষ্ট বোগের প্রারম্ভে সাবধানে সেবন করাইলে রোগের বর্দ্ধন স্থগিত হয়। টিকা দেওয়ার পর এই বোগ হইলে বেলেডোনা অয়েন্টমেন্ট স্থানিক প্রয়োগ বিশেষ উপকারী। ইকুথিয়ল ■ লানোলিন সমভাগে

মিশাইয়া স্থানিক প্রয়োজ্য বেলেডোনা বাহিক ও আভ্যন্তরিক
 প্রয়োজ্য কবিরে বেগ সত্বর উপস্থিত হই ইহা একে নাইটে
 সঙ্গে পর্যায়ক্রমে ব্যবহার কবা আবশ্যিক হইতে পারে ডিজিটেলি-
 সের ফাণ্ট বা ষ্টার্চ পাউডার ও বোরিক এসিড সমভাগে স্থানিক
 প্রয়োজ্য সল্‌ফরস এসিড ও গ্লিসিবিণ সমভাগে স্থানিক
 ব্যবহার্য বোরিক এসিড দোশন প্রথমে যুছ বিরেচক,
 তৎপবে কার্বনেট অব্‌ এমোনিয়া ও সিনকোনা ১৮৩ কুইনাইন
 ও নাইট্রিক এসিড ১৯৩, ১৯৪ এমন কার্ব ও টিং বেলেডোনা
 টিংচাব অব্‌ পাবক্লোবাইড অব্‌ জায়ব ও ক্লোবেট অব্‌ পটাশ
 ১৮৯ লঘুপাক দ্রব্য আহাব করিতে দিবে শীতল পানীয় ২৯৪,
 ২৯৬ বরফ, পেপ্ট ওয়'ইন, ব্রাণ্ডি, জুস, স'ংসেব জুস প'সিহেড
 ফোমেণ্টেসন, কলোডিয়ন, কষ্টিক লোশন, আইয়োডিন পেপ্ট
 বালকদিগের এই বোগ হইলে বলকাবক পথ্য ও ঔষধ দিবে
 পুষ্টিপত্তি হইলে অল্প করিয়া দিবে তৎপবে কার্বলিক এসিড বা
 থাইমল অয়েল ও লিণ্ট দাবা ক্ষত স্থান আচ্ছাদিত করিয়া
 বাধিবে টিং ষ্টীল বাহিক লোশনরূপে জলসহ রস্‌ টক্স,
 বেন্‌জইক এসিড, বেন্‌জোয়েট সোডা পটাশ পাবম্যাঙ্গানাস্‌
 সলিউসন বাহিক ও আভ্যন্তরিক ব্যবস্থায় জীবনীশক্তি সংবন্ধগার্থ
 উত্তেজক বিধেয়। ভাইনাই গ্যানিসাই মিক্‌চাব উৎকৃষ্ট
 আহার ও ঔষধ টিং ষ্টীল অধিক মাত্রায় প্রয়োজ্য জর
 অধিক থাকিলে, টিং ষ্টীলেব সঙ্গে কুইনিন ব্যবস্থায় স্বপ্নিওর
 অবসন্নতা প্রোতুত হইবে কুইনিন ও ষ্টীল না দিয়া স্পিরিট
 এমন এবোমেট, টিং সিনকোনা ও ব্রাণ্ডি ব্যবস্থা কবা উচিত

ডিপথিরিয়া—বিগ্লীক প্রদাহ।

রক্তের অবিপ্লবাবস্থা বশতঃ গলাভ্যন্তরের একরূপ গুণতর প্রদাহ, ইহা বহুব্যাপক ও স্পর্শক্রামক, এই বোগে অবসন্নতা প্রাপ্ত হইত হয় ইহাব বিশেষ চিহ্ন এই যে, ইহাতে ক্রিমি বিদ্যী উৎপন্ন হয় বোগ আরোগ্য হইলে স্বর পরিবর্তিত হইয়া থাকে ; গলাধঃ কারক পেশীসমূহের আংশিক পক্ষাঘাত ও উদ্ধৃশাখার দুর্বলতা, দৃষ্টির অস্পষ্টতা ও অল্পবিধ গৌণিক স্নায়বীয় অন্বসূতা থাকিয়া যায় পূর্ণবয়স্ক অপেক্ষা বালকদের এই রোগ অধিক হয়। সাধারণতঃ ছুঃখীলোক ও আর্দ্রস্থানবাসীদিগের এই রোগ জন্মিতে দেখা যায়

লক্ষণ — ক্রমশঃ লক্ষণাদি প্রকাশিত হয় দৌর্বল্য বোধ ■ পৈশিক দুর্বলতা, শিরঃপীড়া, বিবসিয়া, সামান্য প্রকার উদরাময়, শীত, তন্দ্রা ও গ্রীবার আড়ষ্টতা বোধ। তৎপবে তালু পার্শ্বগ্রন্থি প্রদাহিত ও ক্ষীণ হয ; চোখালের নিম্নস্থ এস্থিতে বেদনা ও প্রদাহ, আনাজিহ্বা, গলকোষ ও তৎসন্নিহিতস্থ শৈথিল্য বিগ্লীতে প্রসারিত হইয়া পড়ে গলাধঃকরণে কষ্ট যদি প্রদাহ প্রশমিত হইয়া রোগ আবোধ্যোগ্য না হয়, তাহা হইলে গঠনোপযোগী (প্লাষ্টিক) সূত্রীণ পদার্থের ক্ষরণ হইতে থাকে ইহা প্রথমে কোমলতালু ও নাসা পরিধায় (নজাল ফসি) অথবা তালুপার্শ্বগ্রন্থি বা গলাকোষের (ফ্য বিংস) পশ্চাৎভাগে প্রকাশিত হয় ক্ষণিক বস দেখিতে পাংশুর্ণ দাগের স্থায়, উহা বর্ধিত ও পবস্পন সম্বলিত হইয়া বড় বড় হয় ও দৃশ্যে মলিন, ধৌত চর্ম্মের স্থায় দেখায় বোগের বৃদ্ধির সঙ্গে এই ক্রিমি বিগ্লী আকৃতিতে বড় ও অধিক পুরু হইতে থাকে এবং

উহা শৈথিল্যিক বিলীতে দৃঢ়রূপে আবদ্ধ হয় । যদি বলপূর্বক উহা ছিঁড়িয়া ফেলা যায়, তাহা হইলে আবার নূতন উৎপন্ন হয় । উহা মাড়িতে ও কপোলাভ্যস্তবে, অনবহনীতে বা স্ববয়স্কের ভিতর দিয়া কণ্ঠনালীতে প্রসাবিত হইয়া পড়ে । যখন এই কৃত্রিম বিলী বিদূষিত ও পচিতে আবদ্ধ হয়, তখন নিশ্বাসে ভয়ানক দুর্গন্ধ হয় । উহা বিদূষিত হইবার পৰ তৎস্থানে ক্ষত হয় ও তাহাতে পচন সমুপস্থিত হইতে পারে আবার তত্ত্ব সকল ক্রমশঃ সুস্থাবস্থাপন্ন হইতেও পারে । প্রকৃত বিলীক প্রদাহেব বিলী, চর্ম্মের ক্ষত স্থানে, চক্ষুর শৈথিল্যিক বিলীতে বা ঘোনিদ্বাবে অথবা সরলাস্ত্রের শৈথিল্যিক বিলীতেও কখন কখন উৎপন্ন হইয়া থাকে । সার্ক্ষাঙ্গিক লক্ষণ প্রথমে সামান্য প্রকার থাকে, কিন্তু শীঘ্রই অস্থিরতা ও অবসন্নতা প্রোচ্ছূর্ত হয় । জ্বর, নাড়ী দ্রুত, মুখ দিয়া লালাস্রাব, দুর্গন্ধ শ্বাস, খাদ্যে ও শ্রম করিতে অনিচ্ছা গিলন ক্ষমতা প্রায়ই থাকে নাশা, মুখগহ্বরেব পশ্চাত্তাগ ও বায়ুনলী হইতে রক্তস্রাব কখন কখন হয় । আণ্ডালিক মূত্র ও চর্ম্মে কালশিবা অবসন্নতা, বস্ত্র-স্রাব, পুয়াক্তক রক্ত, পচন বা কোথ কিছা শ্বাসবোধ বশতঃ রোগীষ মৃত্যু হয় । বোণী ববাবব সজ্ঞান থাকে আবেগ্য হইলে দুর্বলতা ও রক্তহীনতা আদি অনেক দিন পর্য্যন্ত থাকে ।

চিকিৎসা ।—ক্রোবিনেটেড অব্ সোডার উন্নত দ্রব স্থানিক প্রযোজ্য । পচন উপস্থিত হইলে ক্লোরিন মলিউসন, হাইড্রো-ক্লোরিক এসিড স্থানিক ব্যবহার্য । আইয়োডিন ইনহেহোসন ট্যানিন স্ত্রে ববফ খণ্ড বোগেব প্রাবণ্ডে চূষিতে দিবে । বোগা-রোগের পরবর্তী পক্ষাঘাতে স্ত্রীকনিয়াব অধস্তাচ প্রোক্ষেপ

এসিড ভেপার (ভিনিগার ২৩ আউন্স ও শূটিক জল ১
 পাইন্ট) টিংচর অব্ পাবক্লোরাইড অব্ আয়রন ও গ্লিসিনিণ
 ও কার্বলিক এসিড স্থানিক প্রয়োজ্য কবল -পাবক্লোরাইড
 অব্ আয়রন ১—২ ড্রাম, জল ৭ আউন্স পাবক্লোরাইড
 অব্ পটাশ, কার্বলিক এসিড ও আইয়োডিন গার্মে মস্ফেট
 অব্ সোডা সলিউশন মধ্যফরস্ এসিড শ্রে বার্ক, হাই-
 ড্রোক্লোরিক এসিড অনেক স্থানিক ঔষধ প্রয়োগের বিপক্ষ ।
 সাধারণ ঔষধের মধ্যে ইপিকাক ও কার্বনেট অব্ এমোনিয়া
 দ্বারা বমন কবাইবে, ২৮০ বমনার্থে এপোমর্কিন তৎপবে
 স্ক্যাঙ্কেলাইন ড্রিঙ্ক, ২৯২, ২৯৩ বোণী ছুর্কমা হইয়া পড়িলে
 ও রক্তস্রাব হইবার উপক্রমে পাবক্লোরাইড অব্ আয়রন ও কুইনাইন
 ১৭৬ । স্ফেডিয়ম বেনজোফেট, স্ফেডিয়ম হাইপোসফাইট বহিষ্ক ও
 আভাস্তরিক । পেপের আটা । গ্লিসিনিণ অব্ বোবিক এসিড ।
 ফাইব্রিনের ক্লট হইবার উপক্রমে এমোনিয়া ও বার্ক ১৬৩, ১৬৪ ।
 আইয়োডাইড, অব্ পটাসিয়ম ও ক্লোবেট অব্ পটাস রোবেট
 অব্ পটাশ ড্রিঙ্ক ছুঙ্ক, মধ্যসেন যুং, মধ্য, ডিঙ্ক, এণ্ডিও ও জবা,
 স্যাম্পান, লিমনেড্, ববফ বেচেডোনা, আর্চেনিক রোগের
 বাসগৃহ পরিষ্কার হওয়া ও তাহাতে দুর্গন্ধনাশক জবা ছড়াইয়া
 দেওয়া উচিত কোষ্ঠবদ্ধ না থাকিলে বিবেচক দিবে না ।
 বিশেষকের মধ্যে ক্যাঠিন অমেল এবং ক্যাং মেল ও ক্লেলাপ
 মূত্র অল্প অল্প হইতে থাকিলে কোমবে ২ মিলিগ্র উষ্ণ পুন্টম,
 সিনাপিজম । এই বোগে স্যাব নিঃসৃত হইয়া স্বাসবোধের
 উপক্রম হইলে উত্তেজক বমন দিবে তাহাতে কার্যসিদ্ধি না
 হইলে ট্রেকিমোটমা কনিবে । ক্লোবোথরম হইলে ১০০ মিলি-

বার অত্যন্ত কষ্ট উপস্থিত হইলে পীচকারি দ্বারা ঔষধ ও খাদ্য দিবে। রোগ কিঞ্চিৎ আরোগ্য হইলেই স্থান পরিবর্তন এবং কুইনাইন ও লৌহযুক্ত ঔষধ ব্যবস্থায় সায়ানাইড অব্ মার্কসী ইচ্-ইচ্ বা ক্যালোমেল ।

৫১ ইনফ্ য়েনজা—বহুব্যাণী সর্দিজ্বর ।

বহুব্যাণীক অসুস্থতা, তৎসহ বিশেষ দুর্বলতা, শীত, চক্ষু নাক দিয়া জলপড়া, সম্মুখ কপালে বেদনা, কাসি, অস্থিরতা ও জ্বর বর্তমান থাকে ।

লক্ষণ — শীত বা কম্প, পবে চর্ম উত্তপ্ত ও শুষ্ক, চক্ষুর নিকটে অত্যন্ত কণ্ কণে বেদনা, নাক দিয়া জলপড়া ও হাঁচি, মুখগহবরের পশ্চাত্তানে বেদনা, স্বরভঙ্গ, ক্লেশদায়ক কাসি, শ্বাসকষ্ট পৃষ্ঠে ও অঙ্গাদিতে বেদনা, আশ্বাদের বিকৃতি, তৎসহ পাকাশয়েব বিশৃঙ্খলা । স্নায়বীয় ও পৈনিক দুর্বলতার চিহ্নাদি কখন কখন ইহার সঙ্গে ফুসফুস ও বায়ুনলীভুঙ্গ-প্রদাহ হয় । রোগেব পবিণামে অধিক মল, মূত্র বা শ্বেদ নিঃসৃত হইয়া থাকে ।

চিকিৎসা ।—একোনাইট ও স্যাক্টিয়া রেসিমোজার অরিষ্ট সেবনে বিশেষ উপকার লব্ধ হইয়াছে । সল্ফবস এসিডেব ফিউগিগেশন বা ইন্হেলেসন্ কম্পাউণ্ড ইপিক্যাক পাউডার ■ —১০ গ্রেণ, বাত্রিতে এসিটেট বা সাইট্রেট অব্ এগোনিয়া ইথব সহ ভাইনম ইপিক্যাক ও সিরপ অব্ হেমিডিস্মিস ২৮৭, ৩১২ । এগোনি কার্ব ও ডিকক্‌সন্ সেনেগা ৩০১ ।

টিংচর ক্যান্ফর কম্পাউণ্ড ; ক্যান্ফর ■ একটুকট হায়মায়াগাস ৩১৮ । বকে মর্টার্ড পাষ্টর ; গলার অভ্যন্তরে উষ্ণ বাষ্প লাগান, কার্বলিক শ্রে ব' গার্গল' অবসন্নতার লক্ষণ প্রকাশিত হইলে এমোনিয়া, শ্রান্তি প্রভৃতি দিবে ছফ্, ডিম্ব, বার্লি-ওয়াটব, মাংসের যুষ প্রভৃতি পথ্যার্থ বিধেয় । নোংরোগের পদবর্তী হৃৎস্পন্দতার বার্ক ও ফস্ফরিক এসিড ডিল্ কুইনাইন সহ লৌহঘটত ঔষধ । উষ্ণ বাষ্প-স্নান, উষ্ণ জলের স্পঞ্জিং ।

ছপিং কফ্—ছপশব্দক কাসি ।

এক প্রকার সংক্রামক পীড়া, প্রধানতঃ বালকদিগেবই হয় । একবার হইলে আর হয় ন' । অন্ন অন্ন, বমন, প্রথমে সর্দি পরে কাসি হয় । এই কাসির প্রকৃতি অগ্নরূপ অর্থাৎ ইহা থাকিয়া থাকিয়া হয় ■ তাহার সহিত ছপ ছপ শব্দ মিশ্রিত থাকে । রোগের স্থিতি ২ বা ৩ সপ্তাহ হইতে ২।৩ মাস পর্য্যন্ত হইতে পারে ।

লক্ষণ ।—অন্ন, থাকিয়া থাকিয়া কাসির আক্রমণ, নাক দিয়া সর্দি নিঃসরণ ও তদ্ব্যতীত অস্থিরতা, চর্ম্ম উষ্ণ, বকে ক্লেশ বোধ । অন্ন ছাড়িয়া গেলে কাসিতে কর্কশ বা ছপ শব্দ শ্রুত হয় । কাসির আক্রমণ রোগী জানিতে পারিয়া ভীত হয় কাসিতে কাসিতে শ্বাস-রোধের চ্যায় হইয়া থাকে, কিছুক্ষণ পরেই রোগী আবার প্রকৃতিস্থ হয় । যদি কাসির আক্রমণের অবসান সময়ে বমন হইয়া যায়, তবে রোগী পুন-রায় আহার করিতে ইচ্ছা প্রকাশ করে । কখন ঘণ্টায়

কখন বা দিনে ২৩ বাব কাসিব আক্রমণ উপস্থিত হয় আন্ত-
ষষ্টিক রোগেব ■■■ হাস, বসন্ত, ফুসফুস ও বায়ুনলীভুষ্ণ-
প্রদাহ, উদরাময়, মস্তিষ্ক পীড়াদির সঙ্গে ইহা সমুপস্থিত হইতে
পারে। কাসি অত্যন্ত অধিক হইলে নাসিবা, কর্ণ বা মুখ
দিয়া রক্তস্রাব বা কর্ণকুহলের বিলী বিদীর্ণ হয় চক্ষুর শ্বেতাংশে
রক্তক্ষরণ বা কালশিরা ফুসফুস প্রদাহ প্রোজ্জ্বলিত হইলে
প্রায়ই সাংঘাতিক হয়। আক্ষেপ, ও মস্তিষ্কোদক ইহাব আন্ত-
ষষ্টিক রোগ।

চিকিৎসা। তরুণ অবস্থা তিবোহিত হইলে ম্যাগ্নাম
২—৬ গ্রেণ, মধু বা গ্লিসিरीণ সহযোগে—২৩ ষণ্টাস্তর প্রযুক্ত
হইলে উপকর দর্শে অন্ত ম'এ'ফ টিংচর ক্যানেনবিস ইন্ডিক
ব্যবহাবে সফল উপলব্ধি হয়। কার্বনেট অব্ পটাশ ১—২
গ্রেণ মাত্রায়, ক্লোবাইড অব্ এমোনিয়ম, আর্গট, কোনিয়ম,
লোবিলিয়া, মস্ক, বেলেডোনা, জেলসিমিয়ম ভেলিরিয়ান ও
জিঙ্ক ট্যানিন স্থানিক, গলাভাস্তবে। পল্‌সেটিল ১ গিমিম বা
ইহাব বীৰ্য এনিমোনিম অর্ধ বা ১ গ্রেণ মাত্রায় সেবা। ক্লোবোফর্ম,
লডেনম বা মর্ফিয়া গ্লিসিবিণ সহ অবলেহ উপকারী।

বমনকারক ঔষধ ২৭৬, এপোমর্ফিন টিংচর অব্ স্কুইল
■ ক্যান্‌বেটেড টিংচর অব্ ওপিয়ম। এমোনিকার্ব ■ সেনেগা
৩০১ ভাইনম ইপিক্যাক ও ফিবগ প্যাপেভেরি, ৩০৪।
সলফেট অব্ জিঙ্ক ও বেলেডোনা, ১৪৩ এমোনিয়া, ইথর
ও হাইড্রোসিয়ানিক এসিড, ১৩৭। মনোব্রোমেট অব্ ক্যান্‌ফর।
পৃষ্ঠবংশে বেলেডোনা, ক্লোরোফর্ম, ক্যান্‌ফর ও সোপ গিনিমেণ্ট
একত্রে মালিশ কবিত্তে দিবে নাইট্রিক এসিড ডিল, ১৬৯।

ব্রোমাইড অব্‌ এসোনিয়ম, ৪২৭। ব্রোমাইড অব্‌ পটাশিয়ম, ৪০৯, ৪২২ হাইড্রেট অব্‌ ক্লোবাল, বিউটিল ক্লোবাল ৪২৩ নাইট্রেট অব্‌ সিলভর লোশন ৫ লাভ্যন্তবে বাগান অত্যন্ত অধিক পবিমাণে শ্রেণী উঠিতে থাকিলে ম্যাগ্নাম, সলফেট অব্‌ জিঙ্ক, সল্ফিউরিক এসিড ডিল ও বার্ক, গ্যানিক এসিড ইত্যাদি প্রয়োজ্য বোগ প্রাচীনা কাল ধাবণ করিলে কোইটিও ঔষধ, কডলিডন অয়েল, ও বায়ু পবিবর্তন বিধেয় আক্ষেপ নিবাবণার্থ ক্লোবোফর্ম অথবা এমিল নাইট্রস।

মস্প্‌স — প্যারোটাইটিস।

কর্ণমূলগ্রন্থি প্রদাহ

কর্ণমূলস্থ লাল্যা গ্রন্থিতে এক প্রকার প্রদাহ হয়

লক্ষণ — শীত, অন্ন জব, জঙ্গে বেদনা, এক বা দুই দিকের কর্ণমূলগ্রন্থি ক্ষীণ ও বেদনাশি হইয়া ৪ দিনে বোগের পূর্ণাবস্থা হয়, তৎপবে উপশমিত হইতে থাকে কদাচিৎ পাকিয়া উঠে কখন কখন বোগের সময় বা উপশমকালে স্তন বা অপ্রকোষ ক্ষীণ হয়

চিকিৎসা। — গৌ পাউডার ৬ গ্রেণ মাগ্নাম দিনমে ৩৪ বার ব্যবহার করিলে বেদনা ও ক্ষীণতা উপশমিত হয়। একোনাইট ও বেগেডোনা অব্‌ সম্মে ব্যবহার্য। কোষ্ঠবদ্ধ থাকিলে মৃদু বিবেচক, অন্ন নিবাবণার্থ শ্বেদজনক ও মূত্রকারক ঔষধ জেবরাণ্ডি উপকারী। ফ্লানেল দ্বারা উষ্ণ ভণ সেক, টিংচর অব্‌ আইয়োডিন পেন্ট, বেগেডোনা ক্লোরিট অব্‌ পটাশ,

কুইনাইন, টিংচর সিনকোনা কম্পাউণ্ড, টিংচব ফেরিপাবক্লোরাইড,
নাইট্রো-গিউরিটিক এসিড ডিজ ইত্যাদি ঔষধ শ্রেণী
এন্টিসেপ্টিক গার্গলও উপকারী

গ্লান্ডস এণ্ড ফার্মী ।

এক প্রকার স্পর্শক্রামক ও সাংঘাতিক জ্বর বিশেষ, এইরূপ
বোগেব বিষ পীড়িত অঙ্গাদিব শরীর হইতে মানব-দেহে প্রবিষ্ট হয়
প্রোণ দ্বিবিধ পীড়াই একরূপ, কিন্তু নাসাবন্ধে, রোগ জন্মিলে
তাহাকে গ্লান্ডস এবং আচুষক নাভীগুণে জন্মিলে ফার্মী
কহে

চিকিৎসা — সল্ফবস এসিড, সল্ফাইট অব্ গ্যাংনি-
সিয়া আইয়োডাইড অব্ পটাশিয়ম ও টিংচব সিনকোনা
কম্পাউণ্ড কুইনাইন, স্ট্রীক নিয়া, আর্সিনিক এমনকার্ক প্রভৃতি
উত্তেজক ঔষধ, পুষ্টিকারক খাদ্য স্থানিক—ক্লোরাইড অব্ জিঙ্ক
লোশন, সলিউসন অব্ পাবমান্গানেট অব্ পটাশ, কার্বলিক
এসিড, ক্রিয়েজোট ভেপাব বাথ ক্লোবিনেটেড সোডা, পটাশ
বাইক্রমেট, সল্ফব আইয়োডাইড

ম্যালিগ্নান্ট পাষ্টিউল বা সাংঘাতিক পুঘবটী ।

গবাদিব *বীব হইতে মনুষ্য দেহে সংক্রামিত হয়

লক্ষণ — শরীরের বাহ্য প্রদেশে উদ্ভেদ বা পীড়কা
প্রকাশিত হইয়া উহা ক্ষীণ ও বিবর্ণ হয় অত্যন্ত প্রবল
প্রদাহ, সাতিশয় ক্ষীণতা, বার্ণিষ্ণ; জীবনী শক্তির অবসন্নতা

বা বিধান বিনাশ, বিবর্ণতা, দুর্গন্ধ শ্বাস, ধ্বাসকৃচ্ছ, চক্ষুশক্তি-
বিহীনতা সর্কাজিক রক্তবিষাক্তের লক্ষণ সহ সৌন্দর্য
মৃত্যু হয়

চিকিৎসা —ঔষ কষ্টিক যথা—পটাশ ফিউজা, এসিড
নাইট্রেট অব্ মার্কবী ও অগ্নি ছাৰা পোড়াইয়া দেওয়া তৎপাত
কার্কলিক এসিড দিবে সেবনার্থ—কুইনাইন ও ষ্ট্রীণ, ১৭৬,
কুইনাইন ও মিনাবেল এসিড্‌স ১৬৭, ১৯৩, ১৯৪ ষ্ট্রীণ ও
ক্রোবেট অব্ পটাশ, ১৮৯ সলফাইট অব্ সোডা ও মাগ্
নিসিয়া এণ্ডি, এমোনিয়া, ইথর, ছন্ধ, ডিষ, মাংসমূষ

হাইড্রোফোবিয়া—জলাতঙ্ক ।

উন্নত জন্তুর লাল্য মানব-দেহে প্রবিষ্ট হইলে এই রোগ
জন্মে । সাধাবৎ ৩ঃ শৃগাল, কুকুবাди খেপিয়া উঠিয়া যাহাকে
দংশন কবে, তাহানই এই বোগে আক্রান্ত হইবার সম্পূর্ণ
সম্ভাবনা থাকে বিষ বক্তে ও বিষ্ট হওয়ার ৩০ দিন হইতে
কয়েক মাসের মধ্যে বোগ প্রকাশিত হইতে পারে রোগ-
ক্রমণের পৰ ৩ ৪ দিনেই প্রায় বোগী মরিয়া যায়

লক্ষণ । —৫৮কোষ ও বক্ষের পেশী সমূহে আক্ষেপ,
উদর-বক্ষঃ ব্যবধায়ক (ডায়াক্রম) পেশীর আক্ষেপিক ক্রিয়া,
তরল পদার্থে সাত্তিময় ভয় জল পান করাইলে বা বায়ু-
প্রবাহ সংস্পর্শে আক্ষেপাদির বৃদ্ধি হয় মুখ দিয়া গাঢ়
লালা নিঃসরণ হইতে থাকে অস্থিরতা, উৎকর্ষা, প্রলাপ
ও অবসন্নতা

চিকিৎসা।—উন্নত কুকুব বা কোন জন্তুতে (শৃগালাদি) দংশন কবিলে তৎস্থান কষ্টিক পেন্সিল, কার্বলিক এসিড, নাইট্রিক এসিড, বা উওপ্ত সোডা সোডা দ্বারা দধ কবিবে দংশিত স্থান হইতে চর্খাদি উত্তোলন কবিয়া ফেলিতে কেহ কেহ বাদন জলাতঙ্ক রোগ উপস্থিত হইলে এট্রপিন বা মর্ফিনাব সলফাইটনিয়ম ইন্ডুলকসন সলিউসন অব্ সলফাইট বা হাইপো সলফাইট অব্ সোডা বা ম্যাগনিসিয়া সেবন ও মলদ্বাবে পীচকাবি নিবাভ্যস্তবে এমোনিয়াব পীচকারী সল্ফব ফিউমিগেশন বস্ফ সেবন ও পৃষ্ঠবংশে স্থানিক প্রয়োগ অধিক পরিমাণে দ্রব জল মলদ্বাবে পীচকাবি দিলে তৃষ্ণা নিবারণ হইতে পাবে ওপিয়ম অধিক মাত্রায়, বেলেডোনা, ইণ্ডিয়ান হেম্প, কুবারী ক্লোরোফর্ম সেবন ও আঘাণ হাইড্রেট ক্লোবাল, ব্রোমাইড বা আইওডাইড অব্ পটাশিয়ম, ষ্ট্র্যাংমোনিয়ম, বা ধূতুবা, জেববাণ্ডি গুলিব ধূমপান পৃষ্ঠবংশে বেলেডোনা, এমোনিয়া ও ক্লোরোফর্ম লিনিমেন্ট নাইট্রেট অব্ এমিল, নাইট্রোগ্লিসিবিং স্তম সেবন উপকারী বহিয়া কথিত হয় মেঘলোম ও তুলায় বীজ সেবনে বিষ নষ্ট হয় বলিয়া প্রবাদ আছে

ম্যালিগন্যান্ট কলার।—ওলাউঠা।

বহুব্যাপক পীড়া, কয়েক ঘণ্টার মধ্যেই প্রায় সাংঘাতিক হয় এই রোগে সাতিশ্য অবসন্নতা, শরীরের বাহ্য প্রদেশ শীতল ও নীলবর্ণ, বমন, ৩৬দ, মূত্রানুৎপত্তি, উদব ও হস্ত পদাদির পেশীতে আক্ষেপ কখন কখন বোণ প্রকাশের পূর্বে সামান্য উদ্বাসময় থাকে, কিন্তু সাধারণতঃ ২৪৭ বোগ প্রকাশিত হয়

লক্ষণ ।—তিন অবস্থা—১ম, ভেদ বমন, তন্দারা বোধ হয়, দেহ হইতে বিষ বিদূরিত হয় । ২য়, তদ্যতীত কণী-নিকা কুঞ্চিত, আক্ষেপ, হাল, শরীরের শীতলতা ■ পর্যায়িক নাড়ী স্পন্দন । ৩য়, সূত্রস্রাব-রোধ ও হিমাক্ত । অত্যন্ত ভেদ বমন ; ভেদ জলবৎ বা চালুনী জলেব স্থায় হয় । উহাতে অধিক পরিমাণে ইপিথিলিয়ম ও অল্প আণ্ডুলালিক পদার্থ থাকে, তন্নিম্ন অতি সামান্য পরিমাণে পিও ও অধিক পরিমিত লবণ থাকে সাতিশয় পিপাসা, বক্ত সঞ্চালন মৃদু ও খাস বাধা প্রাপ্ত, সাতিশয় অবসন্নতা, সর্ব শরীর তুষারবৎ শীতল, চর্ম ও ওষ্ঠাধব নীলবর্ণ, শ্বভঙ্গ বা অস্বাভাবিক শ্বর, মুখাকৃতি সংকুচিত, চক্ষু কোঠবপ্রবিষ্ট, কণীনিকা সংকুচিত ও সঞ্চাবণ-বিহীন । পেটে জ্বল ও বেদন, নড়ী সূত্রবৎ বা অস্পষ্ট বা বিলুপ্ত, ও রক্তসঞ্চালন স্থগিত হয় জ্ঞানের কোন বৈলক্ষণ্য প্রায়ই হয় না । ১৮ ঘণ্টা বাচিয়া থাকিলে পবে রোগোপ-শয়ের লক্ষণ দৃষ্ট হয় । নাড়ীস্পন্দন পুনরায় অল্পভূত হয় ও মলের সঙ্গে পিত্ত দেখা যায় প্রস্রাব না হইলে বিকার উপস্থিত হয় । তাহাতেই বোণী মৃত্যু-কবলিত হয় মৃত্যুর পূর্বে শিরঃপীড়া, তন্দ্রা, খেঁচুনি, জ্ঞানহীনতা দি প্রোচুভূত হয় কাহার কাহার শেষে প্রতিক্রিয়ার সময় অব হয়, তাহা হইতে কেহ কেহ আরোগ্য ও কেহ কেহ বা মৃত্যুমুখে নিপতিত হয় ।

এক প্রকার কীটগু হইতে এই পীড়া উৎপন্ন হয় ।

চিকিৎসা—রোগের সূত্রপাতে স্ফাচুরেটেড স্পিরিট অব ক্যাম্ফর ঘন ২ প্রয়োগ মহোপকারী লাইকর আর্সিনিকেল

$\frac{1}{2}$ বা ১ ফোটা মাত্রায় বমন নিবারণার্থ ও হিমাক্সাবস্থায় প্রয়োগ করিলে বিশেষ উপকার লাভ করা যায় স্পিরিট অব্ ক্যাম্ফর ৬ ফোটা মাত্রায় রোগের প্রাবল্যে ১০ মিনিট অন্তর রোগোপশমনা হওয় পর্য্যন্ত ব্যবহার করিবে। তৎপবে এক ঘণ্টাস্তর উষ্ণ সেবন করাইতে হইবে শৈশব বিষুচিকায় গ্রে পাউডার সিকি গ্রেণ প্রতি ঘণ্টাস্তর ব্যবহারে উপকার দর্শে অতি অল্প মাত্রায় লডেনম ও খেতসাবেব মিউসিলেঞ্জ একত্রে মলদ্বারে পীচকাবী দিলে উক্ত ঔষধেব ক্রিয়াব সাহায্য হয় হিমাক্সাবস্থায় $\frac{1}{4}$ — $\frac{1}{2}$ গ্রেণ মর্ফিনা বা তৎসহ ক্লোবাল হাইড্রেট অধস্তাচ প্রক্ষেপকপে প্রযুক্ত হইলে বিশেষ উপকার করে প্রথমাবস্থায় ক্লোরোডাইন পিপাসা ও বমন নিবারণ ■ উৎসেজনার্থ ব্রাণ্ডি ও বরফ জল

এই রোগেব চিকিৎসায় বিবিধ ঔষধ ব্যবহৃত হইয়াছে। কিন্তু ইহাব প্রকৃত আরোগ্যকর কোন ঔষধ এপর্য্যন্ত স্থিৰীকৃত হয় নাই নিম্নলিখিত ঔষধ সমূহে প্রায়ই উপকার দর্শে। সিড্‌লিঞ্জ পাউডার, ৩৫৩ ; সোডি ক্লোরাইড ও পটাশী ক্লোরাস, ২৯১ পিপাসা নিবারণার্থ সোডা ওয়াটব, লিমনেড, শীতল জল, বরফ, লিনসিড্ টি বমন ও পাকাশয়ের উদ্দীপনা নিবারণার্থ পাকাশয় প্রদেশে মর্ষ্টার্ড ক্যানেনবিস ইণ্ডিকা, ১৮ ক্লোরোকর্ম ও ইথর—৩, ১৮ স্পিবিট এমোনী ব্যাবোমেটীক ও ইথর, ২ হস্তপদেয় শীতল হইলে ও হিমাক্সের সময় তর্পিণ তৈল ও গুট চূর্ণ প্রভৃতি দ্বাবা সর্বাঙ্গ মর্দন করিবে হিমাক্সেব সময় বা প্রাকালে নানা প্রকার অস্থায়ী উত্তেজক বিধান করিবে কার্বলিক এসিড অর্ধ গ্রেণ, টিংচাব আইয়োডিন ২ মিনিম প্রতি ঘণ্টাস্তর স্চাপথালিন,

ফাইজ্‌স্টীগমাইন, শডোফিলিন, ওলিয়ম বিসিনি, থ্রীক্‌নিয়া ।
 কুপ্রাই সল্‌ফ, কার্বলিক এসিড ও বিসমথ ক্যালোমেল উৎ-
 কৃষ্ট আন্ত্রিক পচননিবারক ভেদ নিবারণের জন্য টক্‌ মিক্‌চব,
 ২১৪, ২১৫, ওপিয়ম—১৩৩, ১৩৪, ১৩৬; গ্যালিক এসিড,
 ২১৮; প্লম্বাই এসিটাস, ২২৫; বিসমথ ও মর্ফিয়া, ২৩৪;
 পল্ড ক্রিটী ম্যারোমেটীক কম্‌ ওপিয়ো, ২৩২ । যতক্ষণ
 পর্য্যন্ত মলে পিও দৃষ্ট না হয়, ততক্ষণ ২ হইতে ১০ গ্রেন মাত্রায়
 ক্যালোমেল এক বা দুই ঘণ্টান্তর দিবে বোগীর গৃহে কার্বলিক
 এসিড ছড়াইয়া দিবে সল্‌ফরাস এসিড গ্যাস বা গন্ধকের
 ধূম দেওয়া বোগেব প্রথমাবস্থা ভিন্ন অন্ত্যাবস্থায় অহিফেন
 নিষিদ্ধ । স্পিবিট অব্‌ ক্যাম্‌ফর প্রথমাবধি দিবে টিং ভিরেট্রম
 এল্‌ব্‌ কেহ কেহ বলেন যে, এই বোগে ভেদবসন বন্ধ করা উচিত
 নহে । শিরা মধ্যে এমোনিয়া ও অন্যান্য ক্ষার দ্রব্যের পীচকারি ।
 এট্রুপ্‌য়ার হাইপোডার্মিক পীচকাবী হিমাঙ্গে মুএস্রাব কবণার্থ
 কোমবে ড্রাই কপিং, বেলেডোনা, ক্লোবোফর্ম ও সোপ লিনি-
 মেন্ট মর্দন, ভূসীর পুলটাস, উষ্ণজল সেক সেবনার্থ বেন্-
 জোয়েট অব্‌ এমোনিয়া, স্পিবিট ইথরিস নাইট্রোমাই, লিন্‌সিড্‌
 টি, ছন্ধ ও জল, কোয়েট অব্‌ পটাশ, নাইট্রেট অব্‌ পটাশ,
 টিংচর ক্যাঙ্কেরাইডিস । বোগান্তে—কুইনাইন প্রভৃতি বলকাবক ।
 পথ্যার্থ প্রথমে সাণ্ড, ম্যারাকট, বেলগুটাব ঝোল, গন্ধভাঙ্কলেব
 ঝোল, পরে অন্নমণ্ড, ছন্ধ, অন্ন, মৎশ্চের ঝোল, তরকারি, মাংসেব
 ঝোল ও পোর্ট প্রভৃতি দিবে পীড়াব প্রোজ্‌র্ভাব কালে বিশুদ্ধ
 পানীয় জল ব্যবহার অতীব আবশ্যক । জল সিদ্ধ করিয়া ও ছাকিয়া
 পান করা উচিত ।

ইথেলো ফিবর বা পীতজ্বর।

ইহা এক প্রকার তরুণ ■ বিশেষ গুরুতব পীড়া ইহার সঙ্গে কামল, প্রবল শিবঃপীড়া ■ কৃষ্ণবর্ণ পদার্থ বমন হয়। স্ত্রীলোক অপেক্ষা পুরুষদের এই রোগ অধিক হয়। ইহা এক প্রকার বিশেষ বিযোজিত ও সম্ভবতঃ সংক্রামক। ভাবত-বর্ষে হইতে দেখা যায় না।

লক্ষণ প্রথমে ক্ষুধাভাব, আলস্য, শিবোবুর্গন, শিবঃ-পীড়া, মানসিক অবসন্নতা প্রকাশিত হয় তৎপবে শীত, চর্ম উষ্ণ, নাড়ী দ্রুত, চক্ষু আবণ্ড ও বেদনাযুক্ত, ও মুখমণ্ডল আবণ্ডিত হয় পৃষ্ঠে ও অঙ্গে বেদনা, বড় বড় সন্ধিতে বেদনা, পাকাস্থেত উগ্রতা, চাপে স্পর্শাসহ্যতা, বিবিগিধা, বমন, উষ্ণাব পিপাসা, কোষ্ঠবদ্ধ, মল পিওবিবহিত কষ্টকর অস্থিবতা, মানসিক উৎকণ্ঠা, অনিদ্রা, প্রলাপ প্রস্রাব বদ্ধ বা সরক্ত হয়। বাগি বা কোন স্থানে পচন আক্ষেপ ও জ্ঞানহীনতা ইত্যাদি স্থিতিকাল সাধারণতঃ ৩ হইতে ৯ দিবস তিন জনের মধ্যে একজন মবে

চিকিৎসা — বোগী শয্যায়া * যন করিয়া থাকিবে পথ্যার্থ যব, ম্যারোকট, মাণ্ড, ছুধ, চুণেব জল, শীতল জল, চা, ববল, লিমনেড, ব্রথ, বিফ্টি বিবেচক—পডোফিলিন, ক্যালো-মেল, সল্ফেট অব্ ম্যাগনিফিয়া, স্কেলপ ও সেনা অধিক মাত্রায় কুইনাইন ব্যবহাব সর্ধ্ববাদি-সম্মত নহে তাপিণ ১৫৯০র পীচকাবি কেহ কেহ ব্যবস্থা কবেন বিবেচনেব পর কুইনাইন ও বার্ক বা টিংচর ফেরিপারক্লোবাইড ও মিনাবেল এসিড, ১৭৬, ১৯৩, ১৯৪ নাইট্রোমিউরিয়েটিক এসিড ডাইলিউট বমন

নিরাবণেব জন্তু ক্লোরোফর্ম, ক্লোরোডাইন, মর্ফিনা, একষ্ট্রাক্ট
বেলেডোনা ; লাইম ওয়াটার, অয়েল টর্পেন্টাইন ব্লিষ্টাব ও মর্টার্ড
প্লাষ্টাব, পায়ের ডিমে হিমাক্স হইলে উওজক বেলেডোনা,
আর্সিনিক, ক্যাম্ফর, ব্যাছেবাইডিস্, ক্যাপ্সিকম, কার্বলিক এসিড,
ভেজিটেবল চার্কোল উওজকেব মধ্যে এই রোগে এমোনিয়া
আর্কৌ দিবে না স্ফাম্পেন্ ও স্পার্ক্লি মসিলি নামক মদ্য উন্তে-
জনার্থ দেওয়া যাইতে পাবে জ্বাতিশয্য নিবারণার্থ টিং একো-
নাইট বা ভিবেটুম ভিরিড অন্ন মাজাষ সোডা বেন্জোয়েট ও
স্ফালিসিলেট

সিম্পল কণ্ঠনিউড্ ফিবার ।

মূহ পীড়া, ১ ১০ দিন থাকিতে পারে

লক্ষণ ।—বোগী অকস্মাৎ আলস্য, গায়গুরতা, বিব-
মিয়া, ক্ষুধাভাব, শীত এবং পৃষ্ঠে ও অঙ্গে বেদনা দ্বারা আক্রান্ত
হয়। কয়েক ঘণ্টা পবে চর্ম উষ্ণ, নাড়ী দ্রুত, শিথলপীড়া,
পিপাসা, কোষ্ঠবদ্ধ ও মূত্রের স্বল্পতা হয় কখন কখন সামান্য
প্রকার প্রলাপ লক্ষণাদি বাহ্যিতে বৃদ্ধি, ৪র্থ দিনে বা ৩৭শে
শ্বদস্রাব বা উদবাস্য প্রকাশিত হইয়া বোগীকে আরোগ্যোগু-
কবে তৎপবে দুর্বলতা থাকে

চিকিৎসা । অন্ন উওপাদি নিবারণার্থ লবণ ঘটিত
বিবেচক, ৩৩১, ৩৫৩ অথবা একোনাইট, বেলেডোনা, জেন্টিমি-
সিয়ম, স্ফালিসিলিক এসিড শ্বদজনক মিশ্র, ২৮৭, ২৮৮ ২৮৯ ।
দুর্বলতার লক্ষণ প্রকাশিত হইলে বলকারক ঔষধ ও কুইনিন,

১৯৩/১৮৪ স্থানিক বক্তাধিক্য বা প্রদাহ উপস্থিত হইলে তন্নিবারণ ■ কোন বিশেষ বিপদজনক লক্ষণাদি উপস্থিত হইলে সম্ভব তাহাব প্রতিবিধানের উপায় কবা কর্তব্য। আবশ্যিক অনুসাবে মস্তকে শীতল জল সেচন, ঈষদুষ্ণ জল দ্বারা শরীর স্পঞ্জিং, লঘু পথ্য প্রভৃতি দিবে যখন শারীরিক বল-হ্রাস অত্যন্ত অধিক হইবে তখন পোর্ট, ব্রাণ্ডি, মাংসেব যু্য প্রভৃতি দেওয়া কর্তব্য

টাইফস ফিবার ।

এক প্রকার স্পর্ন সংক্রামক জ্বর, সাধারণতঃ বহুব্যাণীক্ৰুপে প্রকাশ পায়। অরকষ্টেব সময় হয়, ইহা দারিদ্র্যেব সহচর স্থিতিকাল ১৪ হইতে ২১ দিন

লক্ষণ —বোগবিষ দেহাভাস্তবে নীত হওয়াব ১ হইতে ১২ দিন পবে লক্ষণাদি প্রকাশিত হয়। চর্ম শুষ্ক ও উষ্ণ, পিপাসা, চক্ষু ভারি, কোষ্ঠবদ্ধ, বোধ শক্তির অভাব, ও অবসন্নতা প্রভৃতি। সন্ধ্যাকালে উগ্রতা, অস্থিগতা, ও অনিদ্রা উদ্ভেদ ৭ম দিনেব পূর্কে কদাচ আবির্ভূত হয় বিশুদ্ধ দাগ, ধূসর বা তুত ফলেব বর্ণ বিশিষ্ট উদ্ভেদ, চাপিলে মিলাইয়া যায় এবং চর্মেব উপর উন্নত বলিয়া বোধ হয় জ্বের শেষ পর্য্যন্ত উহাবা প্রকাশিত থাকে কখন কখন উহা আদৌ বাহির হয় না প্রথম সপ্তাহে কর্ণে শব্দ বা বধিবতা, চক্ষু লাল বর্ণ, কোষ্ঠবদ্ধ, জিহবা শুষ্ক ও ঈষৎ পীতভ, জাগরণশীলতা বা নিদ্র, মূদ্রাগতা, যুবিমা বুদ্ধি ক্লোরাইড হ্রাস, কখন কখন মূত্র আণ্ডালিক, সময়ে সময়ে মুত্রাঘুৎপত্তি ও তজ্জনিত বিকার দ্বিতীয় সপ্তাহে—সাতিশয় অবসন্নতা, পেশীর

আক্ষেপ, শ্রমাপ ফুসফুস, ফুসফুসচ্ছদ বা বায়ুনলী-ভূজ প্রদাহ প্রাদুর্ভূত হইলে বিপদাশঙ্কা আরও বর্দ্ধিত হয় বোগোপশম মূহুভাবে হয়, সাধারণতঃ ত্রয়োদশ বা চতুর্দশ দিবসে আবদ্ধ হয়। কখন কখন বোগোপশম কালে অধিক নিদ্রা, স্বেদস্রাব, মুত্রস্রাব, বা উদবাময় উপস্থিত হয়। বোগ সাংঘাতিক হইলে মৃত্যু সাধারণতঃ দ্বাদশ হইতে বিংশতি দিবসের মধ্যে হইয়া থাকে পাঁচ জন এই বোগে আক্রান্ত হইলে এক জনের মৃত্যু হয় রোগী বয়স অধিক হইলে আশঙ্কাও অধিক

চিকিৎসা। এই বোগ এক প্রকার বিশেষ বিষ ছাড়া সমুদ্ভূত হয় যেখানে এই রোগের প্রাদুর্ভাব হয়, তথাকার লোকদিগের সুপথ্য সেবন ও বিশুদ্ধ পানীয় ব্যবহার করা কর্তব্য গৃহে স্নগন্ধি ও পচন নিবারক দ্রব্য ছড়াইয়া দেওয়া উচিত বোগীকে পবিত্র গৃহে রাখিবে এবং তাহাতে বিশুদ্ধ বায়ু গমনাগমন করিতে পাবে একপ উপাষ বিধান করিবে। ক্লোরাইড অব লাইম ও ক্লোরাইড অব জিঙ্কেব মূহু ধাবন, আইয়োডিন, কার্বলিক এসিড ও সলফরস এসিড গ্যাস প্রভৃতি ছাড়া গৃহেব দুর্গন্ধ নিবারণ করিবে। গৃহে অগ্নি রক্ষা কবাতেও বিস্তর উপকার হয়। এই রোগের একটা স্বাভাবিক গতি আছে, সেই গতি বোধ করা আমাদের সাধ্যায়ত্ত নহে কর্তব্য লক্ষণাদি নিবারণ জন্ত ঔষধ প্রয়োগ কর্তব্য কেহ কেহ অধিক মাত্রায় অর্থাৎ ৫ ১০ গ্রেণ পৰিমাণে কুইনিন, ডাইলিউট সলফিউরিক এসিডের সঙ্গে ২ ৩ ঘণ্টাস্বর, কর্ণে শকাদি প্রকাশিত না হওয়া পর্য্যন্ত ব্যবহার করিতে বলেন তৎসঙ্গে বিফ্টি, ব্রাণ্ডি ও মদ্যাদি দিবে রোগের প্রথমাবস্থায় ভাইনম ইপিক্যাক এক আউন্স, উম্ব্রজেলের সঙ্গে, অথবা ইপিক্যাক ও

কার্বনেট অব্ এমোনিয়া দ্বারা বমন কৰাইবে তৎপবে কোষ্ঠবদ্ধ বিদূৰিত কৰণার্থ ক্যাষ্টৰ অয়েল বা কম্পাউণ্ড জেলাপ বা রিউবার্ব পাউডর দিবে এসিড ফস্ফরিক ডিল, এসিড্ হাইড্রোক্লোরিক ডিল, এসিড্ নাইট্ৰিক ডিল, ১৬৯ য়াৰ্বোমেটীক সল্ফিউৰিক এসিড্ ২০ ৩০ মিনিম মাত্রায় ৪ ৬ ঘণ্টাস্তর। অবসন্নতাব লক্ষণ প্রকাশ হইবামাত্রই উত্তেজক ঔষধ, ত্রাণ্ডি ক্লাবেট এবং ফার্মাকো-পিয়াব ত্রাণ্ডি ও এগ্গিকম্চব অনিদ্রা ও অস্থিরতা বর্তমানে ওপিয়ম প্রয়োগ করা যায়, কিন্তু ফুমফুসেব কোন পীড়া বর্তমান থাকিলে উহা ব্যবহাবে বিশেষ সতর্ক হওয়া উচিত ওপিয়ম, হায়দ্রামাস, ক্লোবাল ও ব্রোমাইড্ অব্ পটাশিয়ম দ্বাৰাও অস্থিরতা ও অনিদ্রা তিরোহিত হয় প্রেলাপ ও মস্তিষ্কে বক্তাদিক্য থাকিলে মস্তকে শীতল জল, ববফ ও অন্ত্রান্ত শৈত্য প্রয়োগ ১১৯ শঙ্কদেপে ক্ষুদ্র ক্ষুদ্র ব্লিষ্টাব চৈতন্য বাহিত্য অধিকক্ষণ স্থায়ী থাকিলে মস্তকে ও ষাডে বড ব্লিষ্টাব দিবে আন্মুযঞ্জিক বোগ লক্ষণ উপস্থিত হইলে উত্তেজক ঔষধাদি প্রয়োগে বিরত হইবে না আন্মুযঞ্জিক রোগেব চিকিৎসায় তত্তৎ রোগেব চিকিৎসা প্রণালী অবলম্বন করিবে *বীবেব বঙ্গ হ্রাস না হইতে পারে, এতদুপযোগী পথ্যাদি দিবে জিহ্বা পরিক্ষারার্থ বেলেডোনা, প্রেলাপ নিবারণার্থ রোবাল, এবং উত্তাপ হ্রাসার্থ কুইনাইন সেব্য অনিদ্রায় সল্ফোনাল প্রোফাজ্য হুংপিণ্ডেব দুৰ্জলতায় ও ক্ষিযা-লোপাশঙ্কায় ট্রীকনিয়া, ডিজিটেলিস, ট্রোফ্যান্থস, কফিইন সাইট্ৰস, চন্দ্র আদি প্রয়োজ্য।

টাইফয়েড ফিবার—আন্ত্রিক জ্বর

স্পর্শক্রামক ও সংক্রামক জ্বর, শরৎকালে এক বিশেষ বিষেব প্রভাবে উৎপন্ন হয়। জায়্বব পদার্থ পচিয়া গেলে, মর্দামাদি হইতে উথিত বাষ্প স্বাধীনভাবে বা পানীয় জলে মিশ্রিত হইয়া দেহে প্রবিষ্ট হইলে, এই জ্বর হয় ইহা ধনী ও দরিদ্র সকলকেই আক্রমণ কবে স্থিতিকাল ৩০ দিন। অনেকেব রোগ ২১ বা ২৮ দিনে পর্যাবসিত হয় কখন কখন একবার আরোগ্যের পর পুনবার ইহা আবিভূত হয়

লক্ষণ —এই বিষ দেহাভ্যন্তরে প্রবিষ্ট হওয়াব ১০ হইতে ১৪ দিনেব মধ্যে, কখন কখন এক বা দুই দিনের মধ্যেই বোগ-লক্ষণ সকল প্রকাশ পায় হী ১, শিরঃস্রীড়া, শিথলতা, ভ্রম বেদন, দুর্বলতা, তৎসঙ্গে উদবাসেষেব প্রবণতা ও বমন। অস্থিরতা, মুখমণ্ডল পাণ্ডুব, কপোলাদেশে আবণ্ড চক্র; মূত্র স্রব, তাহাতে যুবিষাব আধিক্য ও কোবাইডের বিদ্যোপ, নাড়ী-স্পন্দন প্রতি মিনিটে ১২০ বা ৩৩০ধিক; শ্বাস ছর্গক, সদা মর্কদা এমোনিয়াব গন্ধ বিশিষ্ট; জিহ্বা শুষ্ক ও ঈষৎ পীত বা দাল বা চিকণ দ্বিতীয় সপ্তাহের প্রাবন্তে বা তাহার ২১ দিন পূর্বে গায়ে পীড়কা বাহিব হয় প্রথমে বর্গে বা উদবে গোলাপী বর্ণের উদ্ভেদ-ক্ষুদ্র ক্ষুদ্র দাগের জায় দেখায়, প্রথমে উহা অল্প সংখ্যক ও গোলাকার থাকে এবং চাপিলে অদৃশ্য হয় কতক উদ্ভেদ তিবোহিত ও কতক নুতন আবিভূত হয়। শতকরা ১০ ১২ জনেব উদ্ভেদ বাহির হয় না দ্বিতীয় সপ্তাহেব মধ্যসময়ে প্রলাপ; বর্ণে শব্দ বা বধিবতা, ওদ্রা, অবসন্নতা ও শয্যাক্রতাদি প্রকাশিত হয় উদবাধান, চাপিলে দক্ষিণ কুক্ষিদেবে গড় গড় শব্দ ■ উদবাসয়। অম্মাভ্যন্তরে

(ইলিয়ম ও সিকম) ক্ষত হওয়ায় বক্তাব মল ক্ষারধর্মী ও
 ছর্গব অন্ত্রাবদাবণ, তৎসহ সাংঘাতিক অন্ত্রচ্ছদ পোদাহ
 মুত্রগ্রস্থির রক্তাধিক্য মান্তিক ও ফুসফুসীয় উপদ্রব ৫১৬ জনে
 মধ্যে একজন মবে অস্ত্রাভ্যস্তবে যে পেষার্স প্যাচেজ নামক
 গ্রন্থি আছে, তাহাতে ক্ষত ও তাহার বিধান পবিবর্তন হয়

চিকিৎসা — এই বোগের চিকিৎসাও অনেকাংশে
 পূর্বেক্ত বোগের অনুরূপ প্রাবন্তে একমাণা ক্যাষ্টল অয়েল
 বা এক আউন্স ফ্লুইড ম্যাগ্নিসিয়া দিবে কেহ কেহ ইপিকাক
 বমনকাবক মাত্রায় প্রয়োগ কবিত্তে বলেন ৩৭পবে উদবাগন্ন
 উপস্থিত হইলে অল্প মাত্রায় ওপিয়ম, বিসমথ, ক্যাটিকিউ, ব্যাট্টেনী,
 লগউড ২১৫, ২২২, ২২৪ গ্যালিক এসিড ২১৮, ২২৬
 সলফেট অব কপার ও ওপিয়ম, ২৩০ ১০ হইতে ১৫ মিনিম
 মাত্রায় ফ্লুইড একট্রাঃ অব্ ওপিয়ম, দুই আউন্স মিউসিডোজ অব ষ্টার্চ
 সহযোগে মদদ্বারে পীচকাবী উদবাগ্নান থাকিলে টর্পেন্টাইন
 ২৪৯ ঈষৎক্ষ জশেব পীচকাবি উদবে বেদনা থাকিলে ওপিয়ম
 ৮৮, ১০৩, ১৩৩ স্থানিক— উদবে ফোমেন্টোন, একট্রাক্ট বেলে-
 ডোনা ও গ্লিসিবিং, লিনসিড্ পুলটীস, পোস্তচেডীৰ সেক রক্তশ্রাবে
 এসিটেট অব্ লেড ও ওপিয়ম বা মর্ফিয়া ২২৫, ২২৮ । টর্পে-
 ন্টাইন ২১৭ এমোনিয়া আঘবণ ম্যালম নবীনেব উত্তে-
 জনার্থ ত্রাণ্ডি, মস্ক, ক্লোবিক ইথর, এমোনিয়া প্রভৃতি দিবে টেপিড্
 বাথ, ভিনিগার ও উষ্ণজলের ধান্দা স্পঞ্জিং পথার্থ দুধ, ডিম্ব,
 মাংসেব যুষ, পোর্ট, ক্লাবেট, ত্রাণ্ডি । কুইনাইন ও মিনারেব
 এসিড্‌স, ১৯৩, ১৯৪ পেট কাঁপায় সোডা সল্ফ কাৰ্বলাস বা
 টেরিবিন ডাইলিউট কক্ষরিক বা মিউবিযেটীক এসিড উপ-

কারী বোগীকে স্থিতির ভাবে বিশুদ্ধ বায়ু সংকলন করিতে পারে একপ গৃহে বাথিবে মলত্যাগ ও প্রস্রাব -শয্যায় শায়িত থাকিয়া করা কর্তব্য কার্বলিক এসিড আদি পচন নিবারণ উপকারী এই বোগে অল্পে একপ্রকার স্তম্ভ হয়, ভজ্জন্ত তরল খাদ্য ভিন্ন কোন প্রকার কঠিন খাদ্য দেওয়া উচিত নহে। রোগ আবেগ্য হইলেও বিশেষ সতর্কতা সহকারে পথ্যবিধান কর্তব্য অল্প পবিমাণে ২৩ ঘণ্টাস্তর পথ্য দিবে দুগ্ধ উৎকৃষ্ট, চূণের জল সহ দেওয়া ভাল

বালকদিগেব এই বোগ হইলে পূর্কোক্ত প্রণালী অবলম্বনে চিকিৎসা কবিতে হইবে, কিন্তু ঔষধাদি অল্প মাত্রায় দিবে আন্ত্রিক কোন বোগাদি প্রাচুর্ভ হইলে তাহাব চিকিৎসা সাধাব পণালী অবলম্বনে কবিবে উদবাসয় নিবারণার্থ ম্যাগ্নম ও শবীরোক্ষতা হ্রাস করণার্থ ডিফি টেলিস প্রয়োগ কবিতে কেহ কেহ পবাসর্শ দেন আন্ত্রিক রক্তপ্রাবে আর্গট উদবাসয়েব জন্ত কবোসিব সল্লিমেট ১:৩ গ্রে° (এক গ্রেণের ষতাংশেব একাংশ) ২৩ ঘণ্টাস্তর প্রয়োজ্য মুখ না আইসে একপ পবিমাণে ক্যানোমেদ বোগেব প্রাবস্তে দেওয়া যাইতে পাবে শরীরের উত্তাপ হ্রাস কবান জন্ত কুইনাইন বা স্যালাসিলিক এসিড বা স্যালাসিলেট অব্ সোডা জাথাবা এন্টি-পাইবিণ বা কিনাসিটিন ব্যবহাব হয় উদবাসযে টিংচর কটো বিশেষ উপকারী। স্ফুপিণ্ডেব বল বক্ষার্থ ক্যাফিইন, ডিজি-টেলিস ও স্ট্রোক্যাফস বোবাসিক এসিড ব্যবহারে উপকাব লক হইয়াছে ক্লোবিন প্রয়োগে বিশেষ উপকাব পাওয়া গিয়াছে উহার ব্যবস্থ ১৫ গ্রে° চূর্ণীকৃত ক্লোরেট অব্

পটাসিয়ম একটা ১২ আউন্স শিনী বা বোতলের ভিতর পূরিবে এবং তৎপবে তাহাতে ৬০ মিনিম ট্রিং হাইড্রোক্লোরিক এসিড ঢালিয়া দিয়া কর্ক বন্ধ করিবে ■ নাড়িবে, যতক্ষণ পীতবর্ণ বাষ্প দ্বারা বোতল পূর্ণ না হয় অনন্তর ক্রমশঃ জল সংযোগ ও সতত আলোডন করিবে, ইহাতে উক্ত ক্লোরিন বাষ্প জলে মিশিয়া যায় এই এক বোতল পূর্ণ হুবে ২৪ ৩৬ গ্রেণ কুইনিন ও এক আউন্স সিবপ অরেঞ্জ মিশাইবে ইহা অর্ধ হইতে এক আউন্স মাত্রায় বোগেব অবস্থাসুসাবে ২৩ বা ৪ ঘণ্টা অন্তর প্রয়োগ করিবে সল্ফিউবন্ এসিড, গোয়েকল উৎকৃষ্ট পচন নিবাবক নিদ্রা কবণার্থ সোডা ব্রোমা-ইড ও মর্ফিয়া

সেবিরোম্পাইন্ডাল ফিবর ।

এক প্রকার বহুব্যাপী জ্বর, ইহাতে মস্তিষ্ক ও কশেয়ক মজ্জার ক্রিয়ার বিশৃঙ্খলা থাকে ও গায়ে একরূপ রক্তবর্ণ উদ্ভেদ বাহিব হয় তীব্র শিবঃপীড়া, বমন, গ্রীবাব পশ্চাৎ দিকের পেশীর আকুঞ্চন ও তাহাতে তীক্ষ্ণ বেদনা, পৃষ্ঠবংশ ও অঙ্গে বেদনা ও প্রবল প্রলাপ স্ত্রী অপেক্ষা পুরুষেব এই বোগ অধিক হয়, পূর্ণবয়স্কাপেক্ষা ১৪ বৎসরের নিম্ন বয়স্ক বালকদের অধিক হয় স্থিতিকাল ২ ৭ দিন শতকরা ২৫ হইতে ৮০ জনেব মৃত্যু হয় মানসিক ও শারীরিক অবসন্নতা, মুখাকৃতি নীলিম ও উৎকর্ষাব্যঞ্জক, সান্তিশয় অস্থিবতা, চক্ষু বক্তবর্ণ, কণীনিকা সংকুচিত বা বিশৃঙ্খল, জ্ঞানহীনতা, অস্পষ্ট দৃষ্টি ।

চিকিৎসা।—মস্তিষ্ক ও পৃষ্ঠবংশে শীতল জল ও শৈত্য-মিশ্র বা বরফ প্রয়োগ। সল্‌ফিউরিয়াস ইন্‌জেক্‌সন অব্‌ গর্ফিয়া ■ এট্রপীন কখন কখন কেবল গর্ফিয়াব ইন্‌জেক্‌সন দ্বারা বিশিষ্ট হিতফল দর্শে। কুইনাইন, বেলেডোনা, ব্রোমাইড অব্‌ পটাশিয়ম ও আইয়োডাইড অব্‌ পটাশিয়ম দ্বারা উপকার হয়। পথ্যার্থ বরফ, বরফ মিশ্রিত জল, সোডাওয়াটার, দুগ্ধ, যুষ, কাঁচা ডিম্ব। বিশেষ আবশ্যক না হইলে উত্তেজক ঔষধ নিষিদ্ধ। অত্যন্ত বমন থাকিলে পীচকাবি দ্বারা পথ্য দিবে। বমন নিবারণার্থ বিসমথ ও হাইড্রোসিয়ানিক এসিড, ৯৩ গর্ফিয়া ও ক্লোবোফর্ম, ৯৮ পৃষ্ঠবংশে বেলেডোনা ও ক্লোরোকর্মাদির লিনিমেন্ট মর্দন।

বিল্যাপ্‌সিং বা ফেমিন্‌ ফিবর।

ইহা একরূপ সংক্রামক বোগ, বোগোপশমেব পব দুর্বলা-বস্থায় রোগেব পুনরাবির্ভাব হয়। ইহা বহুবারপককালে প্রাঙ্-ভূত হয়। ছুর্ভিক্ষ ও অনাকর্ষেব সময় এই বোগ জগে।

লক্ষণ।—শীত, কপালে বেদনা, পৈশিক বেদনা হইয়া পরে জ্বর প্রকাশিত হয়। নাড়ী দ্রুত, পিপাসা, পাকায় মেদে বেদনা ও বমন, কখন কখন শ্বাসে মেদে ইচ্ছা দেহেব নানা স্থানেব চর্ম্মে রক্তবিন্দু সঞ্চিত থাকিতে সময় সময় দেখা যায়, কিন্তু এই বোগেব বিশেষ কোন প্রকার উদ্ভেদ নাই। সাতিশয় অবসন্নতা মে বা ৭ম দিবসে রোগোপশম আবন্ত হয়। চতুর্দশ দিবসে রোগেব পুনরাবি-

ভাব হইয়া থাকে। তাহার ২৩ দিন পবে আবার ক্রমশঃ
রোগোপশম হয় ৪০ জনের মধ্যে ১ জন মবে

চিকিৎসা।—মুখবিবেচক—কাণ্টের অফেল, হিউবার্শ
বা জেলাপ পাউডর। শ্বেদজনক মিশ্র ২৮২, ২৮৩, ২৮৮।
শ্বেদজনক ও শৈত্যকাবক চূর্ণ ২৯৭, ২৯৮, ৩০০ ভিনিগার
ও ঈষদুষ্ণ জল দ্বারা স্পঞ্জিং বমন হইলে সিনাপিজম, সোডা
এসিড, সোড ওয়াটার প্রভৃতি কামল হইলে এসিড নাইট্রো-
মিউরিয়াটিক ডিল এমোনিয়া ক্লোরাইড, পডফিলিন, ট্যাবাকসেকম
আবশ্যক হইলে মধো মধো বিরেচক দিবে। গাত্রে বেদনা
হইলে ওপিয়ম অর নিবারণার্থ কুইনাইন, টিংচার সিনকোনা
কম্পাউণ্ড, ডিককসন সিনকোনা দুগ্ধ, ডিষ ও মাংস-যুষ প্রভৃতি
পথ্য দিবে সোডা হাইপো সল্ফাইট প্রযোগে উপকার হয়।
অবসন্নাবস্থায় ত্র্যাণ্ডি আদি উত্তেজক ও পুষ্টিকর সহজপচ্য পথ্য
বিধেয়

স্মল পক্স—বসন্ত

এক প্রকার সংক্রামক জ্বর, তৎসঙ্গে পীড়কা উৎপন্ন হয়।
বিশেষ প্রকার কোন বিষ শরীরে আশোষিত হইলে ইহা হয়
গোম্বুর্ষাধান (ভ্যাক্সিনেসন) যত অধিক প্রচলিত হইবে,
বোগও ক্রমশঃ তত নিম্ন হইবে

লক্ষণ—এই বোগে ব চাবি অবস্থা—১ম শরীরে বিষ
প্রবিষ্ট হইয়া রোগ প্রকাশ পর্য্যন্ত প্রথমাবস্থা অর্থাৎ ট্রেঞ্জ
অব্ ইনকুবেসন ২য়, প্রাথমিক অবাবস্থা (প্রাইমারি ফিভর)।

৩য়, উদ্ভেদাবস্থা (ইবপ্‌ন) । ৪র্থ, দ্বিতীয়ক জ্ব—(সেক্‌-
 গুবি ফিবর) প্রথমাবস্থা ১২ দিন থাকে । তৎপরে শরীরে
 ভাববোধ, শিরঃপীড়া, জ্ব, বমন ও পৃষ্ঠদাশ এবং কটিব
 পেশীতে বেদনা হয় এই সকল লক্ষণ প্রকাশের ৪৮ ঘণ্টা
 পরে শরীরে ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবর্ণ পীড়কা বাহির হয়, তাহা
 এক সপ্তাহের মধ্যে প্রদাহিত ও পাকিয়া উঠে । নাগিনা ও
 মুখগহ্বরের বৈশ্লিক ঝিল্লীতে পীড়কা বাহির হইয়া পাকিয়া
 উঠে সাধাবণতঃ গলাভ্যন্তরে বেদনা, কাহার কাহার
 উহার সন্নিহিত যোজক তন্তু ক্ষীত ও প্রদাহিত হয় । সময়ে
 সময়ে স্নায়বীয় উগ্রতা বমন ও পৃষ্ঠ বেদনা প্রবল হইলে
 বোগ প্রায়ই গুরুতর হইয়া থাকে তৃতীয় দিবসে উদ্ভেদ
 বাহির হয়, প্রথমতঃ মুখমণ্ডলে, গ্রীবায় ও মণিবন্ধে, তৎপরে
 দেহের মধ্য অংশে এবং সর্বশেষে অধঃশাখায় উদ্ভেদ জন্মে ।
 ৯ম দিবসে উহার পাকিয়া উঠে, তৎপরে পুঁথ নিঃসৃত
 হইয়া মামড়ী পড়ে, তাহার ৪৫ দিন পরে মামড়ী শুষ্ক
 হইয়া পড়িয়া যায় । উদ্ভেদ যখন অল্পসংখ্যক ও পরস্পর
 বিচ্ছিন্ন থাকে, তখন তাহাকে ড্যাবিয়োলা ডিসক্রিটা—এবং
 যখন উদ্ভেদ বহুসংখ্যক ■ পরস্পর মিলিত ভাবে অবস্থিতি
 করে, তখন তাহাকে ড্যাবিয়োলা কনফ্লুয়েন্স কহে শেষোক্ত
 প্রকার বোগই প্রায় সাংঘাতিক হয় । এই রোগের ঞ্চায় সংক্রামক
 পীড়া আন নাই যাহাদেব কোন প্রকার টীকা হয় নাই,
 তাহাদেব এই রোগ হইলে তাহা প্রায়ই সাংঘাতিক হয়

চিকিৎসা — স্যাক্টিয়া রেসিমোজা আভ্যগুবিক প্রয়োগ
 করিলে, কেহ কেহ বলেন যে, বসন্তের দাগ থাকে না । গটা-

পার্চা বা ইণ্ডিয়া ববার, ক্লোরোফর্মের দ্রব কবতঃ স্থানিক প্রয়োগ
 কবিলে দাগ নিবাবিত হয় এই বোগে যত কম ঔষধ
 ব্যবহৃত হয়, ততই ভাল; কাবণ ঔষধ দ্বাৰা এই রোগের
 গতি প্রায়ই নিবাবিত হয় না কোষ্ঠবদ্ধ থাকিলে স্ত্রালাইন
 ল্যাক্সেটিভ্‌স্ ৩৩৪, ৩৩৯, ৩৩১, ৩৩২, ৩৫৩ গলভাস্তরে ক্ষত
 বা বেদনা হইলে টিংচর মর ও ভূতিব কবল ৭৫, ৭৮ উদবাময়
 উপস্থিত হইলে ছুফ ও চুণের জল, ক্যাটিকিউ ও চক মিক্‌চর,
 বিসমথ ও টিংচর কাইনো, ২২৪, প্লম্বাই এসিটাস ও ওপিয়ম
 ২২০; গ্যালিক এসিড ও মর্ফিয়া, ২২৭ অত্যন্ত অস্থিবতা
 থাকিলে ক্লোরোফর্ম ও মর্ফিয়া, ২৮ ওপিয়মও হেনবেন ৯০,
 ১০৪ আবশ্যকানুসাবে ইথর, এমোনিয়া, বাণ্ডি, পোর্ট প্রভৃতি
 উত্তেজক ও বদকাবক প্রয়োজা কুইনাইন, বার্ক, নাইট্রিক
 এসিড বা শীল ও কডলিভব অয়েল ছুফ অর, মাংসের
 যুধ ও ভিষ প্রভৃতি দেওয়া যাইতে পাবে জ্বব বেগ ও শবীরের
 উত্তাপ হ্রাস কবণার্থ লাইকব এমোনিয়া এসিটেটীস, ২৮২, ২৮৩,
 ২৮৪, নাইট্রিক ইথর ও নাইট্রেট অব পটাশ ২৮৯ বসস্তের
 দাগ নিবাবণেব জন্ত গ্লিসি-৩ ও বোজ ওয়াটার সমভাগে;
 লাইম লিনিমেন্ট; নাইট্রেট অব্‌ সিণ্ডর, বসস্ত গাঢ়িয়া
 দেওয়া; কলোডিয়ন, মার্কিউরিয়াব অমেন্টমেন্ট, কোণ্ড্রি-৩
 মলফাইট অব্‌ সেন্ড' বা সলফে' ক'র্ক'ট অব্‌ সেন্ড' উপ-
 কারী কুইনিন ও টিং শীলও উৎকৃষ্ট পচন নিবাবক অয়েল
 অব্‌ ইউক্যালিপ্টাই বাহিক প্রয়োগ উপকারী, সমভাগ চুণের
 জল ও নাবিকেল তৈল অমণ্ড অয়েল ৭ ডাম ও লাইকর
 প্লম্বাই সব এসিটেটীস্ ১ ড্রাম, ইহাতে চুলকাণি ও জ্বালা নিবা-

রিত হয়। ডাবের জল দ্বারাও ধোত করিলে উপকার হয়। বসন্তের পর্ব গুটিকা সমূহ হইতে পুষ নিঃসৃত হইয়া গেলে অক্সাইড অব্‌ জিঙ্ক, বা ঈর্চ পাউডর স্থানিক

চিকেন পক্‌স—পানবসন্ত।

এক প্রকার সামান্য সংক্রামক পীড়া, প্রায়ই শিশু ও বালকদেব হয়। কখন কখন পূর্ণ বয়সেও হইতে দেখা যায়। ৬—৮ দিনের মধ্যে বোগ পর্যাবসিত হয় পীড়কা বাহির হওয়ার দ্বিতীয় দিনে উহা জল পূর্ণ ও তাহার চতুর্দিক আবিভ্যম হয় প্রথমে স্বচ্ছ ও পৃষ্ঠে, তৎপরে মস্তকে উদ্ভেদ বাহির হয়। মুখমণ্ডলে প্রায়ই উদ্ভেদ প্রকাশ হইতে দেখা যায় না। চতুর্থ দিনে উহা শুষ্ক হইতে থাকে, তৎপরে ৭ ডিয়া যায় বিশেষ প্রবল সার্বজ্ঞিক দক্ষণ থাকে না আনুষঙ্গিক জ্বরও মৃদু থাকে একবার হইলে এই বোগ আব হয় না।

চিকিৎসা — মৃদু বিবেচক, নাইকর এমোনিয়া এমিটেটস ও নাইট্রিক ইথর মিক্‌চব রোগান্ত দৌর্বল্যে কুইনাইন, বার্ক, কডলিভার অয়েল, আয়রন ঘটিও ঔষধ ও পুষ্টি-কর পথ্য দিবে

মিজল্‌স—হাম।

এক প্রকার সংক্রামক একজর, পূর্বে সর্দি হইয়া পনে প্রকাশিত হয়; তৎসঙ্গে লালবর্ণ উদ্ভেদ দৃষ্ট হয় এবং প্রায়ই

এই রোগের সঙ্গে বা পরে খামযজ্ঞস্থ শৈথিল্যে প্রদাহ জন্মিতে দেখা যায়

লক্ষণ ।—শবীরাত্যন্তবে বিষ প্রবিষ্ট হওয়ার ১০ হইতে ১৫ দিন পরে শবীবে ভারবোধ, শীত, সর্দি ও জ্বর হয়। চক্ষু, নাসাবন্ধু, মুখগহ্বর, তালু ও বায়ুনলী আদি স্থানের শৈথিল্যে রক্তাদিক্য হয়। চক্ষুপাতা শীত এবং লালবর্ণ জলপূর্ণ, আলোকাসহতা, হাঁচি, গুরু কাসি, গলাভাঙ্গা, অত্যন্ত খাসকষ্ট, তন্দ্রা, চর্ম উত্তপ্ত ও তৎসঙ্গে নাড়ী কঠিন ও দ্রুত। জ্বর প্রকাশের চতুর্থ দিবসে গীড়কা বা উদ্ভেদ বাহির হয় এবং সপ্তম দিবসে তাহা মিলাইয়া যায় ইহাব উদ্ভেদ সকল ক্ষুদ্র ক্ষুদ্র দাগেব ত্রায়, চর্ম হইতে কিঞ্চিৎ উচ্চ, কতকগুলি একত্রে সম্মিলিত হইলে বড় দেখায় উদ্ভেদ বাহিব হইলেই সকল সময় জ্বর ত্যাগ হয় না ক্ষুসক্ষুস্ময় গীড়া প্রায়ই হয়, উজ্জ্বল বিশেষ সতর্ক থাকা উচিত। সময়ে সময়ে স্বরযজ্ঞ প্রদাহ, মুখবোগ, কর্ণকুহব-প্রদাহ, নাসা-বণ্ডাঙ্গাব, তরুণ গুর্টক রোগ (ট্যুবরকিউলোসিস) বা তরুণ মূত্রগ্রাহি-প্রদাহ এই বোগের পব জন্মে এবং তৎক্বেতু জীবন বিপদা-পন্ন হয়

চিকিৎসা ।—সর্দি ও কাসি নিবারণার্থ একোনাইট ব্যবহার কর্তব্য। কার্বনেট অব্ এমোনিয়া ও হইতে ■ গ্রোণ মাত্রায় ২৩ ঘণ্টাস্তব। উদ্ভেদ হঠাৎ বিলুপ্ত হইলে মর্গার্ড বাথ প্রয়োজ্য। মুছ বিবেচক, লাইকর এমোনিয়া এগিটেটীস ও নাইট্রিক ইথর ও নাইটেট অব্ পটাশ প্রভৃতি স্নেদজনক ও শৈত্যকাষক ঔষধ, ৩৮৩, ২৮৭, ২৮৯ কাসি বর্তমানে উহার

সহিত ভাইনম ইপিক্যাক, টিংচর ক্যাফর কং, মৰ্ফিনা, ও টিংচর হায়সায়ামাস সংযুক্ত কৰিবে। বক্ষে সিনাপিজম্ ও ফোমেণ্টেশন। তিনিগার ও জল দ্বারা স্পঞ্জিং পথার্থ মাণ্ড, এরোরুট, দুগ্ধ, অন্ন, সোডাওয়াটার প্রভৃতি দিবে। আনুঘঙ্গিক রোগ উপস্থিত হইলে তাহাব চিকিৎসা করিবে রোগীকে গৃহেব মধ্যে উষ্ণ বস্ত্ৰে আচ্ছাদিত কৰিয়া বাধিবে। রোগান্তে দুৰ্বলতা নিবারণ জন্তু কুইনাইন, টিংচর সিনকোনা, ষ্টীল, কডলিভব অয়েল, পুষ্টিকাৰক খাদ্য। উষ্ণ জল দ্বারা পাদস্নান; অবসাদনেব লক্ষণ উপস্থিত হইলে উত্তেজক বিধান কর্তব্য।

স্কাৰ্লেট ফিবৰ—আবস্ত জ্বৰ ।

একরূপ সংক্রামক জ্বৰ—ইহাতে চৰ্ম্মে রক্তবর্ণ উত্তেজ বাহিব হয়। চৰ্ম্মে তিন্ন মুখগহ্বৰেব শ্লেষ্মিক বিলীতেও উহা দেখিতে পাওয়া যায়। জ্বৰেব দ্বিতীয় দিবসে পীড়কা বাহির হইয়া ৫ম দিবসে মিলাইতে আবস্ত হয়। সদা সৰ্বদা এই রোগেব সঙ্গে গলাভ্যন্তরেব ও হৃষধঃ গ্রন্থিৰ প্রদাহ বর্তমান থাকে। হামেব ছায় ইহা প্রায় বাল্যাবস্থাতেই হয়, কিন্তু তদপেক্ষা ইহা ভয়ঙ্কর। ইহা জীবনে কেবল একবার হয় দ্বিতীয়বার যদি কাহারও হয়, তবে পীড়কা বাহিব হইতে দেখা যায় না এবং তাহা মূছ আকারে প্রকাশিত হয়।

এই রোগ ত্ৰিবিধ—১ম স্কাৰ্লেটিনা সিমপ্লেক্স—ইহাতে কেবল চৰ্ম্ম আক্রান্ত হয়। ২য় ম্যান্‌জিনোজা—ইহাতে চৰ্ম্ম ও কণ্ঠাভ্য-
 আক্রান্ত হয়। এবং ৩য় ম্যালিগ্না—ইহাতে কেবল কণ্ঠাভ্য-
 স্তব আক্রান্ত হয়।

চিকিৎসা।—কোন কোন চিকিৎসক এই রোগের প্রাবল্য হইতে কার্বনেট অব্ এমোনিয়া বা এসিটিক এসিড বা বেলেডোনা ব্যবহার করেন ভিনিগার স্পঞ্জিঃ ইপিক্যা-কেব দ্বারা বগন কম্পাউণ্ড জেলাপ পাউডর, ক্যাষ্টর অয়েল, সিডলিজ পাউডর দ্বারা বিবেচন লাইকব এমোনি এসিটেটস, নাইট্রিক ইথর, ক্লোরেট ও নাইট্রেট অব্ পটাশ প্রভৃতি ক্ষেদ-জনক ও শৈত্যকাক ঔষধ সমস্ত দিবে অত্যন্ত বগন হইতে থাকিলে পেটের উপরে মর্টার্ড প্লাষ্টর, সেবনার্থ বরফ, সোডা-এসিড, সোডাওয়াটার ও লিমোনেড প্রভৃতি প্রলাপ হইলে মস্তক মুগুন করাইয়া শীতলজল ও শৈত্যমিশ্র, ১৯৯, প্রয়োজ্য নাড়ী ক্ষীঃ ও অবসন্নতা প্রাদুর্ভূত হইলে এমোনিয়া, ব্রাণ্ডি, ইথর প্রভৃতি বিধেয়। গলাব অভ্যন্তরে ক্ষতাদি হইলে কণ্ডিস সলিউসন ও কার্বলিক এসিডের দ্বারা কবল কবিয়া দিবে ক্লোবেট অব্ পটাশ ড্রিঙ্ক নাইট্রেট অব্ সিলভর লোশন গলাভ্যন্তরে স্থানিক প্রয়োজ্য মাংসেব ঝোল, ছুধ, ভিষ, ব্রাণ্ডি, গ্যারাকট প্রভৃতি পথ্যার্থ দিবে আকুয়সিক রোগের চিকিৎসা তওৎ বোগের চিকিৎসা-প্রণালী অনুসারে করিবে। বোগান্তে কুইনাইন, ষ্ট্রীস, বার্ক, মিনাবেল এসিড্‌স প্রভৃতি বিধান করিবে। ইহার প্রতিষেধক ঔষধের মধ্যে বেলেডোনা প্রধান।

ডেঙ্গু।

একরূপ স্পর্শক্রামক অব্, ইহাতে আবস্তবর্ণ উত্তেদ বাহিব হয় ■ সন্ধিতে প্রবল বাতবেদনা অনুভূত হয় সময়ে

সময়ে গলাবেদনা ও অপ্রকোষ স্ফীত হয় সাধারণতঃ গ্রীবা ও কুচ্কীব গ্রন্থি স্ফীত হইয়া থাকে। স্বহ, বাহু, কটি, নিতম্ব, উরু ও জংঘাতে বেদনা, পেশী ■ অস্থিতে অত্যন্ত বেদনা, নিরঃপীড়া, মুখমণ্ডল আবক্তিম, নাড়ী দ্রুত, জিহ্বা মলাবৃত্ত, বমন, বিবমিষা ও সান্তিগয় অবসন্নতা রোগের স্থিতিকাল ৮ দিন।

চিকিৎসা।—প্রথমে কোষ্ঠবদ্ধ থাকিলে একটা সিড লিজ্ পাউডর বা কম্পাউণ্ড রিউবার্ব পাউডর লাইকন এমোনিয়া এসিটেটস ও নাইট্রিক ইথর ২৮৩, ২৮৮ উক্ত মিশ্রণ সঙ্গে টিংচর অব্ বেলেডোনা ১০ ২০ মিনিম মাত্রায় দিবে বেদনা নিবারণার্থ গুণ্ণিম, হায়সায়াগাস পিপা সায শীতল জল, বরফ ও সোডাওয়াটার বোগাস্তে দৌর্কলো কুইনাইন, টিংচর ও ডিককসন সিনকোন, হুঙ্ক, মাংস প্রভৃতি দিবে বেদনা স্থানে বিবিধ প্রকার বেদনানিবারণ ও উত্তেজক মর্দন বিধেয় বলবর্ধনার্থ কড়্ণ্ডিভন অথবা, পৌহ-যটিত ঔষধাদি। বাতের স্থায় বেদনা ও স্ফি আক্রান্ত হইলে ভাইনম কলচিকম, বাইকার্বনেট অব্ পটাশানি দিবে প্রদা হিত ও বেদনাগ্রিত সন্ধিতে লিনিমেন্ট আয়োডিন মর্দন টিংচর বসটকস সিঞ্চি মিনিম মাত্রায় উপকারী।

প্লেগ—মড়ক

টাইনস জ্বের স্থায় এক প্রকার সংক্রামক একজ্বর

লক্ষণ। - বিষ দেহাভ্যন্তরে প্রবিষ্ট হওয়ার কয়েক ঘণ্টা

হইতে তিন সপ্তাহ পরে বোগ প্রকাশিত হয় চর্ম্মনিয়ন্ত্ৰ তন্তুতে
রক্তপূর্ণ চিহ্ন, বাগি ; গ্রীবা, কক্ষ, বক্ষণ ও অন্ত্রাঘাতক ঝিল্লীস্ব
গ্রস্থিতে প্রদাহ, পচনশীল বিশ্ফাটক, জ্বর, উদ্বাসয় ও বমন
যক্ণ, স্বপ্নিগু ও প্লীহায় প্রবল বক্তাধিক্য ও উহাদেব বিধান
কোমল হয় সাতিশয় অবসন্নতা, মূত্রানুৎপত্তি, বক্তাশ্রাব, বিকম্প,
সংজ্ঞাহীনতা, অবশেষে মৃত্যু

চিকিৎসা — বমনক বক, মূত্রবিবেচক ও শ্বেদজনক
প্রাচীর পুরু হইয়া গহ্বর ছোট হইতে পারে ; তদ্রূপ হইলে তাহাকে কনসেন্ট্রিক হাইপারট্রফি বলে। বিবৃদ্ধি অনেক সময় উপকারী ইহাতে হৃৎপিণ্ডের মধ্যে রক্তসঞ্চালনের ব্যাঘাত দূরীভূত বা ইহার স্বাধীন ক্রিয়া সম্পাদনের সাহায্য হয়। বাম হৃৎদর বিবৃদ্ধি ও তৎসহ কপাটের পীড়া অতি সাধারণ। বাম হৃৎদর বিবৃদ্ধি সঙ্গে রক্তসঞ্চালনের অবরোধ জন্মে না এরূপ প্রায়ই ঘটে না, কিন্তু কখন কখন প্রাচীন ব্রাইটাখ্য পীড়ায় দৃষ্ট হয় দক্ষিণ হৃৎদরের প্রসারণ সম্বন্ধিত বিবৃদ্ধি—সাধারণতঃ প্রাচীন ফুসফুস পীড়ায় রক্তসঞ্চালনে বাধা জন্মিলে উৎপন্ন হয়।

লক্ষণ ।—বিবৃদ্ধির পরিমাণানুসারে সমুদ্রিত হয়। সতত হৃৎবেগন, শ্বাসকষ্ট, দ্রুত পাদচারণে কষ্ট, হৃৎপ্রদেশে বেদনা ও অস্বখবোধ, শিরঃপীড়া, বারম্বার শিরোঘূর্ণন। স্বশ্বাবস্থা অপেক্ষা হৃৎপিণ্ডেব প্রথম শব্দের সুস্পষ্ট শ্রুতিব হ্রাস জন্মে। হৃৎপিণ্ডেব সঞ্চালনশক্তি দ্রুত ■ স্পন্দনের প্রসাবতা হয়। কপাটেব পীড়ায় সন্দর দ্রুত হয়

চিকিৎসা ।—রোগীকে উৎকণ্ঠিত ও উত্তেজিত হইতে দিবে না এবং লক্ষণানুসারে ঔষধ ব্যবস্থা কবিবে। অত্যন্ত দৌর্বল্য থাকিলে কুইনাইন ও ঈল ১৭২, ১৭৬, ১৭৮, ১৮৭, ২০১, ২০৪, ২০৫। বার্ক ১৮৩, ১৮৫, ১৯৩ গিনারেল এগি-ড্‌স ১৬৯ ; ১৭০। যদি হৃৎপিণ্ডেব বেগ অত্যন্ত অধিক হয়, তবে একোনাইট ২৭২। ডিজিটেলিস ২৬৯ শ্বাসকষ্ট অধিক থাকিলে উত্তেজক মিশ্র ২, ৩, ৫। হৃৎপিণ্ডের গহ্বর প্রসা-বৎ বোগ উপস্থিত হইলে আক্ষেপনিবারক, লৌহঘটিত বসকর ঔষধ ■ পুষ্টিকর খাদ্য দেওয়া বিধেয়

য়্যাট্রফী এণ্ড ফ্যাটি ডিজেনারেসন অব্ দি হার্ট।

স্বংপিণ্ডেব হ্রস্বতা ও মেদাপকৃষ্টতা

এই বোগ দ্বিবিধ। প্রথম প্রকারে স্বংপিণ্ড শীর্ণ ও উহার সমস্ত বিধান ক্ষয়প্রাপ্ত হইতে থাকে দ্বিতীয় প্রকারে পৈশিক স্রুএ আক্রান্ত হয় ও তৎস্থলে অল্প বা অধিক মেদ পদার্থ সঞ্চিত হইয় থাকে

১ সিম্পল এট্রফি বা সহজ হ্রস্বতা কর্কাটকা, গুটিকা, বহুমূত্র প্রভৃতি অবসাদক পীড়ান সম্ভে জন্মে স্বংপিণ্ডেব আকৃতি হ্রাসপ্রাপ্ত হয় মৃত্যুব পৰে স্বংপিণ্ড ওজন ৫ আউন্স দুই রুয় বিশেষরূপে পরীক্ষা করিয়া দেখিলে পৈশিক স্রুএ ফেকাসে ও কোমল—কিন্তু অচ্যাত্ত বিদ্যে স্রুয় দেখায় সার্কাঙ্জিক অবস্থানুগাবে চিকিৎসা কর্তব্য। এই বোগ অল্প অল্প বোগেব লক্ষণ বলিয়া পরিচিন্ত হইতে পারে

২ ফ্যাটি ডিজেনারেসন বা মেদাপকৃষ্টতা স্বতন্ত্রভাবে বা গুরুত্ব, মূত্রযন্ত্র ও চক্ষু আদিব মেদবোগ সহ উপস্থিত হয় ইহাব সহিত কপাটেব পীড়া কদাচ বিদ্যমান থাকে। যদি কখন থাকিতে দেখা যায়, তবে মাইটাল অপেক্ষা হৃদয়মণ্ডল কপাটেব পীড়া স্বতন্ত্র দৃষ্ট হয়।

লক্ষণ স্বংপিণ্ডেব ক্রিয়া ক্ষীণ, নাড়ীস্পন্দন কখন কখন ৫৩ বৃদ্ধ হয় যে, প্রতি মিনিটে কেবল ৪৫ বা ৫০ বাব স্পন্দিত হইয়া থাকে সার্কাঙ্জিক দুর্বলতা স্বল্পক্ষণস্থায়ী শিথিলতা বা মূর্ছা স্নায়বীয় অবসন্নতা ও বলহানি স্বৎ*

ছূর্বল, ধাসকৃচ্ছতার আক্রমণ হৃৎশুলের অমেক লক্ষণ বিদ্যমান থাকিতে পারে চক্ষুর কালক্ষেত্রে মেদাপকৃষ্টতা জন্ত একটা উৎপন্ন হয়, তাহাকে আর্কস সেনিলিস বলে স্ত্রী অপেক্ষা পুরুষদের উহা অধিক হয়। বৃদ্ধ বয়সেই ইহা অতি সাধাৰণ আকস্মিক মৃত্যু সংঘটিতে পারে—সম্ভবতঃ হৃৎপিণ্ডের বিদারণ বশতঃ হয়

চিকিৎসা — সার্কাটিক লক্ষণানুসাবে চিকিৎসা করিবে আৰ অধিক মেদ সঞ্চিত হইতে না পারে তাহাব চেষ্টা করিবে ওজ্জ্বল পুষ্টিকর খাদ্য, মাংস, বিশুদ্ধ বায়ুসেবন, প্রত্যয়ে শয্যাত্যাগ, মৃদু ব্যায়াম মৃদু লৌহঘটিত ঔষধ, বার্ক, পানার্থ সোডা ওয়াটর, ব্রাডি বা শেবী অল্প পরিমাণে সল্ট ওয়াটর স্পঞ্জিং, তামা-কাটির ধূমপান করিবে না কডলিওর অয়েল দেওয়া যাইতে পারে কোন কোন চিকিৎসক তৈল ও মেদাক্ত জব্য ব্যবহার করিতে নিষেধ করেন

সায়ানোসিস—নীলরোগ

হৃৎপিণ্ডের গঠনের বৈলক্ষণ্য বশতঃ প্রধানতঃ উৎপন্ন হয়, ইহাতে চর্ম নীলবর্ণ হয় ফোবেমেন ওভেলি বা হৃৎ কর্ণস্বের মধ্যবর্তী ডিম্বাকার ছিদ্র স্থায়ী হইলে এই রোগ হয়। ক্লডদব বা হৃৎকর্ণের প্রাচীরে অস্বাভাবিক ছিদ্র, এক ক্লডদব হইতে হৃৎকমনী ও ফুসফুসীয় ধমনীর উৎপত্তি অথবা হৃৎকমনী দক্ষিণ

■ ফুসফুসীয় ধমনী বাম ক্লডদব হইতে উৎপন্ন হইলেও এই বোগ জন্মে।

লক্ষণ । — চর্ম্মের বিবর্ণতা, শরীর শীতল, মুখগহ্বরের উষ্ণতা ৭৭ ডিগ্রি পর্য্যন্ত ক্রমিত হৃৎবেগ, শ্বাসকৃচ্ছ, উত্তে-জন'ম্ মুচ্ছ' হস্ত ও পদের অঙ্গুলি সকল অধিক পুরু ও উন্নত নখ বক্রীভূত জননেত্রিয় অসম্পূর্ণভাবে বর্দ্ধিত হয় আভ্যন্তরিক যন্ত্র সকলে রক্তাধিক্য ও শোথ শিশুদের হইলে সম্ভব মৃত্যুমুখে নিপতিত হয় কখন কখন অনেক দিন পর্য্যন্ত জীবিত থাকিতে পারে স্ত্রী অপেক্ষা পুরুষদের এই বোগ অধিক হয়

চিকিৎসা — পুষ্টিকর পখ্যা, উষ্ণ বস্ত্র পরিধান, ক্রান্তি ও মানসিক উত্তেজনা পবিহাব, বিশুদ্ধ বায়ুপূর্ণ স্থানে বাস ইত্যাদি উপায় অবলম্বনীয়

য়্যান্জাইনা পে ক্টোরিস—হৃৎশূল ।

বোগী হৃৎপ্রদেশে তীব্র বেদনা ও তৎসহ অবরোধ বোধ ও সাতিনয় উৎকর্ষা অনুভব করে । অধিক বয়সেই এই রোগ জন্মে স্ত্রী অপেক্ষা পুরুষেবা এই পীড়ায় অধিক আক্রান্ত হয় । করোনাবি ধমনীর পীড়া ও হৃৎপিণ্ডের মেদাপকৃষ্টতা বর্ত্তমানে এই রোগ জন্মে ।

লক্ষণ । — হৃৎপ্রদেশে তীব্র বেদনার প্রকোপ, শ্বাসরোধ-বোধ, আসন্নমৃত্যুর আশঙ্কা রোগাক্রমণ ১২ মিনিটের অধিক স্থায়ী হয় না সকল সময়েই বোগাবেশ উপস্থিত হইতে পারে বোগাবেশকালে নাড়ীর গতি মৃদু ও ক্ষীণ, শ্বাস ক্ষুদ্র ও ক্রান্ত, মুখাকৃতি পাণ্ডুবর্ণ ও উৎকর্ষাব্যঞ্জক, দেহ শীতল, সম্ভবতঃ শ্বেদাতি-

বিকৃত। জ্ঞানের বৈলক্ষণ্য হয় না। রোগাবেশ তিরোহিত হইলে রোগী সুস্থ বোধ করে। প্রথমাক্রমণ কালে উহা সংঘটিত হয়।

চিকিৎসা।—আর্সিনিক দ্বারা রোগাবেশের তীব্রতা হ্রাস প্রাপ্ত হয়। মর্ফিয়ার অধস্তাচ প্রেক্ষেপ ফসফরস দ্বারা উপকার দর্শে। নাইট্রো গ্লিসিবিণ ১ মিনিম মাত্রায় তিন ঘণ্টান্তর সেবনে উপকার দর্শে। ইহার শতমিক দ্রব (ওয়ান্ পার্সেন্ট সলিউশন) ব্যবহার্য্য। রোগাবেশ সময়ে উত্তেজক যথা—এমোনিয়া; ওয়াইন; ব্রাণ্ডি আক্ষেপ নিবারক ঔষধ যথা ইথর; ক্লোরোফর্ম, হাইড্রোসিয়ানিক এসিড্, ইত্যাদি,—২, ৩, ৯৫, ১৩১, ১৩৪ নাইট্রেট অব্ স্যামিল ২৩ ফোঁটা আত্মাণ কবিত্তে হয়, ইহাতে শীত্ৰই রোগোপশম হয়। সিন্যাপিজম, টর্পেন্টাইন ষ্টুপ্স; ইট্ ফোমেন্টেসন, বেলেডোনা ও ক্লোরোফর্ম লিনিমেন্ট বক্ষঃস্থলে মর্দন। রোগাবেশ পুনরায় যাহাতে না হয়, তজ্জন্তু সার্ব্বাত্মিক স্বাস্থ্য উন্নত কবিত্তে চেষ্টা কবিবে। খাদ্য দ্রব্যেব প্রতি দৃষ্টি রাখা উচিত, বলকাবক ঔষধ সেবন। ছৎপিণ্ড প্রদেশে বেলেডোনা প্লাষ্টিক সংলগ্ন রাখা বিধেয়। উত্তেজক ঔষধাদি, প্রবল ব্যায়াম; আহারান্তে ভ্রমণ ও মানসিক উদ্দীপনা নিষিদ্ধ

ফংসনাল ডিরেঞ্জমেন্ট অব্ হার্ট।

(ছৎপিণ্ডের ক্রিয়া বিশৃঙ্খলা)

ছৎপিণ্ডের যান্ত্রিক পীড়ার লক্ষণেব অনুরূপ লক্ষণাদি ইহাতে প্রকাশ পায়, তজ্জন্তু ইহাকে যান্ত্রিক পীড়া বগিয়া এম হইতে পারে। গুল্মবায়ু বোগে ডিম্বাধার বা শ্ববায়ু উদ্দীপনা, স্নায়ুশূল, ■ রক্তহীনতা পীড়ার সঙ্গে উৎপন্ন হয়। স্ত্রীনের বয়ঃসন্ধি অর্থাৎ

আৰ্ভব বিগমকালেও এই বোগ অসাধাৰণ নহে সান্তি*য় পাঠ, উৎকৰ্ণা ও রক্তিক্রিয়া আদি হইতে স্বাধৰীষ অবসন্নতা প্রাপ্ত হওত এই পীড়া জন্মে ব'ত, প্র'টিন যক্ষণ পীড়া, অজীৰ্ণ ও ভাস্কুকট বা উগ্র চা ব্যবহাৰ বশতঃও এই বোগ জন্মিতে পাৰে ।

লক্ষণ । — নাড়ীৰ গতি অনিয়মিত, স্বৎবেপন ৩৭সহ সম্বন ও রক্তহীন ব্যক্তিদেব চৰ্ম্মেৰ নীচে শোথ স্বৎপাদশে অতীত ক্লাস্তিকব কনুনে বেদনা, সমন সময় ছুবিকা বেধবৎ বেদনা বেদনা বশতঃ বামপাৰ্শ্বে *যন কৰিতেও অশক্তি মানসিক অবসন্নতা, অজীৰ্ণ, উদবাখনা ও অন্ন উদগাব সলাম গুগবায়ু বোগবৎ ৩টা সঞ্চালন সাময়িক শিবোবুৰ্ণন, কৰ্ণনাদ, মুখমণ্ডল বক্তপূৰ্ণ স্বক্ৰমনীতে প্রবল স্পন্দন

চিকিৎসা — এমোনিয়া, ইথৰ, মষল, হেনবেন, বেলে-ডোনা, ওপিয়ম, হপ ইত্যাদি ২ ৫, ২৫, ৬৮, ৯৯, ১৩৫ । বেলে-ডোনা ও ডোভস্ পাউডৰ ১০১, একষ্টা ক্যানোবিস ও বেলেডোনা । স্বৎপিও প্রদেশে বেলেডোনা বা ওপিয়ম প্লাষ্টৰ ডিজিটেলিস ১০২, ২৬৯, কোষ্টবক থাকিলে বিবেচক বাতবোগেৰ সঙ্গে সংশ্লিষ্ট হইলে ভাইনম কলচিকম ও শ্বালাইন্ এফাবভেসিং ড্রাক্টস আদি অজীৰ্ণ ও অন্ন উদগাৰ উঠিলে বিসমথ, সোডা; পটাশ; হাইড্রোসিয়ানিক এসিড, লাব্ৰস ওয়াটৰ ৩৭পাবে নাইট্রো-মিউরিয়েটিক এসিড ডিল ও তিঞ্জ বলাকবোষধৰ ফাণ্ট । পেপ-সিন ৪১৭ ভাগাক ও চ নিষিক্ত অন্ন পনিমাণে ত্রাণ্ডি ও এবফ মিশ্রিত জল স্বাধৰীষ দুৰ্ব্বলতা বা রক্তহীনতা উপস্থিত হইলে সাইট্রেট্ অব্ আধবণ ৫ও এমোনিয়া ১৮০, ১৮৮ ;

ফিব্রম রিডক্টম ২০৪, ২০৫। কুইনাইন এণ্ড আয়রণ ১৭২, ১৭৩, ১৭৬, ১৭৭, ২০১

হৃৎপিণ্ডের সাধারণ চিকিৎসা।—ডিজিটেলিস বিশেষ উপকারী। শোথ, শ্বাসকষ্ট, নীলিম মুখমণ্ডল, সতত অনিয়মিত নাড়ী ও বাম হৃৎদাবব প্রসারণ বর্তমানে তরুণ প্রাপ্ত ফাট প্রয়োজ্য এই বোগে মন্য আবশ্যক, উহাদেব মধ্যে জিন শ্রেষ্ঠ কপাটের পীড়া ব্যতীত বাম হৃৎদাবের বিবৃদ্ধি ও প্রসা-
রণ ইহা ব্যবহৃত হইতে পারে হৃৎসনীর পীড়া থাকিলে ইহা অব্যবহার্য্য নহে অনিয়মিত নাড়ী স্পন্দন ডিজিটেলিস ব্যবহাবেব শ্রেষ্ঠ চিহ্ন হৃৎপিণ্ড বিশৃঙ্খল ও প্রবলবেগে স্পন্দিত, কিন্তু নাড়ী দুর্বল ও অতিশয় শ্বাসকষ্ট থাকিলেও ইহা ব্যবহার্য্য সামান্ত হৃৎস্পন্দন—সর্দি দ্বারা বন্ধিত হয়, একপ অবস্থা ডিজিটে-
লিসেব দ্বারা আরোগ্য হয় সময় সময় ইহা অপেক্ষা একো-
নাইট শ্রেষ্ঠ কপাটের পীড়া বা পৈশিক ক্রিয়াধিক্য বশতঃ হৃৎপিণ্ড বিবৃদ্ধিতে ২ মিনিম মাত্রায় টিংচব ডিজিটেলিস সেবন দ্বারা উপকার হয়, কিন্তু ওকপাবস্থায় একোনাইট অনেক সময় শ্রেষ্ঠ।
আর্সিনিক দ্বারা শ্বাসরোধ বোধ নিবাবিত হইতে পারে ভয়, বক্তপ্রাব বা আকস্মিক ঘটনাদি বশতঃ হৃৎপিণ্ড দুর্বল হইয়া পড়িলে ব্রাণ্ডি আদি মন্য প্রয়োজ্য প্রাচীন প্রদাহে কডলিওব অয়েল শিবোঘূর্ন—হৃৎপিণ্ডের দুর্বলতাজনিত হইলে কড লিভর অয়েল ও কুইনাইন শ্বাসকৃচ্ছে মর্গিয়াব অধস্তাচ প্রফেপ নাইটেট অব্ এমিল আভ্রাং দ্বারা হৃৎপিণ্ড প্রসারণ ও বিবৃদ্ধিত নিত শ্বাস-
কষ্ট নিবাবিত হয় হৃৎপিণ্ডে বলবিধানার্থ অল্প মাত্রায় স্ট্রীকনিয়া ক্রত অনিয়মিত নাড়ী, ক্রত শ্বাস, নীলিম মুখাকৃতি ও উদবী, হৃৎ-

স্পন্দন ও শয়ন করিতে অসামর্থ্য থাকিলে ভিবাট্রিয়া অয়েন্টমেন্ট স্থানিক প্রয়োজ্য

হৃৎপিণ্ডের আকস্মিক ক্ষীণতায় স্ট্রোকনিয়া, ইথর ও এথেরিয়া সেবন ও তাহাদের হাইপোডার্মিক ইনজেক্শন বিধেয়। একট্রা কোকি লিকুইডও হৃৎপিণ্ডেব উত্তেজক, আইয়োডাইড অব্ পটাসিয়ম সহ স্যালুভিনার পীড়ায় প্রয়োজ্য আইয়োডাইড দ্বারা হৃৎপিণ্ডেব ক্রিয়াধিক্য নিবাবিত হইয়া উহাব বলবিধান কবে হৃৎপিণ্ডেব পীড়াজনিত অনিদ্রায সল্ফোনাল মহোপকারী হৃৎপিণ্ডেব পীড়াজনিত উদরী ও শোথে আইয়োডাইড ও ডিজি-টেলিস বিশেষ উপকারী

এথেরিয়াইটিস হৃৎধমনী প্রদাহ

হৃৎধমনীর প্রদাহ অতি বিরল। সম্ভবতঃ ইহা যজ্ঞেব পীড়া-
ধাত্বেব সঙ্গ হৃৎধন প্রদাহেব অনুরূপ

লক্ষণ।—অত্যন্ত অস্পষ্ট, সার্বাস্মিক অসুস্থতা, শীত পবে জ্বর শ্বাসকৃচ্ছ, তৎসহ দৃঢ় শ্বাসরোধ বোধ ধমনীতে অত্যন্ত স্পন্দন ও বেদনা সাতিশয় হৃৎবেগন নাড়ী অনাক্রান্ত থাকে। ধমনীয পর্দায বিধানবিকার জন্মিতে পারে বৃদ্ধ বয়সে উহাতে নানাবিধ অপকৃষ্টতা জন্মে

চিকিৎসা।—ওয়ার্ম বাথ, পৃষ্ঠবংশে ড্রাই কপিং, ব্রিষ্টার্স। সেবনার্থ আইয়োডাইড, অব্ পটাসিয়ম ও আইফেন কলচি-কম দ্বারা উপকার দর্শিবার সম্ভাবনা শ্বাসকৃচ্ছ ইথর দ্বারা উপশমিত হয়।

এয়োর্টিক য্যানিউরিজম—স্বংধমন্যর্কুদ ।

এই বোগ অধিক বয়সেই হয় অনেক সময় ধমনীর বিবিধ অপকৃষ্টতা জন্ম এই পীড়া উপস্থিত হয় । অর্কুদ ছোট হইলে অনেক সময় বোগনির্গম করিতে পারা যায় না কোষ বিদীর্ণ হইয়া বক্ত্রস্রাব হওতঃ মৃত্যু সংঘটিত হয় । বিরাবণ ভিন্ন সহসা শ্বাসবোধ হইয়াও মৃত্যু হইতে পাবে অথবা ক্রমশঃ বহুদিন স্থায়ী অসুস্থতা জন্ম শবীব দুর্বল ও অবসন্ন হইয়া পড়ে ও তৎকালে রোগী পঞ্চাশ পায় ।

লক্ষণ — প্রথমাবস্থায় অস্পষ্ট অর্কুদ বড় হইলে স্বং-
পিণ্ডের ক্রিয়া বিশৃঙ্খল ও নাড়ীস্পন্দনও গবিবর্তিত হয় গ্রীব
ও বক্ষের চর্মনিম্নস্থ শিরাসমূহ রক্তপূর্ণ, এক বা উভয় উর্দ্ধশাখা
শোথবিশিষ্ট, কাসি, শ্বাসকৃচ্ছ, রক্তোৎকাস, গিলিতে কষ্ট এবং
বক্ষে ও পৃষ্ঠে বেদনা পৃষ্ঠবংশ বা বক্ষের অস্থিতে ক্ষত হইতে
থাকিলে বেদনা তীব্রতর হয় । অর্কুদ অত্যন্ত বড় ও স্পন্দনশীল
এবং বক্ষের বাহ্যদিকে আসিলে বুকাস্থি ও পণ্ডক উন্নত বা আচু-
ষিত হয় । একপ অবস্থায় রোগনির্গম সহজ অর্কুদকোষ দ্বারা
বায়ুনলী চাপিত হইলে কাসি ও শ্বাসকষ্ট ; শ্ববয়নস্থ নায়ু চাপিত
হইলে স্বরাভাব ও ক্লেশকর কাসি, শ্বাসবোধবোধ ও সময় সময়
বেদনা । অন্তবহানালী চাপিত হইলে গিলিতে কষ্ট বা নলীব অব-
রোধ খোবেসিক ডক্ট চাপিত হইলে পবিপোষণের অভাব ও
আচুষকমণ্ডল পূর্ণ ইত্যাদি । উদবস্থিত বৃহৎ ধমনীতে এই বোগ
হইলে কাটিদেশে তীব্র বেদনা এবং উহা উদবেব উভয়পার্শ্ব হইতে
উরু ও অণ্ডকোষ পর্য্যন্ত বিস্তৃত হইয়া পড়ে কোষ্ঠবদ্ধ দ্বারা
বেদনার বৃদ্ধি এবং উবুড় হইয়া শমন করিলে হ্রাস হয় বিশেষকপে

পবীক্ষা কবিলে অর্কুদ দেখিতে পাওয়া যায়। হস্তে সতত প্রবল স্পন্দন অনুভূত হয়

চিকিৎসা — শারীরিক ও মানসিক উদ্দীপনা পরিহার কর্তব্য। বেদনা, কাসি, অজীর্ণ ও অন্ত্রান্ত্র লক্ষণের উপশমনার্থে তুপনুও ঔষধ ব্যবহার্য। পুষ্টিকর পথ্য, অল্প পরিমাণে ত্রাণ্ডি ও জল আইয়োডাইড্ অব্ পটাসিয়ম এসিটেট অব্ লেড, টিংচর অব্ পাবক্লোবাইড্ অব্ আয়রণ; এমোনিযেটেড্ আয়রণ স্যালিস স্থানিক ববফ, ইলেক্‌ট্রিসিটী, ইলেক্‌ট্রোপ্যাংচার, বেলডোনা প্রাণ্ডিয়ার যন্ত্রণাদি উপশমেব জন্তু ওপিয়ম, মর্ফিয়া, সবকিউটিনিয়ম্ ইনজেক্‌সন অব্ মর্ফিয়া, বেলডোনা, ডিজিটেলিস্, ক্যান্‌ফব. ইণ্ডিয়াম হেম্প, স্পিবিট ইথর বা ক্লোবোফর্ম বক্ষঃস্থল ও উদর প্রদেশে স্বেদনমণীব যে অংশ থাকে তাহাতে এই বোগ প্রায়ই হইয়া থাকে এই বোগের বিবিধ প্রকার অল্প-চিকিৎসা আছে, তাহা এস্থলে অনাবশ্যক বোধে লিখিত হইল না

ডিজিজেস্ অব্ দি থোরেসিক ওয়াল্‌স ।

(বক্ষঃপ্রাচীরের পীড়া)

প্লুরোডিনিয়া—(উবঃপেশী বাত)

বক্ষঃপ্রাচীরের পার্শ্বে বেদনা এই বেদনা সময় সময় এত প্রবল হয় যে, প্লুরিসী বা পেরিকার্ডাইটিস্ বলিয়া ভ্রম জন্মিতে পারে।

লক্ষণ । সার্বাজিক স্বাস্থ্যহীনতা, ক্ষুধাভাব, অপ্রফুল্লতা

মূত্রে যুবেট ও ফস্ফেটের আধিক্য কখন কখন দন্ধিবাত তীক্ষ্ণ বেদন' সত্ত্বে অকস্মাৎ উপস্থিত হয়, স্তনের নিম্নপ্রদেশে জালু-ভুত হয় এবং দীর্ঘশ্বাস বা যে কোন প্রকার সঞ্চলনে পেশীতে টান পড়ে, তাহাতেই বেদনা বর্ধিত হয় বক্ষের বামপার্শ্বেব পৈশিক ও সৌত্রীঃ তন্তুই কেবল আক্রান্ত হয়

চিকিৎসা।—জ্বায়ুর ক্রিয়াবিশৃঙ্খলা জনিত বোগে এক-টিয়া বেসিমোজা ক্লোবাল ও ক্যাম্ফর বা মেস্ফল ও ক্যাম্ফর সম-ভাগে মিশাইয়া মর্দন করিবে ইথর স্প্রে ব্যবহাবে বেদনার শান্তি হয় কোমেণ্টেসন, চট্ পুলটীস, জঁয়ছফ জমো স্নান বেলে-ডোনা ও একোনাইট লিনিমেন্ট ১৫২; লিনিমেন্ট ক্লোবোফর্ম ও ওপিয়ম, ১৫৩ একোনাইট ও বার্ক, ১৮৪; অ'ইঃ ডাইড্ অব্ পটাসিয়ম বা সোডিয়ম ও ডাইনম কলচিকম, ৪০৪ কড্-লিভর অয়েল ৪১০, ব্রোমাইড্ অব্ পটাসিয়ম, ৪০৯, হাইড্রেট অব্ ক্লোবাল, ৪২৪ মর্ফিয়ার সবকিউটিনিমস পীচকারি কপিং, ব্রিষ্টাবিং প্রভৃতি তাদৃশ উপকারী নহে স্যালিসিলেট অব্ সোডি-মম উপকারী

ইণ্টের কফ্টাল নিউরালজিয়া—পশু'কা- মধ্যস্থ শ্বাসুশূল

শরীরের অন্যান্য স্থানের শ্বাসু শ্বায় পশু'কা মধ্যশ্বাসুতে শূল জন্মা গুল্মশ্বাসু ও রক্তহীন বোগগ্রস্তা স্ত্রীবা ইহা দ্বাবা অধিক আক্রান্ত হয় ইহা যক্ষ্মা ও ব্রাইটাধ্য পীড়া সহ সময় সময় জন্মে। শ্বায়ু প্রদাহ বা ফুসফুসবেষ্ট প্রদাহেব সহিত এম না হয়, তজ্জন্তু সতর্ক হওয়া উচিত।

লক্ষণ ।—বেদনা অতীব ও মতত স্থায়ী কনকনে প্রকৃতিক বা তীক্ষ্ণ ও সময় সময় বৃদ্ধিশীল । কখন কখন কয়েক সপ্তাহ থাকে সাধারণতঃ বামদিকে ৬, ৭, ৮ বা ৯ম স্নায়ু আক্রান্ত হয় । স্নায়ুর গতি অবলম্বন করত বেদনা কশেরুকা পর্যন্ত বিস্তৃত হয় । সময় সময় শুন ও তৎনিম্নপ্রদেশে বোধান্তিশয়া । দুর্বলতা । অর থাকে না স্ত্রীলোকদের আর্ন্তব-বিশৃঙ্খলা ■
খেতপ্রদব

চিকিৎসা ।—কুইনাইন, আয়রণ, সিনকোনা, কডলি-
ডর অয়েল, পুষ্টিকর খাদ্য । স্থানিক—বেলেডোনা ও একোনাইট
লিনিমেণ্ট । বেলেডোনা প্লাষ্টিক, গর্ফিমার অধস্তাচ প্রক্ষেপ । আই-
য়োডাইড্‌ ও ব্রোমাইড্‌ অব্‌ পটাশিয়াম ; বোগ বাত সংশ্লিষ্ট
হইলে ইহাব সঙ্গে ভাইনম কলচিকম ও টিংচর হায়সায়ামান বা
সোডা স্যালিসিলেট দিবে

ডায়্যাগ্‌মাইটীস—উদরবন্ধঃ ব্যব- ধায়ক পেশীর প্রদাহ ।

উদর-বন্ধ-ব্যবধায়ক পেশীর প্রদাহ—সমিহিত যজ্ঞাদিব প্রদাহ
বশতঃ উপস্থিত হয় । সন্ধিবাত জনিত রক্তের অবিগুচ্ছাবস্থা হইতেও
এই বোগ হইতে পারে । আঘাত, সন্দারণ, পশুকা ভঙ্গ আদি
কাৰণেও এই পীড়া জন্মিতে দেখা যায় । অন্ত্রাণ্ড প্রদাহের স্থায়
লক্ষণাদি প্রকাশিত হয় । উদর ও পৃষ্ঠে টানবোধ ও বৃদ্ধান্তি ■
নিম্নস্থ পশুকাতে বেদনা, কাসিতে, হাঁচিতে বা দীর্ঘ শ্বাস গ্রহণে
অসুস্থত হয় । অগ্নাধিক শ্বাসকৃচ্ছ, গিলনকষ্ট, মুখাকৃতি উৎকণ্ঠা-

প্রকাশক, হিকা, দীর্ঘশ্বাস, উদরস্থ পেশীতে আক্ষেপ শ্বাসপ্রশ্বাস প্রধানতঃ পশু'কামধ্য পেশীবর্গ দ্বারা সম্পাদিত হয়।

চিকিৎসা —কোমর বেড়িয়া গসিনার পুলটীস, পুল-টীসেব সঙ্গে একষ্ট্রাক্ট বেলেডোনা বা পপী দেওয়া যায় বমন নিবারণার্থ ববক ও সোডা এসিড ; বিসমথ ও হাইড্রোসিয়ানিক এসিড ৯৩, বিসমথ ও সোডা ৩৯৪ ; সোডা ও মর্ফিয়া ৩৯৬ ক্লোবোফর্ম ও ইথেরেব আত্মাণ দিলে প্রায়ই হিকা নিবারণিত হয়। মর্ফিয়া বা এট্র'পানের অধস্তাচ প্রক্ষেপ অন্ত্রাণ উপসর্গ থাকিলে সাধাবণ নিয়মানুসারে তাহার চিকিৎসা কবিবে।

ডিজিজেস্ অব্ ব্লড ভেসেল্‌স এণ্ড
লিম্ফাটিক্‌স্ ।

(শিবা, ধমনী ও শোষণ শিরা প্রদাহ ।)

আর্টাইটস—ধমনীপ্রদাহ ।

ধমনীতরুণ প্রদাহ অতি বিবল আঘাত বা অল্প চিকিৎসায় ধমনী আহত হওয়ায় সময়সময় তরুণ প্রদাহ সমুপস্থিত হয়। প্রাচীন প্রদাহ অপেক্ষাকৃত সাধাবণ ; ধমনীতে চাপ পড়া বশতঃ হয় গাউট ও ব্রাইটাখ্য পীডাদিতে কৈশিক ও স্ক্ল স্ক্ল ধমনীতে বক্ত সঞ্চালনের ব্যাঘাত জন্মিবায় প্রাচীন প্রদাহ সমু-
দ্ভুত হইতে পারে

চিকিৎসা —ইহার চিকিৎসায় ডিজিটেনীস ও ক্যালো-মেল ব্যবহার্য আইয়োডাইড অব্ পটাসিয়ম, কার্বনেট অব্ এমোনিয়া হিতকর।

ফিবার্‌ইটিস—শিরাপ্রদাহ ।

বক্তের অসুস্থাবস্থা বশতঃ শিরা প্রদাহ রোগে আক্রান্ত শিবাভ্যন্তবে রক্ত জমিয়া যাইতে পারে

লক্ষণ ।—বেদনা—চাপে বৃদ্ধি হয় । ক্ষীণতা, আনন্দহীনতা ও কাঠিন্য—শিবাব গতি অভিমুখে দৃষ্ট হয় পূর্বোৎপত্তি হইলে কম্প ও নানা স্থানে ক্ষণস্থায়ী বেদনা অসুভূত হয় অতিশয় সার্কারিক অসুস্থত থাকে । বক্তের সহিত পুথ বা অল্প অসুস্থ দ্রব্য মিলিত হওয়ায় বক্ত জমিয়া যায় এবং জমা বক্তখণ্ড দ্বারা শিবা পবিপূর্ণ থাকে । অসুস্থ পদার্থ দেহ হইতে বিদূরিত হওয়া আবশ্যিক হইলে যোজক তন্ত্রে প্রদাহ ও পুথ হইয়া ফে'টক'ক'ব হয় অন্তর শির'ব পর্দ'য় ফ'ও হইয়া ফে'ট-কেব মধ্যে জমা রক্তাদি আসিয়া পড়ে এবং তথা হইতে দেহ মধ্য দিয়া দূরীভূত হয় পক্ষান্তরে যদি উক্ত বিযাক্ত পদার্থ দ্বারা রক্ত না জমে, তবে উহা রক্তের সহিত মিশ্রিত হইয়া সমস্ত দেহ আক্রান্ত হয় এবং ফুস্ফুস্ যক্ণ, গীহা, চক্ষু, সন্ধিস্থান ও যোজক তন্ত্র আদিতে সঞ্চিত হয় ।

চিকিৎসা । প্রদাহিত চর্ম্মাধঃ শিরাব উপরে ব্লিষ্টাব দিলে উপকার দর্শে ফোমেন্টেসন, পুলটীস বিরেচক দৌর্বল্য প্রকাশিত হইলে বলকাবক ও উত্তেজক ঔষধ—যথা এমোনিয়া ; বার্ক ; পোর্ট ওয়াইন ; ব্রাণ্ডি , মাংস যুগ । বেদনা ও অস্থিবতা নিবারণার্থ ওপিয়ম আক্রান্ত অংশেব সম্পূর্ণ বিশ্রাম হিতকর টিংচর আইয়োডিন স্থানিক প্রয়োজ্য তুলা দ্বারা স্ফাবৃত করত ব্যাণ্ডেজ বাধিবে

ফেগ্‌মেসিয়া ডোলেন্স

এক বা উভয় অধঃশাখার বেদনান্বিত পৈশিক স্ফীততা (স্ফীততা শোধবৎ মহে) ও তৎসহ অবসন্নতা উপস্থিত হয় সম্ভবতঃ ইলিয়াক ■ ফিমবেল শিবাভ্যন্তবে আপনাপনি বঞ্জনমিমা গিয়া ঈদৃশ অবস্থায় পবিগত হয় কোন প্রকার বিষ বা বঞ্জন হীনতা ও অবিগুহতা বণতঃও উহা হইতে পাবে লসীকাগ্রাহি এবং শিবাও আক্রান্ত ও অবকদ্ধ হয় প্রসবের পর, বিশেষতঃ যে সকল স্ত্রীলোকদের অধিক বঞ্জন হইয়াছে, তাহাদের সাধারণতঃ এই বোগ হইয়া থাকে জরায়ুকর্কট বোগের অবসানে প্রায়ই এই বোগ জন্মে দক্ষিণ অপেক্ষা বাম দিক অধিক আক্রান্ত হয়

লক্ষণ ।—প্রসবের পর ১ হইতে ৫ সপ্তাহের মধ্যে বোগ উপস্থিত হয় জ্বর ; শিবোবেদনা, তৃষ্ণা, বমনেচ্ছা ; বেদনা । সময় সময় শীত বা কম্প, আক্রান্ত শাখা স্ফীত হয় ও রোগী উহা নাড়িতে চাড়িতে পাবে না আক্রান্ত অঙ্গ সাতিশয় উষ্ণ, বেদনান্বিত ও স্ফীত, তজ্জন্ত স্বাভাবিক আকাবেয় দ্বিগুণ হয় ; কিন্তু ঐ স্ফীততা শোধের স্থায় নহে । উহা পাণ্ডুব শ্বেতবর্ণ, চিকণ বা উজ্জল থাকে ও উহাতে সাতিশয় টানবোধ হয় তরুণ লক্ষণাদি তিরোহিত হইলে কয়েক সপ্তাহ পর্য্যন্ত অঙ্গবিরুদ্ধি থাকে

চিকিৎসা ।—টংচব হ্যাংমিলিস ডিস্কিনিক ১২ গ্রিনম মাত্রায় ২৩ ঘণ্টান্তর সেবনে এই বোগ উপশমিত হয় প্রসবের পর স্ত্রীলোকদিগের উরুদেশের শিরাতে প্রদাহ উপস্থিত হইয়া স্ফীততা ও বেদনাদি লক্ষণ প্রকাশিত হইলে জলৌকা ঘাণা বক্র-মোক্ষণ ; ব্লিষ্টার ; শৈত্যকারক লোশন ১১৮ ; ফোমেন্টেসন ;

টিংচৰ অৰ্ অইয়োডিন ডিজিটেলিস ও স্লুপিলা বেদনা নিবার-
 গাৰ্থ অহিকেন এক পাউণ্ড বাইকাৰ্বনেট অৰ্ সোডা ■ এক
 আউন্স একষ্ট্ৰাঃ পপী এক গ্যালন জলে গুলিয়া উষ্ণ কৰিবে ,
 পবে সেই জল দ্বাৰা ফ্লানেল সহযোগে সেক দিবে। কাৰ্বনেট
 অৰ্ এমোনিয়া এসিডেব সঙ্গে উচ্ছলনাবস্থায় ; সলফেট অৰ্
 সোডা বা ম্যাগনিসিয়া ; হাইড্ৰোক্লোবিক এসিড ; একোনাইট ;
 আইয়োডাইড অৰ্ পটাশিয়ম , কুইনাইন , লঘু পথ্য বোগ পুৰা
 তন হইলে আইয়োডাইড অৰ্ আয়ৰ , কড্‌লিভৰ অয়েল ; আই-
 যোডাইড অৰ্ পটাশিয়ম ও বার্ক , এমোনিয়া ও বার্ক ; ফস্‌ফেট
 অৰ্ আয়ৰণ , পুষ্টিকাৰক খাদ্য, দুগ্ধ, মগ্ধ উত্তেজক ও বেদনা-
 নিবারক লিনিমেন্ট ফুইং বৃষ্টিৰ তুলা দ্বাৰা আচ্ছাদিত কৰণ
 তত্পৰি ভাল কৰিয়া ব্যাণ্ডেজ বাঁধিয়া বাখিলে বিশেষ উপকাৰ
 হয়। আঞাত্ত অক্ষ নাড়িঃ চাড়িতে না দিয়া বিশ্রামাবস্থায়
 রাখিবে।

গ্যান্‌জিওলিউমাইটীস—শোষক-শিৰা প্ৰদাহ।

ইনফ্লামেশন অৰ্ লিম্ফাটিক ভেনেল্‌স

বাহ্যিক আঘাত বা অসুস্থ পদাৰ্থ আশোষণ অৰ্থাৎ শব্‌চ্ছেদ-
 কালে হস্তাদি ক টিয়া গেলো বিষ আশোমিত হওয়ায় এবং
 অসুস্থ কাৰ্বকল বা পচনশীল বিস্ফাটকের বিষ বশতঃও আচুষক
 শিবার প্ৰদাহ উৎপন্ন হয় ইহাব সঙ্গে গসীকা গ্রন্থি আঞাত্ত
 হইয়া থাকে

লক্ষণ — উচ্ছল লালবৰ্ণ বজ্জুবৎ দাগ, আহত স্থান হইতে

শিবার গতি অভিমুখে উর্দ্ধগামী হয় অর্থাৎ যে গ্রন্থি মধ্যে শিবা শেষ হয়, ততদূর পর্য্যন্ত উজ্জ্বল লালবর্ণ দাগ দৃষ্ট হয়। আক্রান্ত অঙ্গ স্ফীত ও বেদনাবিশিষ্ট অভ্যন্ত সার্কারিক উপ-দ্রব, শীত বা কম্প, বিবমিষা ও কোষ্ঠবদ্ধ, জ্বর, অস্থিৰতা, মানসিক ও দৈহিক অবসন্নতা সহজে আরোগ্য হইতে পারে অথবা পাকিয়া উঠে, বা অধিক দিন পর্য্যন্ত কঠিনাবস্থায় থাকে কখন বা সাংঘাতিক অবসন্নতা বা পুষ্টিহীনতা (পাইরিমিয়া) প্রাপ্ত হইয়া রোগীকে শমনসদনের অধিষ্ঠিত করে

চিকিৎসা — সল্ফেট অব সোডা কিম্বা ম্যাগনিসিয়া
 ৩৩১, ৩৩৪, ৩৩৯ ক্রোবেট অব পটাশ ২২৬; ফোমেন্টো কাঙ্ক
 ও বার্ক ১৮৩, কুইনাইন—১৯৩, ১৯৪; হাইড্রোক্লোরিক এসিড
 ডিল, ব্রাউ এণ্ড এগ্ মিকশ্বর হাইড্রোক্লোরিক এসিড ও
 ক্রোবেট অব পটাশ ২৯৪ ফোমেন্টেসন; লিনসিড পুলটিস;
 একট্রাঃ বেলডোনা ও পপী; ওয়াটার ড্রেসিং; কষ্টিক লোশন
 সোডা সল্ফো কার্বলাস আদি পচননিবারণক কুইনিন ও টিং
 ঈল বিবিধ এন্টিসেপ্টিক স্থানিক প্রয়োজ্য।

ইনফ্লামেশন অব লিম্ফাটিক গ্যাংগা।

শোষক গ্রন্থি-প্রদাহ।

ইহা স্বতন্ত্রভাবে বা আচুষক শিবার প্রদাহ সহ উপস্থিত হয়। স্ফোট জ্বরের পর গ্রন্থিপ্রদাহ সাধারণ গণ্ডমালাধাতু-প্রকৃতিক ব্যক্তিদেব সাধাবণতঃ সঞ্জটিক গ্রন্থি প্রদাহ হইয়া থাকে।

লক্ষণ । — তরুণ প্রকারে অশুশ্রুতা বোধ, সামান্য শীত, লক্ষণিক জ্বর এক বা ততোধিক গ্রন্থি ক্ষীত, উষ্ণ, কঠিন ও বেদনাম্বিত হয় ক্ষীণতা বৃদ্ধির সঙ্গে গ্রন্থি উপরিস্থ চর্ম্ম আরক্ত বা নীলিম হয় রোগ সহজে আবোগ্য বা প্রাচীন অবস্থায় পরিণত না হইলে পুষ্ণোৎপত্তি হইয়া থাকে । গ্রন্থি মध्ये বা চতুর্দর্শস্থ যোজক তন্তুতে স্ফোটক উৎপন্ন হয় বোগ প্রাচীনা কার ধাবণ করিলে গ্রন্থিবৃদ্ধির সঙ্গে উর্হাব কঠিন, বেদনা ও উত্তাপ সামান্য প্রকার হয় চর্ম্ম স্বাভাবিক বর্ণবিশিষ্ট যোজক তন্তু আক্রান্ত না হওয়ায় গ্রন্থি নাড়িতে চাড়িতে পাৰা যায গণ্ডমালাধাতু-প্রধান ব্যক্তির গ্রীবা আদি স্থানের গ্রন্থি ক্ষীত থাকে ; সম্ভবতঃ বালকদের হয়, কিন্তু পূর্ণবয়সেও বিলম্ব নহে গ্রন্থিক্ষীণতাব হ্রাসবৃদ্ধি অনেক দিন পর্য্যন্ত হইতে দেখা যায় না । পুষ হওয়াব উপক্রমে সার্কাসিক স্বাস্থ্যহানি হয় ।

চিকিৎসা — পূর্কোত্ত বোগেব স্থায় বোগী গণ্ডমালায় ধাতুবিশিষ্ট হইলে সার্কাসিক স্বাস্থ্য যাহাতে ভাল হয়, তদনুক্রম উপায় অবলম্বন করিবে কুইনাইন ও আয়বণ ১৬৭ ; আইয়ো-ডাইড্ অব্ এমোনিয়ম ও বার্ক ৪২৭ কডলিভ অব্ অয়েল, পুষ্টিকর খাদ্য । স্থানিক বেলাডোনা ও পপীব সাব, পুলটীস, টিংচব অব্ আইয়োডিন, রেড্ আইয়োডাইড্ অব্ মার্করী অয়েন্ট-মেন্ট স্পিরিট েশন (১ ভাগে ৩ ভাগ) দ্বাবা বস্ত্র খণ্ড আর্দ্র করতঃ আক্রান্ত অংশে লাগাইয়া তত্পরি কলাব পাতা দিয়া ব্যাণ্ডেজ করিবে

টেবিস্ মেজেনট্রিকা—মধ্যাল্পিক লসীকা- গ্রন্থি বিরুদ্ধি ।

অন্ত্রযোজক কিলীস্ লসীকা গ্রন্থির প্রদাহ ও তাহার গুটিকা-
কষ্টতা। গুটিকা সঞ্চিৎ হইয়া গ্রন্থিবিধান বিনষ্ট হয় এবং তদ্ব্যক্ত
রসবাহি শিরা দ্বারা আনীত অন্নরস উহান মধ্য দিয়া গমন করিতে
পারে না। শিশু ও বালকদেবই সাধারণতঃ এই রোগ হয়।
অনেক সময় গুটিক অল্পক্ষণ প্রদাহেব সহিৎ ইহা বর্জনান থাকিতে
দেখা যায়।

লক্ষণ ।—অল্পে অল্প বা অধিক বেদনা সতত বিদ্যমান
থাকে। সময় সময় বেদনা এত প্রবল হয় যে, রোগী অজ্ঞান
সংকুচিত্ত কবিয়া নাথে। গুষ্ঠ ঘোব লালবর্ণ, মুখব কোণে ক্ষুদ্র
ক্ষুদ্র ক্ষুৎ বা গুষ্ঠ বিদারিত অন্তের ক্রিয়া অনিষগিত, মল
জলবৎ ও ছর্গক্ষ এবং ঘন ঘন নিঃসৃত হয়। উদর ক্ষীত ও
টানবিশিষ্ট সার্কারিক শীর্ণতা ক্রমশঃ উপস্থিত হয়। শবীব
পাণ্ডুবর্ণ, সার্কারিক দৌর্বল্য ও তাহা ক্রমশঃ বর্জনান থাকে।
গ্রন্থিব ক্রিয়া বিনষ্ট হওয়ার পূর্বে বোগোপশম হইতে আবস্ত হইয়া
বোগী আবেগা হইতে পারে। ইহার সঙ্গে যক্ষ্মা, গুটিকা সঞ্চিৎ
ও মস্তিষ্কের সগুটিক প্রদাহ উপস্থিত হইতে পারে।

চিকিৎসা।—মূহ পুষ্টিকাবক পথ্য ; ছাগ, গর্দভ প্রভৃতির
দুগ্ধ, সোডা ওয়াটব ■ দুগ্ধ ; পোর্ট ওয়াইন ও মাংসন মূহ,
বডলিভব অয়েল ; মন্ট একষ্ট্রাক্ট ; আইয়োডাইড অব্ পটাশিয়াম ;
এমোনিয়া সাইটেট অব্ আয়রন ১৮০ হাইপোফস্ফাইট অব্
সোডা বা লাইম ও বার্ক উদনাময় হইলে মার্করী ও চক বা
ডোভার্স পাউডর অতি অল্প মাত্রায় পল্ড ক্রিটা ম্যারোমেটাফ ;

সংকোচক মিশ্র উদর প্রদেশে সোপ বা ওপিঘম লিনিমেন্ট, মসিনার পুলটীস, সিনাবেল ওয়ার্টস বিশুদ্ধ বায়ু পরিপূর্ণ স্থানে বাস সমুদ্রবায়ু সেবন, স্থান পরিবর্তন সিরপ ফেরি আইয়োডাই, ফস্ফেট অব্ লাইম, ক্রোবাইড অব্ লাইম উদর-প্রদেশে কডলিওর অয়েল মর্দন ও তরুপরি ফ্রামেল ব্যাণ্ডেজ ঘটন বিশেষ স্মফলপ্রদ

ডিজিজেস অব্ দি এলিমেন্টরী ক্যানাল ।

(অন্নবহা প্রণালীব পীড়া)

ডিজিজেস অব্ দি টং । (জিহ্বার পীড়া)

গ্লসাইটীস—জিহ্বা প্রদাহ ।

এক্ষণে জিহ্বার প্রদাহ একটি বিবল পীড়া হইয়াছে, কারণ মুখ আনার স্ত্র এক্ষণে কদাচ পাবন ব্যবহার হয় অস্থায়ী রোগের সঙ্গে এই পীড়া উপস্থিত হইতে পারে

লক্ষণ ।—জ্বর, সার্বাজিক অস্থিতা, দৌর্বল্য, উৎকর্ষা, জিহ্বাতে বেদনা ■ উষ্ণতা এবং লালা নিঃসরণ জিহ্বার বর্ণ খোরাল হয় ক্ষীণতা সময় সময় এত বাড়ে যে, মুখগহ্বরে জিহ্বা না ধবায় বাহিব হইয়া পড়ে সঞ্চার গতিতে ক্ষীণতা বৃদ্ধি হইতে পারে অনেক সময় এতদ্বারা সাতিশয় ধ্বংসকষ্ট সমুপস্থিত হয় কখন ইহাতে পুষ্টি জন্মে

চিকিৎসা ।—প্রথমে বিবেচক পীচকারি, তৎপরে কুই-নাইন—১৯৩, ১৯৪ । জিহ্বাতে বরফ লাগান ; জিহ্বার উপরে

লম্বালম্বিভাবে চিরিয়া দিবে। ক্লোরেট অব্ পটাশ; ক্যার্টের অয়েল।
নাইট্রেট অব্ সিল্ভর স্থানিক উষ্ণ জলের বাষ্প লাগান হিতকর।
বোরাসিক বা কার্বলিক লোশনের কুলি করোসব সল্লিমেট ১ গ্রেণ
ও জল ১ আউন্স, মিথাইয়া ১০ মিনিট মুখে রাখিয়া ফেলিয়া
দিবে সে সময় নাক দিয়া নিশ্বাস টানিতে উপদেশ দিবে, হাঁহাতে
বিশেষ উপকার হয়।

অল্ সার্ম অব্ টিং—জিহ্বার ক্ষত।

জিহ্বাতে নানাপ্রকার ক্ষত হয় উহা অধিকাংশ অত্যন্ত
বেদনাবিশিষ্ট এবং তাহা আবোগা হইতে বিলম্ব হয় কখন কখন
জিহ্বার উপবে অগভীর ক্ষত হয় উহা বেদনাযুক্ত ও তৎসঙ্গে
পবিপাক যন্ত্রের ক্রিয়াবিশৃঙ্খলা থাকে ইহা অবসন্নকব পীড়ার
সঙ্গে জন্মে সাগাত্ত প্রদাহ হইতে এক প্রকার ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষত
হয়। উপদংশ আদিব বিব বশতঃও জিহ্বার ক্ষত প্রকাশিত
হইয়া থাকে।

চিকিৎসা।—বোবাক্স গার্গল, গ্লিসিবিণ অব্ বোরাক্স
২৫৮; সলফেট অব্ কপার; কষ্টিক লোশন, গ্যালম ও জিহ্ব
গার্গল বিসমথ, পেপসিন, ক্লোরেট অব্ পটাশ; আইয়ো-
ডাইড অব্ পটাশিয়ম উপদংশীর ক্ষতে শ্বেযোক্ত ঔষধ বিশেষ
উপকারী ক্লোরেট অব্ পটাশ ও টিংচর সব গার্গল নাইট্রিক
এসিড ১ ড্রাম, জল ৮ আউন্স—গার্গল। কডলিভর অয়েল,
সামুদ্রিক বায়ু সেবন ইত্যাদি বোরাসিক এসিড মধু সহ স্থানিক।

ক্যান্সার অব্ টং—কর্কট পীড়া।

যে প্রকার ক্যান্সার হউক, উহাতে ক্রমশঃ ক্ষত হইতে থাকে। ক্ষত পচনশীল, দুর্গন্ধ এবং ধার বন্ধুর ও বিপর্যাস্ত হয়। সাতিশয বেদনা, অত্যন্ত লালস্রাব; কর্কটিক শীর্ণতা বা কাকথনে ও গিলিতে সমূহ কষ্ট, রক্তস্রাব, জিহ্বা অত্যন্ত ক্ষীণ। কখন কখন পচন সংঘটিত হয়। জিহ্বাধঃ ■ হৃদয়ঃ গ্রন্থিতে কর্কটিক স্থিতি প্রায় উন্নত ক্ষতযুক্ত মাংসপিণ্ড দ্বারা পূর্ণ হইয়া যায় ও তজ্জন্ত খাসবোধের আশঙ্কা হয়। অবসন্নতা প্রোতুভূত হইয়া মৃত্যু হয়।

চিকিৎসা।—বেদনা নিবারণার্থ ওপিয়ম ও শরীরের শক্তি রক্ষার্থ বলকারক ঔষধ ও পুষ্টিকর খাদ্য প্রয়োজ্য। রক্তস্রাব নিবারণার্থ গ্যাটিকো পত্র চূর্ণ, পারক্লোরাইড অব্ আয়রন বা বরফ—স্থানিক। শস্ত্রোপচার দ্বারা পীড়িত বিধান পৃথগভূত করিলে অনেক সময় যন্ত্রণার লাভব হয়।

ক্রাকট টং—জিহ্বার বিদারণ।

জিহ্বা বিদারণ বা ফাটা একটা ক্লেশকর পীড়া। আহাবে ও বাক্য কথনে অত্যন্ত বেদনা বোধ হয়।

চিকিৎসা।—বোবাক্স ■ গ্লিসিরিন অথবা শুদ্ধ গ্লিসিরিন; বিসমথ ও রেঞ্জ ওফ্টব দ্বারা প্রস্তুত ধৌত স্থানিক প্রয়োজ্য। সেবনার্থ আইয়োডাইড অব্ পটাসিয়ম, ষ্টীল বা সার্সাপ্যাৰিলা; ক্রোবেট অব্ পটাশ অত্যন্ত বেদনা থাকিলে কোকেইন ও গ্লিসিরিন প্রয়োজ্য।

ইনফ্যামেশন অব্ দি মাউথ ।

(মুখগহ্বরের প্রদাহ)

ফলিকিউলার ষ্টমাটাইটিস্ ।

মুখগহ্বরস্থ শৈল্পিক ক্ষুদ্রগ্রন্থি (ফলিকলস) প্রদাহ, আপনা পনি বা স্ফোটজবাবসানে উৎপন্ন হয় বাল্যাবস্থায় এই পীড়া সাধারণ ।

লক্ষণ ।—স্তনপানে কষ্ট, অতিশয় লালতাব, হৃদয় গ্রন্থি অল্প ক্ষীণ ও বেদনাযিত অস্থিবতা সহ জ্ব, কুখাণ্ডাব, দুর্গন্ধি মলযুৎ উদরাময় মুখগহ্বব, জিহ্বা ও তালুব পশ্চাচ্চাগে জলপূর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র ফোঁফোঁ হয়, পরে তাহা ফাটিকা গিফা ক্ষণ হয় । ক্ষতেব উপরে মলিন খেও বা পীতবর্ণ মামড়ী পড়ে

চিকিৎসা —কোষ্ঠবদ্ধ থাকিলে ক্যাষ্টব অয়েল বা কল্পা-উও বিউবার্ক পাউডর দ্বারা বিবেচন করাইবে ক্লোরোট অব্ পটাশ ৩০৮ ; ক্লোরোট অব্ পটাশ ও আয়রণ ১৮৯ । বোরাক্স ও গ্লিসিরিণ, কার্বলিক এসিড ও গ্লিসিবিগ কষ্টিক লোশন, সলফেট অব্ জিঙ্ক ও গ্যালম গার্গল ইত্যাদি প্রযোজ্য ।

অল্‌সাবেটীভ্ ষ্টমাটাইটিস্ ।

মাড়িতে ক্ষণ হইয়া মাড়ি বিনষ্ট ও দস্ত মূলচ্যুত হয় অস-স্পূর্ণভাবে পরিপোষিত বালকদেব সাধারণতঃ এই রোগ হয় এই বোগকে পাবনঘটিও পীড়া বলিয়া প্রম হইতে পারে

লক্ষণ ।—মুখগহ্বব উষ্ণ, লালতাব, খাস দুর্গন্ধ, ওষ্ঠ ক্ষীণ, হৃদয় গ্রন্থি ক্ষীণ ও বেদনাযিত মাড়ি ক্ষীণ, আরক্ত

বা ঘোর লালবর্ণ এবং উহা কোমল হরিতাঃ পদার্থ দ্বারা আবৃত
দেহায় বোগ বৃদ্ধি হইলে ক্ষত হইয়া মাড়ি নষ্ট, দস্ত স্থিত
বা পতিত হয় কপোলাভ্যস্তবও আক্রান্ত হইতে পারে । বিশৃঙ্খল
ও শাটত ক্ষতও হয়

চিকিৎসা — সেবনার্থ ক্লোবেট অব্ পটাশ এবং তাহাব
কবল এই বোগেব মহত্বপকানী ঔষধ এই ঔষধ ■ গ্লেণ মাত্রায়
অন্ন চিনি ও জলের সঙ্গে, একবৎসর বয়স্ক শিশুকে ৪৬ ঘণ্টাস্তর
দেওয়া যাইতে পারে ছুক্ষ, মাংসেব যুগ ক্ষত আরোগ্য হইলে
বার্ক, কুইনাইন ১৯৩, ১৯৪ স্থানিক—কষ্টিক লোশন,
বিবিধ কবল ২৫৬, ২৫৭, ২৫৮ ।

গ্যান্‌থ্রিনিস্ ফটামাটাইটিস বা মুখরোগ ।

ইহা একটা ভয়ানক পীড়া দুর্বল বালকদেব ২ হইতে
■ বৎসর বয়সেব মধ্যেই এই বোগ হয়

লক্ষণ ।—দৌর্বল্য, এক দিকেব কপোলদেশে কঠিন
ক্ষীততা । মুখগহবর দেখিলে কপোলদেশেব ঠিক মধ্যস্থলে খেতান্ত
বা পাংশুবর্ণ মামড়ী দৃষ্ট হয় । তৎপবে পচন আরম্ভ হইয়া
কপোলাভ্যস্তব, ওষ্ঠ ও মাড়িতে ক্ষত প্রসারিত হইয়া পড়ে ।
অত্যধিক ও ভয়ানক দুর্গন্ধ লালান্নাব । অতিশয় সার্কান্দিক
স্রবাস্তা । ফুস্ফুসীয় উপসর্গ সমুপস্থিত হইতে পারে । এই বোগ
প্রায়ই সাংঘাতিক হয় কেহ কেহ বলেন, পাবদ ব্যবহার
বশতঃ এই বোগ জন্মে কিন্তু পাবদ ব্যবহার ব্যতীতও প্লীহা-
বিনৃদ্ধি ও রক্তেব অবিগুন্ধাবস্থা হইতে এই পীড়া জন্মে ।

চিকিৎসা।—সমস্ত মুখ প্রদাহে গ্লিসিবিং অব্ ট্যানিন।
 স্ট্রিক্টিসিক এসিড ১ ভাগ, স্লিবিটে ড্রব করিয়া, তৎসহ ২৫০
 ভাগ জল মিশ্রিত কবঃ তাহাব কবল ব্যবহাব করিলে সর্দিজনিত
 মুখপ্রদাহের বেদনা উপশান্ত হয় ক্লোরিণ সলিউশন লাইকর
 আর্সিনিকেলিস সেবনে উপকাব হয় স্থানিক—ফটকিবি চূর্ণ;
 নাইট্রেট অব্ সিন্‌ওব, কখন কখন নাইট্রিক এসিড; ক্লোবাইড
 অব্ জিঙ্ক; বা ক্লোবিনেটেড অব্ সোডা, পাবমান্‌গানেট অব্
 পটাশ; বোবিক ও কার্বলিক এসিড প্রভৃতি পচন নিবাবক ও
 দুর্গন্ধহাবক ঔষধেব ধাবন প্রস্তুত কবিয়া ওদ্বাবা মুখস্‌হব পিচ-
 কাবী দ্বারা পবিষ্কাব কবিয়া দিবে সেবনার্থ মাংসেব যুষ, দুগ্ধ,
 কাঁচ উদ্‌, ব্রাণ্ডি, কডলিভ অব্‌ ক্লোরট অব্ পটাশ—
 ডিক্ককমন সিনকোনা অথবা টিংচব ফেবি পাবক্লোবাইডের সঙ্গে।
 কুইনাইন ১৯৩, ১৯৪ আইয়োডাইড অব্ পটাশিয়ম মিথি-
 লিন ব্লু ১ ভাগ ও জল ৪ ভাগ একত্রে স্থানিক লাগাইলে উপ-
 কাব দর্শে। ক্লোবেট অব্ পটাশ সূক্ষ্ম চূর্ণ স্থানিক যুত্
 ভাবাপন্ন রোগে কনোসিব সল্লিমেট লোশন (১ গ্রাে ২৩
 আউন্স জল) উপকাবী

এপথি অব্ দি মাউথ—থুশ

জাড়ি ক্ষত

জিহ্বা ও মুহগ্‌হবে লিপ্ত শৈথিলিক বিল্লীতে ক্ষুদ্র ক্ষুদ্র গোলা-
 কাব, ক্রীষৎ উন্নত ও খেৎবর্ণ ক্ষত শৈথিবাবস্থায় সাধারণতঃ হয়।
 পূর্ণবয়স্কদেবও সম। সমগ্র হয় অবসন্নকব পীড়ার সঙ্গে জনে।

লক্ষণ ।—অস্থিবত, দৌর্বল্য, কাসি, গিলিতে কষ্ট, বমন, উদবাসয় । ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষণগুলি সংযুক্ত হইয়া, বৃহদাকার হয় ও ঝিল্লী দ্বারা আবৃত বলিয়া বোধ হয়

চিকিৎসা —নাইট্রিক এসিড ডিল্ অল্প মাত্রায় সেবন করিলে এই বোগ আবেগ্য হয় স্থানিক—ফটকিবি চূর্ণ; বোবাক্স ও গ্লিসিবীন, কার্বনিক এসিড ও গ্লিসিবীন ২৮ । হৈন্ফিঃ ক্যাটিকিউ ও বোবাক্স মলিউসন অব্ সলফাইড অব্ সোডা (৬০ গ্রেণ, জল এক আউন্স), কষ্টিক লোশন । ক্লোরিট অব্ পটাশ বাহিক (কংক্রপে) বা আভ্যন্তরিক—ডিক্কসন বার্কের সহিত কুইনাইন ১৯০, টিংটব ফেবি পাবল্লোবাইড, সাইয়োডাইড অব্ পটাসিয়ম । দুগ্ধেব সঙ্গে ২১ গ্রেণ বোবিক এসিড সেবনার্থ লিলে উপকার হয় অল্প মাত্রায় গ্রে পাউডর

ইনফ্লুয়েন্স অব্ দি টনসিল্‌স ।

(তালুপার্শ্বগ্রন্থি প্রদাহ ।)

তরুণ প্রদাহ—সাধাবগতঃ সর্দি বা অন্য কোন দৈহিকাবস্থা হইতে উৎপন্ন হয় একবার এই বোগ হইলে পুনরায় হইবার প্রবণতা জন্মে । যৌবনাবস্থাতে এই প্রদাহ উপস্থিত হইয়া থাকে

লক্ষণ ।—শীত বা কম্প, তীব্র জ্বর তালুপার্শ্ব গ্রন্থি ও গ্লান্ধিত স্থান ক্ষীণ ও আবৃত । গিলিতে বেদনা ও কষ্ট । তরল পদার্থ গিলিবার চেষ্টা করিলে তাহা নাসাবন্ধু দিয়া বাহিব হইয়া যায় । ইউষ্টেথিয়ান প্রণালীতে বেদনা । অনেক সময় পুয়োৎ-

পত্তি হয়, আবার কোন কোন সময় বিনা পুয়োৎপত্তিতে রোগ
আবোগা হয়

প্রাচীন বিবৃদ্ধি ভ্রুণ প্রদাহেব অবসানে বা গণ্ড-
মালা প্রকৃতিক বালক ও দুর্বল স্ত্রীলোকদেব আপনাপ্‌মি হয়
বিবৃদ্ধি অধিক হইলে গলকোষ অববন্ধ হইবাব স্থায় বোধ হয়।
কথা অম্পষ্ট, অল্পাধিক বধিরতা, গিলিতে কষ্ট, পূর্ণ ও দীর্ঘধাস
গ্রহণে বাধা

চিকিৎসা — টিংচব একোনাইট অর্ধ বা এক গিনিম
মাডায় ৪ বার ১৫ গিনিট অস্তব ও ৩৭পবে এক ঘণ্টাস্তব ব্যবহার
কবিলে প্রদাহ উপশমিত হয় ফটকিরি চূর্ণ বা দ্রব স্থানিক
প্রযোজ্য টাটাব এমিটিক ঙ্গ গ্রেশ মাডায় প্রতি ঘণ্টাস্তব
অত্যন্ত প্রদাহ ও ক্ষীণতা বর্তমানে একোনাইটের সঙ্গে বা পর্যায়-
ক্রমে বেলেডোনা ব্যবহার্য্য কাপ্‌সিকম গার্গল। গ্রে পাউ-
ডর ৩ গ্রেশ, ৩ ৪ ঘণ্টাস্তব প্রযোগে উপকার দর্শে স্ফালাইন পর্গে-
টিওস্‌ ৩৩১, ৩৩২, ৩৩৪, ৩৩৯ সিডলীজ পাউডর ৩৫৩।
গলায় উষ্ণ স্বেদ ও মসিনাব পুলটিস ওপিয়ম মিশ্রিত কবল,
গলাভ্যস্তবে উষ্ণ জলের বাষ্প লাগান এবং ঐ জলের সঙ্গে বেলে-
ডোনা, কোনাথম বা ওপিয়ম গুলিয়া দিবে ববফ খণ্ড চূষিতে
দিলে বোগী অনেক সময় বিশেষ আবাম বোধ কবে কর্ণে
ব্লিষ্টার, বা কম্পাউণ্ড ক্যান্‌ফব লিনিমেন্ট। গলায় একষ্ট্রাক্ট অব
বেলেডোনা মাথাইয়া তদুপরি পুলটিস সেবনার্থ গোয়েকম
লোজেঞ্জ, এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪ বুইনাইন ও মিনারেল
এসিড্‌স ১৬৭, ২৭৭, ১৯৩, ১৯৪। পুয়োৎপত্তি হইলে বিশেষ
সাবধানতায তাহা অস্ত্র কবা কর্তব্য টনসিনের বিবৃদ্ধি হইলে

কডলিভ অয়েল, কুইনাইন, আইয়োডাইড অব আয়রণ ও ফস্ফেট অব লাইম প্রভৃতি সেবা বৃষ্টিক লোশন (১০—১৫ গ্রেণ, পবিত্র জল ১ আউন্স)

এন্টিপাইবিং ৫ গ্রেণ মাত্রায় সেবন উপকারী সোডা স্ট্রালি-সিনেটও প্রযুক্ত হয় বিবিধ সঙ্কোচক ও পচন নিবারণক ঔষধের কবল বা লোজেন্‌জেস্ টিংচর ষ্টীল ১ ভাগ ও গ্লিসিবিণ ৩ ভাগ স্থানিক, অথবা উহাতে জল মিঃইয়া কবলরূপে প্রয়োজ্য। বেদনাতিশয়ে কোফেইন ও গ্লিসিবিণ স্থানিক পবে ক্ষীতি নিবারণার্থ গ্লিসিবিং অব্‌ টানিন কার্বলিক এসিড, বোরিক এসিড প্রভৃতির স্প্রে ইন্‌হেলেশন্‌ গ্লিসিবিণ ও এলগ্‌।

ডিজিজেস্ অব্‌ দি ফ্যারিংস ।

(গলকোষের পীড়া)

ফ্যারিঞ্জাইটিস্ ।

(এরিসিপেলোটন্‌ ইন্‌ফ্লামেশন্‌ ।)

গলকোষের প্রদাহ সচবাচর হইতে দেখা যায় না। সময় সময় আত্মবালয় আদিতে এই প্রদাহ বিসর্প আকারে পবিণত হয়। তৎসঙ্গে মৃদুভাবে জ্বর প্রকাশ পায়, কিন্তু তাহাতে বোগী অবসন্ন হইয়া পড়ে গিলিতে অত্যন্ত কষ্ট হয়। প্রদাহ অবশেষে কোথে (পচন) পবিণত হইতে পারে। সাতিশয় অবসন্নতা প্রাপ্ত হইয়া মৃত্যু সংঘটিত হওয়া অসাধারণ নহে। প্রাচীন প্রদাহান্তে উপজিহ্বা শিথিল ও দীর্ঘ হইতে পারে। এতদ্বাৰা গলকোষে ডিজিজেস অব্‌ দি ইসোফেগস—অলসার অব্‌ ইসোফেগস ২৩৩

উদ্ভীর্ণনা সমুপস্থিত হইয়া কষ্টকর কাশি ■ তৎসহ সময় সময়
বমনোদ্বেক হয় ও গলার মধ্যে কাশিব পূর্বে জুড় জুড় করে

চিকিৎসা ।—এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪ ওয়াইন্
ব্রাডি, মাংসের যুষ, ছুফাদি। বেদনার উপ শমেব জন্ত ওপি মগ
দিবে কার্বলিক এসিড ১ ড্রাম, গ্লিসিরিণ অব বোবাক্স ৪ ড্রাম
ও জল ১২ আউন্স মিশ্রিত করত তাহাব ববল বা স্পে ইন্-
হেলোসন বেদনা নিবারণার্থ ইহাব সঙ্গে কোকেইন মিশাইয়া
দেওয়া যাইতে পারে স্ববশস্ত্রেব পীড়াতেও ব্যবহার্য

ফলিকিউলাব ডিজিজ — শৈথিল্য বিলীস্থ গ্রন্থি সকল
বড় বড় হয় অইয়েডিন ও স্কেচক ঔষধ তত্ক্ষণে ক্রমে ক্রমে
ইয়া, তাহা হইতে যে বাষ্প উঠে, তাহা গলাভ্যন্তরে লাগাইবে
সেবনার্থ বলকারক ঔষধ ক্ষত হইলে কষ্টিক লোশন উগ্রতা
নিবারণার্থ এমোন ব্রোমাইড সেবন অথবা গ্লিসিবিং কার্বলিক
সহ স্থানিক অথবা জল সহ কবল উপকারী

উপ জিহ্বাব বিবৃদ্ধি স্কেচক কবল, ঘোহঘটিত বলকবো-
ষধ কষ্টিক লোশন, গ্লিসিবিং অব্ ট্যানিক এসিড

ডিজিজেস অব্ কি ইসোফেগাস্ ।

অলসার অব্ ইসোফেগাস্—ক্ষত ।

ইহাতে গিলন কষ্ট থাকে ; সময় সময় উহা এতদূর বদ্ধিত
হয় যে, বোগী একেবাবেই কোন জব্য গিলিতে পারে না পাকা-
শয়োপবি বা বুকাস্থিব উপবিভাগে বেদনা বোধ হয় বিবমিষা,
উৎকর্শা, শীর্ণতা ও দুর্বলতা

চিকিৎসা । কষ্টিক লোশন (২০ গ্রেণে এক আউন্স জল) । বাহিবে টর্পেন্টাইন ও গ্লিসিরীন একত্রে মর্দন । ট্যানিক এসিড ; বোবাক্স , আইয়োডিনের বাষ্প আশ্রাণ । বরফ চুষিতে দিবে সেবনার্থ—বার্ক ; কুইনাইন , ষ্টীল , কডলিস্তর অয়েল ; আইয়োডাইড অব্ পটাসিয়ম্ ; পুষ্টিকর পথ্য ।

ক্যান্সার অব্ ইমোফেগস্ ।

এক অংশে বা সমস্ত নলীতে এই বোগ উপস্থিত হইতে পারে । রোগের সূত্রপাত হইতে এক বৎসরের মধ্যে রোগীর মৃত্যু হয় ।

লক্ষণ ।—গলাবেদনা, গিলিতে কষ্ট, সময় সময় কাণ কর্তনবৎ বেদনা । মতও বমনোদ্বেক বা বমন । নলী প্রায় অবরুদ্ধ । কিছু সময়ান্তে বোগী একেবাবেই আহার কবিত্তে অক্ষম হয় । নলীতে ও পৃষ্ঠে জালাবিশিষ্ট বেদনা । কাসি বা হিকা, রক্তস্রাব, শীর্ণতা, দুর্বলতা ।

চিকিৎসা —ইহা আবোগ্য হয় ন বেদনা ও যন্ত্রণাদি নিবারণার্থ ওপিয়ম ও বেলেডোনা প্রভৃতি মাদক ঔষধ ব্যবহার্য্য । কোকেইন উৎকৃষ্ট বেদনাহর ।

ষ্ট্রিক্চর অব্ ইমোফেগস্ ।

যান্ত্রিক অবরোধ ।—সাধারণতঃ দাহক বিষ গলাধঃ-
করণ বশতঃ হয় । প্রথমে বমন । অনবহানলীতে বেদনা ও তাহা স্বকদয়ের মধ্যে বিস্থত হইয়া পড়ে । বিশ্রাম, এবং সহজ

স্পায়াজ্‌ডমিক স্ট্রীকচর বা আক্ষৈপিক অবরোধ । ২৩৫

ও স্নিগ্ধকাষক দ্রব্য আশাব করিলে কিছু দিন বোগ সাম্য হয় ।
তৎপবে ৯ বা ১২ মাসান্তে সাতিশয় গিজন কষ্ট সমুপস্থিত হয় ।
ভাল কবিয়া আহার না করিতে পাবা বশতঃ ক্রমশঃ শরীর শীর্ণ
ও দুর্বল হইতে থাকে অবশেষে রোগী মৃত্যুমুখে নিপতিত হয় ।

চিকিৎসা ।—দাহক দ্রব্য গিলিয়া ফেলিলে ক্ষত হইয়া
নশীব পবিসর সংকুচিত হইয়া যায় । বুজি ব্যবহার দ্বারা ইসোফে-
গসেব প্রণালী পবিসর বিস্তৃত করার চেষ্টা করিবে আহার্য
দ্রব্য গলাবঃকবঃ কবিত্তে রোগী অসমর্থ হইলে পীচকারি দ্বারা
মলদ্বাবে প্রবেশ করাইবে ।

স্পায়াজ্‌ডমিক স্ট্রীকচর বা আক্ষৈপিক অবরোধ ।

মূত্রমার্গ আদিব স্থায় ইহাতেও আক্ষৈপ উপস্থিত হওত নলের
পবিসর কুঞ্চিত হইয়া থাকে । শুষ্কবায়ু বোগগ্রস্তা যুবতীদের
এই রোগ হইতে দেখা যায় । গিলিতে কষ্ট, কোন প্রকার
উত্তেজনা বশতঃ শ্বাসবোধ, গাত্রগোবব, রক্তহীনতা ইত্যাদি ।
ইহাতে ক্ষণকাল পবেই আক্ষৈপ তিরোহিত হয় ।

চিকিৎসা ।—আক্ষৈপ নিবাবক -৫, ৯৫, ৯৮, ১৩০ ।
ভেলিবিয়ানেট অব্ কুইনাইন ; সল্‌ফেট অব্ জিঙ্ক ; শীতল জলে
স্নান অবায়ুব ক্রিয়া বিশুদ্ধতা থাকিলে তাহার প্রতীকার করা
কর্তব্য । ব্রোমাইড অব্ পটাশিয়ম ।

ডিজিজেস্ অব্ দি ষ্টমাক ।

(পাকস্থলীর পীড়া)

ডিসপেপ্সিয়া—অজীর্ণ, মন্দাগ্নি ।

পাকাশয় ও অজ্জের নৈসর্গিক ক্রিয়ার ব্যাঘাত সমুপস্থিত হইলে অজীর্ণ বা মন্দাগ্নি জন্মে ।

লক্ষণ — ক্ষুধাভাব, পাকাশয়প্রদেশে বেদনা, ভার ও পূর্ণতা বোধ—বিশেষতঃ আহাৰান্তে অনুভূত হয় । বমন ও বিবসিয়া পর্যায়ক্রমে কোষ্ঠবদ্ধ ও উদরাময় । জিহ্বা সমল ও খাস ছর্গন্ধ হৃৎস্পন্দন, শিবোবেদনা, কটি ও অঙ্গাদিতে বেদনা, বুফজালা, পাকাশয়ে আক্ষেপ বা খাল । মুখ দিয়া জল উঠে । বিমর্ষ পাকাশয়িক রসের যথোচিত স্রাব না হইলে পরিপাক ক্রিয়া মৃদু ভাবে সম্পন্ন হয় । তৎসময় বাম উদরোর্কি প্রদেশে—পাকাশয়োপরি পূর্ণতা ও ক্ষীতি বোধ এবং তাহা আহাৰান্তে অনুভূত হয় উদবাধান, অম্ল উদগাব, ছর্গন্ধ উদগাব, কোষ্ঠবদ্ধ, মলাবৃত জিহ্বা, হৃৎস্পন্দন ও ক্রিয়া বিশৃঙ্খলা, শিবোবেদনা ও গানসিক অবসন্নতা

চিকিৎসা ।—উগ্রতাসম্পন্ন অগ্নিমান্দ্য ও যে প্রকার অজীর্ণে আহাব দ্বারা উদবাময় জন্মে, তাহাতে লাইকর আর্সিনিকেলিস ১ ফোটা, আহাৰের পূর্বে সেবন করিলে উপকার দর্শে জিহ্বা অত্যন্ত পরিষ্কার, চিকণ, লালবর্ণ ও ক্ষুদ্র ক্ষুদ্র গ্রন্থি উন্নত থাকিলে আর্সিনিক প্রয়োগ বিধেয় । কোষ্ঠবদ্ধ থাকিলে একট্রা বেলেডোনা $\frac{1}{2}$ — $\frac{1}{4}$ গ্রেণ দিনে এক বাব সেব্য । আধান-যুক্ত অজীর্ণে বিসমথ ■ উদ্ভিজ্জ অঙ্গার । লডেনম ১ ফোটা ও

টিং নক্সভমিকা ২ ফোটা একত্রে দিনে ৩ ৪ বাব সেবনে উপকার
 দর্শিতে পাবে জিহ্বা মলাবৃত্ত ও সমুৎপন্ন বৃক্ষবর্ণ হইলে
 পাত্ৰাফিলিন ৩. — ২. গ্রেণ মাত্রায় প্ররোজা তৎসঙ্গে নাইট্রিক
 এসিড ও নক্সভমিকা মিশ্র ব্যবহারে সমূহ সফল উপলব্ধি হয় ।
 সল্ফোকার্বনেট অব্ সোডা বা টেবিলিন দ্বাৰা আশ্বান নিবানিত্ত
 হয় উহা ১০ বা ১৫ গ্রেণ মাত্রায় ব্যবহার্য আহাবেষ
 অনতিবিম্বে উদরাশ্বান জন্মিলে কক্ষবস উৎকৃষ্ট । পবিসিত
 খাদ্য নিয়মিত সময়ে সেবন কর্তব্য প্রত্যাষে গাজোখান ;
 বিশ্রাম ; অধ্যয়ন অধিক না কনা ও মানসিক উৎকর্গাদি পবি-
 হাবেষ চেষ্টা করা কর্তব্য । ১০ ১২ ঘণ্টা উপবাস কবিয়া
 থাকিলেও উপকার হয় । তৎপরে লঘু পথ্য, গর্দভী ও গাভীর
 দুগ্ধ, চুণের জল, মণ্ড, সাণ্ড, এনাকট বা চিকেন্ ব্রথ সেব্য
 এই সকল খাদ্য দ্রব্য ক্রমশঃ সহ হইতে থাকিলে উহা অপেক্ষা
 গুরুপাক দ্রব্য সেবনের বিধান কবিবে পাকাশয়ের উগতা
 থাকিলে সোডা ওয়াটব প্রভৃতি হিতকর আহাবেষকালে খাদ্য
 দ্রব্য উত্তমরূপে চর্কণ কবিয়া গলাধঃকরণ করা উচিত ঔষধের
 মধ্যে পেপ্সিন্ সর্বপ্রধান, ৪১৭ ডাইলিউট হাইড্রোক্লোরিক
 এসিড ও পেপ্সিন্ । কখন কখন পেপ্সিনের সঙ্গে মর্ফিয়া
 ব্যবহার হয় । লাইকর ট্রীক্লিনিয় ২৩ মিনিম, বা ৫ মিনিম মাত্রায়
 টিংচর অব্ নক্সভমিকাও উক্ত ঔষধেব সঙ্গে ব্যবহার কবিলে
 বিশেষ উপকার দর্শে সোডা, ফিউবার্ব, ইলিক্যাক ও জিঞ্জর ।
 গুখ দিয়া যদি অম্লান্ত জল উঠে, তবে এবোমেটিক সল্ফিউরিক
 এসিড ; বিসমথ ২২৪, ২৩৪, ২৩৫ ; নাইটেট অব্ সিল্ভব ;
 কোনিয়ম ; বেলেডোনা ; কম্পাউণ্ড কাইনো পাউডব , হাইড্রো-

সিয়ানিক এসিড। বমন ও বেদনা নিবারণার্থ বর্ষফ, মর্ফিয়া ; সোডা এসিড, কোকেইন, হাইড্রেট ক্লোবাল ইত্যাদি পাকায়ের মধ্যে যদি অধিক পরিমাণে অম্ল বা অম্ল উৎপাদক থাকে বশতঃ বেদনাদি উপস্থিত হয়, তবে বমন কবান কর্তব্য তৎপরে সোডা, মর্ফিয়া ও হাইড্রোসিয়ানিক এসিড আদি সেব্য ৯৩, ৯৮, ২৯০, ৩৯৪, ৩৯৫, ৩৯৬ পরিপাক ক্রিয়ায় ক্ষণতঃ বর্তমানে উদ্ভিজ্জ বলকবোধ ও মিনাবেল এসিডস ১৬৯, ১৭০, ১৯৩, ১৯৪ ; শ্যালিসিন বা কার্বলিক এসিড। মূত্র বিবেচক— গ্রে পিউডব, পিলবিয়াই কম্পাউণ্ড ৩৪৯, ট্যাবাকসেকম্ ও সোডা ৩৩৯, এসিড নাইট্রিক ডিল ও ট্যাবাকসেকম ৩৭০ মূত্র লৌহঘটক ঔষধ ১৭৮, ১৭৯, ১৮০, ১৮২, ১৮৭, ১৮৮, ১৯৯, ২০১, ২০৪, ২০৫ বমন নিবারণার্থ ১/৪ গ্রে মাত্রায় মর্ফিয়া ; ক্রিয়েজোট ১ মিনিম, টিং আইয়োডিন ১ মিনিম, ক্লোবোফর্ম ১ মিনিম, কোকেইন ১/৪ গ্রে প্রয়োজ্য মার্সিনী নামক উদ্ভিজ্জাণু পাকায়ের থাকে বশতঃ বমন হইলে সল্ফবস এসিড, সলফাইট অব্ সোডা, শ্যালিসিলিক এসিড, অয়েল ইউক্যালিপ্টাই বা মেস্ পিপ্ ব্যবস্থায় পেপসিন ও ফিবম্ বিডক্টম একত্র পানদোষ জনিত মন্দাগ্নিতে সল্ফেট বা অক্সাইড অব্ জিঙ্ক ব্যবহার্য মদ্যাদি অম্ল মাত্রায় দিবে অম্লধিক্যে ক্ষাব ঔষধ ব্যবহান করা উচিত হইলেও তাহা সত্যিক না হয়, তৎপ্রতি দৃষ্টি রাখা কর্তব্য বোগের কাবণ ঠিক করিতে পারিলে চিকিৎসার সুবিধা হয় বিবিধ গীডার ইহা একটী উপসর্গ মাত্র। প্যাপেইন ২ গ্রে মাত্রায় আহাবের পব সেব্য

একিউট্ গ্যাষ্ট্রাইটিস্—তরুণপাকাশয প্রদাহ ।

পাকাশযস্থ শৈল্পিক বিলম্বিত তরুণ প্রদাহ কদাচ বা কখনই প্রায় আপনাপনি জন্মে না মিনাবেল এসিড্‌স দাহক ক্ষাব বা আর্সিনিক আদি দ্বারা বিষাক্ত হইলেই সাধারণতঃ তরুণ প্রদাহ উৎপন্ন হয় । সময় সময় ক্ষুষ্টিত জলপান, অধিক মাত্রায় এন্টিগনি ব বমনকাবক মাত্রায় সর্ষপ সেবনে এই পীড়া উপস্থিত হয়

লক্ষণ — উগ বিষ দ্বারা প্রদাহ সমুপস্থিত হইলে পাকাশয প্রদেশে বর্ধিত জ্বালাযুক্ত বেদনা, চার্শলে বৃদ্ধি হয় ক্লেশকর বিবমিষা, প্রবল বমনোদ্বেক শ্বাস ও নাড়ী স্পন্দন দ্রুত সান্তিগয় পিপাসা, শীতল জলপানে ইচ্ছা, কিন্তু তাহা পান মাত্রই বমন হইয়া যায় কোষ্ঠবদ্ধ, শ্বল ও বক্তবর্ণ মূত্র বোগী শীঘ্রই অবসন্ন হইয়া পড়ে শুষ্ক মূত্ৰ সংঘটিত হয়

চিকিৎসা ।—ওপিয়ম, ববফ, বার্শি ওয়াটব, ছুফ, ক্রিম, এবাকট, গ্রুয়েল নিউট্রিসম অর্থাৎ পুষ্টিকর দ্রব্যে পীড়কারি ফোগেন্টসন, ববফ স্থানিক । বোগ উপস্থিত হইলে আহার্য্য দ্রব্য সম্বন্ধে বিশেষ সতর্কতা আবশ্যক বিবেচক পীচকাবি, ওপিয়ম সপোলিটনী, পুগটীস । বমনকাবক ঔষধ ও ষ্টমাক পম্প ব্যবহাব নিবিক ।

সব্ একিউট্ গ্যাষ্ট্রাইটিস্ বা গ্যাষ্ট্রিক ক্যাটার ।

অজীর্ণ, জিহ্বা মলাবৃত, পাকাশয প্রদেশে অসুখ বোধ, পিত্ত বমন, শিবোধুনি, শিরোবেদনা চর্ম্ম উষ্ণ, নাড়ী দ্রুত ও পুষ্ট, পাকাশযে বেদনা, মূত্র শ্বল

চিকিৎসা — সলফাইট অব্ সোডা ৩০—৬০ গ্রেণ, বিসমথ ২০৩, ২২৪, ২৩৪, ২৩৫, ৩৯৪ স্যাবোমেটিক সল্ ফিউবিক এসিড; আয়বঃ ষ্যালস, স্ফাকেরেটেড সলিউসন অব্ লাইম ও ছন্ধ, ক্যালেমেল, এরাকট, ৮৩, পাউকটী, সোডা ওয়াটার, সেবি স্নিগ্ধানীয়—৩৩৩, ৩২৪, ৩২৬ মৃচ্ বিবেচক। মোমেন্টেন; টর্পেন্টাইন ষ্টুপস; পুশটীস, সিনা-পিজম্স বমন নিবারণার্থ হাইড্রোসিয়ানিক এসিড ডিল অাইয়োডাইড অব্ পটাসিয়ম ও বাইকার্বনেট অব্ সোডা একত্রে এই পীড়ায বিশেষ উপকাব কবে। হাইড্রোক্লোরিক এসিড বা প্যাপেইন হিওকব

ক্রনিক গ্যার্ট হিটীস্—ক্রনিক গ্যাস্ট্রিক ক্যাটার।

অত্যন্ত অধিক দিন স্থায়ী না হইলে ইহাকে এক প্রকার মৃচ্ পীড়া বলা যায় পাকা-য়েব পর্দা পুঙ্ ও কঠিন হয় পাকা-য়েব অধোমুখ সংকুচিত বা শৈথিল্যে ঝিল্লীতে ক্ষত হইয়া বিদ্যাবিত হইতে পারে ক্ষুধাতাব, পাকাশয় প্রদেশে ও বুদ্ধান্তিতে বেদনা আহারাঙ্তে বেদনা ও বমন পরিপাক ক্রিয়া বিলম্বে সম্পন্ন হয় পেট বেদনা, মুখ দিয়া জল উঠা, অল্পেব ক্রিয়া বিশৃঙ্খলা।

চিকিৎসা। সলফাইট অব্ সোডা ৩০—৬০ গ্রেণ মাত্রায় ইনফিঃ কোয়াসিয়ার সঙ্গে বিসমথ ২২৪, ২৩৪, ২৩৫, ৩৯৪। অক্সাইড বা নাইট্রেট অব্ সিলভব বটিকাকাবে একট্রাঃ হায়গায়া-মাসেব সঙ্গে অগ্জেনেট অব্ সিনিয়ম ২৩ গ্রেণ, হেনবেন্ বা জেনসিয়ানেব সাব সহ ৬৮ ঘন্টান্তব কাইনো ও লগ্ উড ইনফিঃ ম্যাটিকা, ফেবি এমোনিয়া সলুফেটীস ৫ গ্রেণ মাত্রায়।

কোষ্ঠবদ্ধ থাকিলে ক্যালোমেল ■ গ্রেণ ■ বিয়াই ১০ গ্রে° ।
এফাবেসিং সাইটেট অব্ ম্যাগ্নিসিয়া ; ফ্রেডবিক্সাল ওয়াটার ;
কম্পাউণ্ড বিউবার্ব পাউডর মদ্য সেবন জনিত বোগ হইলে
ওপিয়ম ও নর্রা বাবহার্যা উপদংশজনিত হইলে মার্কবী ও আইয়ো
ডাইড অব্ পটাসিয়ম । আহাৰ সন্ধক্ষে ষোণীকে বিশেষ সতর্ক
করা কর্তব্য । প্রথমে ছন্ধ ও চূণের জল এক বা দুই দিন সেবন
করাইয়া পবে ম্যারাকট, ছন্ধ, সাণ্ড, অন্নগু, ডিম্ব, মৎস্ত ও মাংস-
যুষ ইত্যাদি দিবে স্নিকারক পানীয়াদি বিধেয়

ইন্ডিউবেশন্ অব্ দি পাইলোবস

পাকশযেব অধোগুথ শ্লেষ্মিক ঝিল্লীৰ নিম্নস্থ সৌত্রিক ঝিল্লী
অত্যন্ত পুরু হয় । তৎক্লে উক্ত গুথের অববোধ, তৎসঙ্গে সম্ভবতঃ
পাকশযে বিস্তুতি ও উহার পৈশিক আবরণ বর্ধিত হয়

লক্ষণ । শীর্ণতা ও বর্ধিত ছর্স্বতা মুখ দিয়া জল
উঠে বমন ; কোষ্ঠবদ্ধ ; মানসিক দৌর্ভল্য ক্ষুধা অত্যন্ত
অধিক হইতে পাবে অধিক আহাৰ করিলে যন্ত্রণাব বৃদ্ধি হয়
সময় সময় অধোগুথ অর্কদবৎ প্রতীষমান হয় নিদ্রাব ব্যাঘাত
জন্মে । অবসন্নতা, পবিপোধণেব হীনতা বশতঃ মৃত্যু হয়

চিকিৎসা । লঘুপাক পথ্য যথা—ছন্ধ, ক্রিম, কাঁচা
ডিম্ব—সেবীৰ সন্ধ, মাংসেব যুষ, চা, কডুভিত্তব অম্বল । কুই-
নাইন ও ষ্টীল । বোগেব প্রবলতাব সময় ১২ দিন পাকশযকে
বিশ্রাম দিয়া পিচকাবি দ্বারা ংদ্য জব্য মলদ্বাবে প্রেনেশিত
করান উচিত পাকশযেব উগতা বেনোডোনা পাষ্টর দ্বাৰা

নিবাবিত হয় আইয়োডাইড্ অব্ পটাসিয়ম্, আইয়োডাইড্
অব্ এমোনিয়ম্, বা এমোনি ক্লোরাইড্ ফলপ্রদ

অলসায় অব্ দি ষ্টমাক—পাকাশযের ক্ষত ।

সাধারণতঃ পুষ্ক্যাপেক্ষা স্ত্রীলোক এবং ধনী অপেক্ষা দরিদ্র
ব্যক্তিদের এই রোগ অধিক হয় যৌবনাবস্থার পূর্বে কদাচিৎ
হয় ক্ষত গোল বা ডিম্বাকার পশ্চাৎ প্রদেশ, স্বল্প বক্রদেশ
বা অধোমুখেব নিকট ক্ষত প্রকাশ পায় রক্তস্রাব, বিদারণ বা
অবসন্নতা দ্বাবা মৃত্যু হয়

লক্ষণ ।—পাকাশয় প্রদেশে বেদনা, উহা আহাবেব পব
বৃদ্ধি পায় পৃষ্ঠেও বেদনা থাকে হৃদয়মণীর প্রবল স্পন্দন ।
অমোদগার, রক্তন ও নিবসিতা সীর্ণতা যুগতীন্দ্রের আর্ন্তবান্ডাব
—বিশেষতঃ পাকাশয় হইতে রক্তস্রাব হইতে থাকিলে ক্ষত
ডাবোগ্য হইতে থাকিলে বেদনা হ্রাস প্রাপ্ত হয় বিদারণ
(পাব্ফোবেসন) সংঘটন হইলে প্রচণ্ড বেদনা—সমস্ত উদরে
প্রসাবিত হইয়া পড়ে । উদবাধান, সাতিশয় উৎকর্থা, ক্ষত
বর্ধিত অবসন্নতা কাষক ঘণ্টাব মধ্যে বেদনাবিহীন হিমাঙ্গ প্রাঙ্ক-
ভূত হইয়া মৃত্যু হয়

চিকিৎসা ।—ক্ষত শুষ্ককরণ ও দৈহিক পোষণ যাহাতে
উৎসর্গরূপে সম্পাদিত হয়, তৎচেষ্টা করা উচিত পাকাশয়কে
'বিশ্রাম দিয়া' গুষ্টিকব খাদ্য দ্রব্য মল্ছবে পিচকবি দিবে খুব
জল যাত্রাষ ওপিয়ম, মর্ফিয়া, কোডিইন বা কোকেইন সেবন
চবিতে দিলে বিশেষ উপকার হয় রোগীকে শয্যায়া শয়ন করাইয়া
বাখিবে আহাবার্থে কঠিন দ্রব্য দিবে না ; কেবল হৃদ্ধ, চুণেব

জল বা সোডা ওয়াটার সহ উপকাৰী ইহাও অল্প মাত্রায় ঘন ঘন দেওয়া আবশ্যিক ঔষধেব মধ্যে বোবিক এসিড ও বিসমথ একত্রে হিতকর লাইকর এট্রিগিন অর্ধ মিনিম মাত্রায় সেবাম বেদনা ও ষমন উপশান্ত হয় বাইক্রমেট অব্ পটাশিয়ম বেদনাব আতিশয্যে ফোমেন্টেশন, সিনাপিজম্, টর্পেন্টাইন ষ্ট্রুপ্ জত্যন্ত ষমন ও বক্ত্রাব হইলে শৈত্য অর্থাৎ ববফাদি পাকাশযোপবিস্থানিক প্রাযোজ্য ওপিয়ম বা উহাব সঙ্গে হেনবেন্, ইণ্ডিয়ান হেম্প । বিসমথ ১০ গ্রেণ, কম্পাউণ্ড কাইনে পাউডর ৫ গ্রেণ, দিনে তিন ষাব । উদবাধান সহ বিবমিষা থাকিলে আইয়োডাইড্ অব্ পটাশিয়ম, বাইকার্বনেট্ অব্ পটাশ ও ইনফি ক্যাল্শা একোয়া লবোসিবেসাই ৫ মিনিম, ববফ মিশ্রিত জল অর্ধ আউন্স অথবা এফারভেসিং ড্রাফ্ট; স্ট্রাম্পেন্ বা সোডাওয়াটার ষারা ষমন ও বিবমিষা নিবারিত হয় । বেদনা ও বিবমিষা অল্প থাকিলে মৃদু লৌহঘটিত ঔষধ ১৭৯, ১৮০, ১৮২ । রোগী সহকৰিতে পাবিলে কুইনাইন ও আয়রণ ১৭২, ১৭৪, ২০১, ২০৮ । বিরেচক আবশ্যিক হইলে অল্প মাত্রায় ক্যাষ্টর অয়েল ও এনিমা দিবে । লঘুপাক পথ্য অর্থাৎ দুগ্ধ, চুণেব জ্বা, স্নাভাকট, যবেব মণ্ড ইত্যাদি দিবে । ক্রমশঃ উহা সহ হইলে অগ্ন্যাগ্ন খাদ্য জব্য বিশেষ বিবেচনা ও সাবধানতাব সহিত দেওয়া কৰ্ত্তব্য চা, কফি, অসিদ্ধ ফল, চিনি, উস্তিজ্জ পদার্থ, বিয়ার ও ব্রাণ্ডি আদি নিষিদ্ধ । বিশেষ আবশ্যিক হইলে অল্প মাত্রায় ব্রাণ্ডি জলেব সহিত মিশ্রিত দেওয়া যাইতে পাবে পাকাশয় ছিদ্রীভূত হওয়াব উপক্রম হইলে ওপিয়ম সেবন কৰাইবে ও বোণীকে কিছুই সেবন কৰিতে দিবে না

ক্যাশ্মার অব ফটমাক ।

সাধাবণতঃ পাকাশযেব অধোগুথ, উর্দ্ধগুথ ও স্বল্প বক্রদেশে উৎপন্ন হয় অত্র স্থানে এই বোগ না জন্মিয়া কেবল পাকাশযে জন্মিতে পারে স্ত্রী অপেক্ষা পুরুষদের অধিক হয় ৫০ বৎসর বয়ঃক্রমেব পূর্বে কদাচ হয় বোগলক্ষণ আবস্ত হইবাব ছই বৎসরের অধিক প্রায়ই বোগী জীবিত থাকে না

লক্ষণ — পাকাশযদেশে জালাযুক্ত, ছুবিকাবেধৎ বা চর্কণকব বেদনা, উহা চাপিলে ও আহাৰান্তে বর্ধিত হয় উদর-প্রাচীর কুঞ্চিত, পুতিগঘযুক্ত বায়ু উদগাব বিবমিষা, সতত খাদ্য দ্রব্য এবং গ্লেস্স বমন, সবক্ত বমন কোষ্ঠবদ্ধ, দৌর্বলা, শীর্ণতা । যখন হৃৎধমনীর উপর কর্কটার্কুদ স্থিতি কবে, তখন অর্কুদ স্পন্দনশীল হয় পাকাশয বিদীর্ণ হইয়া তন্মধ্যস্থ দ্রব্যাদি অল্প-চ্ছদে প্রবিষ্ট হয় অথবা বহির্দিকে বা অন্ত্রাণ্ট্র দিকে এই বিদাবণ সংঘটিত হইতে পারে ।

চিকিৎসা — এই বোগ আনোগা হয় না, তবে যন্ত্রণাদি নিবাবণার্থ ঔষধ ব্যবহান কবা উচিত । ওপিয়ম সেবন, মলদ্বারে পিচকাবি দেওয়া ও সব্কিউটিনিয়স ইনজেক্‌সন্ । অত্যন্ত বমন হইতে থাকিলে মলদ্বাবে খাদ্য দ্রব্যেব পিচকাবি দিবে পাকাশযে সহ হইলে দুগ্ধ ও ডিম্ব দেওয়া যাইতে পারে পেপসিন্ ও কড্‌লিভ অয়েল দ্বাবা অনেক সময় উপকাব হয় জুর্গক্‌ উদগাব উঠিলে ক্রিমোজোট বা চাব্কোল বিস্কুট সেব্য এক-ষ্ট্রাক্ট বেবেডোনা বা টিংচব ওপিয়ম উষ্য করিয়া উহাতে লিণ্ট ভিজাইয়া পাকাশযপ্রদেশে সংস্থাপন কবিলে বোগী আরাম বোধ কবে । মর্ফিয়াব অধস্তাচ ওফেপও দেওয়া যায় একখানি স্কুদ্র

ব্লিষ্টাব দিয়া পবে তাহাব ক্ষত গৰ্ণিয়া দ্বাৰা ড্ৰেস কবিবে ক্লোবেট
অব্ সোডা উপকাৰী অম্ল ও অভিষব (ইথেষ্ট) যুক্ত বমনে
ক্ৰিয়োজোট, হাইপো সল্ফাইট অব্ সোডা, কাৰ্বলিক এসিড্, ইউ-
ক্যালিপটাই অয়েল ।

কাৰ্ভিডিয়ালজিয়া—বুকজালা ।

পাকায় ও অন্নবহনশীতে অতৃপ্তিকর জালাবোধ, থাকিয়া
থাকিয়া প্রকুপ্ত হয় । অজীৰ্ণেব একটী সাধাবণ লক্ষণ

চিকিৎসা ।—এমোনি কাৰ্ব—৪, ৯, ১১, ১৫, ১৮৩ ।
এমোনি ক্লোরাইড্, স্পিঃ এমন য্যাবোমেটীক ২, ১০, ৩৯৫
য়্যামিগ্ভেলি ৩২৬ ; লাইকন ক্যাম্‌সিন্ ৩৯৭ সঙ্কস লিমনিম
হাইড্ৰোসিয়ানিক এসিড ৯২, ৯৩, ১৩৭, ২৭০, ৩৯৬ ম্যাগ্-
নিসিয়া কাৰ্ব ৩৫৪, ৩৯৩ নাইট্ৰিক্ এসিড্ ডিল ১৬৯ ফফ-
বিক এসিড্ ডিল ২৯৫ অগ্নাত্ত ক্ৰাব দ্ৰব্যো উপকাৰ না হইলে
বিসমথ ; লাইকন পটাশ ১৮৭, ৩৯৭ ; সোডি বাইকাৰ্ব ২৯০
৩৯৪, ৩৯৬ স্ত্রাকেবেটেড্ সলিউসন্ অব্ লাইম এমোনিয়া
সাইট্ৰেট অব্ আয়বণ, পেপ্‌সিন্

হিমাৰ্টিমিসিন্—বক্তবমন ।

পাকায় হইতে বক্তবমন, তরুণ ও প্রাচীন বিবিধ আকাৰে
সমুপস্থিত হয় । প্রাচীন বোগ প্রায়ই সাংঘাতিক হয়, ক বণ
ইহা উদব গহ্বরস্থ অন্তঃকোষ্ঠেব পীড়া-পৰিচায়ক

লক্ষণ ।—অধিক পৰিমাণে বক্তবমন হয় । বক্ত সফেম

হয় না, বস্ত্র কৃষ্ণবর্ণ ও আহার্য্য দ্রব্য মিশ্রিত বস্ত্র ভেদ সাধা-
বণ পাকাশয় বা ক্ষুজান্ত্রের প্রথমাংশের অস্বচ্ছতা জনিত লক্ষ-
ণাদি হৃৎস্র বা সাংঘাতিক ক্ষত, ফকুৎ কঠিনতা, ধমন্যকর্কশ ইত্যাদি

চিকিৎসা।—কোন কঠিন দ্রব্য সেবন করিবে না
আহাৰ্য্য কেবল জলীয় দ্রব্য, শীতল ও অল্প মিশ্রিত পানীয়,
বরফ, মাংসেব যুগ, হংগেবিধান বা বোর্ডো দেশীয় সংকোচক
মদ্য সেব্য বোণী শয়ন করিয়া থাকিবে বোণী অত্যন্ত
জ্বৰল হইয়া পড়িলে বিফ্টিব পিচকাবি, তৎসঙ্গে পোর্ট, ব্রাণ্ডি,
টিংচব ও পিয়ম দিবে ঔষধার্থ গ্যালিক এসিড ও ম্যাৰোমেটীক
সল্ফিউবিক এসিড্ ২১৮, ২৩১ অয়েল টর্পেণ্টাইন ২১৭
এসিটেট্ অব্ লেড্ ও ওপিয়ম ২২৫ একজন বোণীকে লাই-
কব ফেবি পাবক্লোরাইড্ ১ ড্রাম জল সহ সেবন করানতে আবোণা
হয় পাকাশয় পদেণে শৈত্য প্রয়োগ হেজিলিন বা হামা-
মেসিন সেবন উপকারী বোণ পুবাওন হইলে সল্ফিউবিক
এসিড্ ডিল্ ও ডিকক্‌সন্ বার্ক ১৭০। কুইনাইন ও আয়রন
১৭৬, ১৭৭, ১৯৩, ১৯৪ ক্রিম, কাঁচা ভিষ, এসেন্স অব্ চিকেন,
বিবিধ মাংসেব যুগ ও কড্‌লিওর অয়েল বস্ত্রভেদ হইলে যদি
পাকাশয়ের কোন পীড়া না থাকে, তবে জেলাপ বা পড্‌ফাইলিন
দ্বারা বিবেচন বরান কর্তব্য তৎপবে সল্ফিউবিক এসিড্
ডিল্ ও ডিকক্‌সন্ সিন্‌কোনা ১৭০ অনেক সময় পাকাশয়ের
ক্ষত জন্ত উৎপন্ন হয়। বোণীকে স্থিব ভাবে শয়ন করিয়া থাকিতে
উপদেশ দিবে আহাৰ বন্ধ করিয়া পাকাশয়কে বিশ্রাম দিবে।
বরফ খণ্ড চুষিতে দেওয়া ও পাকাশয়োপরি স্থানিক প্রয়োগ করা
উচিত। খাদ্য দ্রব্য ও উত্তেজক ঔষধ মনদ্বাবে পিচকাবিকপে প্রয়োগ

কবিবে ওপিষম ও মর্ফিয়া এনিমা ও হাইপোডার্মিক সিরিঞ্জরূপে
প্রয়োজ্য আর্গটিনের অধস্তাচ প্রক্ষেপ

ডাইলেটেশন অব্ দি ফটমাক—

পাকাশয়ের প্রসারণ

পাকাশয়েব অধোগুথেব কোন পীড়া বশতঃ ক্ষুদ্রাজ্ঞে ভুক্ত
দ্রব্য যা ওয়াব ব্যাঘাত জন্মে তদ্ব্তে পাকাশয় প্রসারিত হইয়া
পড়ে অধোগুথেব সংকোচন বশতঃ প্রসারণ সংঘটিত হব ।

লক্ষণ ।—পাকাশয়ে খাল, বুকজালা, মুখ দিয়া জল উঠা,
উদ্বাধান, কোষ্ঠবদ্ধ ও সময় সময় বমনাক্রমণ । ক্ষুধা অপরিমিত
হইতে পাবে । বমন হইলে অধিক পরিমাণে ভুক্ত দ্রব্য নিঃসৃত
এবং উহা অম্লাক্ত হয় অণুবীক্ষণ দ্বাৰা দেখিলে উহাতে সার্সিনী
ভেন্ট্রিকিউলী নামক কীটাণু দৃষ্ট হয় পাকাশয়ে অধিকক্ষণ
পর্যন্ত ভুক্ত দ্রব্য থাকি বশতঃ উক্ত উদ্ভিঞ্জ কীটাণুর উৎপত্তি
হইয়া থাকে

চিকিৎসা ।—এই রোগে অত্যন্ত বমন হইয়া থাকে, সেই
বমন প্রধানতঃ এক প্রকার উদ্ভিদ কীটাণুজনিত হইয়া থাকে
ইহা নিবারণার্থ সলফাইট অব্ পটাশ, সলফাইট অব্ সোডা
হাইপো সলফাইট অব্ সোডা ৫—২০ গ্রে° দিনে তিনবার পথা
বাতিমত দিবে ।

এন্টবাইটিস—অন্ত্রপ্রদাহ ।

ক্ষুদ্রাজ্ঞের প্রদাহেব প্রবলতার হ্রাস বৃদ্ধি হয় । অস্ত্রের
সমস্ত পর্দা বা কোন একটা পর্দা ব্যাধিগ্রস্ত হইতে পাবে ।
সাধারণতঃ শ্লেষিক পর্দাই আক্রান্ত হয় ।

লক্ষণ।—শীত, চর্ম উষ্ণ, ত্বগা 'কঠিন ও দ্রুত
নাড়ী; উদবে বিশেষতঃ নাভির চতুর্দিক বেদনা, চাপিলে
বর্ধিত হয় বমন ও বিবমিষা রোগী টিং হইয়া শয়ন
করিয়া থাকে, তাহাতে উদব প্রাচীরে পেশী সঙ্কট স্থিতি
হয় অত্যন্ত অস্থিরতা, প্রবল জ্বর, অবসন্নতা, সুখাকৃতি উৎ-
কর্ষাব্যঞ্জক। অত্যন্ত কোষ্ঠবদ্ধ, প্রলাপ। তাবৎ বা অস্পষ্ট
নাড়ী বমিত দ্রব্য সাতিন্দ্রিয় দুর্গন্ধবিশিষ্ট। সময় সময় মল-
বমন হয়।

চিকিৎসা।—অহিফেন এই বোগেব অত্যাধিক ঔষধ।
অহিফেন ও বেলেডোনা ১০১ উদব প্রদেশে উষ্ণ জলের
ও তাপিলেব স্বেদ অথবা লিনসিড পুলটীস। শয্যাতে নিশ্চিন্ত
ভাবে শয়ন করিয়া থাকা কর্তব্য বিরচক ঔষধ আদৌ
ব্যবহার করিবে না। অল্পে যদি মল আবদ্ধ থাকে, তবে
ঈষৎ জলের পীচকারি দ্বারা তাহা নিঃসরণ করাইবে। প্রদাহ
সন্ট অপেক্ষা সোডা সন্ট অধিক হিতকর, কারণ পটাশে খরিসিয়া
হওয়াব আশঙ্কা থাকে ছুৎকে পটাশ সন্ট বেশী না থাকাস এই
পীড়ায় বিশেষ উপযোগী

ক্রমিক ড্রাইটস ডিজিজ ।

এই বোগে মূত্রগ্রন্থি হইতে ইপিথিলিয়ম বা উপজক পবিপুটিত
হইয়া থাকে ও তাহা মূত্রে দৃষ্ট হয় মূত্রনালীতে লিথ উপজক
ক্রমশঃ বিনষ্ট ও গুরু হয়, কখন বা উহা অপর বিধান দ্বারা পবি-
পূরিত হয় মূত্রগ্রন্থি সংকুচিত ও দানাগর দৃষ্ট হয় মূত্র আণু-
লালিক এই বোগ তরগ প্রদাহের পব অথবা প্রাচীন গোট বা
তরুণ রোগেব সহিত সমুপস্থিত হইতে পাবে

লক্ষণ । মূহভাবে উপস্থিত হয় । শ্বাস্য ক্রমশঃ বিনষ্ট,
দৌর্বল্য, শীর্ণতা রক্তে বিশেষ পবিবর্তন সংঘটিত হয় শোথ,
উদবী, মাস্তক বিলীন প্রদাহ, হৃৎপিণ্ড বিবৃদ্ধি, সম্ভবতঃ হৃৎকণাটের
পীড়া মায়ুকেজেব বিধান বিকাব ও ক্রিয়াঘটিত উপসর্গ

চিকিৎসা । —মূত্রগ্রন্থির প্রদাহের প্রথমস্থায় টিংচব
একোনাইট ব্যবহার্য্য । আক্ষেপে ব্রোমাইড অব্ পটাসিয়ম ।
টিংচর ক্যানেনবিস ইণ্ডিকা সবক্ত প্রস্রাবে বিশেষ উপকারী ।
তরুণ প্রদাহ কথঞ্চিৎ উপশান্ত হইলে টিংচব ক্যানেনাইডিস
১ মিনিম মাত্রায় তিন ঘণ্টাস্তব সেবনে রক্ত প্রস্রাব নিবানিত হয় ।

কোন কোন বোগে ডিজিটেলিস বিশেষ উপকারী । লক্ষণানুসারে চিকিৎসা করিবে । পুষ্টিকারক পথা, চর্ম্মের ক্রিয়া যাহাতে স্ফূর্জিত-ভাবে সম্পন্ন হয়, তৎপ্রতি দৃষ্ট বাধিবে । গাউট বা বাতবক্ত বোগ থাকিলে তাহার চিকিৎসা করিবে । লৌহঘটিত বলকবৌষধ সেবন, বায়ু পবিত্তন, সমুদ্র বায়ু সেবন শরীর উপদংশ বিষে দূষিত থাকিলে আইয়োডাইড্‌ অব্‌ পটাশিয়াম ও আইয়োডাইড্‌ অব্‌ আয়রন বোগীষ শরীর ফ্লানেস দ্বারা আবৃত বাধিতে উপদেশ দিবে । ঠাণ্ডা লাগাইতে নিষেধ করিবে । সময় সময় প্রাচীন পীড়া-ক্রান্ত ব্যক্তিদেরও তৎকালক্রমণ উপস্থিত হয় । প্রাচীন পীড়ামূত্রকারক ব্যবস্থায় ডিজিটেলিস, ট্রোফাস্কস, কফিন সাইট্রস, ডাই-যুবিটিন, কোপেবা, টর্পেন্টাইন, পাইলো কার্পিন ইত্যাদি ব্যবহার্য্য নাইট্রো গ্লিসিবিণ ১ পার্শেন্ট সলিউশন $\frac{1}{2}$ মিনিম মাত্রায় মূত্রকারক হয়, ■ ঘণ্টান্তর সেবা বেনজোয়েট অব্‌ সোডা ১৫ গ্রেণ মাত্রায় সেবনে যুবিমিয়া নিবাবিত হয় । ল্যাক্টেট অব্‌ ট্রুনসিয়া ১৫ গ্রেণ মাত্রায় প্রয়োগে উপকার দর্শিয়াছে ।

ডায়ুরেসিস — মূত্রাবিক্য ।

অধিক পবিমাণে প্রস্রাব নিঃসৃত হয়, কিন্তু তাহাতে শর্করা বা অপর কোন অনৈসর্গিক পদার্থ থাকে না ।

লক্ষণ । — অতৃপ্তিকর তৃষ্ণা, তৎসঙ্গে অধিক পবিমিত প্রস্রাব নিঃসরণ মূত্রেব কেবল জলীয় অংশ বর্ধিত হয় । সার্কা জিক স্বাস্থ্যব অপকৃষ্টতা জনে কখন কখন শোথ উপস্থিত হয় ।

চিকিৎসা । — টিংচর পাবক্লোরাইড্‌ অব্‌ আয়রন ১৭১, ১৭৬ এমোনিয়ো আয়রন স্যালিম । রাত্রিতে শয়নকালে এক

মাত্রা ওপিগম। চর্মের ক্রিয়া রুদ্ধ থাকিলে ঈষৎ জলে গান। ভেলিরিয়ান চূর্ণ ১০—১৫ গ্রেণ দিনে তিনবার শরীর দুর্বল হইতে থাকিলে কডলিভর অম্ল, ফ'ফ'রিক এসিড ও নলভগিক, মাংসের যুগ।

হিমাচিউরিয়া—রক্তপ্রস্রাব।

মূত্রগ্রন্থি, মূত্রাশয় বা মূত্রমার্গস্থ শৈথিল্য হইতে রক্ত ক্ষবিত হইয়া মূত্রেব সঙ্গে নিঃসৃত হয়

লক্ষণ।—মূত্র কৃষ্ণ বা ধূস্রবর্ণ; মূত্রে আণুলালিক পদার্থ মূত্রগ্রন্থি হইতে বক্তপ্রস্রাব হইলে মূত্রেব সহিত রক্তমিশ্রিত থাকে। মূত্রাশয় বা মূত্রমার্গ হইতে রক্তপ্রস্রাব হইলে পরিষ্কার প্রস্রাব ত্যাগেব পর রক্ত বাহিব হয়

চিকিৎসা।—ক্যাঙ্কেবাইডিস বা তার্পিণ তৈলাদি সেবন বশতঃ রোগ জন্মিলে ক্যান্ফব ২—৫ গ্রেণ ওগোজ্য ক্যান্বেবিস ইণ্ডিকা ব্যবহাবে সফল উপলক্ষি হয়। হামাগিলিস টিংচব বা ইহাব সার হেজিলিন ব্যবহাবে উপকার হয় অতি অল্প মাত্রায় তার্পিণ তৈল সেবন টিংচব অব্ পারক্লোরাইড অব্ আয়ব ১৭১; গ্যালিক এসিড ২১৮, ৪৩১; এসিড মল্ফিউবিক ডিঙ্ ২১২; ইনফিঃ ম্যাটিকো, টর্পেস্টাইন্ অয়েল ২১৭, ক্রিমোডোটি; আগট অব্ রাই; ওপিগম বা মর্ফিয়া কোমরে ববফ স্থাপন ও টার্পিণ তৈলেব সেক, লিনসিড ও মর্টার্ড প্লাষ্টর উষ্য বাষ্প গান, ঈষৎ জলে গান মূত্রমার্গ দিয়া বক্তপ্রস্রাব হইতে থাকিলে ববফ স্থানিক সংলগ্ন করিবে। মূত্রাশয় হইতে রক্তপ্রস্রাব হইতে থাকিলে ম্যালম; ট্যানিক এসিড (৩০ গ্রেণ, জল ১০ আউন্স) পীচকারি দিবে

টিংচর জেবোরাণ্ডি প্রয়োগে যিনেল রক্তশাব নিবারিত হয়
ম্যালেরিয়া জনিত রক্তশাবে কুইনিন হিতকর ।

কাইলস ইউরিণ—ছুদ্ধবৎ মূত্র ।

কাইলিউরিয়া ।

অণুমাত্রায় মেদাক্ত পদার্থ থাকে বশতঃ মূত্র ছুদ্ধবৎ হয় তদ্বা-
স্তীও মূত্রে বক্তকণা, সৌত্রীণ ও আণ্ডুলালিক পদার্থ থাকিতে
পারে

লক্ষণ ।—গাত্রশুকতা, কাটিদেশে ও পাকশায়োপরি বেদনা,
মানসিক উৎকণ্ঠা, দুর্বলতা, শীর্ণতা । বোগ পর্যায়শীল অর্থাৎ মূত্র
ছুই এক মাস স্বাভাবিক থাকিয়া পরে আবাব ছুদ্ধবৎ হয় ।

চিকিৎসা ।—গ্যালিক এসিড ২০—২৪ গ্রেণ দিনে তিন-
বার ; টিংচর অব্ ষ্টীল ; কুইনাইন ও ষ্টীল ; এমোনিয়া সাইট্রেট
অব্ আয়রণ ; কডলিভর অয়েল ; ওপিয়ম । বাষ্প স্নান, লবণ-
মিশ্রিত জলে স্নান, পুষ্টিকর গথ্যা, বায়ু পরিবর্তন আইয়োডাইড
পটাসিয়ম, সিরপ ফেরি আইয়োডাইড বিশেষ উপকারী সোডা
বেনজোয়াস ।

রিনেল ক্যাল্কিউলাই—মূত্রগ্রন্থিক ক্ষুদ্রাশরী ।

এই প্রকার অশরী মূত্রগ্রন্থি ও মূত্রাশয় প্রভৃতি স্থানে থাকে ।
সময় সময় মূত্রপ্রণালীতেও দৃষ্ট হয় । মূত্রগ্রন্থি বা মূত্রাশয় হইতে
আসিয়া মূত্রমার্গে স্থিত হয় । ইহারা বিবিধ উপাদান সংযোগে
গঠিত হয় । তন্মধ্যে য়ুবিক এসিড, য়ুবেট অব্ এমোনিয়া, ফস্ফেট

অব্ লাইম, ফস্ফেট অব্ ম্যাগ্নিসিয়া, এমোনিয়া, অক্সেলেট
/ অব্ লাইম, কার্বনেট অব্ লাইম ইত্যাদি প্রধান । ইহাদের
আকার কখন ক্ষুদ্র ও কখন বড় হইতে পারে

মূত্রগ্রস্থিতে অশয়ী থাকিলে—সতত পৃষ্ঠবেদনা, সরক্ত মূত্র,
দূর্বস্থিত যন্ত্র প্রাণিষ্ঠ উদ্দীপনা, স্নায়বীয় উগ্রতা অবশেষে শ্বাস্ত্য
হানি, বলহানি ও শীর্ণতা এতদ্বারা গ্রস্থি প্রসারিত বা উহার
মধ্যে পুয়োৎপত্তির ব্যাঘাত জন্মিবায় রক্ত অনিশুদ্ধ ও তর্দেতু বিকার
সমুপস্থিত হইতে পারে

মূত্রাশয়ে অশয়ী থাকিলে—মূত্রাশয় ও বিটদেশে তীব্র বেদনা,
পরিশ্রমে বেদনা বৃদ্ধি ও পুনরাবিভূত হয় সতত
মূত্রতাগ্ন করিতে হয়, কখন বা অনৈচ্ছিক ভাবে প্রস্রাব নির্গত
হয় । মূত্রে স্লেষ্মা থাক বশতঃ উহা ঘন দেখায় সমস্ত
সময় উহাতে পুষ্ণ বা বক্ত মিশ্রিত থাকে মূত্রাশয়েব গ্ৰীবাদেশে
অশয়ী আসিয়া আবদ্ধ হইলে প্রস্রাব বন্ধ হইয়া যায়, কিন্তু উহা
আবাব সরিয়া গেলে প্রস্রাব হইতে থাকে কোতানি ও
শুদ্রপ্রংশও উপস্থিত হয়

চিকিৎসা ।—সার্কামিক লক্ষণ নিবারণ ও অশয়ীর পুন-
রুদ্ধব নিবারণ কবাব চেষ্টা করিবে সার্কামিক শ্বাস্ত্য উন্নত
করার জন্তু হৃৎক মাংস, মাংস ও ডিম্ব সেবনার্থ দিবে । মদ্যপান
অর্থাৎ ছইফী ১—২ আং জলসহ পান বিশেষ উপকারী ।
কডুলিভর অয়েল সেবন হিতকর বেদনা নিবারণার্থ কোমবে
বেলেডোনা পাষ্টর রক্তপ্রাব নিবারণার্থ টিংচর স্ট্রল; টিংচর
হামামেলিস, আয়রং স্যাণ্ডস ও গ্যালিক এসিড । অধিক
পরিমাণে জল, মিনাবেল ওয়াটস ইউবিক এসিড ডায়াগিসিসে

উদ্ভিজ্জ দ্রব্য আহাব, স্নিগ্ধ পানীয়, মৃৎ ব্যায়াম, ভিসি ও কার্লস
 যাদ ওয়াটব, সল্টস অব্ পটাশ (সাইট্রেট ও বাইকার্বনেট অব্
 পটাশ), লাইকব পটাশ ফস্ফেটীক ডায়ামিনিসিমে নাইট্রো
 মিউবিয়োটীক এসিড ডিল, বার্ক ; আয়বৎ ; ওপিয়ম । রিনেল
 ক্যালকিউলাই নিঃসরণের সময় বেদনার আতিশয্য নিবারণার্থ
 হট বাথ উপকারী ঃ গ্রো মর্ফিয়ার অধস্তাচ প্রক্ষেপ । কোমবে
 উষ্ণ জলপূর্ণ বোতল সংস্থাপন মলদ্বারে গবম জলের পিচকাবি
 বা মফিয়া সপোজিটরী । কোমবে উষ্ণ পুলটীস ও স্বেদ প্রয়োজ্য ।
 অক্সিজেনেট অব্ লাইম স্টোনেও সাইট্রেট অব্ পটাশ উপকারী ।

ইরিটেবিলিটী অব্ দি নুডর—মূত্রাশয়ের উদ্দীপনা ।

মূত্রাশয়ের উগ্রতা ও ঘন ঘন প্রস্রাব ত্যাগ এই পীড়ার পবি-
 চায়ক । মূত্রগ্রহি, মূত্রাশয়, মুখশায়ী গ্রন্থি বা মূত্রমার্গেব বৈধানিক
 পীড়া বশতঃ এই পীড়া জন্মিত্তে পাবে ত্রীলোকেব মূত্রমার্গে
 মজ্জাকর্কুদ, স্থানচ্যুত বা বিবৃদ্ধ জ্বায়ুব চাপ, অর্শজনিত উদ্দীপনা
 বা অন্তকুমি, মূত্রাশয়েব মধ্যে অর্কুদ বা অশ্মবীৰ সংস্থিতি কিম্বা
 মূত্রগ্রহি, মূত্রাশয়, পাকশয় বা স্নায়ুমণ্ডলেব ক্রিয়া-বিশৃঙ্খলাও এই
 পীড়ার কারণ মধ্যে পরিগণিত

লক্ষণ ।—অকস্মাৎ ঘন ঘন প্রস্রাব ত্যাগ কবিবাব ইচ্ছা
 হয় ১৫ বা ৩০ মিনিট অন্তর প্রস্রাব কৰিতে হয় রোগী
 প্রস্রাব না করিয়া থাকিতে পাবে না, অর্থাৎ মূত্রের বেগ ধাবণ
 কবিলে অম্লখ ও কণ্কেণে বেদনা বোধ হয় । মূত্র সমষ্টি কবিলে
 পবিমাণাধিক হয় ন মূত্রাশয়েব আকৃতি ছোট হইয়া পড়ে
 ক্লেণকব উদ্দীপনা বশতঃ সার্বাস্থিক স্বাস্থ্য হানি হয় মূত্র

পৰীক্ষা কবিয়া দেখা উচিত, কাবং এতদ্বারা বোগ নির্ণয়ের অনেক সাহায্য হয়

চিকিৎসা । —উৎকর্ষক পানীয় (সুব, কফি প্রভৃতি) নিষিদ্ধ । ছন্ধ, কোকোরা, মিউসিলেজযুক্ত পানীয়, ঈষদুষ্ণ জলে স্নান উপকারী । ডাইলিউট নাইটো হাইডোক্লোরিক এসিড ও ডিককসন অব্ প্যাবেবা এবং তৎসঙ্গে টিংচর বেলেডোনা । মূত্র অল্পযুক্ত থাকিলে লাইবন পটাশ অথবা সাইট্রেট অব্ পটাশ ও ইনফিঃ বকু কাউচ্ গ্রাসেব ডিককসন, ওপিয়েট সম্পোজিটবী । টিংচর হেনবেন বা বেলেডোনা, গিন্সিড্ ইনফিউ-জনের সঙ্গে মর্ফিয়া ১ গ্রেণ, জল ১ আউন্স মূত্রাশয়ে পিচকাবি সার্বস্বাদিক দুর্বলতা থাকিলে লোহণটিও বন্দনোয্য টিংচর ক্যাঙ্কেবাইডিস ও ষ্টীল স্ত্রীলোকদের জন্য বেলেডোনা ও অব্ সাইড্ অব্ জিঙ্কেব পেসারী । রক্তিতে নিদ্রাবস্থায় শয্যাতে মূত্রাশয় কবিলে টিংচর অব্ ষ্টীল ও বেলেডোনা । কটিদেশের নিম্নে স্পিষ্টাব, কটিদেশে ও তন্নিম্নে বেলেডোনা গাষ্ট্রিব, বেলেডোনা লিনিমেন্ট লবণ মিশ্রিত ঈষদুষ্ণ জলে স্নান, কড্‌লওব অয়েল অস্ত্রের উদ্দীপনা বশতঃ এইরূপ বোগ হইলে তাহার প্রতিবিধান করা কর্তব্য প্রথমে বোগেব কাবং সন্ধান ও নির্দারণ করতঃ তত্পরযোগী চিকিৎসোপায় অবলম্বনীয়

স্প্যাজম অব্ দি ব্লাডর মূত্রাশয়ের আক্ষেপ ।

মূত্রাশয়ে জাগ্বেপিক বেদনাক্রমঃ । মূত্র শায় অথবা বা অর্ধদুদ, সরলাস্ত্র ও স্রাব্যুর পীড়া, মূত্র গ্রন্থিতে স্ফোটক, মূত্রাশয়ে স্তম্ভ না অথ প্রকাব বৈদ্যানিক পীড়া, মুগ্ধায়া গ্রন্থিব পীড়া, মূত্রের

অস্বাভাবিক অল্পত্ব, অপবিমিত মৈথুন, গুণবায়ু ও ক্যাথেরাইডিস
জাদি উগ মূত্রকারক ঔষধ ব্যবহার, এই প্রকার পীড়ার কারণ

লক্ষণ । উদবেব নিম্নভাগ হইতে মূত্রমার্গ পর্য্যন্ত বিস্তীর্ণ
ভীত বেদনা অনৈচ্ছিক মূত্রত্যাগ, সময় সময় মূত্রাবরোধ ও
প্রবল প্রস্রাবভোগেচ্ছা কোতানি অধিকক্ষণ স্থায়ী হইলে
প্রস্রাবানুৎপত্তি বশতঃ মৃত্যু সংঘটিত হয় ।

চিকিৎসা । উষ্ণজলে স্নান ; স্বেদ ; মাদব সেবন ও
মলদ্বারে প্রয়োগ যোগেব কারণ গাউট বা প্রস্রাবে ইউবেটস
থাকিলে কলচিকম, সোডা বা পটাশ বা লিগিয়া ওয়াটার ।
মূত্রগন্ধিতে পুয়োৎপত্তি হইয়া তাহা মূত্রাশয়ে আগত হওয়া প্রযুক্ত
আক্ষেপ উপস্থিত হইলে কার্বলিক এসিড, বোরিক এসিড ও
মর্ফিয়ার ধাবনেব পিচকাবি দ্বারা মূত্রাশয় ধৌত করিবে যোগীকে
পুষ্টিকারক খাদ্য ও কডলিওব অয়েল দিবে অশ্রাবী থাকিলে
অঙ্গ কবিতো হয় ক্যাফর, লিন্‌সিড্‌ পুলটীসেব সঙ্গে গুহুদ্বারেন
উপরে দিবে মর্ফিয়া ও বেলেডোনা সেবনার্থ বা উহাব অধস্তাচ
প্রক্ষেপ ও সপোজিটরী পুষ্টিবর খাদ্য, ছন্ধ, মিউসিলেজযুক্ত
পানীয় উষ্ণক ঔষধ, ক্রীমঃসর্গ ও অখারোহণ নিষিদ্ধ ।

প্যারালিসিস অব্‌ দি ব্লাডর—মূত্রাশয়ের পক্ষাঘাত ।

মূত্রাশয়েব পৈশিকাবরণ পক্ষাঘাতাক্রান্ত হয় মূত্রাশয়েব
পীড়া, শ্বাসকেন্দ্রেব বোগ বা সার্বাস্থিক দুর্বলতা হইতে এই
পীড়া জন্মে ।

লক্ষণ ।—মূত্রাশয়ের পক্ষাঘাতে মূত্র উহাব মধ্যে থাকে
যখন মূত্র দ্বারা উহা অত্যন্ত পূর্ণ হয়, তখন মূত্রমার্গ দিয়া ফোঁটা

ফোঁটা কবিয়া প্রস্রাব নির্গত হয়। প্রস্রাবে শ্লেমা, ক্ষার ও এমোনিয়ার গন্ধ থাকে মূত্রাশয়ের গ্রীবাদেশে বেদনা; বিস্তৃতি অধিক হইলে মূত্রাশয়ের প্রাচীরের বোধহীনতা উন্মো সার্কাটিক অস্বস্থতা সাধাবণতঃ অচৈতন্যাবস্থা বা অবসন্নতা বশতঃ মৃত্যু হয়

চিকিৎসা।—মূত্রাশয় মূত্রপূর্ণ থাকিলে শলাকা দ্বারা তাহা নিঃসারিত করিবে ঈষদুষ্ণ জলে কয়েক ফোঁটা কার্বনিক এসিড মিশ্রিত কবিয়া তদ্বারা মূত্রাশয়ে পিচকাবি দিবে মূত্রাশয়ের পৈশিক সূত্র সৰল করণার্থ শীতল জলের পিচকাবি। অল্প মাএয় ষ্ট্রীকনিয়া ও আর্গট অব্ বাই অথবা টিং ষ্ট্রীক সেবন গ্যালভানিজম, শীতল জলের ধাণা, কটি স্নান, পৃষ্ঠবংশের অধো-ভাগে ব্লিষ্টার, কুইনাইন ও আয়বণ, ফ্যালোক্সমুক্ত বেচক। আর্গটিন ১ গ্রেণ, একট্রাঃ নক্স ৬ গ্রেণ, বিডিউস্ড আয়বণ ২ গ্রেণ একত্রো দিন ৩ বাব সেবন উপকারী

একিউট সিস্টাইটিস্—মূত্রাশয়ের তরুণ প্রদাহ।

ইহা একটা গুরুতব পীড়া, আপনাপনিই উপস্থিত হয় অথবা প্রাচীন প্রদাহ, অশ্রুতীর উদ্দীপনা, বাহ্যিক আঘাত, বস্তিগর্ভবস্ত্র যন্ত্রাদিব পীড়া বশতঃ এই রোগ উদ্ভূত পাবে মূত্রাশয়ের গ্রীবা ও অধঃ প্রদেশস্থ মৈলিক বিহী অচ্যান্ত পর্না অপেক্ষা অধিক অক্রান্ত হয়

লক্ষণ।—কম্প, মূত্রাশয়ে বেদনা, মূত্রদানে উষ্ণতা। মূত্রত মূত্রত্যাগেচ্ছা, কিন্তু প্রতিবাবে অল্প পরিমাণে হা প্রবল স্নান, বিবমিষা, সার্কাটিক অস্বস্থতা, মানসিক অবসন্নতা বস্তিদ্রোশ

শক্তি ■ বেদনাবিত্ত হয় তীব্র বেদনা বিটপ ও উক দেশ পর্যন্ত
বিস্তৃত হইয়া পড়ে কোষ্ঠানি, অসহ্য বেদনা । মূত্রাবরোধ ও
বিন্দু বিন্দু মূত্র পতন মূত্রে রক্ত পুষ্টি মিশ্রিত থাকে সাতিশয়
অবসন্নতা, শীতল শ্বেদ, প্রলাপ

চিকিৎসা ।—মূত্রাশয় প্রদেশে মসিনার বড় রকম পুলটীস,
পপী ফোমেণ্টেসন, উষ্ণ জগে কটিলান ক্যাষ্টব অয়েল আদি
মূহ বিরেচক দ্বারা কোষ্ঠ পবিষ্কাব কবাইবে প্রস্তাব অবরুদ্ধ
থাকিলে শলাকা দ্বারা মূত্র নিঃসৃত কবিবে । গাউট জন্মিত
পীড়ায় স্থালাইন পর্গেটিও ও তৎপবে কলচিকম ও পটাশ বাইকার্ব ।
কোন স্থানে ক্যাছাবাইডিসেব ব্লিষ্টাব দেওয়ার উচ্চ পীড়া হইলে
ব্লিষ্টার ডুল্লিয়া দিবে ও তৎস্থানে উষ্ণ লিনসিড পুণ্টীস ও মল
দ্বাবে ওপিয়মেব পিচকাবি দিবে ও সেবনার্থ হায়সায়ামাস ব্যবস্থা
করিবে বোগীকে লঘু পথা, বার্লি ওয়াটর, লিনসিড টি, ছঞ্চ,
গ্যাবারট, মিউসিলেজ ট্রাগাকান্থ বা গম এবেরিক দিবে টি,
কফি ও মদ্যপান নিষিদ্ধ ওপিয়ম ও বেলেডোনা সেবনার্থ
ও মলদ্বারে সপজিটবী দিবে যদি অশ্রবী থাকা বশতঃ প্রদাহ
উৎপন্ন হয়, তবে শস্ত্রোপচার দ্বারা তাহা বাহির কবিবে । রোগীকে
স্থিৰভাবে শয্যায শয়ন কবাইয়া বাধা উচিত । বেদনা উপশমার্থ
অর্ক প্রেণ মর্ফিয়াব বা বেলেডোনার সপোজিটবী লিনসিড
টব সঙ্গে লাইকব পটাস, টিং হ'মস'র'ম'স ব' ওপিয়ম প্রযোজ্য
বোবিক এসিড লোশন দ্বারা ধোতকরণ ।

ক্রনিক সিফটাইটিস—মূত্রাশয়ের পুরাতন প্রদাহ ।

এই প্রাচীন প্রদাহ সাধ বৎ সময় সময় তরুণ প্রদাহান্তে,

অনেক সময় ষাভ, মূত্রস্ফুট, উগ্রতা, বাহ্য বস্তুর সংস্থান বা সরলাঙ্গ বা জরায়ু আদির প্রদাহ প্রসাবিত হওয়া প্রযুক্ত এই গীড়া উৎপন্ন হয় ।

লক্ষণ ।—অনেক সময় সামান্য প্রকার থাকে । অসুস্থতাবোধ মূত্রাশয়ের প্রাচীরেব বোধাত্মক সত্ত্ব মূত্র করণেচ্ছা মূত্র স্রব ও তৎসহ পু্য বা শ্লেষ্মা চিশিত থাকিতে পারে

চিকিৎসা ।—সম্ভব হইলে কাবণাসুস্থান ও তাহার চিকিৎসা করিবে টিংচর কাঙ্কেবাইডিস ১ হইতে ৫ ফোটা দিনে তিন বার সেবনে উপকার দর্শে আইয়োডোফর্মের ৫ বর্গি বা সাপাজিটরী ভার্গিন তৈল স্রব সাত্রায় প্রাচীর প্রদাহে উপকারক মূত্রের অম্লত্ব বিদূরণার্থ সাইট্রেট বা লাইকার্বনেট পটাশ বা লাইকর পটাশ বোগের কারণ বিদূরিত করিতে সর্বাঙ্গে সচেষ্টিত হওয়া কর্তব্য অধিবক্ষণ মূত্র থাকা বশতঃ মূত্রাশয়ের উগ্রতা না জন্মে, তদর্থে মধ্যে মধ্যে ববাবেন শলাকা দ্বারা মূত্র নিঃসৃত করিবে মধ্যে মধ্যে ৩ ৪ আউন্স ঈষদুষ্ণ জল দ্বারা মূত্রাশয়ে গীচকাবি অথবা ৬ বা ৮ আউন্স জল, ২০ গ্রেণ একট্রী হাব সায়াগাস ও ৪ গ্রেণ ওপিগ অথবা ১৫ ২০ গ্রেণ বোবিক এসিড একত্রে গুলিয়া গীচকাবি দিবে তৎপরে এ্যাস্টেট অব্ ১ গিন্য ই ১ গ্রেণ, জল ২ আউন্স গীচকাবি দিবে, কিন্তু ডোম প্রদাহ বাহির না করিয়া কিছুক্ষণ মূত্রাশয়ের মধ্যে বর্ণিবে সংকোচক ঔষধের প্রয়োজন হইলে এ্যস্টেট অব্ ৫ ৬ বা ট্যানিক এসিড ঈষদুষ্ণ জলের সঙ্গে গুলিয়া গীচকারি দিবে । সেবনাথ হন ম° ইউভা অর্গাই ও বকু অথবা ডিকক্সন অব্ ৫ প্যাবেনা ও ক ডচ

গ্রাস ঝিঙ্কপানীয়, লিন্সিড্ ইনফিউজন, বার্লি ওয়াটার, আইস্-ল্যাণ্ড মস ডিককসন । ওপ্টিম ও বেলেডোনা সপোজিটবী ১৬৬ ; জীলোকদের জন্ত আইয়োডাইড্ অব্ লেড বা অক্সাইড্ অব্ জিঙ্ক ■ বেলেডোনা পেসারি কটিদেশের অধোভাগে বেলেডোনা প্লাষ্টিক বা ক্রোটন অয়েল লিনিমেন্ট বা আইয়োডিন লিনিমেন্ট । পথ্যার্থ পুষ্টিকারক খাদ্য দিবে চা ও কফি সেবন অনিষ্টকর । রোগী বৃদ্ধ, মদ্যপানে অভ্যস্ত, বা অভ্যস্ত দুর্বল হইলে অল্প পরিমাণে মদ্যপান করিতে দেওয়া বিধেয় । বিপাক শক্তির দুর্বলতাতে পেপ্সিম ইণ্ডিয়া রবারের শলাকায় তৈল না মাথাইয়া প্লিসিবিণ অব্ বোরেসিস্ মাখান উচিত । বোরিক এসিড সেবনও হিতকর, ৫—১৫ গ্রেণ ছুঙ্ক বা জলের সঙ্গে সেবন করিলে মূত্রের পচন নিবারণ কবে বেদনা নিবারণার্থ হায়সায়ামাই, বেলেডোনা এগোন ক্লোরাইড এই পীড়ায় বিশেষ উপকারী অয়েল স্ত্রাণ্টাল উপকারী বেদনা ও জ্বর নিবারণার্থ ফিনাসিটিন ও এন্টিপাইবিন উপযোগী ইউক্যালিপ্টাই, কোপেবা ■ টর্পেন্টাইন অল্প মাত্রায় প্রয়োজ্য ।

স্পার্মেটোরিয়া—শুক্ৰমেহ ।

সত্তত অনৈচ্ছিক ভাবে শুক্রক্ষরণ হওয়া বশতঃ শারীরিক ও মানসিক স্বাস্থ্যের বিশৃঙ্খলাবস্থা হস্তমৈথুন ইহার একটা সাধাবণ কারণ

লক্ষণ । সার্বসঙ্গিক দুর্বলতা, স্নায়বীয় উদ্দীপনা, জন্ত মনস্কতা, উদরাধান, কোষ্ঠবদ্ধ দৃষ্টি ও শ্রবণ শক্তির হীনতা শ্বতিকাশক্তির দুর্বলতা হৃৎস্পন্দন, শিরোবৃণন, শিবোবেদনা,

স্নায়ুশূল অত্যন্ত বর্ধিত রোগেব পরিণামে অস্মার, যক্ষা, ধবজভঙ্গ ও উন্মাদ রোগ জন্মিতে পারে।

চিকিৎসা — ব্রোমাইড অব্ সোডিয়ম বিশেষ সুফলপ্রাপ্ত মানসিক অবস্থাব উন্নতি বিধান আবশ্যিক একট্টা বেলেডোনা ½ গ্রেণ ও সলফেট অব্ জিঙ্ক দেড় গ্রেণ একত্রে এক বটিকা কবিত্বা দিনে ৩ ৪ বার সেবনে স্বপ্নদোষ নিবারিত হয় টিং ষ্টীল ও ক্যান্থে বাইডিস ডিজিটেলিস ইনফিউজন ১ বা ২ ড্রাম মাত্রায় সেবনে উপকার দর্শে হাইপোক্‌ফাইট অব্ সোডা বা লাইম শুক্র-ক্ষরণ জনিত শারীরিক ও মানসিক দুর্বলতায় ফস্ফরাস এই রোগেব সঙ্গে ধবজভঙ্গ থাকিলে স্ট্রিকনিয়া অথবা ক্রিয়াব স্তম্ভ জ্বলা সম্পাদনার্থ মূত্র বিবেচক ঔষধ সেব্য বস্ববীয় নৈর্বৃত্য বর্তমানে ফস্ফরিক এসিড ডিল ■ টিংচর নক্সভমিকা ৪৩২ ; সলফেট অব্ জিঙ্ক ও একট্টাষ্ট নক্সভমিকা টিংচর অব্ ষ্টিল, কুইনাইন ও আয়রণ । লবণ মিশ্রিত ঈষদুষ্ণ জলে স্নান কড়-লিভার অয়েল ; অল্প পরিমাণে তিত্ত এলু আসব । দুগ্ধ, চা ও কফি সেবন নিষিদ্ধ ক্যান্ফর ও কোনিয়ম বা বেলেডোনা । ক্রিমি থাকিলে স্ত্রাণ্টোনাইন । পরিমিত শারীরিক ও মানসিক শ্রম, কঠিন শস্য ৮ ঘণ্টাকাল নিদ্রা তামাক ও মদ্য সেবন নিষিদ্ধ । ফস্ফেট অব্ জিঙ্ক ৪২১ ব্রোমাইড অব্ পটাশিয়ম । মূত্রে অত্যন্ত অম্লানিক্য থাকিলে ক্ষার প্রয়োগে তাহা নিবারণ করিবে স্থানিক কাবণ অর্থাৎ প্রিপিউসেয় দীর্ঘতা, ফিসর অব্ রেক্টম, অর্শ বা হেমবইডস, ব্যালানাইটিস, ফাইমোসিস ইত্যাদি থাকিলে তাহা বিদূরণের চেষ্টা কর্তব্য ।

অর্কাইটিস্—মুষ্ণ বা অণ্ড প্রদাহ ।

তরুণ মুষ্ণ-প্রদাহ — প্রমেহ বোগের প্রদাহ মূত্রমার্গ হইতে প্রস্রাবিত হইয়া অণ্ড প্রদাহ জন্মে উগ্র ঔষধের পীচকারি, পুষ্ক-পান, অতিশয় শারীরিক শ্রম বা অণ্ডকোষ কোণীন দ্বারা উত্তোলিত না রাখা ইত্যাদি কারণে বশতঃ প্রমেহজাত প্রদাহ মুষ্ণে প্রস্রাবিত হইয়া থাকে । অণ্ডের মধ্যভাগ ও উর্ধ্ব আবরণ আদিও প্রদাহিত হয় ।

লক্ষণ ।—বেতঃ বজ্জু ও অণ্ড বেদনা ও ভাববোধ ; কটিতে, কুচকীতে ও উরুর উপবংশে অসুখ বোধ ঘন ঘন পশ্রাব । প্রমেহের পূর্ণকরণ হ্রাসিত । অণ্ড ক্ষীত, অণ্ডকোষ দৃঢ় ও সটান, রেতঃবজ্জু ক্ষীত সাতিশয় স্পর্শসহ্য, চাপে বেদনার বৃদ্ধি জ্বর, বমন, বিবসিষ, কোষ্ঠবদ্ধ কদাচ স্ফোটক উৎপন্ন হয় ।

প্রাচীন অণ্ড প্রদাহ তরুণ প্রদাহাবসানে বা আপনাপনিই সমুপস্থিত হয় মূত্রমার্গাববোধ, প্রাচীন প্রমেহ, উপদংশবিষ বা গণ্ডমাশীয় ধাতুপ্রকৃতি বশতঃ এই বোগোৎপত্তি হইতে পারে

লক্ষণ ।—অণ্ডের উপবংশে প্রদাহ জন্মবার পরে সমস্ত অণ্ডে বিস্তৃত হইয়া পড়ে ক্ষীততা ও কাঠিগ্ন ও চাপে স্পর্শসহ্য, ভাববোধ সময় সময় অণ্ডের আবরণ পর্দাব মধ্যে মাস্তক রস সঞ্চিত হয় । উপদংশ বিষ জনিত পীড়া হইলে গাত্রে পীড়কা, সশব্দ উদ্বেদ, বাত বেদনা ও তাহাব বাত্রিতে বৃদ্ধি, জিহ্বা বা কর্ণে ক্ষত, স্বাস্থ্যহানি ■ সময় সময় উপতাবা প্রদাহ সমুপস্থিত হয়

চিকিৎসা ।—স্থানিক—রক্তমোক্ষণ অর্থাৎ একখানি

জ্যান্সেটেব অগ্রভাগ দ্বারা স্থানে স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র আকারে অশু-
 খাত কবিয়া, ৩৭২ রে কিছুক্ষণ উষ্ণজলেব যেন দিলে তৎক্ষণে পুন-
 মাণে বস্ত্র নিঃশ্ৰুত হইয়া প্রদাহেব শান্তি হয় রোগীকে ২৪ ঘণ্টা
 শয্যায়া শান্তি বাধিবে অশুকোষ একটি ছোট কাগি দ্বারা উঃ ও
 কবিয়া বাধিবে পণী ফোমেণ্টেসন প্রদাহ বিধিৎ অপগত
 হইলে ষ্ট্রাপিং কাববে লিনিমেন্ট বেলেডোন ১২৯ প্রদাহেব
 তৎপারস্থায় লাইকব প্রধাই সব এসিটেটস লোশন ৪২৬, ৭৭৫,
 পর্যায়ক্রমে উষ্ণ ও শীতল জলধাৰা সেবনার্থ—এন্টননা,
 স্ত্রালাইন ও হেনবেন ২৬৭, ৪২৫ ডোভর্স পাউডব ও ব্যানো-
 মেল ব্রোমাইড ও ওপিয়ম কবোসিব সল্লিমেট ও ডি. সার্জি
 ৪০২ বোগ বাতজানত হইলে কলাচকম ৩৩১, আইয়োডাইড
 অব্ পটাসিয়ম ৪০৪ সলফেট অব্ সোডা ও ট্যাবাক্‌মেস্কম ৩৪৯,
 একোনাইট ১০৭, ২৭২ বেদনানিবাবক মাত্রায় অহিফেন
 বেলেডোনা ও গ্লিসিরিন, লিনসিড পুল্‌টীশ স্‌ম্পেঙ্গরী ব্যাণ্ডেজ
 ব্যবহার আবশ্যক চাপ প্রয়োগ উপকাৰী ওলিমেট অব্
 মার্কবী এণ্ড মর্ফিয়া লাইকব এম্যানি এসিটেটস টি, ভিনেট্রুম
 ভিবিড, টিংচব পলসেটীলা হিতকব প্রথমে এক মাত্রা ক্যাণো
 মেল ৩৭২ বে স্ত্রালাইন বিবেচক

পুৰাতন বোগে এম্পাষ্টম এমোনিফেসাই কঃ হাইড্‌জিবাচ
 ও সোপ পাষ্টব দ্বারা ষ্ট্রাপিং ক্যাণোমেণেব দুঃ প্রয়োগ বস্ত্র-
 খণ্ড দ্বারা অশুকোষদয় উত্তেজিত বাধিবে ওলিমেট অব্ মার্কবী,
 টিংচব আইয়োডিন, অসুমেঃ হাইড্‌জি আইয়োডিডম্ বস্ত্রম ১ ভাগ,
 মোমেব মলম ৭ ভাগ লিনিঃ পটাসী আইয়োডিডাই কম্পেসেগানি
 সেবনার্থ আইয়োডাইড অব্ পটাসিয়ম ৩১৯, ৪০৪ কবোসিব

সন্নিমেট ও সার্জী ৪০২ গাউট জনিত পীড়ায় স্থালিচিটেট অব্
সোডা ও কলচিকম ।

ইম্পোটেঞ্চ এণ্ড ষ্টৰিলিটী—ধ্বজভঙ্গ ও বন্ধ্যাস্ত

যে কোন প্রকার অসুস্থাবস্থা হইতে পূৰ্ণযেব শুক্র, স্ত্রীলোকের ডিম্বাণুব সহিত সংযোজিত হইতে না পাবে, তাহাকে ইম্পোটেঞ্চ বা ধ্বজভঙ্গ বলে তদুপ, যে প্রকার অবস্থা বশতঃ শুক্রেব স্পৰ্মাটোজোয়া বা কীটানু বা স্ত্রীলোকের ডিম্বাণু নিঃসৃত না হয় অথবা নিঃসৃত হওয়াৰ অনতিবিলম্বে উহাদেব জীবনী বিনষ্ট হয়, তাহাকে ষ্টৰিলিটী বা বন্ধ্যা রোগ বনে

পুরুষদের ধ্বজভঙ্গ । বিবিধ কাৰণে বোগী স্ত্রীসঙ্গম কৰিতে অসমর্থ হয় পুংস্বৰ বৰ্দ্ধনাভাব বা বিকৃত বৰ্দ্ধন আদি, মানসিক শোক, ক্ৰোধ, অতিশয় উত্তেজিত ইচ্ছা, উৎকণ্ঠা, হুঃখ, বিবক্তি ইত্যাদি জ্বৰ ও প্রবদ পীড়াস্তে পুংলিঙ্গেব দৌৰ্বল্য জন্মে মস্তকেব পুচ্ছাঙ্গাগে ব হিক আঘাত প্রাপ্তি বশতঃ ধ্বজভঙ্গ হয় পৃষ্ঠবংশীয় গজ্জাব পীড় বা আঘাত, অপবিমিত তাত্রকুট ব্যবহাৰ বশতঃ পৰিপাক ক্রিয়া ও স্নায়ু এবং পৈশিক মণ্ড দুৰ্বল হইয়া পড়ে, তদুপ অত্যধিক অহিফেন ব্যবহাৰ এই বোগেব কাৰণ মধ্য পৰিগণিত মূত্রমার্গেব সংকোচ বশতঃ শুক্র মূত্রাশয়ে প্রবিষ্ট হইতে পাবে মূত্রমার্গে অস্বাভাৱিক ছিদ্র থাকি বশতঃ শুক্র বথাস্থানে প্রবিষ্ট হইতে পাবে না

স্ত্রীলোকদের ।—বাহু জননেম্রিষেব বিকৃতি, বোনিদাৰেব আক্ৰম, অৰ্ধুদ, জবাৰু গ্ৰীবা দীৰ্ঘ, জবায়ুব স্থানচ্যুতি, প্রদাহাদি,

ফ্যালোপিয়ান নলীতে অবরোধ প্রভৃতি কারণে পুণ্য সংসর্গ করিতে অসামর্থ্য জন্মে

পুরুষদেব গুটিকারোগ, যক্ষ্মা, আণুলালিক প্রস্রাব, কোন কোন প্রকার অজীর্ণ ছাড়া বহু বোগ জন্মে পীড়ান বর্ধিতাবস্থায় গুরুপ্রস্রাব বন্ধ হইয়া যায় মস্তিষ্কের কোন কোন পীড়া বশতঃ অণ্ডেব যথোচিত ক্রিয়ার ব্যাঘাত হয় অণ্ডে অর্ধুদ, কর্কট, পুনঃ পুনঃ প্রদাহ, অস্বাভাবিক অবস্থান প্রভৃতি কারণে গুরুপ্রস্রাব জীবনী শক্তি নষ্ট হয় গুরুনিঃসরণ পথে বাধাপ্রাপ্তি, তামাক, অহিফেন ও সুরাব অপবিমিত ব্যবহার ও উপদংশ বিষ দ্বারা গুরুপ্রস্রাব জীবনী বিনষ্ট হইয়া থাকে

স্ত্রীলোকে—বক্ষ্যাত্ত পীড়ার কারণে মধ্যে এই গুণি প্রধান—আর্ন্তবাত্ত, অবসন্নতা বা সাতিশয় সার্ভালিক দুর্বলতা, সন্তত বা অসম্পূর্ণ সঙ্গমেচ্ছা, ডিম্বকোষেব পীড়া বা বর্ধনাভাব যেত প্রদর অত্যধিক ও উগ্র হইলে গুরুপ্রস্রাব কীটাবু নষ্ট এবং উপদংশীয় বিষ প্রভাবে ডিম্বাণুব জীবনী পায়ই বিনষ্ট হইয়া থাকে

চিকিৎসা — কামণানুসাবে চিকিৎসোপায় অবলম্বন কৰা বিধেয় লৌহঘটিত ঔষধ, নক্সভগিকা, সখণ, ফল্গু, মস-নিক এসিড ডিম, ক্যাঙ্কেরাইডিম, ইন্ডিয়ান হেম্প, হাইপোফসফাইট অব্ বাইম ও সোডা মগুক বা পৃষ্ঠবংশে আধাত বৎ গুণ পীড়া উপস্থিত হইলে অল্প মাত্রায় প্যাঙ্কোবাইড্ ও নু মার্কিন হত কর আইয়োডাইড্ অব্ পটাশিয়াম ও উগকাবা সমুদ্র সোদা স্নান, পুষ্টিকারক খাদ্য, পৃষ্ঠবংশে গুণি ভ্যানিঞ্জম বা উণ্ডেজন স দন লাইকব্ স্ট্রিকিউরী ও টিংচন অব্ স্ট্রিকিউরী এবং ইন্ডিয়ান হেম্প

লিকুইড ১ ড্রাম মাত্রায় দিনে ২ ৩ বার সেব্য ইহার সহিত
টিংচর নয়ভগিকা প্রয়োগ হিতকর ।

ডিজিজেস্ অব্ দি আইজ—চক্ষুরোগ ।

অপ্খামিয়া ক্যাটাৰাল—সর্দি বা শৈত্য-

জনিত চক্ষুউঠা

সর্দিজনিত চক্ষুউঠা অতি সাধারণ ইহাতে চক্ষুব যোজক-
ত্বক অর্থাৎ তাহাব শৈথিল্য বিগীতে সামান্য প্রকার এদাহ
জন্মে

লক্ষণ । সামান্য বেদনা বা জ্বালা বোধ টান ও শুষ্কতা
বোধ, চক্ষুতে বালি পড়লে যেরূপ কর্কর কবে, ইহাতেও তদ্রূপ
বোধ হয়, যোজক তন্তুস্থ শিবাতি ক্ষীণ থাকায় স্পর্শাতিশয়া
বিশিষ্ট চক্ষুব পাতা উহাতে ঘর্ষিত হওয়ার স্ফূরণ বোধ হয় এই
সমস্ত রক্তাধাব উজ্জল, ও লালবর্ণ দেখায় ও বিশৃঙ্খলভাবে
অবস্থিতি করে স্ক্লিবোটাইটিস বোগে উহাবা আবণ্ডবর্ণ ও
চক্রের অব্ সকলোব স্থায় ধক্ষু ও স্মৃঙ্খলভাবে থাকে চক্ষুতে
অধিক পিচুটি আব হয় সময় সময় উহা পুষবৎ হয়

চিকিৎসা —এবপ রোগ সচবাচর সহজেই আরোগ্য হয়
অনেক সময় কোন প্রকার ঔষধাদি প্রয়োগেব আবণ্ডক হয়
না রোগেব প্রাবন্তে কোষ্ঠবন্ধ থাকিলে ক্যালোমেলা, জেলাপ
বা স্ফামনী সহ, ৩৫১, ৩৫২, অথবা বাত্রিতে ক্যালোমেলা ৩৪১ ;
ও প্রাতে ব্লাক্ ড্রাফট্, ৩৩১ যদি সার্কাস্টিক স্থাস্থ্য মন্দাবস্থায়
থাকে, তবে বনাকারক ও উত্তেজক ঔষধ সেবন বিধেয় যদি
সার্কাস্টিক রক্তাধিক্য বর্তমান থাকে, তবে ২১৩ দিন বিরেক ও

লঘুপথ্য বিধান করিবে রোগ মহাজ আরোগ্য প্রবেশ দৃষ্ট না হইলে কর্ণের পশ্চাতে বা শঙ্খদেশে ক্রিষ্টাব দিবে আক্রান্ত চক্ষুকে আলোক ও সূর্যোত্তাপ হইতে রক্ষা করিবার জন্য হরিৎ-বর্ণ চক্ষু বা বস্রখণ্ড দ্বারা চক্ষু আবৃত রাখিবে ঈষৎ জল বা পোস্তাচুড়ির কাথ দ্বারা চক্ষু বাবস্বাব ধৌত করিবে প্রয়োজ নান্নমারে সংকোচক অক্ষি ধৌত বিধান করিবে অর্থাৎ ভাইনগ ওপিফাই ২৫১, ম্যালম বা নাইট্রেট অব্ সিণ্ডর ধৌত ২৫০। যদি রাত্রিতে চক্ষু জ্বালা থাকে, তাহা হইলে বসা, ঘৃত বা সিম্পল অক্সিজেনেট চক্ষুপাতাদ্বয়ের মধ্যে মাখাইয়া দিবে হাইড্রার্স পারক্লোরাইড লোশন এক গ্রোণে ১৬ বা ৮ আউন্স জল বোরিক এসিড লোশন ৫—১০ গ্রেণ, জল ১ বা ১০ আউন্স

অপথ্যালমিয়া ক্রনিক—অধিক দিন স্থায়ী চক্ষু উঠা।

চিকিৎসা — হানিব—উৎসাহনক কাবৎ সর্ব প্রথমে বিদূরিত করিবে সার্বস্বিক স্থাস্থ্য যাহাতে ভান হয়, তদ্বি-
ষয়ে মনোযোগ দিবে এতদর্থে নিয়মিত ব্যবস্থা মত ঔষধ
সেবন বিধেয় ১৭৬, ১৮১, ১৮২, ১৮৯, ১৯৪, ৩১৯ ভাইনম
ওপিফাম সম পিফিও বিশুদ্ধ জল সহ অগ্নিদৌত্রাপে প্রয়োজ
অথবা সলফেট অব্ জিঙ্ক, নাইট্রেট অব্ সিণ্ডর ও ম্যালম প্রভৃতি
২৫০, ২৫১, ২৫৪ ইহাতেও পূর্বোক্ত মত হাইড্রার্স পার-
ক্লোরাইড লোশন ও বোরিক এসিড লোশন প্রয়োগ হইত

অপথাল্‌মিয়া পুরুলেন্ট—সপুষ্ট চক্ষুউঠা।

ইহা পুরুলেন্ট বোগের অনুরূপ, কিন্তু তদপেক্ষা প্রবলতররূপে প্রকাশিত হয়; তদ্ব্যতীত এতদ্বারা চক্ষুর অধিক অনিষ্ট সাধিত হইয়া থাকে

লক্ষণ।—পূর্ণবয়স্কদের সপুষ্ট চক্ষুপদাহে প্রবল প্রদাহ উপস্থিত হয় তৎসঙ্গে প্রচণ্ড বেদনা ও অধিক পরিমাণে গাঢ় ও পীতাত্মক পুষ্ণাব হয় চক্ষুপাতাদ্বয় অত্যন্ত ক্ষীণ হওয়ায় চক্ষুর ভিতর ভালরূপে দেখিতে পাওয়া যায় না যোজক ও ক্রিমোটিক পর্দার মধ্যে মাস্ককবস সঞ্চিত হওয়ায় চক্ষু ক্ষীণ হয়, ইহাকে কিমোসিস্ বলে চক্ষু ও কপালে প্রবল বেদনা। 'জ্বর, অবসন্নতা। বোগেব সমতা না হইলে প্রদাহ বর্ধিত হইয়া কর্ণিয়া ও সময় সময় আভ্যন্তর বিধানাদি আক্রান্ত হওয়ায় ক্ষত ও পচন সমুপস্থিত হয় অবশেষে চক্ষুর দৃষ্টি নষ্ট হইয়া যন্ত্রণার অবসান হয় এই রোগ স্পর্শাক্রামক। সময় সময় ইহা বহুব্যাপীরূপেও প্রকাশ পায়

চিকিৎসা।—এই রোগে চক্ষুর ভিতর ক্ষত বা পচন উপস্থিত হইতে পারে। অতএব তৎপক্ষে বিশিষ্ট দৃষ্টি রাখা কর্তব্য রোগেব প্রাবল্যে যদি জিহ্বা মলাবৃত থাকে, তবে বিরেচক ঔষধ ব্যবস্থা করিবে ৫ গ্রাঃ ক্যালোমেল ও ১৫ গ্রাঃ জেলাপ একত্রে সেবন করাইয়া তৎপরে সলফেট অব্ ম্যাগ্নিসিয়া ৩৩১, ৩৩৪, বা সিডলীজ্ পাউডর ৩৫৩; বা ক্যাপ্টর অয়েল ৩২৯, ৩৩৬ প্রয়োজ্য। তৎপরে সার্বাস্থিক দুর্বলতা থাকিলে এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪; কুইনাইন ১৯১, ১৯৪; কডলি-

ভর অয়েল ১৯২, ৪১০ আহারার্থে, মাংস, বিয়ার বা পোর্ট-
ওয়াইন, ছুঙ্ক । যাতনা নিবারণের জন্ত রাত্রিতে হেনবেন ১০৪ ;
ওপিয়ম ৮৮, ১০৩ ; পলভ ইপিক্যাক কং ১০৮ চক্ষু সদা সর্বদা
ঈষচ্ছয় জল, পপী ডিকক্‌সন বা হরিদ্রাক্ত বস্মথণ্ড দ্বারা পরি-
ষ্কার করিবে । তৎপবে সঙ্কোচক অক্ষিধৌত প্রয়োগ্য ২৫০, ২৫১,
২৫৪ চক্ষুপাতা অত্যন্ত ক্ষীণ হওয়া বশতঃ অক্ষিধৌত ব্যবহারের
অনুবিধা হইলে পীচকারি দ্বারা উহা দিবে চক্ষুপাতা পরস্পন
আঁটিয়া না থাকে, তজ্জন্ত অক্ষুয়েঃ সিট্রন ডিল ৬৭ । ব্লিষ্টার ও
জলোকা ব্যবস্থা অনেক বিজ্ঞ চিকিৎসকের অনুমোদনীয় নহে
চক্ষু খোলার সময় চিকিৎসকের সাবধান হওয়া কর্তব্য, যেন চক্ষু-
গোলকে চাপ না লাগে কেবল চক্ষুপাতায় হাত দিয়া মৃদুভাবে
টানিলে চক্ষু খুলিবে । অক্ষিগোলকে চাপ লাগিলে নানা অনিষ্ট
সংঘটিতে পারে অর্থাৎ কর্ণিয়াতে (চক্ষুরে কাল ক্ষেত্র) যদি পুয়োৎ
পত্তি হইয়া থাকে, তাহা হইলে চাপ প্রযুক্ত উহা বিদীর্ণ হইয়া
যায় । কর্ণিয়ায় ক্ষত প্রকাশিত হইলে সময়ে সময়ে তাহা নাই-
ট্রেট অব্ সিলভনের বাতি স্থানিক প্রয়োগ বিনে আবেগ্য
হইতে পারে অথবা ২—১০ গ্রে° নাইট্রেট অব্ সিলভর ও ১
আউন্স পবিত্রাত জল একত্রে ধৌত প্রস্তুত করিয়া দিনে ২৩
বার প্রয়োগ করিবে জিক ও ম্যাংম লোশন দ্বারাও বারম্বার
চক্ষু ধৌত করিবে অত্যন্ত বেদন উৎপন্ন হইলে অহিষ্কে
মিশ্রিত জল উষ্ণ করিয়া চক্ষুর উপরে ফেঁক দিবে শস্যাদেবে
ব্লিষ্টার দিলেও বেদনা ও যন্ত্রণাদির শান্তি হয় এই অয়েন্টমেন্ট
ও ওপিয়ম একত্রে ক্রম উপরে সর্দন করা কর্তব্য হাইড্রার্জ
পারক্লোবাইড্ ও বোরিক লোশন বেদনায় আতিশয়ে এট্রপিও ও

কোকের্ন প্রমোড়া একষ্টাঃ বেলেডোনা ১০-১৫ গ্রেণ, ল্যানো-
লিন ২ ৪ ড্রাম, একত্রে চক্ষুর্দ্রব ও লব উপর্দ মর্দনীয়

গনোরিয়েল অপ্‌থাল্‌মিয়া—প্রমেহ জনিত চক্ষুর্দ্রব ।

কয়েকটী বিষয়ে ইহা পূর্কবর্ণিত পীড়া হইতে স্বতন্ত্র ইহা
প্রবলতর আকারে উপস্থিত হয় । কদাচ এক চক্ষু স্থায়ী থাকে,
কিন্তু একটী চক্ষুতে প্রদাহ হওয়ার ২৩ দিবস পবে অপরটী
আক্রান্ত হয় । প্রমেহ পীড়ায় যে পুষ্ক্যাব হয়, তাহা কোনকপে
চক্ষুতে লাগিলেই এই পীড়া ঙ্গে ঙ্গেও প্রদবেব আব চক্ষুতে
লাগিলেও এইরূপ প্রদাহ জন্মিতে পাবে সাধারণতঃ এই
বোগে কর্ণিয়াব পচন সংঘটিত হয় ।

চিকিৎসা ।—ইহাতেও পূর্কোক্ত চিকিৎসা অবলম্বনীয়
এই বোগে চক্ষু তনবরত পবিষ্কার কবিবে বেদনাব আতিশয্য
নিবারণার্থ পূর্কপীড়ায় বিহিত উপায়াদি ব্যতীত লব উপরে ও
শঙ্খ দেশে ব্লু অয়েন্টমেন্ট ও অহিফেন ১২৬, মালিশ কবিবে ।
শঙ্খ দেশে ও কর্ণের পশ্চাত্তাগে ব্লিষ্টাব ও জলোকা নাইট্রেট
অব্ সিণ্ডবেব অক্ষিধৌত বিশেষ উপকারী ইহা সচরাচর
৫ ১০ গ্রেণ এক আউন্স জলে দ্রব কবিয়া ব্যবহার্য কেহ কেহ
২০।৩০ গ্রেণ এক আউন্স পরিষ্কৃত জলে দ্রব কবিয়া ব্যবহার
করিতে বেন, কিন্তু উহা দিলে অত্যন্ত যন্ত্রণা হইয়া থাকে
চক্ষুেব তার প্রসাবিত বাধিবার জন্ত ও বেদনা নিবারণার্থ লাই-
কব এটপিয়া ২ ১ ফোটা মধ্যে মধ্যে চক্ষুে দেওয়া আবশ্যিক ।

অপথাল্‌মিয়ানিয়োনোটোবম শিশুদের সপুষ চক্ষু উঠা ৩১৩

কোকেইনও এই জন্য ব্যবহৃত হয় হাইড্রার্জ পাবক্লোরাইড্‌ ও
বোরিক লোশন এই গীড়ায় উপকারী ।

অপথাল্‌মিয়া নিয়োনোটোরম—শিশুদের সপুষ চক্ষু উঠা ।

সাধারণতঃ শিশু ভূমিষ্ঠ হওয়ার পব তৃতীয় দিবসে এই যোগ
জন্মে ইহাতে অক্ষিপুটাদি স্থলৈঙ্গিক ঝিল্লিতে প্রদাহ উৎপন্ন
হয় অক্ষিপুট জোড়া লাগে, উহা খুলিলে ঘন পুষ বাহিব হয় ।
চক্ষু স্থলৈঙ্গিক ঝিল্লিতে প্রদাহ প্রসারিত হইয়া পড়িলে চক্ষুপাতা
ক্ষীণিত হয় পুষস্রাব বর্ধিত ও শিশু ক্ষীণ, অস্থির ও উগ্র প্রকৃতি-
বিশিষ্ট হয় এইরূপ ভাবে গীড়া ৮৯ দিন থাকিতে পাব
প্রদাহের শাস্তি না হইলে কর্ণিয়াতে ক্ষত হইয়া চক্ষু নষ্ট হইয়া যায় ।
উভয় চক্ষুই সাধারণতঃ আক্রান্ত হয় এক সময়ে বা কয়েক
দিন ব্যবধানে দুই চক্ষু গীড়িত হইয়া থাকে ইহাব পুষ
স্পর্শাক্রান্তক

চিকিৎসা ।—ম্যাগ্নিসিয়া ৩৫৪, ক্যাষ্টর অয়েল ; হাই-
ড্রার্জ কমক্রিটা আইয়োডাইড্‌ অব্‌ পটাশিয়ম পথার্থ (১০
ও ছাগ হৃৎক মাতৃগুণ্য দূষিত হইলে সূক্ষ্ম ও দুগ্ধবর্তী ধাতু
নিমোজিত করিবে অতি অল্প মাত্রায় ও বিশেষ সাবধান
সহকারে ডোভার্ম গাউডব ব্যবহার করিতে বেহ কেহ বলেন,
কিন্তু নিতান্ত শিশুকে উহা দেওয়া উচিত নহে কর্ণিয়ায় ক্ষত
হইলে হাইড্রার্জ পাবক্লোরাইড্‌ লোশন, বোরিক এসিড লোশন
ভারা প্রসারিত করণার্থ লাইকব্‌ এট্রপিয়া বা কোকেইন ব্যবহৃত

ইয় চক্ষের পাতা জোড়া না লাগে তজ্জন্ত আইয়োডোফর্ম ১ গ্রেণ ও ভেসিলিন ২০ গ্রেণ একত্রে লাগাইবে কুইনাইন ১৯৩; ফেবি আইয়োডিডাই ১৮০ টিংচর ফেরি পাবক্লোরাইড্ ১৭১। ঈষ-দুষ্ক জলে চক্ষু ধোও কবিবে ম্যালম, সলফেট অব্ জিন্ক বা কষ্টিক লোশন ২৫০, ২৫৪ চক্ষু দিবে চক্ষু সতত পরিষ্কার রাখা উচিত এতদর্থে ঈষদুষ্ক জল হিওকব অথবা মৃৎ বোবিক এসিড লোশন ব্যবহার্য্য

অপথাল্মিয়া স্ফিউলস—গণ্ডমালীয় চক্ষু উঠা ।

গণ্ডমালা ধাতুপ্রকৃতিক ও অগ্রাণ্ড বালকদের স্তনদুষ্ক ভ্যাগ কবিবার সময় হইতে ৯ বা ১০ বৎসব বয়স পর্য্যন্ত এই পীড়া হইয়া থাকে

লক্ষণ —চক্ষু অন্ন বক্তাবর্ণ, পুষ্পপূর্ণ উদ্ভেদ বা কখন কখন কণিমাতে ক্ষত হয় অত্যন্ত অশ্রুশ্রাব, নাসা ও কপোলাভ্যাস্তবস্থ শ্লেষিক বিলীর উদ্দীপনা আলোকাতঙ্কা, তৎসঙ্গে অক্ষিপুটের আক্ষেপিক সঙ্কোচন। ওষ্ঠ ক্ষীণ, কর্ণের পশ্চাভ্যাগে উদ্ভেদ, আঙ্গিক শ্রাবের বিশৃঙ্খলা উভয় চক্ষুই সাধারণতঃ আক্রান্ত হয় উষ্ণ অশ্রুশ্রাব কপোলদেশ বাইয়া পড়ায় তৎস্থানে সপুষ্প উদ্ভেদ বাহিব হয়

চিকিৎসা —পুষ্টিকর পথ্য দুষ্ক; বিশুদ্ধ বায়ু সেখন, উষ্ণ বস্ত্র পরিধান। সময়ে সময়ে মৃৎ বিরেচক। কুইনাইন, আর্সিনিক; ষ্টীল ও কডলিডব অয়েল আইয়োডিড্ অব্ আয়বণ; আইয়োডিড্ অব্ পটাশিয়ম উষ্ণজল স্নেদ, হরিৎ-বর্ণ বস্ত্রখণ্ড বা চস্মা দ্বাৰা চক্ষু আবরণ ভাইনম ওপিঘাই

ড্রুপ সল্‌ফেট অব্‌ জিঙ্ক ও ম্যালম লোশন কর্ণ ও গ্রীবার
পশ্চাতে বিষ্টার অভ্যন্তর বেদনায় এটপিন ও কোকেইন
প্রয়োজ্য অক্সাইড্‌ অব্‌ মার্করি ■ গ্রেন ও ভেসিগিন
এক আউন্স একত্রে মিলিত করত অক্ষিপুটে লাগাইবে
চক্ষুতে ক্যালোমেল ডষ্টিং উপকারী করিয়াতে ক্ষত থাকিলে
অব্যবহার্য্য

অপথাল্‌মিয়া গ্রানিউলার ।

অক্ষিপুটেব অধস্থ ঐশ্লৈষিক ঝিল্লীতে সাধাবণতঃ দালবর্ণ ও
কর্কশ দানা দানা দৃষ্ট হয় ঐশ্লৈষিক ঝিল্লীস্থ ক্ষুদ্র ক্ষুদ্র গ্রন্থি
প্রদাহিত হওয়ায় ঐকপ দেখা উহাদের দাল যখন অভ্যন্তর
উদ্দীপনা জগে, তখন করিয়া অস্বচ্ছ হয় ।

চিকিৎসা ।—চক্ষের পাতার অভ্যন্তরে ক্ষুদ্র ক্ষুদ্র দানা
এবং উহা আবণ্ড ও কর্কশ হইলে কুইনাইন, আর্সিনিক ও ষ্ট্রীল
২৮৯ । পুষ্টিকর খাদ্য উন্নত দানাতে সল্‌ফেট অব্‌ কপার
বা নাইটেট অব্‌ সিল্‌ভর স্থানিক প্রয়োজ্য কবোসিব সল্লিমেট
লোশন, ১ গ্রেন ও জল ১ আউন্স, তুলিকা সহযোগে লাগা-
ইতে হয় । সপুষ্য ও দাহ উপস্থিত হইলে তদনুরূপ চিকিৎসা
কর্তব্য বেদনা নিবারণার্থ কোকেইন প্রয়োজ্য তৎপবে উন্নত
দানা গুলির উপর সল্‌ফেট অব্‌ কপার বা কষ্টিক সাবধানে
লাগাইতে হয়

অপথাল্‌মিয়া টার্মাল ।

অক্ষিপুটেব ধাব ও তৎসংলগ্ন ঐশ্লৈষিক ঝিল্লীব প্রদাহ, তৎ-

সঙ্গে চক্ষুপাতাব লোমেব নিকট সপুষ উদ্ভেদ বাহির হয় এবং তাহা হইতে পুষ্পাব হইয়া লাম সকল পবস্পাব সংলগ্ন হইয়া যায়।

লক্ষণ ।—তরুণাবস্থায় সাত্তিম্য বেদনা ও প্রাচীনাবস্থায় কণ্ডুয়ন, লোমোৎপাদক তন্তু বিনষ্ট হয় চর্ম্ম ও চক্ষুব যোজক তন্তু সন্মিলিতভাবে লাল উজ্জ্বল ক্ষতচিহ্নবৎ দেখায় অত্র প্রণালী অববদ্ধ হয়

চিকিৎসা । সাধাবণ স্বাস্থ্যোন্নতি বিধায়ক, বলকর ও পবিবর্তক সেবা আর্সিনিক, ষ্টীল, কড্‌নিওব অয়েন ইত্যাদি। পুষ্টিকর খাদ্য, ছন্ধ, মাংসাদি বায়ু পবিবর্তন চক্ষু সতত পবিক্রাব বাধিবে নাইটেট অব্ মার্কবি অয়েন্টমেন্ট ১ ভাগ, সিম্পল অয়েন্টমেন্ট ৭ ভাগ একত্রে সিনাইয়া স্থানিক প্রয়োগ কবিবে

টার্চিব এমিটিক ১২ হে.৩ স্ট্রট গ্লেগ মাত্রায় দিনে ৩ ৪ বার সেবন কবিতে দিলে গণ্ডমানার চক্ষু পদাচ্ উপশান্ত হয়। কার্ক-নিক এসিড্ গ্যাস চক্ষুতে লাগাইলে গণ্ডমানীয় চক্ষু-প্রদাহেব বেদনা ও আলোকাঙ্ক নিবাবিত হয় বেদনা ও আলোকাঙ্ক উপশান্ত কোকেইন ও এট্রপিন বিশেষ উপযোগী।

আইরাইটিস -উপতারা প্রদাহ।

কেবল আইটিস বা উপতারা কদাচ আক্রান্ত হয়। ইহাব সঙ্গে স্ক্লিবোটিক ও চক্ষুর অভ্যন্তরস্থ অগ্রাণু বিধানও পীড়িত হইয়া থাকে

লক্ষণ —প্রথমাবস্থায় উহাব সৌত্রাণ বিধান অস্পষ্ট থাকায় উপতারার আকৃতি পবিবর্তন হয় অর্থাৎ উহাব আকৃধন শক্তি নষ্ট ও বর্ণের পরিবর্তন হইয়া থাকে স্ক্লিবোটিক পর্দা অভ্যন্তর বক্রপূর্ণ হয় তৎপরে উপতারার গাত্রে মাস্ককরস ক্ষরিত হইয়া

থাকে। প্রদাহ জ্বরও বর্ধিত হইলে কনীনিকা অবরুদ্ধ বা উহার ধার লেন্‌সেব ক্যাপসিউলের সঙ্গে সংযুক্ত হয় অথবা কর্ণিয়া অস্বচ্ছ হইয়া পড়ে অথবা লেন্স ও ক্যাপসিউলের স্থায়ী অস্বচ্ছতা জন্মে ক্ষুদ্র ক্ষুদ্র কেশবৎ বক্রাধার সকল চক্রেব অনবৎ আকাবে কর্ণিয়ার কিনারার দিকে স্থিতি করে আইসিসেব বর্ণ পরিবর্তন; শাভাবিক নীলবর্ণ হইলে হরিৎ, ও কৃষ্ণবর্ণ থাকিলে আবক্ত বর্ণ হয় কনীনিকাব সংকোচন, বিশৃঙ্খলা ও সঞ্চরণশীলতাব অভাব কনীনিকায় ও পোষ্টিবিয়ার চেষ্টবে লসীকা জ্রাব উপতাবা ও কনীনিকাব ধাব লেন্‌সেব কোষ সহ সংযুক্ত হয় উপতাবায় গুটিকা, পুঘবটী বা ক্ষুদ্র ক্ষুদ্র ফোটক উৎপন্ন হয় গৃষ্টির অস্পষ্টতা ও কখন কখন সম্পূর্ণ দৃষ্টিলোপ চক্ষুতে বেদনা ও তাহা রাত্রিতে বৃদ্ধি হয় সকল রোগীবই যে পূর্বেকৃত লক্ষণ সমস্ত থাকিবে, একপ নহে উহাদেব মধ্যে কতকগুলি বর্তমান থাকিলেই তদ্বারা বোগ নির্ণীত হইতে পারে সার্ভাঙ্গিক অস্বস্থতা থাকে প্রদাহেব শান্তি না হইলে চক্ষুেব অন্ত্যান্ত বিধান বোগাক্রান্ত হয় অবশেষে চিবকালের জন্ত দৃষ্টিশক্তি নষ্ট হইয়া যাইতে পারে নৈত্য, অর্জিত, উপদংশবিষ, আঘাত, বাত ও গণ্ডগালীয় ধাতু প্ৰভৃতি এই বোগেব কাবৎ উপদংশ বিষজাত উপতাব প্রদাহ সাপাতন সকল বয়সেই ইহা হইতে পারে এংসৎ সার্ভাঙ্গিক উপদংশের অন্ত্যান্ত লক্ষণ উপস্থিত থাকে

চিকিৎসা —বেদনাব আতিশয় মাদক ঔষধ সেবন দ্বারা নিবারণ কবিবে কোকেইন, বেনেডোনা ও এট্রুপিয়ায় ধৌত দ্বাবা চক্ষুেব তাবা প্রসাবিত বাধিবে ১৫৯, ১৬০ কোকেইন ৪ পার্সেণ্ট সলিউশন ১ বা ২ ফোট অথবা লাইকন এট্রুপিয়া

২৩ ফোটা চক্ষুতে দিলে বোঁন উপশমিত ও কলীনিকা প্রসারিত থাকে । ইহা আবশ্যকানুসারে ২৩ ঘণ্টাস্তর প্রয়োজ্য । কলীনিকা প্রসারিত থাকিলে বোঁন সত্তর উপশমিত হয় মার্করী এই বোঁনের মহৌষধ, মুখ না আইসে একরূপ পরিমাণে ব্যবহার্য । বোঁগীকে অন্ধকার গৃহে থাকিতে উপদেশ দিবে ওপিয়ম, পপী বা বেলেডোনা উষ্ণ জলে গুলিয়া তদ্ধাবা সেক । বিরেচক ৩৩১ ৩৪১ আইয়োডাইড্‌ অব্‌ পটাশিয়ম ৩৯৯, ৪০১ উপদংশ-জনিত বোঁগে উহা ব্যতীত কবোসিব সল্লিমেট ৩৯৮, ৪০২ দৌর্ভল্য প্রাচুভূত হইলে এমোনিয়া ও বার্ক ১৮৩, কুইনাইন ১৯৩ । চক্ষের উপরিভাগে (এব উপব) ওপিয়ম ও মার্কুবিয়েল অয়েন্টমেন্ট ১২৬, মর্দন শঙ্খদেশে ত্রিষ্টাব, অবসাদক অক্ষিধৌত পুষ্টিকারক পথ্য একট্রাঃ বেলেডোনা ও ল্যানোলিন একত্রে এর উপব ও শঙ্খদেশে মর্দন কর্তব্য অয়েল টর্পেণ্টাইন সেবনার্থ বিধান করিলে ক্ষবিত মস্ত বা এগ্জুডেশন আশোষিত হইবার বিশেষ সাহায্য হয় । বাওসংশ্লিষ্ট পীডাম স্থালিসিলেট অব্‌ সোডা, উপকারী

স্কি রোটা ইটীস—অক্ষি গুরু প্রদাহ ।

রিউমেটীক অপথাল্গিয়া ।—শৈত্য, বাও বা প্রমেহ জাত প্রদাহ অগভাব দালবর্ণ রক্তাধার সকল চক্রের অরবৎ আকাবে শ্রেণীবদ্ধ এবং যোজক তন্তুর নিম্নে অবস্থিত প্রবল বন্ধনে বেদনা চক্ষুগোলক, এ ও শঙ্খদেশে অল্পভূত হয় স্বত্রিতে বেদনা বৃদ্ধি পায় সময় সময় আলোকাসহতা, দৃষ্টির অস্পষ্টতা, জ্ব ও অন্যান্য সার্বাঙ্গিক অসুস্থতা

কর্ণিয়াইটিস, কিবেটাইটিস—চক্ষুর কৃষ্ণক্ষেত্রের প্রদাহ ৩১৯

চিকিৎসা।—সোডা স্যালিসিট্টেট, আইয়োডাইড্ অব্ পটাশিয়ম, আইয়োডাইড্ অব্ আয়রন্, কড্‌লিভর অয়েল, কল্‌চিকম, হেনবেন, মর্ফিয়া বিবেচক, উষ্ণ জলে স্নান, কর্ণ ও গ্রীবার পশ্চাত্তানে স্ফিষ্টার কপালে বেলেডোনা বা ফ্লোবোফর্ম লিনিমেন্ট মর্দন অগ্নিধোত না দিলেও চলে বেশী বেদনায় চক্ষে লাইকব এট্রপিয়া ২১ ফোটা। কপালে একষ্ট্রা বেলেডোনা ও ম্লিসিবিং মর্দন

ক্যাটারো রিউমেটিক অপথাল্গিয়া ।

ইহা বিকল পীড়া নহে। স্ক্লি়নোটিক ও কন্‌জংটাইভ্রাব প্রদাহ বিমিশ্রিত ভাবে থাকে। চক্ষুতে বালি পড়িলে যেকপ কর্কণ কবে, ইহাতেও তদ্রূপ হয় অগ্নি কোটবেব চতুর্দিকে বেদনা চক্ষু ঘোব লালবর্ণ চক্ষুগোলকেব অভ্যস্তার বদ ক্ষয়ণ বশতঃ স্ফীততা, আলোকাঙ্ক্ষা প্রদাহ আরোগ্য ন হইলে ক্ষত হইতে পারে

চিকিৎসা।—বার্ক ও আইয়োডাইড্ অব্ পটাশিয়ম। ওপিয়াম, কড্‌লিভর অয়েল, অবসাদক অগ্নিধোত, উষ্ণ জলেব সেক কনোসিব সল্লিমেন্ট বা বোবিক এমিড গোলন বেদনা উপশমার্থ কোকেইন প্রয়োগ্য

কর্ণিয়াইটিস, কিবেটাইটিস— চক্ষুর কৃষ্ণ-

ক্ষেত্রের প্রদাহ ।

এতদ্দ্বারা স্বচ্ছ বর্ণিয়া অস্বচ্ছ, ঘোলা ও কর্কণ হয়

লক্ষণ — কর্ণিয়াব ধাবে সূক্ষ্ম সূক্ষ্ম বক্রাধাব সকল শ্রেণী.

বন্ধভাবে থাকে কর্ণিয়ার অন্বচ্ছতা, অতিশয় অশ্রাব, আণো
কাতক্ষা গঞ্জমালীয বালক ■ বিংশতি বর্ষের ন্যূনবয়স্ক যুবাগে
এই বোগে অধিক আক্রান্ত হয় এক বা উভয় চক্ষু আক্রান্ত
হইতে পারে বোগ অধিক দিবস স্থায়ী হইতে পারে ও কর্ণিয়ার
স্থায়ী অন্বচ্ছতা জন্মে। কখন কখন পুয়োৎপত্তি হয়।

চিকিৎসা।—ইহাতে অত্যন্ত প্রদাহ, পুয়োৎপত্তি ও ক্ষত
হইলে লাইকব এট্রুপিয়া দ্বারা চক্ষুতারা প্রসারিত বাধা কর্তব্য
এতদুদ্দেশে ও বেদনা উপশমার্থ কোকেইনও প্রয়োজ্য। অত্যন্ত
টান ও বিদার নিবারণার্থ এসিবিণও ব্যবহার্য অঙ্গের ও
যকৃতের ক্রিয়ার স্মৃদ্ধনা সম্পাদন করিবে বিউবার্ব ও গ্যাগ্নি-
সিয়া ; মার্কবী ও চক ; ক্যানোমেল বা ক্যাপ্টিব অয়েল আই-
মোডাইড্‌ অব্‌ পটাসিয়ম ও বার্ক আইয়োডাইড্‌ অব্‌ আয়বণ ,
কডলিডব অয়েল কুইনাইন , টিংচব ষ্ট্রল শঙ্খদেশে ও কর্ণেব
পশ্চাতে ক্ষুদ্র ক্ষুদ্র ব্লিষ্টাব উষ্ণ জলের স্বেদ, চক্ষে উষ্ণ জল ও
ছপ্তেব বাষ্প প্রদান চক্ষের পাতাব উপবে টিংচব আইয়োডিন ,
উত্তেজক ও উগতাকাবক অক্ষিধোত নিষিক্ত। পুষ্টিকব পথ্য
ব্যাঞ্জেজ দ্বারা চক্ষু বাধিয়া রাখা উচিত চক্ষুপাতা ও জ্বর উপব
বেলেডোনা ও পিসিবিণ বা ব্যানোলিন মর্দন কর্তব্য বোবিক
এসিড বা পারক্লোবাইড অব্‌ মার্কবী লোশন ব্যবহার্য। বোবিক
এসিড ১ ড্রাম ও জল ১০ আউন্স অথবা কেরোসিব সল্লিমেট ১ গ্রেণ
ও জল ১০ আউন্স ইয়েলো অক্সাইড অব্‌ মার্কবী অয়েন্টমেন্ট
৪-৮ গ্রেণ, ভ্যাসিগিন ১ আউন্স সহ চক্ষের পাতাব ভিতব দিতে
হয় ক্যানোমেল ডষ্টিং দিনে ২ বার চক্ষের পাতাব ভিতর
দিলে বিশেষ উপকার হয় ইহাতে ক্ষতের উপকার হয়

কোকেইন দেওয়ার পব নাইটেট অব্ সিলাভর প্রয়োগ করা যায়
১০ গ্রেণে ১ আউন্স জল, লোশন ট্রিক ক্ষতের উপর লাগাইতে
হয় এমিবিণ্ড প্রযোজ্য কোকেইন আদি দ্বারা বেদনা
উপশমিত না হইলে সেবনার্থ ক্রোটন ক্রোবান ব্যবহার্য।

সিফিলিটিক কিরেটাইটিস।

মার্কবার্জিৎ উপদংশ উচ্চ এই পীড়া জন্মে শিশুদেব কোলিক
উপদংশ বিয় পড়ানে এই পীড়ার উৎপত্তি হয়। এই বোগ প্রাচীন
আকার ধারণ করে

লক্ষণ। — কনিষ্ঠান মধ্যস্থানে অরন্ত হওত অক্ষুণ্ণ
সমস্তাংশে ব্যাপ্ত হয় ক্ষত প্রবণতা থাকে না কয়েক সপ্তাহ
পরে উভয় কর্ণিয়া আক্রান্ত হয় এই পীড়াক্রান্ত ব্যক্তিদেব চর্ণ
কর্কশ ও স্থূল, মুখমণ্ডলে ব্রণ, মুখের কোণে ক্ষতচিহ্ন ও খারী দস্ত
ছোট ও বিবর্ণ থাকে

চিকিৎসা। — উপদংশজনিও বোগে অল্প পরিমাণে মার্কবার্জিৎ
দেবে, কিন্তু মালাস্রাব না হয় তৎপক্ষে সাবধান হওয়া কর্তব্য।
করোসিব সল্ভিমেন্ট ও টিংচর সিনকোনা ৩৯৮ কর্ণেব পশ্চাৎ
ভাগে বুলু অগেন্টমেন্ট ১৬৬ন। আইয়োডাইড অব্ পটাশিয়াম ৩৯৯,
৪০১ আইয়োডাইড অব্ আমবণ ১৮১, ১০১ কডাগভল
অয়েল, পুষ্টিকর পথ। ইয়েনো অক্সাইড অব্ মার্কবার্জিৎ অগেন্ট-
মেন্ট স্থানিক।

অল্‌সার অব্ কর্ণিয়া—কর্ণিয়ার ক্ষত ।

অসম্মক অহৃত, গুণ্‌শীর্ষ পীডা অদি বসতঃ জীবনীশক্তি দুর্বল হইয়া পড়িলে এই বোগ জনো সকল বয়সের ব্যক্তি-দেরই ইহা হইতে পাবে কর্ণিয়া ছিদীভূত হইয়া যাইতে পাবে

চিকিৎসা।—স্থানিক নাইটেট অব সিল্‌ভ সাৰ্কা-
লিক সাস্থ্য উন্নত কাববাব ডব্ব বদাকাষক ও পুষ্টিকারক ঔষধ ও
পথ্য বিধান কবিবে উগ্র অক্ষিধৌত প্রয়োগ নিষিদ্ধ বেদনা
নিবারণার্থ মাদক ঔষধ সেবন ; শঙ্খ দেশে ব্লিষ্টার অবসাদক
অক্ষিধৌত প্রভৃতি ব্যবহার্য অন্যান্য চিকিৎসাব জন্ত কর্ণিয়াইটিস
জষ্টব্য

ওপাসিটি অব কর্ণিয়া—অব্রণ শুরু ।

প্রদাহ হেতু লসীকাস্রাব হইয়া অন্বচ্ছতা জনে ক্ষতারা-
গোর পরও এইরূপ হয় কর্ণিয়াতে ক্ষত থাকার সময় এসিটেট
অব্ লেডের ধৌত প্রয়োগ করিলেও অব্রণ শুরু জনে ।

চিকিৎসা। —এমোনি ক্লোরাইড ৪০ গ্রেণ, এসিটেট অব
কপাব ৪ গ্রেণ, একোয়া কালসিস্ ৪ আউন্স, মিশাইয়া চক্ষে ফুট
দিবে এমোনিয়াই ব্রোমাইডগ ব্যবহার হিওকব হাইড্রার্জ
পারাক্লাবাইড লোশন ব্যবহারে উপকার দর্শে .

রেটিনাইটিস—রেটিনার প্রদাহ ।

রেটাইনা অর্থাৎ কোমল সায়ুময বিল্লীব প্রদাহ, চক্ষের অন্যান্য
গীড়ার সঙ্গে সমুপস্থিত হয় ।

লক্ষণ ।—অক্ষিগোলকে তীব্র গভীর বেদনা, উহা শঙ্খ
দেখ ও কপাল পর্যন্ত বিস্তৃত থাকে, সাত্তিম্য আলোকাতঙ্কা,
দৃষ্টির অস্পষ্টতা বা লোপ, সতত চক্ষুব সম্মুখে আলোক-শিখা বোধ ।
কনীনিকা সংকুচিত, উপতান্না অনুজ্জ্বল ও স্থিব, চক্ষু লালবর্ণ ।
সার্বাস্থিক অসুস্থতা অতিশয় হয় প্রবল জ্বর ও প্রদাহ । তরুণ
অবস্থা তিবোহিত হইলে অক্ষিবীক্ষণ যন্ত্র দ্বারা দেখিলে নেটাইনাতে
বক্তাধিক্য দৃষ্ট হয় এবং উহাব স্বচ্ছতা ধ্বংস ও বক্তাক্ষরণ দেখা
যায় কৃষ্ণবর্ণ পদার্থ সঞ্চিত হইলে এবং তত্ত্ব হ্রাসতা সন্নিবেশে
সম্পূর্ণ দৃষ্টিশক্তিব হানি জন্মে

চিকিৎসা — অক্ষকাবে গৃহে বিশ্রাম করিবে নীতল জল
বা অক্ষিধৌত বা উষ্ণ জল স্বেদ, রোগীর যাহা ভাল লাগে, তাহা
দেবে মৃদু বিবেচক বেদনা নিবারণার্থ মাদক ঔষধ জ্বর
উপব বা পশ্চাৎগীবায়ে মৃদুভাবে উগ্রতাসাধক ঔষধ ব্যবহার্য
যে সার্বাস্থিক পীড়া বশতঃ ইহা উৎপন্ন হইয়াছে, তাহাব অনুসন্ধান
ও চিকিৎসা কর্তব্য উপদংশ জাত পীড়ায় লাইকব হাইড্রোজ
পারক্লোরাইড ও আইয়োডাইড অব্ পটাশ এণবুমিনোরিয়া জাত
পীড়ায় সূত্রগ্রন্থিব অবস্থানুসাবে চিকিৎসা কর্তব্য •

য্যামোরোসিস—তিমির—লিঙ্গনাশ ।

মাস্তিক পীড়া, দর্শন স্নায়ু বা নেটাইনার পীড়া বশতঃ সম্পূর্ণ বা
আংশিক তিমির দৃষ্টি দস্তোস্তেদ, অজস্র ক্রমি, শুবায়ু বা ডিম্ব-
কোষের পীড়া ও গন্তাবস্থা প্রভৃতি জাত উদ্দীপনা প্রতিক্ষিপ্ত হইয়া
এই বোগ জন্মিতে পারে । অধিক তাম্রকূট সেবন, মত্ত পান প্রভৃ-
তিও ইহাব কাবঃ মধ্যে পরিগণিত

লক্ষণ ।—রোগীর গুতি ও মুখাকৃতি বিশেষ প্রকার হয় অনিশ্চিত ভাবে গমন কবে । চতুর্দিকস্থ বাহ্য বস্তু দিক দৃষ্টি থাকে না । চক্ষু এক প্রকার বিশেষ আকার ধারণ করে অসম্পূর্ণ বোগে উপত্যার সঞ্চালন যুক্ত, কনীনিকা প্রসারিত সম্পূর্ণ অক্ষতা প্রাপ্ত হইলে কনীনিকা অতিশয় প্রসারিত ও উপত্যা জ্বল হয় । যখন উভয় চক্ষু আক্রান্ত হয়, তখন উহার অস্বাভাবিক উন্নত ও বিবর্ণ স্থিতিটিক পর্দা পীত ও তাহাতে প্রসারিত রক্তাধার থাকিতে দেখা যায় অক্ষিবীক্ষণ যন্ত্র দ্বারা দেখিলে বেটাইনা ও কোবইড পর্দাতে বক্র ক্ষরণ, মাস্তক রসস্রাব আদি দৃষ্ট হয় । বোগের প্রাবল্যে দৃষ্টিহীনতা সময় সময় অল্পভুক্ত হয় ; যথা চক্ষুর অন্ত্যস্ত শ্রমাদিব পর কখন কখন দৃষ্টি কেবল অস্পষ্ট থাকে, তাহাকে এম্বিলিয়োপিয়া বলে কখন একটী বস্তু দুইটী বলিয়া বোধ হয়, তাহাকে ডিপ্লোপিয়া ও কখন একটী বস্তুকে অর্ধেক দেখায় তাহাকে হেমিয়োপিয়া বলে সত্তত শিবোবেদনা, চক্ষুর সম্মুখে যক্ষিকা ও অগ্নিশিখা দর্শন । আর এক প্রকার অসম্পূর্ণ অক্ষতায় বোগী কেবল উজ্জল আলোতে দেখিতে পায়, তন্নিম্ন অব সময় সময়ে দেখিতে পায় না, ইহাকে হিমাবালোপিয়া বলে ইহার বিপরীতকে নিক্টালোপিয়া বলে, তাহাতে কেবল অল্প আলোতে অর্থাৎ সূর্য উদয় ও অস্তের কিঞ্চিৎ পর পর্যন্ত দেখিতে পায়

চিকিৎসা ।—রোগের কারণানুসারে চিকিৎসা কবা কর্তব্য ক্রিমি ও ক্ষয়িত দস্ত-জনিত রোগে তদনুরূপ চিকিৎসা করিবে একোনাইট নেপিলস (বাত জনিত ও প্রাদাহিক বোগে), টার্টার এমিটিক , আর্পিকা ; গোয়েকম ; ক্যালোমেল ৪১৬ রেটাই-

মায় পক্ষাঘাত থাকিলে আইয়োডাইড অব্ পটাশিয়াম, ৩৯৯, ৪০১ ।
 টিং নকস ভমিকা, লাইকব স্ট্রীকনিয়া । স্নায়বীয় ও ধামনিক দুর্ধ্ব-
 লতা জনিত রোগে আয়বণ, বার্ক, সমুদ্র বায়ুমেবন, শীতল জগে
 মান স্থানিক—টিং একোনাইট (কপালে) ; লাইকব এমো-
 নিয়ার বাষ্প (স্নায়ব বোধান্তি-যা জনিত রোগে), ক্যান্ধব ফিউ-
 মিশেশন ; শস্য দেশে স্থিষ্টাব দিয়া তাহাব চন্মো'ওজন করণানন্তর
 ৬ গ্রেণ স্ট্রীকনিয়া দিনে এক বার স্থানিক প্রয়োজ । যদি ইহা দাখা
 অত্যন্ত উদ্দীপনা হয়, তবে ওপিসমেব সহিত মিশাইয়া দিবে ।
 বেটাইনার দৌর্কলাবস্থায় টিংচর নকসভমিকা চক্ষুব পাতা ও শস্য-
 দেশে মর্দন কবিবে উপদংশজ পীড়ায় লাইকব হাইডার্জ পাব-
 ক্লোবাইড, পটাশ আইয়োডাইড ও সার্সি বাবহার্য্য লাইকব
 আর্সিনিকেলিস, স্ট্রীকনিয়র হাইপোডর্মিক ইন্জেক্শন, অথবা
 ক্লোবাইড অব্ গোল্ড ও সোডিয়ম ২-৬ গ্রেণ বটি ফাকাবে ব্যবহাষে
 সময় সময় উপকার দর্শে স্ত্রাণ্টোনিব ব্যবহাবে কোন কোন সময়
 উপকার হয়

মাইয়োপিয়া—নিকট দৃষ্টি

নিকটের বস্তু বেশ দেখিতে পাওয়া যায় লেন্স বা কর্ণিয়াব
 অত্যধিক কুঞ্জতা বশতঃ সাধাবণতঃ নিকটদৃষ্টি পীড়া জন্মে । বয়ো-
 বৃদ্ধিব সঙ্গে সঙ্গে ইহার হ্রাস হয় না, এই রোগ কোলিক । স্নায়ু-
 প্রধান ব্যক্তিদেব উপতারাব ও স্বাভাবিক উদ্দীপনা বা সংকোচন
 বর্তমান থাকে ।

চিকিৎসা — অত্যন্ত শ্রম ও সূক্ষ্ম সূক্ষ্ম কার্য্য হইতে বিরাম
 ডবল কনকেজ্ গ্লাসের চসমা চক্ষেব উদ্দীপনা থাকিলে বেনে-

ডোনা আইয়োডাইড অব্ পটাসিয়ম, কেরোসিব সল্‌ভিমেন্ট
টিংচর জিঞ্জর ও পি পারিস জ্রা উপব মর্দিভব্য এসিরিরের মুছ
সলিউসন ১ ফোটা প্রতি ব্যক্তিতে দুই মাস পর্যন্ত দিলে উপকার
হইতে পারে চক্ষুকে সম্পূর্ণ বিশ্রাম দেওয়া এই পীড়ায় বিশেষ
হিতকর । সময় সময় এট্রপিং ব্যবহাৰও আবশ্যক হইতে পারে

প্রেস্বাইয়োপিয়া—দূর দৃষ্টি ।

বৃদ্ধ বয়সের প্রারম্ভে উপস্থিত হয় । চল্লিশ বৎসর বয়সের পূর্বে
প্রায় ইহা হইতে দেখা যায় না । চক্ষুর আলোক প্রতিক্ষেপণ
ক্ষমতার পরিবর্তন বশতঃ এই পীড়া জন্মে নিকটেব বস্তু ভাল
দেখিতে পাওয়া যায় না, কিন্তু দূরস্থ বস্তু স্পষ্ট দৃষ্ট হয় অনেক
সময় দর্শন শক্তির দুর্বলতা বর্তমান থাকে ।

চিকিৎসা —কনভেসা গ্লাসেব চস্মা রক্তহীনতা
বর্তমানে কুইনাইন ও লৌহঘটিত ঔষধ, চক্ষে শীতল জল সেচন
হিতকর

হিমারালোপিয়া—দিনাক্ষ ম্যামোরোসিস্ বোগ জষ্টব্য
নিক্টালোপিয়া—রাত্র্যাক্ষ ম্যামোরোসিস্ বোগ দেখ

ফটে'ফে'বিয়'—অ'লোক'তক্ষ' ।

আলোকাতক্ষা—বিবিধ চক্ষু পীড়ার লক্ষণ

চিকিৎসা —চক্ষু হরিৎবর্ণ চস্মা বা বস্তুখণ্ড দ্বাৰা
আচ্ছাদিত রাখিবে । অন্ধকার গৃহে অবস্থিতি । উষ্ণজলেব

বাষ্প, জলে বেলেডোনা বা পণী একটুকু গুলিয়া সেই জল উত্তপ্ত করিয়া উহাব বাষ্প বা স্বেদ চক্ষে দিবে চক্ষুব উপবি হেমলক পুলটীস, ২০ ৩০ ফোটা ক্লোরোফর্ম হস্তে বাখিয়া উহাব ভাব চক্ষে দিবে কৰ্ণেৰ পশ্চাৎ ও *জ দেশে ছোট ছোট ব্লিষ্টাব। চক্ষুব পাতায় টিং আইয়োডিন সার্ভাসিক চিকিৎসার্থ যেকপ রোগেৰ সঙ্গে ইহা বর্তমান থাকে, তদনুৰূপ উপায়াবলম্বন কবিবে কোকেইন সলিউসন

চক্ষুপীড়ার সাধারণ চিকিৎসা -আলোকাতঙ্কায় চক্ষুব সন্নিকটে ক্লোরোফর্মের বাষ্প লাগাইলে উপকার দর্শে। বেলেডোনা বাহ্যিক ও আভ্যন্তরিক প্রয়োগে আইবাইটিস, কন-জংটাইভাইটিস আদি প্রদাহ উপশমিত হয় উগ্র পদার্থ চক্ষে পড়িলে ১ ফোটা ক্যার্টব অয়েল চক্ষুতে ঢালিয়া দিলে যন্ত্রণাব শান্তি হইয়া থাকে বেদনা নিবারণার্থ এট্রপিয়া বা কোকেইন চক্ষু-তারার প্রসারিত করণার্থ এট্রপিয়া ও সংকোচনার্থ এসিরিং প্রয়োজ্য চক্ষুর পাতা জুড়িয়া না যায়, তজ্জন্ত ডাইনিউট সিট্রিন অয়েন্টমেন্ট বা মূছ ইয়েলো অকসাইড অব মার্করী অয়েন্টমেন্ট

ডিজিজেস্ অব ইয়ার—কৰ্ণ রোগ।

ওটাইটিস একটার্নাল—বাহ্যকৰ্ণ প্রদাহ।

কৰ্ণকূহনের স্পর্শাতিশায়াবিশিষ্ট ত্বক প্রদাহিত হয় কারণ উগ্রকব দ্রব্য প্রবিষ্ট হওন, কৰ্ণমলসঞ্চয়, মস্তকের পার্শ্বে আঘাত, শৈত্য, বাতধাতু ও বক্তহীনাবস্থা প্রভৃতি

লক্ষণ।—অতীব কৰ্ণকণে বেদনা, হস্ত নাড়িলে বৃদ্ধি

পায় কৰ্ণকুহব ক্ষীত ও রক্তকর্ণ, ক্ষীততা দ্বারা কৰ্ণকুহব অবরুদ্ধ
ও তদ্ব্যতীত অল্প কালেব জন্ত বধিবতা আক্রান্ত দিকের গ্রীবাশু
গ্রন্থি ক্ষীত এক বা দুই দিনে পাওলা ও প্রচুর পরিমিত
শ্লেষ্মাস্রাব প্রাচীনাবস্থায় পৃথক্ৰণ কৰ্ণকুহবস্থ চৰ্ম্ম অল্লাধিক
ক্ষীত উপস্থক পবিপুটন হই । প্রণালীতে সন্ধিত ও ভায়া
বদ্ধ হইতে পারে শ্রবণ শক্তিব হ্রাস, অত্যন্ত কণ্ডুয়ন ও
সার্বজ্ঞিক দৌৰ্বল্য । কৰ্ণকুহবে ক্ষুদ্র ক্ষোটক জন্মিলে তীক্ষ্ণ
দৰ্শনে বেদনা, প্রণালী সংকুচিত ও শ্রবণশক্তিব হ্রাস জন্মে

চিকিৎসা — একোনাইট আভ্যন্তরিক ব্যবহার কবিলে
অবিলম্বে প্ৰদাহ শান্তি হয় । ফোগেটেমন, পুলটিস ; সৰ্ব্বদা
ঔষধ জল দ্বারা ধৌত করণ ; কৰ্ণেব পশ্চাতে জলোকা
এসিটেট অব্ লেড ■ গ্ৰেণ, জল ১ আউন্স পীচকারি কৰ্ণেব
পশ্চাতে টাটার এমিটীক অয়েন্টমেন্ট কৰ্ণেব ভিতর মিসি-
রিণ ; অলিভ অয়েল ; প্যাপেভাব অয়েল প্রয়োগ বিবিধ
প্রকার সংকোচন ধাবন দ্বারা পীচকারি কোষ্ঠবদ্ধ থাকিলে
মৃদু বেচক পরিবর্তক ও বলকাবক ঔষধ যথা ক্লেবেট অব
পটাশ ; আইয়োডাইড অব পটাসিয়ম ; কুইনাইন ; আয়র
কডলিভ অয়েল পুষ্টিকর খাদ্য । তবণ প্রদাহের বেদনা
উপশমনার্থ কোকেইন, তৈল ব মিসিবিণেব সঙ্গে মিশাইয়া কাণের
ভিতর দিবে হাইড্রার্জ পারক্লোবাইড ১ গ্ৰেণ, বেক্টিফায়েড
স্পিৰিট ৩ ড্রাম ও পরিষ্কৃত জল ১০ আউন্স তুলি দ্বারা কৰ্ণেব
ভিতর লাগাইলে উপকার হয় । এতদ্বারা ঘন ঘন ব্রণাদি হওয়া
নিবারিত হয়

ওটাইটিস ইন্টার্নাল—আভ্যন্তর কর্ণ প্রদাহ ।

ইহা অপেক্ষাকৃত গুরুতর পীড়া *মেথেনা টিম্পেনমেব অভ্য-
ন্তর পর্দাব প্রদাহ, ইহার সঙ্গে সংমিলিত থাকায় এই পীড়া অধিক
গুরুতর আকার ধারণ কবে শৈত্য, বাত পীড়া ও গণ্ডমালা ধাতু
হইতে এই বোগ উৎপন্ন হইতে পারে শৈশবাবস্থায় ইহা অসা-
ধারণ নহে । বালকদের কর্ণশূল অনেক সময় এই পীড়া বশতঃ
উপস্থিত হয়

লক্ষণ —নাক দিয়া নিখাস ভাগ ও গলাধঃকরণ কালে
কর্ণেব মধ্যে অসুখ বোধ হয় অল্পকালেব মধ্যেই উক্ত অসুখ-
বোধ সতত বর্ধমান থাকে । প্রবল শিবোবেদনা ও তদব-
গানে কর্ণের ভিতর তীব্র, তীক্ষ্ণ ও ক্রমশঃ বর্ধিত বেদনা এবং
তৎসঙ্গে উচ্চ বা দব্দবে শব্দ অসুভূত হয় তৎপরে কর্ণেব
মধ্যে বিদ্যাবণ বা পূর্ণতাবোধ হয় অস্বাভিক বধিবতা জন্মে ।
চক্ষু লামবর্ণ, মুখাকৃতি ঔৎকণ্ঠিত, চর্ম উষ্ণ, নাড়ী দ্রুত, মূত্র-
গ্রাস্তি ও অস্ত্রের ক্রিয়া বিশৃঙ্খলা, অনেক সময় প্রলাপ বা
বালকদের আক্ষেপ সতত অভ্যন্তর অবসন্নতা ও গুরুতর
পীড়াব পূর্বরূপ বসিয়া বোধ হয় । মুখমণ্ডলের পক্ষাঘাত
উপস্থিত হইতে পারে, স্নায়ু পর্গাস্ত প্রদাহ প্রসাবিত হইয়া
এতাদৃশ ঘটনা হয় প্রদাহ আপনাপনি আবেগ্য অথবা
পৃথোৎপত্তি হয়

চিকিৎসা ।—বিবেচক ও স্বেদজনক ঔষধ সেবন ও
বোণীকে *ম্যায় শয়িত রাখিবে । লাইকর এমোনিয়া
এসিটেটস ২৮৩, ২৮৯, শৈত্যানীয়—২৯০, ২৯৩, ২৯৪
ক্লোবেট অব্ পটাশ ২৯৬ বাত সংশ্লিষ্ট রোগে মোডা স্ট্যানিসিলেট

বা জাইয়োডাইড অব্ পটাসিয়ম্ ও ভাইনম কলচিকম ৪০৪ ।
ওপিয়ম ; মর্ফিয়া ৮৮, ১০১, ১০৫, ১০৯ 'একোনাইট ২৭২,
২৮৮ স্ফুটিত জলের বাষ্প, পপীহেড বা ক্যামোমাইল পুষ্প
দ্বাৰা সিদ্ধ জলের স্বেদ লিনসিড ; ওপিয়ম ■ গাৰ্লিক পুলটীস
কর্ণের পশ্চাত্তাগে ক্ষুদ্র ক্ষুদ্র ব্লিষ্টাব ; টাৰ্টার এমিটীক অয়েন্টমেন্ট
গরম জল দ্বাৰা কর্ণে পীচকারী দিবে তৎপবে গ্লিসিৰীণ ; কার্ব-
নিক এসিড অয়েল বা লডেনম দিবে কর্ণপটাহ ছিদ্রীভূত
হইলে নাইট্রেট অব্ মিল্ডব স্থানিক প্রয়োগ করিয়া ছিদ্র বন্ধের
চেষ্টা করিবে

ওটোরিয়া—কর্ণ হইতে পুষ্ণাব ।

কর্ণ হইতে পুষ্ণ বা শ্লেমা মিশিত পুষ্ণ নিঃসৃত হয় কর্ণের
বিবিধ পীড়ায় ইহা একটী লক্ষণ মাত্র অনেক সময় ইহা
অনির্দিষ্ট কারণ বশতঃ শিশুদের দন্তোদ্ভেদকালে উৎপন্ন হয়
গঞ্জমালা ধাতুপ্রকৃতিক ব্যক্তির চৰ্ম্মস্থ উদ্ভেদ তিরোহিত হওয়ার
পর এই পীড়া জন্মিতে পারে শরীরের অবসন্নাবস্থা হেতু পূর্ণ-
বয়স্কদের কর্ণজাব উৎপন্ন হইতে পারে । কর্ণ হইতে যে জাব
নিঃসৃত হয়, তাহা প্রধানতঃ উগ্র ও দুর্গন্ধ এবং কিছুদিন পবে উহা
সরস্ক হয়

লক্ষণ । —সচবাচর বয়েক দিন পবেই কর্ণ হইতে জাব
বক হয় সময় সময় ইহা প্রাচীন আকাৰে পলিণত হইয়া
বহুদিন স্থায়ী হইয়া থাকে । রোগ অধিক দিবস স্থায়ী হইলে
মেম্বোনা টিম্পনাই ও অস্থি বিনষ্ট ও ক্ষত হয় মস্তিষ্ক ও
উহার ঝিল্লী আদিও প্রদাহিত হইতে পারে । এতদ্রূপ ঘট-

নাগ শীত, জ্বর ও স্পন্দিত মাস্তিষ্ক লক্ষণ উপস্থিত হয় অবশেষে আক্ষেপ বা অচেতনাবস্থা প্রাপ্ত হইয়া রোগীর মৃত্যু হয়

চিকিৎসা — প্রদাহ থাকিলে একোনাইট সেবা মিসিরীণ অব্ ট্যানিন স্থানিক লাইম ওয়াটবের পীচকারী ঐযুক্ত জলে সাবান গুলিয়া তদ্বা পীচকারী পুষ্টিকর খাদ্য, কুইনাইন ও ষ্টীল ১৭৬ ষ্টীল ও পেপসিন ফস্ফেট অব্ আয়রণ ১৮৭ মিনাবেল এসিড্‌স ও বার্ক ১৭০ আইয়ো-ডাইড অব্ আয়রণ আইয়োডাইড অব্ পটাসিয়ম ও সার্জা ৩৯৯ কডলিওর অয়েল ম্যানম ২৫০, জিঙ্ক ২৪২, সলফেট অব্ ক্যাডমিয়ম বা ট্যানিক এসিডের ধাবন দ্বা পীচকারী অলিও অয়েল; মিসিরীণ, কার্বলিক এসিড (১ ভাগে ১৬ ভাগ), কষ্টিক সোশন ব্যালসম পেরু ও অক্সগল একত্রে সমভাগে কর্ণে দিবে লাইকর সোডি ক্লোবেট, ৮০ আইয়োডোফর্ম ও মিসিরীণ, থাইমল ও মিসিরীণ বা অমণ্ড অধেস বোবাসিক বা পারম্যাঙ্গানেট অব্ পটাসের ধাবন হাইড্রার্জ পাব্‌ক্লোরাইডের মৃচ্ ধাবন। বোরিক এসিড ও আইয়োডোফর্ম একত্রে একটা কাগজের নলের মধ্যে পুরিয়া কর্ণেৰ ভিতর ফুৎকার সহযোগে প্রবিষ্ট করাইলে পুণ নিঃসরণ নিবারিত হয়

ওট্যালজিয়া—কর্ণ শূল।

প্রদাহ, বাহ্য বস্তু অবস্থান, তালুপার্শ্ব-গ্রহি প্রদাহ, পনিপাক-যন্ত্রের বিশৃঙ্খলা, ■ বাত রোগ প্রভৃতি কারণে উৎপন্ন হয় অডি-টরী নর্ভের বা শব্দ স্নায়ু স্নায়ুশূল আপনাপনিও উপস্থিত হইতে

পারে স্নায়ুশুলের আক্রমণ সময়ে সাত্তিশয় যন্ত্রণা হয় প্রদাহেব
বেদনার শ্রী ত্রি বেদন' হঃ ন' ও জ্বব 'থ'কে ন', এই
বেদনা সহসাই তিরোহিত হয় পাকাশয় ও মকুতের ক্রিয়া বৈযম্য
বশতঃ কর্ণেব স্নায়ুশূল উৎপন্ন হয়। জরায়ুর ক্রিয়া বিশৃঙ্খলা ও
ক্ষরিত দস্ত বশতঃ এই বোগ জন্মিতে পাবে সময় সময় বেদনা
অত্যন্ত প্রবল হইয়া থাকে এতদ্বারা বোগী অস্থির হয় ও সমূহ
ক্লেশ পায়

চিকিৎসা।—মুহ বিবেচক; কুইনাইন, ওপিয়াম;
ইণ্ডিয়ান হেম্প ক্লোবোফর্ম ও ইথব ভেপাব; একোনাইট
লিনিনেট; লডেনম তুলায ভিজাইয়া পোস্ত টেড়িব কাথের
বাষ্প, মসীনার পুনটীস, পেয়াজ বা রসুনেব কোয়া স্থানিক
প্রয়োজ্য। কর্ণে মল থাকিনে ঈষৎ জল বা কার্বনেট অব
সোডা সোলিউসন (১০ গ্রো, জল ১ আং) দ্বারা পীচকাবী

ডেফ্‌নেস—বধিরতা

বাৎপীড়া ও স্নায়ুশক্তিব হ্রাস বশতঃ এই পীড়া জন্মিতে
পাবে বাতজনিত রোগ সাধাবণতঃ হয় সন্ধিস্থানের প্রদা-
হান্তে এই পীড়া প্রোছূর্ত হইয়া থাকে করোটা, *জ্য,
চুচুক প্রবর্ধন, হনু ও দস্ত (আকোস্ত দিকের) বেদনাধিত হয়
যন্ত্রণাদায়ক কর্ণনিদাদ বাত্রিতে বৃদ্ধি ও অন্নাক্ত শ্বেদপ্রাব
অস্থিচ্ছদের প্রদাহ ■ ক্ষত উপস্থিত হইলে বোগ অত্যন্ত গুণ-
তব হইয়া উঠে সময় সময় পুষ্য্রাব হয় ও তদ্বারা অস্থিতে
ক্ষত জন্মিতে পারে কর্ণে গাউটাখা বাত হইলে ছিঁড়ে ফেলাব
ত্রায় বেদনা, আলায়ুক উত্তাপ, কর্ণনাদ, ক্ষীণতা ■ আব-

ক্রতা, তীক্ষ্ণ বেদনা, সময় সময় জ্ঞানহীনতা, প্রলাপ বা আক্ষেপ হয় স্নায়ুগুণের পীড়া বশতঃ একরূপ বধিবতা হয়, তাহাকে নর্ভাস ডেফেন্স বলে

চিকিৎসা । আইয়োডাইড অব পটাশিয়াম, ওপিয়াম, উষ্ণ জলে স্নান, উষ্ণ জলস্নেহ বা অন্তর্জাত বোগে স্নায়ুগুণের বিবেচক ; সোডা সালিসিয়েট ; কলচিকম ইত্যাদি স্নায়বীয় বাধির্ঘ্য বোগে হয়ার টম্পেট নামক যন্ত্র কর্ণে ধারণ করিবে । গ্লিসিরিন, অমণ্ড তেল কর্ণাভ্যন্তরে ২৩ ফোটা দিয়া কাণের ছিদ্রে তুলিয়া দিয়া বাধিবে কর্ণনির্নাদে কুইনিন, ব্রোমাইড, স্যালিসিন্ ও স্যালিসিয়েটস প্রয়োজ্য পাইলোকোপিনেব হাই-পোটাস্টিক ইন্জেকশন হিতকারী

কর্ণের পীড়ার সাধারণ চিকিৎসা —কর্ণের পাণ্ডায় বা কর্ণকুহরে একজিমা হইলে দাইকব প্লম্বাই ৬০ মিনিম ও ভেগিলিন ১ আউন্স একত্র মিশাইয়া দাগাইবে অথবা কয়েক ফোটা লেড লোশন (১ ভাগে ৪০ ভাগ) কর্ণেব ভিতর ঢালিয়া দিবে । তর্কণাবস্থা অপগত হইলে উক্ত অয়েন্টেমেন্টেব সঙ্গে দাইকব কার্বনিস ডিটার-জেন্স মিশাইয়া ব্যবহার করিবে সময় সময় অমণ্ড অয়েল একটু গবম করিয়া কাণেব ভিতর দিলে উপকার হয় তুলি দ্বারা কাণ পরিষ্কার করিবে কর্ণেব মধ্যস্থ থইল আদি গবম জলেব পীচকাবি দ্বারা নিঃসৃত হয় কর্ণেব পাণ্ডা উপর ও পশ্চাৎ দিকে টানিয়া ধরিলে পীচকাবিব জল সহজে প্রবিষ্ট ও নিঃসৃত হইয়া যায় । এতদর্থে সাধারণ ইঞ্জিয়া ববার এনিমা সিরিঞ্জ ব্যবহৃত হইতে পারে বাইকার্বনেট অব সোডা সলিউশন (১ ড্রামে ১ ০ গ্রে) ব্যবহার করিলে সহজে কর্ণমল নিঃসৃত হয় ।

কর্ণের পশ্চাতে ফুলিলে ফোমেন্টেসন ও পুন্ড্রীস ব্যবহার্য্য
পাকিলে কা টয়া দিতে হয়

কর্ণমধ্যস্থ মলাদি ও পুষের কডকডি নিঃসৃত কবণার্থ প্যাপে-
ইন সলিউশন্ (শতকবা ৫ ভাগ) ১০ ১৫ ফোটা কর্ণের ভিতর
ঢালিয়া দিতে হয়, একঘণ্টা পরে ঈষৎক্ষণ বোবিক পোশনের
পীচকারী দিলে কর্ণ পরিষ্কৃত হয়

কর্ণ নিনাদে সোডা ব্রোমাইড সেব্য ও কোকেইন স্থানিক
প্রযোজ্য

ডিজিজেস্ অব স্কিন চর্ম পীড়া ।

ইরিথিমিয়া

এক প্রকার অসংক্রামক চর্মপীড়া ইহাতে শরীরের স্থানে
স্থানে আবক্ত মণ্ডল বাহির হয় উহা চর্মনিম্নে বিশুদ্ধভাবে
নির্গত হয়। সাধারণতঃ মুখমণ্ডল, বক্ষঃ ও শাখাদ্বয়ে এই
বোগ দৃষ্ট হয়

প্রকারভেদ — ইবিথিমিয়া ফিউগ্যাক্স—ইহা ক্ষণস্থায়ী
প্রকৃতি বিশিষ্ট এবং সাধাবগতঃ পরিপাক যন্ত্রেব বিশুদ্ধতা
জনিত। ইবিথিমিয়া ইন্টবট্রাইগো চর্মের ভাঁজ মধ্যে ঘর্ষণ
হেতু জন্মে, ঐ সকল স্থানের স্নান ধোত কবিবে বিদূরিত হয়
না ইবিথিমিয়া সার্সিনেটম্ গোলাকার (অক্ষুণ্ণ মদূর্ণ) ও
ঈষৎ উন্নত রক্তমণ্ডল ; তৎকালে বাত সহ উৎপন্ন হয় ইবিথিমিয়া
লিভি—অধঃ অঙ্গে প্রকাশ পায়, তৎকালে উহাতে শোথ জন্মে
ইরিথিমিয়া নোডোসম—ইহাতে উঃস্তদ অণুকৃতি ও উন্নত হয় এবং
তাহা জন্মের অগ্রভাগেই প্রকাশ পায়

চিকিৎসা । আরঘটিত মৃদু বিরেচক ; এফাবভেসিং
সাইট্রেট অব ম্যাগনেসিয়া ; কম্পাউণ্ড বিউবার্ক পাউডর
ঐষদুক্ষ জলে স্নান, বাষ্প স্নান ; লঘু পথ্য ; কুইনাইন ১৯৩
পরিপাক, মূত্রযন্ত্র ও জ্বায়ুব কোন বিশৃঙ্খলা বর্তমান থাকিলে
বিদূরিও করিবে সব এসিটেট অব লেড ঘোশন ৪২৬ গ্লিসি-
রিন লোশন ১৫৫ বেদনা থাকিলে ভিরাট্রিয়া অয়েন্টমেন্ট
বেলেডোনা ও গ্লিসিরিন বোবিক এসিড, ঈর্চ, জিঙ্ক অক্সাইড,
স্থানিক প্রয়োজ্য আক্রান্ত অংশ তুলা দ্বারা ঢাকিয়া ও তদু-
পরি ব্যাণ্ডেজ বাধিয়া বাধিবে শীতল জল, শৈতাপানীয়, লিম-
নেড ; সোডাওয়াটার । কার্বনেট অব জিঙ্ক । বাইকার্বনেট অব
সোডা লোশন ১ ভাগে ৪০ ভাগ বোবাক্স বা বোরাসিক
ঘোশন ও ৩৭সহ হাইড্রোসিয়ানিক এসিড ডিল মিণাইয়া স্থানিক
প্রয়োগ করিলে উপকান হয় ওডিকোলন, অক্সাইড অব জিঙ্ক
ও জল স্থানিক প্রয়োজ্য

রোজিয়োলা—পাটলিকা ।

চর্মেব এক প্রকার অসংক্রামক ও দাহিক অসুস্থতা অর্থাৎ
ক্ষণস্থায়ী বক্তবর্ণ উদ্ভেদ উহাদের আকার ক্ষুদ্র ক্ষুদ্র থাকে,
ও উহারা বিশৃঙ্খলভাবে প্রকাশিত হয় শরীরের সর্ব স্থানেই
অল্প বা অধিক পরিমাণে বাহির হয় সময় সময় শুষ্ক ও
ক্ষুদ্র দাগবৎ রক্তবর্ণ উদ্ভেদ প্রকাশ পায় কখন কখন বক্ত,
মণ্ডলবৎ হইয়া থাকে স্থিতিকাল এক হইতে সাত দিবস
ইহাকে কখন কখন হাম ও আরক্ত জ্বব বলিয়া ভ্রম হইতে
পারে, কিন্তু ইহাতে সর্দির লক্ষণ থাকে না অনেক সময়

উদ্ভেদ প্রকাশের পূর্বে শীত ও জ্বর হয় গলাবেদনা ও
বিবমিষা আদি থাকিতে পূর্বে বালকদের দস্তোদ্ভেদ কালে
এই পীড়া জন্মিতে পারে

চিকিৎসা।—মুছ বিবেচক ও পরিবর্তক ঔষধ দ্রব্য
পদ্মা, লিমনেড মিনাবেলায় ও তিত্ত উদ্ভিজ্জব কাথ—১৬৯,
১৭০ ভিনিগাব ও জল স্পঞ্জিং লাইকব এমোনিয়া এসি-
টেটাস ও নাইট্রস ইথর বাসকদের দস্তোদ্ভেদ হইতে থাকিলে
মাড়ি চিড়িয়া দিবে চম্পোপবি অলিভ অয়েল বা লার্ড
দাগাইবে

আর্টিকেরিয়া—আমবাত, শীতপিত্ত ।

এক প্রকার অসংক্রামক চর্মপীড়া চুলকাইতে চুল-
কাইতে স্থানে স্থানে ফুলিয়া উঠে, তাহা আবার ক্ষণকাল
পবেই তিবোহিত হয় এবং নূতন বাহিব হয় তৎসঙ্গে উত্তাপ,
জ্বালা ও চিন্ চিন্ ও সাতিন্য় কণ্ডুয়ন উপস্থিত হয় সময়
সময় সার্ভাঙ্গিক লক্ষণাদি প্রকাশ পায় জ্বর, ক্লেদাবৃত্ত জিহ্বা
ও অস্বস্থ নিঃস্রাবাদি রোগ প্রাচীন ও বিরামশীল হইতে
পাবে এবং কয়েক মাস পর্য্যন্ত থাকে পরিপাক যজের বিশূ-
ষ্ণা, বাত, জ্বায়ুর উদ্দীপনা ও দস্তোদ্ভেদ আদি কারণে এই
বোগ জন্মিতে পাবে তাপ্নিন তৈল ও কোপেবা আদি সেবন
দ্বারাও এইরূপ উদ্ভেদ উৎপন্ন হইতে পারে

চিকিৎসা।—কণ্ডুয়ন নিবারণার্থ চর্মোপরি টিংচর
বৈন্জইন কং প্রলেপ দিবে ক্লোবোফর্ম্ম আধ ড্রাম, মোমের
মলম, চর্বি বা তৈল ১ আউন্স, একত্রে মিশ্রিত করতঃ স্থানিক

প্রয়োগ করিলে কণ্ঠখন নিবাবিত, হয় পাকশযেব ক্রিয়া
 বিশৃঙ্খলা হইলে বমনকারক ও সক্ষার বিবেচক ৩৫১, ৩৩২, ৩৩৪ ।
 রিয়াই ও ম্যাগ্নিসিয়া । সিডনীজ পাউডর । লাইকব পটাশ ৩৯৭ ।
 এমোনি কার্ব ৯, ১৮৩ ষ্টীল ১৭১, ১৮৯ ফেরি এট্ কুইনী
 সাইট্‌স ও এসিড হাইড্রোক্লোরিক ডিল ১৭৩ । ফেরি এট্
 এমোনি সাইট্‌স ১৮০ লাইটো হাইড্রোক্লোরিক এসিড
 ডিল ১৬৯ আইওডাইড অব পটাশিয়ম ১৯২ জার্মিনিক ;
 কুইনাইন ; কডলিভর অয়েল স্থানিক—লেড মোশন ১১২,
 ১১৬ ভিনিগাব ও জল সমভাগ স্পঞ্জিং টিং জার্মিকা ;
 মিসিবিণ ও গোলাপ জল সমভাগ শীতল বা ঈষদুষ্ণ জলে
 মন ; সহজে পবিপক হই একপ খন্ড বিসদ বয়ু সেবন
 ■ ব্যায়াম বোরাক্স ও গোলাপ জল ১৫৮ ; লাইকব পটাশ ও
 একোয়া স্ফাউকাই ১৫৫ ; ইহাতে কণ্ঠখন নিবাবিত হয় ।
 ইবিধিমা দ্রষ্টব্য ।

হার্পিস—ইন্দ্রবিদ্ধ ।

প্রদাহিত চর্ম্মের উপর জরপূর্ণ উদ্ভেদ সমূহ বাহির হয় ।
 ইহা অল্পদিন স্থায়ী ও অসংক্রামক চর্ম্মপীড়া উদ্ভেদের স্থিতি-
 কাল ৩৪ দিনের অধিক নহে আবেগ্যাণ্ডে দাগ থাকে
 না সর্দি বা জর বশতঃ ওষ্ঠেব বোনে যে জরচূঠা বাহির
 হয়, তাহাকে হার্পিস হেবিয়েলিস বাল শিশু ককেও এই
 উদ্ভেদ জন্মে, উহাকে হার্পিস প্রিপিউসিয়েলিস বলে দেহকাণ্ডেব
 সর্দি দিক ব্যাপী ও গোলাকাবে একরূপে উদ্ভেদ প্রকাশিত হয়,

তাহাকে হার্পিস্ জষ্টার বলে উহা ক্লেসদায়ক পীড়া ও উহাতে প্রবল বেদনা (ছলবেধবৎ) বোধ হয় ।

চিকিৎসা ।—কোষ্ঠ পবিষ্কারার্থে বেচক । সব এসিটেট অব্ লেড লোশন দ্বারা স্পঞ্জিঃ অক্সাইড অব্ জিঙ্ক বা সব এসিটেট অব্ লেড অয়েন্টমেন্ট ১২১, ২২৬ । বেলে-ডোনা বা একোনাইট লিনিমেন্ট । সেবনার্থ কুইনাইন ■ আর্সিনিক ওলিয়েট অব্ মর্ফিয়া, কলোডিয়ন, আইয়োডিন লিনিমেন্ট, এসিটিক এসিড, নাইট্রেট অব্ সিলভর—স্থানিক অক্সাইড অব্ জিঙ্ক, ক্যালোমিনা প্রিপেয়ারেটা, বিসমথ, ক্যালো-মেল, ষ্টার্চ ইত্যাদি চূর্ণাকারে স্থানিক প্রয়োজ্য । ইকুথিয়ল জলের সঙ্গে মিশাইয়া উদ্বেদোপরি প্রয়োজ্য । বেদনা নিবারণার্থে কোকেইন

একজিমা—পামা ।

ইহা এক প্রকার অসংক্রামক চর্মপীড়া—সচবাচর জন্মে ; ইহাব উদ্বেদ প্রথমতঃ জলপূর্ণ, পরে সপুষ হয় চর্মের কতক অংশ লালবর্ণ, প্রদাহিত ও ক্ষত হয় ; উপস্থিত উঠিয়া যায় ও মস্ত বা রসস্রাব হইয়া থাকে । আর্জ ক্ষত হইয়া ও তাহা মামডী দ্বারা আবৃত থাকে । সার্ভাজিক স্বাস্থ্যহীনতা, ক্ষুধালোপ, উগ্রতা ও অস্থিবতা জন্মে রোগ একে ও প্রাচীন দ্বিবিধ আকারে প্রকাশিত হয় ।

চিকিৎসা । কণ্ঠস্থান নিবারণার্থে টিংচর বেনজইন কং স্থানিক প্রলেপ দিবে । বোবেসিক এসিড ■ ড্রাম, উষ্ণ জল ২০ আউন্স একত্রে ধোত কপূর্ব চূর্ণ ছড়াইয়া দিলে

কণ্ডুয়ন নিবারিত হয় গ্লিসিরিণ অর্থাৎ ট্যানিন অয়েল অব্
 কেড, সাবান ও স্পিরিট সমভাগে, সলফাইড বাথ সলফর
 সেবনে উপকার দর্শে স্থানিক—যবোদক; মসিনাব ফাণ্ট,
 লেড, লোশন; সক্ষার জলে ধোত করণ। গ্লিসিরিণ অব্ ষ্টার্চ;
 গ্লিসিবিণ ও জল; লাইম লিনিমেন্ট; বোরাক্স ও গ্লিসিরিণ
 ১৫৮, প্লম্বাই এসিটাস ও হাইড্রোসিয়ানিক এসিড ১২১;
 করোসিব সল্লিমেট ১১৭ অঙ্গুযেঃ হাইড্রোজ নাইট্রেটস ৬১, ৬৭
 সল্ফব অয়েন্টমেন্ট—৬৫, ৬৮, ৬৯, ৭০ উত্তমরূপে পবিষ্কার
 করিবে অলিভ অয়েল, লার্ড বা লিনসীড পুহাটীস স্থানিক
 প্রয়োগে স্ফোট সকল উঠিয়া যাইতে পারে ঈষদ্রব্য জলে
 স্থান ক্রিয়েজোট ও বেড অক্সাইড অব্ মার্কবী অয়েন্টমেন্ট
 সার্কালিক—শালাইন পর্গেটিভস অর্থাৎ সলফেট অব্ ম্যাগ্নিসিয়া
 ■ সোডা রিউবার্ব ও ম্যাগ্নিসিয়া; রিউবার্ব ও ব্লুপীল
 ষ্টীল ও সলফেট অব্ সোডা কুইনাইন ও ষ্টীল ১৭৫, ১৭৬
 ডাইনম ফেরি ১৯১ আর্সিনিক—১৬৮, ১৬৯, ১৯১ কড-
 লিভর অয়েল। করোসিব সল্লিমেট ৩৯৮, ৪০২ বেড আইয়ো-
 ডাইড অব্ মার্কবী ওপিয়ম; হেনবেন, ক্রোবাল, সল্ফোনাল,
 সোডা ব্রোমাইড, ইণ্ডিয়ান হেম্প ছন্ধ, ঘৃত, মাংস, শেরী, ব্লারেট
 প্রভৃতি পথ্য ও বিগুন্ধ বায়ুসেবন ও ব্যায়াগ আইয়োডাইড
 অব্ পটাসিয়ম ■ আইয়োডাইড অব্ আঃ ৭৭ ক্রাইসোকানিক
 এসিড অয়েন্টমেন্ট ১৫—২০ গ্রেণ ও ১ আউন্স চর্কি বা মোমের
 মলম সেবনার্থ অল্প মাত্রায় (১৬ গ্রেণ) টার্টারেট অব্ এন্টিমনি
 কিছু দিবস পর্য্যন্ত দিনে ৩ ৪ বার সেবন করাইলে বিশেষ উপকার
 পাওয়া যায়। স্থানিসিলিক এসিড, ক্রাইসোকানিক এসিড,

বোবিক এসিড, ইক্‌সিয়ল, গ্লাইকর কার্বনিস ডিটারজেন্স, হাইড্রোজ' এসন ক্লোরাইড, কার্বলিক এসিড, থাইমল, ক্যালোমেল প্রভৃতি, মলম বা তৈল সহযোগে স্থানিক প্রয়োগ করা যায়।

পেম্ফাইগস—বিস্মিকা।

ইহাতে বড় বড় গোল বা অণ্ডাকার ফোকা উৎপন্ন হয় উহাৰ ব্যাস ২৩ ইঞ্চি হয়। উহা দেহের এক বা অধিকাংশ জন্মে ফোকার মধ্যে ক্ষাবধর্মী মস্ত থাকে, উহা শীঘ্রই অক্ষয়, অন্ন ও পুষ্ক হয় ইহাৰ সঙ্গে সামান্ত প্রকার জ্বাদি উপস্থিত হইতে পারে।

চিকিৎসা—এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪ নাইটো হাইড্রোক্লোরিক এসিড ও ত্রিও ফার্ট কুইনাইন ও আয়রন; কডলিওর অয়েল কোষ্ঠবদ্ধ থাকিলে মৃদু রেচক দুর্দমা রোগে আর্গিনিক; কুইনাইন ও ষ্টীল ১৮৯, ১৯১ গালিয়া দিয়া কষ্টিক লোশন দিবে। অকসাইড অব্ জিঙ্ক, ক্যালেমিনা প্রিপে-য়ারেটা, কার্বলিক এসিড, থাইমল, বোবিক এসিড লোশন বা চর্বিৰ সঙ্গে মলমাকাবে প্রয়োজ্য

রুপিয়া—মলিনিকা।

ইহা এক প্রকার অসংক্রামক চর্মরোগ উপরি বর্ণিত পীড়ার অনুরূপ; দুর্বল ব্যক্তি, বিশেষতঃ যাহাদের দেহ উপদংশ বিষে অর্জরীভূত, তাহাদের এই রোগ জন্মে ইহার ফোকা চ্যাপ্টা-কার হয়, প্রথমে উহাতে মাস্তক রস থাকে, পবে উহা সপুষ

বা রক্তবৎ হয়। অবশেষে শুষ্ক হইয়া কৃষ্ণবর্ণ মামডীকপে পবিত্রিত হইয়া থাকে। সন্নিহিত চর্মের দ্বারা প্রদাহিত, মাংসক স্রাব, মামডী পুষ্ণ ও বিস্তৃত হয়। মামডী বিদূষিত হইলে গোলাকার ক্ষত প্রকাশ পায় অনেক দিন পবে এই ক্ষত আবোঁগা হয়। কটিমেশ ও অধঃশাখার সাধাবণতঃ এই পীড়া জন্মে রোগেব স্থিতি কাল ২৩ সপ্তাহ হইতে কয়েক মাস জীবনী শক্তি নিতান্ত ক্ষীণ না হইলে এই পীড়া হইতে জীবনের কোন আশঙ্কা নাই।

চিকিৎসা। — ঈষদ্বক্ষ জলে স্নান, পুষ্টিকব খাদ্য, কড লিভর অয়েল; পবিত্রিত মদ্যপান নাইট্রিক এসিড ও ইনফিঃ বার্ক কুইনাইন ও টিংচর সার্পেন্টেরী; আইয়োডাইড অব্ পটাশিয়ম বা সোডিয়ম ৩৯১ আইয়োডাইড অব্ আয়রণ, কডলিভর অয়েল। স্থানিক—কষ্টিক লোশন, মার্কিউরিয়েল অয়েন্টমেন্ট; আইয়োডাইড অব্ ষ্টার্চ, মার্কিউরিয়েল ভেপার বাথ। ডনোভাম্‌স সলিউশন স্থানিক আইয়োডোফর্ম অয়েন্টমেন্ট, কার্বলিক অয়েল

একুশম — বৃহদাকার পুষবটী।

এক প্রকার অসংক্রামক চর্ম প্রদাহ। ইহাতে উন্নত গোলাকার ও বড় বড় পুষপূর্ণ পীড়কা দেহের সর্বত্রই বাহির হইতে পারে। পীড়কা ক্ষতস্রাব থাকে, উহার মূলস্থ চর্ম কঠিন ও প্রদাহিত হয় পবে পাতলা ও কৃষ্ণবর্ণ মামডী পড়ে এবং অবশেষে উহা বিদূষিত হইলে অগভীর ক্ষত চিহ্ন থাকে। ইহা তৎকাল ও প্রাচীন আকারে উপস্থিত হইতে

পারে অসম্যক পরিপুষ্ট শিশুদের মস্তকে সাধাবণতঃ এই পীড়া জন্মে

চিকিৎসা।—সূত্র বিবেচক ; সাম্পানীয় ; পুষ্টিকর খাদ্য। ওয়াটার ড্রেসিং, সব এসিটেট অব্ লেড লোশন ; বোরিক এসিড লোশন। এল্ডব ফ্লাউদার অয়েন্টমেন্ট ; জিঙ্ক অয়েন্টমেন্ট। সেবনার্থ কডলিভর অয়েল ; কুইনাইন ও আয়বণ স্বেদন বা উষ্ণ জলে স্নান। আর্সিনিক ও আয়বণ ১৯১।

ইম্পিটাইগো—চর্মদল।

এক প্রকার প্রবল ও সময় সময় সংক্রামক চর্ম প্রদাহ সহ অর্ধ গোলাকৃতি বা চ্যাপটা পুষ্পর্ণ উদ্ভেদ বাহিব হয়। প্রায়ই উদ্ভেদ পুঞ্জাকারে উপস্থিত হয় ইহাতে পুরু ও স্বেদ গীতবর্ণ মামড়ী পড়ে, উহার নিয় হইতে পুষ্ণাব হয়। মামড়ী পড়িয়া গেলে ক্ষত দৃষ্ট হয়। মুখমণ্ডল, কপোল ও মস্তকাদি স্থানে সাধাবণতঃ জন্মে। ইহার সঙ্গে সার্বাঙ্গিক অসুস্থতা থাকিতে পারে। উদ্ভেদ সকল গোল বা অণ্ডাকারে অবস্থিত কবে শিশুদের মস্তকে ও মুখমণ্ডলে এই প্রকার চর্ম-পীড়া হইলে তাহাকে ক্রষ্টা ল্যাক্টিয়া বলে

চিকিৎসা।—স্থানিক গ্লিসেরিন অব্ ট্যানিন সেবনার্থ সল্ফর, স্ত্রালাইন পবগোঁজস—৩২৭, ৩৩১, ৩৩৪, ৩৩৯ একট্রাক্ট পপী ও লেড ব অক্সাইড অব্ জিঙ্ক অয়েন্টমেন্ট, ক্রিয়েজোট ও গ্লিসেরিন ২৭ ; কার্বলিক এসিড ও গ্লিসেরিন ২৮ সল্ফর ও টার অয়েন্টমেন্ট ৫৮ অক্ষুযেঃ হাইড্রার্জ নাইট্রেটস ৬১। আইথোডাইড অব্ সল্ফর অয়েন্টমেন্ট ৬৯, ৭০

লাইকর পটাশ ; মর্ফিয়া ও গ্লিসিবিণ ১৫৫ বোরাক্স ও গ্লিসিবিণ
১৫৮ কার্বনেট অব্ জিঙ্ক ভেপ্পাব বা ওয়ার্ম বাথ স্ফোট
সকল বিদূষিত করণার্থ পুলটাস ; ওয়াটব ডেসিং ও মলম ব্যবহার্যা
স্ফোট পড়িয়া গেলে ক্রিয়েজোট অয়েন্টমেন্ট সার্কাডিক ঔষধের
মধ্যে আর্সিনিক, কডলিভর অয়েল, কুইনাইন। বোরিক লোশন,
হোয়াইট প্রিসিপিটেড অব্ মার্করী অয়েন্টমেন্ট

ষ্ট্রফিউলস—অলজিকা ।

এই বোগে ক্ষুদ্র, কঠিন, সময় সময় অল্প লালবর্ণ পীড়কা মিলিত
বা বিচ্ছিন্ন ভাবে উপস্থিত হয় ইহা শিশু ও বালকদিগের হয় ।
ইহা শরীরের এক স্থানে প্রকাশ প ইয়া সর্ব্বাঙ্গে ব্যাপ্ত হইতে পারে
ইহাতে সামান্য প্রকার উদ্দীপনা থাকে এই রোগ পাকায় ও
অপ্তেব ক্রিয়া বিশৃঙ্খলা, অল্পপযোগী আহাব বা দস্তোস্তেদকালীন
উদ্দীপনা বশতঃ সমুৎপন্ন হয়

চিকিৎসা । শিশু পানীয় ছুৎকের সহিত কার্বনেট অব্
সোডা বা বাইকার্বনেট অব্ পটাশ অল্প মাত্রায় মিশাইয়া দিবে
কোষ্ঠবন্ধে রিউবার্ব ও ম্যাগনিসিয়া ও ডিল ওয়াটার দস্তোস্তেদে
বিলম্ব হইলে মাড়ি চিবিয়া দিবে অত্যন্ত কণ্ডুয়ন হইতে
থাকিলে অক্সাইড অব্ জিঙ্ক অয়েন্টমেন্ট, গ্লিসিবিণ ও বোজ
ওয়াটব, ষ্টার্চ, অক্সাইড অব্ জিঙ্ক বা ক্যালেমাইন পাউডর
স্থানিক প্রয়োজ্য সেবনার্থ—কডলিভর অয়েল ও সিরপ ফেরি
আইয়োডাইড ঈষৎ জলে মন করাইবে ও পবিষ্কার পরি-
চ্ছন্ন রাখিবে

লিচেন—অমসক, পদ্মিনীকণ্টক ।

ইহা দুর্দম্য ও ক্রেশদায়ক চক্ষুপীড়া । ইহাতে ক্ষুদ্র ক্ষুদ্র, কঠিন, লালবর্ণ, উন্নত পীড়কা বা উদ্বেদ—স্বত্র বা পুঞ্জাকারে প্রকাশিত হয় । ইহাতে উদ্দীপনা থাকে ও চিন্ চিন্ বোধ হয় এবং অবশেষে সামান্যরূপে চর্ম উঠিয়া যায় । ইহাতে অত্যন্ত কণ্ডুঘন হয় । হস্ত, বাহু, গ্রীবা, মুখমণ্ডল ও শরীরের অন্যান্য অংশেও জন্মে । ইহা প্রাচীন ও তৎকাল বিবিধ আকারে প্রকাশ পায় । সান্তিশয় উত্তাপ, অস্ত্র ও পাকায়ের ক্রিয়া বিশৃঙ্খলা ও বালকদের দন্তোদ্বেদ বহুতঃ এই বোগ উৎপন্ন হয় ।

চিকিৎসা ।—ক্যাঙ্কোবাইডিস অল্প মাত্রায় আভ্যন্তরিক ব্যবহার্য্য ক্লোরোফর্ম অয়েন্টমেন্ট স্থানিক প্রয়োগে কণ্ডুঘন নিবারণ হয় । লাইকর কার্বনিস ডিটাঙ্গেস বা অয়েল অব্ ক্লেড (১ ড্রামে ১ আউন্স) অথবা টর অয়েন্টমেন্ট । বাইকার্বনেট অব্ সোড ১ আউন্স ও জল ৩০ আউন্স ধাবন আকারে প্রয়োজ্য । হাইড্রার্জ পাবকোরাইড ৩ গ্রাঃ, এসিড কার্বলিক ১ ড্রাম ও সিম্পল অয়েন্টমেন্ট ৩ আউন্স একত্রে মলম আকারে প্রয়োজ্য । নাইটেট অব্ সিল্ভর ২০ গ্রাঃ ও নাইট্রিক ইথর ১ আউন্স মিশাইয়া লাগাইলে কণ্ডুঘন নিবারণিত হয় । জ্ব-হৃৎ জলে স্নান, মৃদু বেচক, অন্তস্তেজক পথ্য ; সামান্য পানীয় স্থানিক—লাইকর প্লম্বাই সব এসিটেটস লোশন ২৪০, ২৪১ হাইড্রোসিল্লানিক এসিড ও প্লম্বাই এসিটাস ১১৬ কবোসিব সল্লিমেন্ট ১১৬ গ্লিসিরিন ১ আঃ, কবোসিব সল্লিমেন্ট ৬ গ্রাঃ, ক্লোরোফর্ম ২০ ফোটা, জল ৭ আউন্স একত্রে ধৌতার্থ প্রয়োজ্য । পরিবর্তক ঔষধ—আইয়োডাইড্ অব্ পটাশিয়াম ও বার্ক, কবো-

সিব সল্লিমেট ও বার্ক ৩৯৮ । আর্সিনিক ১৯১ । মার্কিউবিয়েশ
 ৩৬পার বাথ, সল্ফর বাথ কডলিওর অয়েল, ফস্ফেট অব
 জায়রণ; কুইনাইন ও ষ্টীল বিন আইয়োডাইড অব মার্কবী এই
 গ্রেণ বটিকাকাবে আহাবের পব সেব্য

প্রত্নরাইগো—অরুণিকা ।

অসংক্রামক প্রাচীন চর্মপীড়া; ইহাতে ছোট ছোট পীড়কা
 বা উদ্বেদ বাহিব হয়। ইহাতে অত্যন্ত কণ্ডুমন হয়। তৎকালে
 বোশীর সাতিশয় সম্ভ্রন্দতা জন্মে কণ্ডুমন, কখন কখন *বারে
 পিপীলিকা সম্ভবণবৎ অনুভূত হয়।

চিকিৎসা —ক্রোবোফর্ম অয়েন্টমেন্ট বা আইগোডোফর্ম
 অয়েন্টমেন্ট (১ ড্রামে ১ আউন্স) ক্যাথেরাইডিস্ টিংচার
 আভ্যন্তরিক প্রয়োজ্য সল্ফর বাথ ৪০; ম্যালকেলাইন বাথ,
 কোনিসম ও ক্রিয়েজোট বাথ ৩৮ ঈথরফ জরো স্নান, বাষ্প
 স্নান। স্থানিক—ভিনিগার, লাইম ওয়াটার, কারাসিব সল্লিমেট
 লোশন, কার্কলিক এলিড্ লোশন, হাইড্রোসিয়ানিক এসিড ১১৬।
 আইকর পটাশ ও হাইড্রোসিয়ানিক এসিড ১১১ পটাশি সামা-
 নিডাই অয়েন্টমেন্ট ১২২, একোনিসিয়া অয়েন্টমেন্ট ১২৫; টাব
 অয়েন্টমেন্ট ৫৮ অয়ে ক্রিমি বা ত বায়ুল ক্রিয়া বিশৃঙ্খল। থাকিলে
 তাহা বিদূরিত করিবে অজুয়েঃ সল্ফর সি ট্‌ন্ অয়েন্টমেন্ট
 ডিল, এমোনি ক্রোবাইড্ লোশন $\frac{1}{2}$ — $\frac{1}{4}$ গ্রেণ মাত্রায় হাইড্রো-
 ক্লোরেট অব কোকেইনের হাইপোডমিক ইন্সেক্‌সন কণ্ডুমন
 ও বেদনার আশু প্রতিকারক। সার্কাসিক—অনুওঙ্কক পথ্য, মুছ
 বিবেচক, বলকাবক ঔষধ সিনকোনা ও বিফাই ১৮৫ এসি-

টেট্ অব্ পটাসিয়ম , আইয়োডাইড অব্ পটাশ ও সার্সা ; আর্সিনিক , ষ্ট্রিকনিয়া ; আইয়োডাইড অব্ আয়বণ ; কড্‌লিভর অয়েল । অস্থিরতা নিবারণার্থ এক্‌ষ্ট্রাক্ট পপী বা টিংচর বেলেডোনা সেব্য মর্ফিয়া ও এটপিয়াব অধস্তাচ গ্রফেপ হাইড্রার্জ পাবক্লোরাইড্ , অতি অল্প মাত্রায় $\frac{1}{2}$ গ্রেণ মাসাবধি পর্য্যন্ত ব্যবহার কবিলে বিশেষ উপকার পাওয়া যায়

সোরাযেসিস্ বিচর্চিকা ।

ক্লে* দায়ক ও দুর্দম্য চর্মপীড়া । ইহার উদ্ভেদ মশক হয় , ইহা সংক্রামক নহে লালবর্ণ মশক চক্র বা মণ্ডল, বিবিধ আকারে শবীবেব নানাস্থানে প্রকাশিত হয় সাধাবণতঃ জাহ্নু ও কুর্পর সন্ধিব নিকটবর্তী অংশে উদ্ভেদ বাহির হইতে দেখা যায় ক্রমঃ উহাদের আকৃতি ■ সংখ্যা বৃদ্ধি প্রাপ্ত হয় এবং সমস্ত দেহে বিস্তৃত হইয়া পড়ে উপদংশ বিযজাত উদ্ভেদের বর্ণ স্ত্রাবনৎ দেখায়

চিকিৎসা ।—আর্সিনিক ; কড্‌লিভর অয়েল , আইয়োডাইড অব্ পটাসিয়ম ; কুইনাইন ; আয়বণ অজুযেঃ পাইসিম লিকুইড উপদংশজনিত বোগে মার্কিউরিয়েল ডেপার বাথ ও মার্করী সেবনার্থ বিধান কর্তব্য । আইয়োডিন অয়েন্টমেন্ট ও লিনিমেন্ট স্থানিক প্রয়োজ্য ডোনাল্ডস সলিউ*ন সেবনে অনেক উপকার হয় আর্সিনিক সেবন সময়ে অল্প ও উদ্ভিজ্জ দ্রব্য সেবন নিষিদ্ধ ফেবি আর্সিনিয়াস $\frac{1}{2}$ গ্রেণ বাটিকাকাবে । ক্রাইসোকানিক এসিড বাহিক ও আভ্যন্তরিক প্রয়োজ্য, ইহা সেবনার্থ $\frac{1}{2}$ গ্রেণ মাত্রায় বাটিকাকপে ব্যবহার্য টাব অয়েন্টমেন্ট,

লাইকব কার্বনিস ডিটার্জেন্টস অয়েন্টমেন্ট ১ বস জলে স্নান, উক্ত জলে বাইকার্বনেট সোডা বা পটাশ মিশাইয়া দিলে বিশেষ উপকার হয় সিট্রিন অয়েন্টমেন্ট ডিল বিন্ আইয়োডাইড্ ও কবোসিব সল্লিমেন্টের যুহু মলম ।

পিটীরায়েসিস ।

চর্মের অসংক্রামক, প্রাচীন সধক প্রদাহ একত্বে সমাণ্ড আরওতা ও সান্তিশয উদ্দীপনা থাকে যুহু ও খেতবর্ণ শর অধিক পরিমাণে জন্মে দেহেব সকল অংশেই জন্মিতো পাবে, কিন্তু মস্তক ও অন্যান্য কেশাবৃত স্থানেই সাধাবণতঃ উৎপন্ন হয় অধিক পরিমাণে ও সতত খুস্কি বা উৎস্বক উঠিয়া যায়

চিকিৎসা ।—গ্লিসিরিন ও বোবাক্স বা সোহাগার উগ্র ত্রব বা কার্বলিক লোশন লাইকব প্লম্বাই সব এসিটেটস ও গ্লিসি-
বিনের ধাবন সল্ফবস এসিড ও গ্লিসিবিন । মধ্য মধ্য বিবে-
চক ; বলকাবক তিত্ত ফাণ্ট । অবসাদক ও সন্ধ্যাব দোত সমূহ,
নাইট্রেট অব্ মার্কবী অয়েন্টমেন্ট এমোনিয়টড্, মার্কবী
অয়েন্টমেন্ট ; গ্লিসিবিন আর্সিনিক ১৮৯, ১৯১ টিংচর অব্
পাবক্লোরাইড অব্ আয়বৎ । হাইড্রার্জ পাবক্লোরাইড লোশন, ১
গ্রে° ■ ১ অণ্ডিফ্র ক্রল, তুতি দ্বংল লং, ইংল ইহংর সঙ্গে ১ ০
বা ২ গ্রেণ এমোন ক্লোরাইড মিশাইয়া দেওয়া যাইতে পারে ।
কার্বলিক সোপ ব্যবহার্য অয়েল ইউকালিপ্টাই বা ক্রিয়েজোট
মলম আকারে প্রযুক্ত হয়

ইকথাইয়েসিস—এককুষ্ঠ ।

অসংক্রামক সশক চক্ষুশীড়া । ইহা আতি বিরল । দেহের এক বা অধিক স্থানে পুর, কঠিন ও শুষ্ক শক উৎপন্ন হয়, ইহা-দেব বর্ণ মলিন ধূসব উত্তাপ, বেদনা বা কণ্ডুয়ন থাকে না সশক উদ্ভেদ বশতঃ বোগীবে কদাকাব দেখায় ।

চিকিৎসা —ঈষৎক ডগে বা সফায ডগে স্নান, বাষ্প স্নান স্নানেব পর অগ্নিও অয়েণ, কোকোনিট অয়েল, ল্যানো-লিন, ইউক্যালিপ্টাই অয়েল পীডিও অংশে বাগাইলে উপ-কার হয় স্যালিসিলিক এসিড বা বাইকর পটাস জল সহ বাগাইলে চর্মের কাঠিও দুব হয় গ্লিসিবিং, ক্রিমেজোট মোশন, কার্বলিক এসিড অয়েল ও মোশন ইকথিয়ল, বিসমসিন শতকবা ১০ ভাগ ও স্নাপথল ৫ ভাগ, তৈল বা মলম সহ স্থানিক প্রয়োজ্য আইয়োডাইড অব্ পটাসিয়ম ১০ গ্রেণ, জগে দ্রব কবত ১ আউন্স ল্যানোগিনেব সঙ্গে গিশাইয়া স্থানিক ব্যবহার্য । সেবনার্থ—সার্গিনিক, ডনোভাস সলিউশন ; কড্-লিভর অয়েল ; কবোসিব সবলিমেট । দারুকব পটাস ও সার্গা প্যাথিণা আইয়োডাইড অব্ পটাসিয়ম

একনি—গুখদুখিকা ।

প্রাচীন গুটিক চর্মবোগ ; ক্ষুদ্র ক্ষুদ্র স্ফোটক বাহিব হয়, উজাদেব মূল গাঢ় লালবর্ণ থাকে । যৌবনাবস্থায় হয়, ইহাকে বয়স ফোড়াও বলে ফেটক পাকিয়া ফাটিয়া যায়, তৎপবে ছোট ও শক লালবর্ণ অর্কদুবৎ অবশিষ্ট থাকে এবং তাহা ক্রমশঃ

মিশাইয়া যায় কিন্তু প্রায়ই দাগ থাকে ইহাদেব উৎপত্তি স্থান চর্ম্মস্থ সিবেস্‌স্‌ ফলিকল্‌স্‌ বা মেদ গ্রন্থি কপাল ও দুই কপোলদেশেই সাধারণতঃ জন্মে নাসিকাতেও হয়।

চিকিৎসা। ব্রোমাইড্‌ অব্‌ পটাশিয়াম আভ্যন্তরিক প্রয়োগে উপকার দর্শে ক্রিয়েজোট ৬৬, ৬৮ হাইড্রার্জ এগোনিয়েটম ৬৫ সল্‌ফিউরিস্‌ আইয়োডিডম ৬৯, ৭০। ঈষ-দুগ্ধ জলে স্নান, করসিব সল্লিমেট ■ গ্রোং, অমণ্ড মিক্‌শর ৮ আউন্স, একত্রে লোশন অঙ্গুরেঃ হাইড্রার্জ নাইট্রেটিস্‌ ডিল সিসিবোল অব্‌ এলোজ, বোরাক্‌স্‌ ও গ্লিসিরিন, মিল্ক অব্‌ রোজ, পটাশি সায়ানিডাই সেবনার্থ আর্সিনিক ১৮৯, ২৯১, পেপ্‌-সিন, কুইনার্টিন, বিবিধ আয়বণ; সল্‌ফর; সল্‌ফাইড্‌ অব্‌ ক্যাল-সিয়াম কোষ্ঠ বন্ধ থাকিলে মার্কিউরিয়েল বা স্‌ফালাইন বিবে-চক। সল্‌ফর ৩০ গ্রোং, ক্যালেসিনা ৩০ গ্রোং, কার্বলিক্‌ এসিড্‌ ১৫ ফোটা ও স্যানোলিন ১ আউন্স একত্রে মিশাইয়া ব্রণোপবি মর্দিব্য।

প্যারাসাইট—পরাজপুষ্ট।

টিনিয়া টলিউরান্স—রিং ওয়ার্ম।

এক প্রকাব প্রাচীন সংক্রামক চর্ম্ম পীড়া, ইহাতে কেশ বিবর্ণ ও পতনশীল হয়। ইহার উদ্ভেদ *ধবৎ ও পীড়িত অংশ গোলা-কার হয় সাধারণতঃ মস্তকে জন্মে ইহাতে একরূপ পরাজপুষ্ট জন্মে ও তাহা কেশমূলে অবস্থিতি করে।

টিনিয়া ক্লেভোজা—ফেভস্ ।

অতি বিবল পীড়া সৃধাবণতঃ মস্তকে উৎপন্ন হয় মধু-
চক্রবৎ আকারে ইহাব উদ্ভেদ বাহির হয় । উহার মধ্যস্থলে প্রায়ই
এক একটা কেশ থাকে উহাতে শুষ্ক ও গীতবর্ণ মামড়ী পড়ে ;
ইহাতে সান্তিশয় কণ্ডুয়ন জন্মে কেশ পতিত হয় ছুর্গন্ধ বাহির
হয় । ইহাও একরূপ পরাজপুষ্টজ পীড়া ।

টিনিয়া ডিক্যাল্ভান্স ।

ইহাও একরূপ পরাজপুষ্টজ পীড়া মস্তকাদি কেশাবৃত স্থানে
জন্মে কেশ পতিত হইয়া গোল বা অণ্ডাকার টাক দৃষ্ট হয় তৎ-
স্থান চিকণ দেখায় এইরূপ গোল বা অণ্ডাকার টাক এক বা
ততোধিক হইতে পারে

ইহাদের চিকিৎসা টিনিয়া সাইকোসিসেব সমান ।

টিনিয়া সাইকোসিস্ ।

হেয়াব ফিলিকলুস বা কেশগ্রহিতে প্রদাহ হইয়া সপুষ, তীক্ষ্ণগ্র
উদ্ভেদ বাহির হয় ডুমুরাকৃতি দেখায় দাড়িতেই সচবাচর এই
রোগ জন্মে, তন্নির অন্ত্যান্ত কেশাবৃত স্থানেও হইতে পারে । ইহাও
পবাজপুষ্টজ পীড়া

চিকিৎসা ।—সর্বদ পবিকৃত কবিবে মামড়ী উত্তোলন
কবার জন্ত তৈল, মোমেব মলম ও পুলটীস কেশ উত্তোলন
কবিবে সার্কিঞ্জিক স্বাস্থ্যায়ত্তি কবণার্থ কডলিভর অয়েল, বার্ক
বা স্টীল সল্ফরস এসিড গোলন ; ক্রিয়েজোট ২৭, ৫৪ ; কার্ব-

লিক এসিড ও জল গ্লিসিবিং ও কার্বলিক এসিড (১ ভাগে ৮ ভাগ) ; কবোসিক সল্লিমেট লোশন ১১৭ । অসুয়েঃ হাইড্রার্জ এমোনিয়েরটা ও সল্ফর ৬৫ ; অয়েল ক্রিয়েজোট ও অসুয়েঃ হাইড্রার্জ অক্সাইড রুত্রাই ৬৬ , ক্রিয়েজোট ও সল্ফর ৬৮ ; আইয়োডাইড অব্ সল্ফর ৬৯, ৭০ অসুয়েঃ হাইড্রার্জ নাইট্রেটীম ৬১, ৬৭ বিং ওয়ার্মতে ষ্ট্রং এসিটিক এসিড ; লিনিমেন্ট অব্ টর্পেন্টাইন ও এসিটিক এসিড অসুয়েঃ হাইড্রার্জ আইয়োডাইড রুত্রম (মোমেব মলমেব সঙ্গে মিশ্রিত কবিষা) কবোসিক সল্লিমেট অয়েন্টমেন্ট ; আইয়োডিন ১০০ গ্রো, অয়েল পিটোলিয়ম ১ আউন্স স্থানিক প্রযোজ্য । ক্রাইসোফানিক এসিড ১৫ ২০ গ্রেণ, মোমের মলম, লার্ভ বা ঘৃত ১ আউন্স, একত্রে মলমাকার দ্রব্যস্থানে মর্দিতব্য বোবিক ও শালিসিলিক এসিড ঐরূপ ভাবে ব্যবহাবে উপকার দর্শে । থাইয়ল, ইকথিয়ল, টিংচব আইয়োডিন, বোরাক্স, গ্রাপথল, ওলিয়েট অব্ মার্কবী, অয়েল ইউবালিপটাই প্রভৃতি প্রয়োগেও উপকার দর্শে

টিনিয়া ভার্সিকোলার ।

সাধারণতঃ বক্ষঃ বা উদরের সম্মুখ দিকে প্রকাশ পায় পীতাজ উদ্ভেদ, গমেব ভূসিব গ্রাম্ব শক দ্বারা আবৃত থাকে ইহাও এককপ পরান্নপুষ্টিজাত পীড়া

চিকিৎসা ।—সল্ফরস এসিড লোশন, গ্লিসিবিং অব্ কার্বলিক এসিড ; টর্পেন্টাইন লিনিমেন্ট, কবোসিক সল্লিমেট লোশন সেবনার্থ ভার্সিনিক সদা সর্বদা পরিষ্কার ও পরিচ্ছন্ন-তাব প্রতি দৃষ্টি রাখা কর্তব্য । পিটিবায়েসিস্ লষ্টব্য

স্কেবিজ্—পাঁচড়া ।

ক্লেসদায়ক সংক্রামক চর্ম্ম পীড়া ইহাতে অত্যন্ত কণ্ডুয়ন হয় উত্তাপ দ্বারা উদ্দীপনা বর্দ্ধিত হয় । প্রথমে ছোট ছোট ফুস্কুড়ি বাহিব হয়, তাহা কখন জলপূর্ণ ও কখন পুষ্পপূর্ণ দেখা যায় হস্তের অঙ্গুলিব ভিতর সাধারণতঃ হয় । জান্তব পরাম্পপুষ্ট হইতে উৎপন্ন হয়

চিকিৎসা ১ ভাগ চূণ, ২ ভাগ গন্ধক ও ১০ ভাগ জল, যতক্ষণ একত্রে মিলিত না হয়, ততক্ষণ ফুটাইবে ; তৎপরে উপরিস্থ স্বচ্ছ জল ঢালিয়া লইবে স্নানের পব তুলি দ্বারা এই জল স্থানিক প্রয়োগ করিবে উষ্ণ জল ও সাবান দ্বারা ধোত করিবে । সল্ফর অয়েন্টমেন্ট, সল্ফর বাথ ; সল্ফর সোপ ষ্টোবাক্স ও জমণ্ড অয়েল একত্রে কার্বনিক এসিড অয়েল (১ ভাগ, ৮ ১৬ ভাগ তৈল) ; সল্ফরস এসিড গ্যাস দ্বারা ফিউগিগেশন ; জ্বব গন্ধকে বস্ত্রখণ্ড ভিজাইয়া তাহা জ্বলাইলে উষ্ণ বাষ্প নির্গত হয় কার্বনেট অব্ পটাশ ও আউন্স, পবিস্রুত জ্বব ও আউন্স, সল্ফাইম্‌ড সল্ফর ৬ আউন্স, লার্ড ২৩ আউন্স একত্রে মলম ঈষদুষ্ণ জলে স্নান করিয়া পবে উপযুক্ত মলম লাগাইবে আইয়োডাইড অব্ পটাসিয়ম ১ ড্রাম, জল ৮ আউন্স একত্রে ধাবন প্রস্তুত করিয়া তদ্বারা ভিজাইয়া রাখিলে উপকার দর্শে সেবনার্থ সল্ফর স্নান মাত্রায় প্রযোজ্য

য়্যালোপেসিয়া—বল্ডনেস—দারুনক—টাক ।

কেশপতন স্থায়ী বা ক্ষণস্থায়ী হইতে পাবে প্রথমতঃ মস্ত-

কের উপরের বা শঙ্খদেশের ও মস্তকেব সম্মুখ দিকেব কেশ পাঁতলা হইতে থাকে তৎপরে টাক পুড়ে বলহানি বশতঃ হয় পোষণ ক্রিয়াব সার্বাস্থিক দুর্বলতা বশতঃ কোণগ্রস্থি পীড়িত হয় কোণগ্রস্থি বিনষ্ট হইলে আবোগ্যেব সম্ভাবনা থাকে না। দৌর্ধলা, বক্তাস্রাব, জ্বর, গণ্ডমালা ও উৎদংশ আদি কাবণে টাক পড়িলে কোণগ্রস্থি বিনষ্ট না হইয়া অকর্মণ্য হইয়া থাকে তৎক্ষণে বোগ আবোগ্য হইতে পারে

চিকিৎসা।—পুষ্টিকর খাদ্য, কুইনাইন ও ষ্ট্রন ১৭২, ১৭৩, ১৭৬ কডলিওব অয়েল ৪০১ লাইকন এমোনিয়া এসিটেটস; লাইকন এমোনিয়া ২৯, ব্যালসম পেক, ব্যালসম টলু ৬০ গ্লিসিবিং ২৯ নাইট্রিক এসিড, অয়েল ও'বিগেনাই; অয়েল বোজমেবিনাই ২৯, ৬০ সল্ফিউরিক আইয়োডিডম অয়েন্টেমেন্ট ৬৮ ক্যাঙ্কেবাইডিস ২৯, ৪২ ক্রিয়েকোট ও সল্ফিউরিক অয়েন্টেমেন্ট, ডাইডি উটেড আইয়োডিন লিনিমেন্ট; টর্পেন্টাইন ও এসিটিক এসিড লিনিমেন্ট টিং জেবোবাণ্ডি ও গ্লিসিবিং বোবেসিস। অয়েল নটমেগ ও অলিভ অয়েল বিবিধ এন্টিসেপ্টিক ঔষধ ব্যবহৃত হয় অধিক দিবস ধরিয়া গাইকর আর্সিনিকেসিস সেবনে হিতফল দর্শে। প্যাবাফিন অয়েলেন স্থানিক প্রয়োগ উপকারী মৃদু গ্যালভানিওস; ইলেক্ট্রোড এশ ব্যবহাণ স্নায়ুলায়ক মস্তক মৃগন মবো মবো কবিলে উপকার হইতে পারে নাথিকেল তৈলেব সঙ্গে অয়েল বোজমেনি, ইউবালিপ-টাই, লাইকন এমোনিয়া ■ টিং ক্যাঙ্কেবাইডিস

ওয়ার্টস—কর্ণস্—আঁচিল ও জাম্‌ড়ো ।

চিকিৎসা ।—নাইট্রেট অব্‌ সিল্ভর, গ্লেসিয়েল এসিটিক এসিড ; এসিড সলিউশন অব্‌ নাইট্রেট অব্‌ মার্করী কাঁচি দ্বারা কর্তন কার্বলিক এসিড ; ক্রমিক এসিড, নাইট্রিক এসিড স্যালিসিলিক এসিড অর্ধ হইতে ১ ড্রাম ও মোসের মলম ব লার্ভ ১ আউন্স ; লাইকব আর্সিনিকেলিস স্থানিক প্রয়োজ্য

বর্ণস্ ও স্কল্‌ডস্—অগ্নি ও অত্যাঘত জলদাহ ।

দগ্ধ স্থানেব পবিত্র, বিধান বিধবৎ, রেণীর বয়স ও দৈহিকা-বস্থা উপর বিপদাশঙ্ক্য তাবতম্য হইয়া থাকে

লক্ষণ —দেহেব মধ্যে এরূপ অভিঘাত বা শক্‌ লাগে যে, তাহাতে সাংঘাতিক মূর্ছ সমুপস্থিত হইতে পারে *বীৰ ও শাখাদি শীতল ও পাণ্ডুবর্ণ কম্প, নাড়ী ক্ষীণ ও দ্রুত অসম্পূর্ণ প্রতিক্রিয়া ও অবসন্নতা অথবা প্রবল প্রতিক্রিয়া সহ জ্বর ও মস্তিষ্ক, ফুস্‌ফুস্‌ বা অগ্রে বঙাধিক্য উপস্থিত হয় অথবা সাতিশয় পুষ্টি স্রাব ও ক্ষতাবোগ্য হইতে বিলম্ব হওয়ায় বিগেণী জন (হেক্টিক্‌ ফিবর) সমুপস্থিত হয় ক্ষতাবোগ্যেব পর অঙ্গাদি সংকুচিত বা বিকৃত হইতে পারে

চিকিৎসা —বেদনা নিবারণ ও প্রতিক্রিয়া আনয়নার্থ ওপিওম ও বেলেডোনা এবং ব্রাণ্ডি আদি উত্তেজক ব্যবস্থায় ক্লোরোফর্ম আঘ্রাণ কোষ্ঠবদ্ধ থাকিলে ক্যাষ্টর অয়েলাদি বিবেচক আভ্যন্তরিক যন্ত্রাদিতে রঙাধিক্য ও প্রদাহ হইলে স্থানা-

ইন ঔষধ ২৮৩, ২৮৮, ২৮৯ ; ববফ ; এগোনিয় ও বার্ক ১৮৩, ১৮৪ পোর্ট, ব্র'ণ্ডি, ছক্ক, ডিম, ম'ংসযুষ স্থানিক দক্ষ স্থানে বায়ু প্রবেশ কবিত্তে না পারে, তজ্জন্ত সতর্ক হওয়া কর্তব্য অন্ন পবিত্রিত স্থান দক্ষ হইলে কয়েক ঘণ্ট তাহা শীতল জলে ডুবাইয়া রাখিতে কেহ কেহ বলেন বাইম জিনি-মেন্ট বা ক্যাব' অয়েল, ২৩৭ । মিউসিলেজ অব্ গম একে-সিয়া ; এসিটম বা ভিনিগাব ; ম্যাল্কোহল্ ; অলিয়ম পোবম (শুকবের চর্কিসহ) ; আর্জেন্টাই নাইট্রাস্ ৫ ১৫ গ্রেণ, জল ১ আউন্স , কলোডিয়ন্, ক্রিয়েজোট ৫৪ ক্রিটা প্রিপেয়াবেটা ২৬৩ ; ষ্টার্চ, সরদা বা চাউল চূর্ণ দক্ষ স্থানে ছড়াইয়া দিবে , উহাব সহিত বোরিক এসিড মিলাইয়া দিবে মর্চি বণ, পাথাই কার্বনাস, ট্রিকল অক্সায়ঃ সল্‌ফিউবিস, অয়েল টর্পেন্টাইন, সিরেট ক্যালেমিনা, অক্সাইড অব্ জিঙ্ক অয়েন্টমেন্ট বা চূর্ণ গল্ ফেট অব্ জিঙ্ক লোশন ফোঁকা হইলে তাহ গালিয়া দিবে দক্ষ শুষ্ক হওয়াব কালে অল্প সঙ্কুচিত বা অল্প কোন অধেন সহিত সংযুক্ত না হইতে পারে, তদর্ধ সতর্কতা প্রয়োজন বৃহ্ কার্বলিক্ অয়েল, অথবা ক্যারন অয়েলের গধে কয়েক ফোঁটা বিশুদ্ধ কার্বলিক এসিড মিলাইয়া দিবে রাইকার্বনেট অব্ সোড সলিউশন ষ্ট্রং বাগাইলে তৎনগাৎ বেদনা ও কোথা নিবারিত হয় বেদনায় অল্প অল্প মাত্রায় কোকেইন লোশন লাগান যাইতে পারে সেব'ার্থে দেওয়া যায় আহত অংশ তুলা দ্বারা আবৃত ও ব্যাণ্ডেজ বান্ধিয়া রাখা কর্তব্য



ডিজিজেন্স্ অব্ উইমেন ।

ঔষোগ

ভল্ভাল প্রৱাহীটীস্—যোনি কণ্ডূয়ন ।

বাহু স্ত্রীজননেঞ্জিমেব উদ্বীণনা ইহা আপনাং নি বা অছাণ্ড
পীড়াব সঙ্গে উৎপন্ন হয় প্রৌঢ় বয়সেও এই বোগ অসাধারণ
নহে সময় সময় গৰ্ভাবস্থায় উপস্থিত হয়

লক্ষণ । কণ্ডূয়ন, ক্লিন্‌কিন্, পিপীলিকাগতি বা জ্বালা বোধ
হয় উত্তাপ ও উত্তেজনা স্বাৰা উহা বৃদ্ধি পায়, চুলকাইতে
চুলকাইতে চৰ্ম্মাদি হাজিষ যায় ও মাগড়ী পড়ে ক্ষুধাভাব,
বাক্রিতে অস্থিৰতা ও সার্কাম্বিক উগ্রতা জাদি, যন্ত্রণা হেতু
উপস্থিত হয়

চিকিৎসা ।—মূছ বিবেচক সল্‌ফেট্ অব্ সোডা ও
সল্‌ফব, সল্‌ফব ও ম্যাগ্নিসিয়া ৩৫৪, সল্‌ফব ও ক্রিম অব্
টাৰ্টাৰ ৩৫৫; ক্যালোমেলা ও বিয়াই ৩৪৩ পেপ্পিন্ ৪১৭;
নাইট্রো মিউবিমেটিক এসিড্ ও তিঙ ফাণ্ট প্যার্থ ছক্,
ডিষ, মাংস, অন্ন চা, কফি ও স্ন্বাপান নিষিদ্ধ কুইনাইন
ও বেলেডোনা বটিকাকাৰে, কবোসিব সল্‌লিমেট্ ও সার্গা
৪০২, লাইকব জাৰ্গিনিক ও জায়র ১৯১ স্থানিক—সব-
এসিটেট্ অব্ লেড্ লোণন ৪২৬, সল্‌ফেট্ অব্ এটোপিয়া
মলিউসন্ ১ ড্রাম্ ও এক পাইণ্ট্ এল্ডব ফ্লাউয়াব ওয়াটাৰ;
একোনাইট্ ও বেলেডোনা লিনিমেন্ট্ সমভাগে লইয়া মর্দন,
এসিটেট্ অব্ লেড্ ■ হাইড্রোসিয়ানিক্ এসিড্ ১১৬, মর্ফিয়া
ও লাইকব পটাশ ১৫৫; বোরাৰ ও মর্ফিয়া ১৫৮, অমণ্ড

অয়েল, লাইম্ লিনিমেন্ট ; গ্লিসিবিণ ১১ ভাগ ও গোলাপ জল ৮ ভাগ ; কালোমেন অয়েন্টমেন্ট সর্বদা পরিষ্কার রাখিবে ।
বেলেডোনা পেসাৰি, অগ্নুয়েঃ হাইড্রার্জ নাইট্রেটস বোগের কারণ জানিতে পাবিলে তদনুযায় চিকিৎসা করিবে লাইট কার্বলিক অয়েল কোকেইন লোশন

ভল্‌ভাইটস সিম্পল ও ফলিকিউলার ।

অপবিষ্কৃততা, অপরিসিত পুরুষসঙ্গম, উপদংশ বিষ বা স্নিহিত যন্ত্রেব (মলদ্বার ও জ্বায়ু) উদ্দীপনা বশতঃ এই প্রকার প্রদাহ উপস্থিত হয়

লক্ষণ —বেদনা ও স্পর্শসহ্য । স্নীততা, শ্লেগাস্রাব, প্রস্রাব করিতে উষ্ণতা ও জ্বালা বোধ কটি, কুচকী ও উরুতে কনকনে বেদনা বোধ হয় সার্কাঙ্কিক লক্ষণাদিও সমুপস্থিত থাকে

চিকিৎসা .—কুইনাইন, আয়বণ, মদ্য, পুষ্টিকর খাদ্য, ক্ষত পটিতে থাকিলে নাইট্রিক বা হাইড্রোক্লোরিক এসিড স্থানিক, কষ্টিক লোশন, কার্বলিক অয়েল ফলিকিউলার প্রদাহে—মর্ফিয়া ও হাইড্রোসিয়ানিক এসিড লোশন ১৫৫, গ্লিসিবিণ ও লাইম ওয়াটার, আইয়োডাইড অব্‌ লোড ■ বেলোডানা অয়েন্টমেন্ট, একোনাইটিন অয়েন্টমেন্ট, হাইড্রোসিয়ানিক এসিড ও এট্রপিয়া অয়েন্টমেন্ট ১২৮ উষ্ণ জলে কটিমান, উষ্ণ জলে একট্রা পপী গুলিয়া দিবে পথ্য—অনুভেজক ■ লঘুপাক । চা, কফি, মগ্ন নিষিদ্ধ ঔষধিক ■ বার্ক ১৬৮ ; এসিড নাইট্রিক ■ ইন্ফিঃ ক্যালক ১৬৯ ; কুইনাইন ১৯৩ ; কেরোসিব সব-

লিমেট ও সার্জা ৩৯৮, ৬৩২ কডলিভর অয়েল, বায়ু পরি-
বর্তন। গ'বম জলের ডু' বু' সীচকাবি পটান পাবমাঙ্গ'নাম
বা কার্বলিক লোশন অথবা বোরাসিক লোশন

ইন্ফ্যান্টাইল লিউকোরিয়া—শৈশব শ্বেতপ্রদর।

বালিকাদেব যোনিদ্বারস্থ শৈল্পিক গ্রন্থি হইতে এক প্রকাব
স্রাব হয়, তাহাকে শৈশব শ্বেতপ্রদর বলে সময় সময়
যোনির মধ্য হইতে স্রাব নিঃসৃত হয় প্রস্রাব করিতে উষ্ণতা
ও বেদনা বোধ সন্নিহিত শৈল্পিক বিগ্নী হাজিয়া যাওয়ার
ছায় দেখায়। ইহা আপনাপনি সমুপস্থিত হইয়া থাকে
সময় সময় কণ্ডুয়ন উপস্থিত হয় সার্বাঙ্গিক স্বাস্থ্য ভাল
থাকে না

চিকিৎসা।—সংকোচক ধাবন দ্বাৰা যোনিদ্বার সৰ্বদা
পবিত্কার কবিবে। ফটকিরি মিশ্রিত ঈষৎ জলে কাটমান
বোবিক এসিড বা পাবমাঙ্গানেট অব্ পটান লোশন দ্বাৰা
ধৌত কৰ্ণ হিতকর সেবনার্থেও অল্প মাত্রায় বোবিক এসিড
ব্যবহৃত হইতে পারে মধ্যে মধ্যে বিবেচক ও পবিতৰ্ত্তক ঔষধ
বেদনা থাকিলে পপীহেড ফোটেমেন কুইনাইন ও ষ্টীল ১৭৬,
কডলিভর অয়েল, সামুদ্রিক বায়ুসেবন মিবণ্ ফেবি আইয়োডাইড,
ফল্ফেট অব্ আয়বণ্ বা লাইগ

ইউরিথাইটিস—মূত্রমার্গ প্রদাহ।

প্রমেহ ব্যতীত আপনাপনি উপস্থিত হইতে পারে

লক্ষণ ।—মূত্রমার্গে উষ্ণতা বোধ, প্রস্রাব কঠিতে জালা, মপুষ শ্লেষ্মাক্ষরণ, মূত্রাশয়ের উদ্দীপনা মূত্রমার্গ স্ফীত ও আরক্ত

চিকিৎসা — উষ্ণ জলে কটমান, উষ্ণ জল স্বেদ, বিশ্রাম, অল্পওজক খাদ্য, স্নিগ্ধ পানীয় ওপিয়াম ও বেলেডোনা ১০১ বেলেডোনা ও বিস্মথ নিম্নিত পেসাবি প্রতি বাত্রে দিয়া বাথিবে ক্যালসম কোপেবা নাইটেট অব্ সিল্ভর লোশন স্ফাণ্ডাল উড্ অয়েল মিউসিলেজ সহ লিনসিড টি অল্প মাত্রায় অর্থাৎ সিকি হইতে ১ মিনিম মাত্রায় টিং ক্যাছাবিস্ সেবন হিতকর

ভ্যাজাইনাইটিস—যোন্ডভ্যন্তর প্রদাহ ।

৩৮ ও প্রাচীন ভেদে এই প্রদাহ দ্বিবিধ শৈল্পিক বিলী ব্যতীত অন্যান্য তন্তুও আক্রান্ত হইতে পারে আঘাত, অপরিষ্কৃততা ও ঞ্গ মস্তকেব দ্বারা চাপ লাগা আদি কাবণে তকণ প্রদাহ জন্মে

লক্ষণ — যোনিতে বেদনা ও উত্তাপ বোধ যোনি-দ্বার কণ্ডুয়ন, মূত্রাশয়ের উদ্দীপনা প্রথমে শৈল্পিক বিলী শুষ্ক ও স্ফীত থাকে এবং শ্লেষ্মাশ্রাব কম হয় তৎপরে ধন শ্লেষ্মা ও পুষ নিঃসৃত হয় ও বেদনা কম পড়ে পৃষ্ঠবেদনা, উরু ও নিতম্বে বেদনা ৭৮ দিবস পবে রোগ প্রাচীনা-কার ধাবণ কবে যদি শৈল্পিক বিলীর নিম্নস্থ বিধান আক্রান্ত হয়, তাহা হইলে শীত জ্বর, শিরোবেদনা প্রভৃতি প্রকাশ পায় দন্দবে বেদনা ও পুষোৎপত্তি হয় প্রাচীন প্রদাহে

শ্বেতপ্রদরবৎ শ্রাব নির্ভিত্তি হয় ক্ষুধাভাব, কোষ্ঠবদ্ধ, অজীর্ণ ও উদবাধান, মানসিক অবসন্নতা প্রভৃতি লক্ষণ বর্তমান থাকে। প্রাচীন প্রদাহকে ভ্যাজাইনাল ক্যাটারও বলে

চিকিৎসা।—গ্লিসিরিন অব্ ট্যানিন লাইম ওয়াটার ধাবনার্থ উষ্ণ জলে অধিকক্ষণস্থায়ী কটিমান; বোগ প্রবল হইলে উক্ত জলে একটী পনী ও কার্বনেট অব সোডা মিশ্রিত করিয়া দিবে অল্প পরিমাণে কষণার্থ ক্যাষ্টর অয়েল, ক্যালোমেগ ও জেলাপ, জেলাপ ও সোডা ও৩৭ ঈষৎক্ষণ জলের পীচকারি, বেদনানিবারক ধৌত দ্বারাও পীচকারী দিবে। অক্সাইড অব্ জিঙ্ক ও বেলেডোনা বা ওপিয়ম ও এসিটেট অব্ লেড নির্গিত পেসারি প্রয়োজ্য লঘু অন্ন, মৎস্য, চুন্ধ, ডিম্ব ও স্নিগ্ধ পানীয় উত্তেজক জব্যাদি নিষিদ্ধ পুষ্কোৎপত্তি হইলে ওপিয়ম ও হেনবেন; এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪, পুষ্কির খাদ্য উদবাধঃ প্রদেশে উষ্ণজল স্নেদ, মসিনাব পুলটীস দিবে। পারম্যাঙ্গানেট অব্ পটাশ, বোবিক এসিড বা কার্বলিক এসিড প্রভৃতি এন্টিসেপ্টিক ঔষধের মৃদু ধাবনের পীচকারি বা ডুশ; গরম জলের ডুশ ব্যবহারে উপকার দর্শে

ভ্যাজাইনাল ক্যাটার — যোনিসর্দি।

লক্ষণসমূহ শ্বেতপ্রদরবৎ হয়

চিকিৎসা।—বোগের কারণ নিরূপিত হইলে সর্ব্বাঙ্গে তাহা বিদূরিত করিবে মিনারেল এসিডস ও বার্ক ১৬৯, ১৭০; কুইনাইন ১৯৩, পেপ্‌গিন ৪১৯, এবং মিশ্রিত শীতল জলে কটিমান, সংকোচক ঔষধ (২৪৪) দ্বারা যোনি মধ্যে পীচকারি

দেবে শীতল বা ঈষৎ জল দ্বারা প্রত্যাহ পীচকারি সলফেট অব্ জিঙ্ক, ট্যানিন পেসাবি কে'ম্ব'ব বেদন হ্রাসকর্ষে তৎস্থানে বেলেডোনা প্লাষ্টর পুষ্টিকর খাদ্য, বলকবোধক, বায়ু পবিত্রন। টিং ষ্টীল ও নক্স-ভমিকা, সিএপ ফেরি আইয়োডাইড ও কড-লিডর অয়েল, ফেরি ফস্ফ লাইম ফেবি এট্ এমোন সাই-টস. তিও ফাণ্ট সহযোগে ব্যবহার্য।

প্রোল্যাপ্সস্ ভ্যাজাইনা এণ্ড ইউটেরিস—যোনিক্রংশ বা জরায়ুক্রংশ।

ইহা স্বতন্ত্র ভাবে বা জরায়ুক্রংশেব সঙ্গে মিলিতভাবে সমুপস্থিত হয় যদি যোনি পণালীর সমস্ত পরিধিব্যাপ্ত শৈল্পিক বিলী নির্গত হয়, তবে তাহা যোনিভাবে একটা অর্ধদ্রবৎ দেখায় প্রত্যাহ ও হাজিয়া যাওয়া বর্তমান থাকে মুত্রাশয় উগ্র ও মুত্রকৃচ্ছ। আংশিক ক্রংশ অর্থাৎ শৈল্পিক বিলীক কতক অংশ সাধারণতঃই বাহির হইয়া থাকে।

চিকিৎসা।—বহির্গত অংশ উত্তোলিত করিবে সংকোচক পেসাবি ব্যবহার্য। কিছুদিন বোগীকে শয়ন কবাটয়া রাখিবে বিনা আয়াসে মল নির্গত হয়, এরূপ উপায়াবলম্বন করিবে। সার্জিক্যাল স্যুজার উৎকর্ষসাধন ও শৈল্পিক সূত্রের বলবিধানকর ঔষধ প্রযোজ্য পুষ্টিকর খাদ্য, প্রত্যাহ লবণ মিশ্রিত শীতল জলে কটিনান কুইনাইন; ষ্টীল ও ঈ কনিয়া ১৭৩, ১৭৮ ফস্ফরিক এসিড ও নক্সভমিকা ৪২৯, ৪৩২ সংকোচক ধাবনের পীচকারি, ট্যানিন ও ক্যাটীকিউ নিম্মিত পেসাবি।

ডিক্‌সন অব্ ওক বার্ক বা এলম লোশনের পীচবারি ।
 গ্লিসিরিন অব্ বোবাক সহ্ এব্‌সর্কেণ্ট তুলা প্রবেশিত করাইয়া
 বাধিলে রক্তাধিক্য নিবাবিত হয় । বিবিধপ্রকার পেসারী
 প্রযোজ্য

পেল্ভিক সেলুলাইটিস বা প্যারা- মিট্রাইটিস ।

বন্তিগহ্বরস্থ অভ্রচ্ছদ-প্রদাহ ; সাধাবৎ তঃ প্রসবে কষ্ট ও
 গর্ভপ্রাব বৎ তঃ উপস্থিত হয় বাহ্যিক আঘাত, জরায়ু পীড়া বা
 গণ্ডমালীয়া ধাতুপ্রকৃতিও এই পীড়ার কারণ

লক্ষণ ।—অজ্ঞাতসময়ে সমুপস্থিত হয় জ্বর, মস্তকে
 বেদনা ও অস্থিরতা দি সার্বাস্থিক লক্ষণ প্রকাশ পায় । প্রবল
 দব্দবে ও কণ্‌কণে বেদনা উকব নীচে পর্য্যন্ত বাণী স্নায়ু
 শূল অঙ্গাদিতে কণ্‌কণে বেদনা, মূত্রকৃচ্ছ, কোতানি, বমন
 ও বিবমিধা বেদনাযিত ক্ষীততা উদবাধঃ প্রদেশে অনুভূত
 হয় পুয়োৎপত্তি হইলে লক্ষণাদি প্রবলত্ব হয় নীত ও তীব্র
 বেদনা

চিকিৎসা । বোগীকে স্থিরভাবে শয়ন করাইয়া রাখিবে
 অত্যন্ত কম্পসহ বোগ উপস্থিত হইলে উত্তেজক সেবন ও পদ-
 দ্বয়ে উষ্ণতা পূর্ণ বোতল সংস্থাপন কর্তব্য । উদবাধঃ প্রদেশে
 জলোকা, মূত্র বিবেচক, লিন্‌গীড বা ত্রান পুলটীস অঙ্গ পনি
 ষ্কার করণার্থ ঈষদ্ভা জলে পীচকারি বা একমাত্রা গ্লামাইন্
 পর্গেটিভ্ দেওয়া যাইতে পারে বীণ্ডিস সলিউসন, বোবিক
 এসিড বা কবো সব সলিমেট লোশন গাঁস জল সহ পীচকারি

ধা ডুশ পণী ফোমেন্টেসন ; বেলেডোনা ■ কোনিয়মেব পেসারি , উপদংশ-বিষ শবীরু থাকিলে উক্ত পেসাবিতে রু অয়েন্টমেন্ট দিবে ওপিয়েট এনিমা, মর্ফিয়ার অধস্তাচ প্রক্ষেপ উদরে অভ্যন্ত বেদনা থাকিলে একস্থাঃ বেলেডোনা ও পণীর প্রলেপ দিয়া, তত্পরি লিনসীড পুলটীস বা উষ্ণ জলের স্নেহ উষ্ণ জলে কটিনান, উষ্ণ জল দ্বারা যোনিতে পীচকাবি রোগীকে উত্তানভাবে শয়িত বাধিবে হৃৎ, মাংসযুষ, ডিম্ব, বিফ্টি প্রভৃতি পথ্যার্থ পাকশযেব উপব মর্টার্ড প্লাষ্টর দিবে তরণ অবস্থা অতীত হইলে আইনোডাইড অব্ পটাসিয়ম সেবনার্থ ও ব্লিষ্টাব দিতে কেহ কেহ বলেন উষ্ণজলে একখণ্ড স্পঞ্জিয়োপিলিন বা ২৭ পুক বস্ত্রখণ্ড গরম জলে ভিজাইয়া ও তাহা নিঙড়াইয়া তত্পরি ২০ ৩০ ফোটা লডেনম ছড়াইয়া দিয়া তলপেটে সংস্থাপন কবত ব্যাণ্ডেজ বাঁধিয়া দিবে এতদ্বাৰা বেদনা ও প্রদাহ প্রশমিত হয় সেবনার্থ ওপিয়ম প্রয়োগ হিতকর প্রথমে একটু বেশী দিয়া পরে বেদনা উপশমিত না হওয়া পর্য্যন্ত অল্প মাত্রায় দিবে, ইহাব সঙ্গে মুনকাবক, চর্ম উষ্ণ ও শুষ্ক থাকিলে ব্যবহার্য লাইকব হাইড্রার্জ পারক্লোবাইড

পেল্ভিক পেরিটোনাইটিস ।

জরায়ু ও তৎসংলিহিত স্থানাচ্ছাদিত অঙ্গচ্ছদ-প্রদাহ জ্বা-
য়ুর প্রদাহাদি কারণে ও প্রসবাস্তে বা প্রমেহাদিব বিষহেতু এই
শীড়া জন্মিতে পারে

লক্ষণে ।—শীত, পরে বেদনা উদরাধঃ প্রদেশে স্পর্শা-
সহস্র ও বেদনা, ও তাহা চাপে বৃদ্ধি । চর্ম উষ্ণ, নাড়ী দ্রুত

ও মুখাকৃতি উৎকর্ষাজ্ঞাপক । পৃষ্ঠে ও কটিতে বেদনা ও তাহা উদ্দেশ্য পর্য্যন্ত প্রসারিত হয় বমন, বিবমিষা, উদবাগান ও কোষ্ঠবদ্ধ পুয়োৎপত্তি হইতে পারে

চিকিৎসা ।—সম্পূর্ণ বিশ্রাম; বেদনানিবারক মাত্রায় ওপিয়ম সেবন; লিনসোড পুলটাস, ওপিয়ম ও বেলেডোনা পেসারী । বেচক ঔষধ এককালীন নিষিদ্ধ । যদি সঞ্চিত মল বৃহদস্ত্রের অধোভাগে থাকে, তবে ঈযাফ অলিভ অয়েল ও আউন্স ও ক্যাপ্টর অয়েল ১ আউন্স একত্রে পীচকারি দিবে মূত্রভাগে অভ্যন্ত কষ্ট ও বেদনা অনুভূত হইলে কাথিটার দ্বারা মূত্র নিঃসারিত করিবে পথ্যার্থ—ছন্ধ, মাংসযুষ, ডিম্ব, ববফ পুয়োৎপত্তি হইলে মদ্য দিবে বোগ পুনরায় না হয় ভজ্জন্ত আর্জবস্রাব বাণে বোগীকে শযায় শয়ান করিয়া থাকিতে বলিবে । পুষ্টিকর পথ্য, কডলিভর অয়েল কুইনিন ও টিং ষ্টীল । পূর্ববর্ণিত পীড়া দ্রষ্টব্য । উপসর্গাদি সাধারণ নিয়মে চিকিৎসা কর্তব্য

পেল্ভিক য়্যাব্‌সেস্ ।

ঔষঃ জলশ্বেদ; লিনসোড পুলটাস, ঔষঃ জলে কটিমান । ইহা প্রায় আপনাপনি বিদীর্ণ হইয়া থাকে, চর্ম্মের নিকট মুখ হইলে অস্ত্র করিবে সেবনার্থ এমোনিয়া ও বার্ক ১৮৩; কুইনিন ও এগিড ১৯৩; কুইনিন ও ষ্টীল; কডলিভর অয়েল মর্ফিয়ার অধস্তাচ ওক্লেপ পুষ্টিকর খাদ্য, পোর্ট, ক্লাবেট, ব্রাণ্ডি, ও সোডা ওয়াটার, ছন্ধ, মাংসযুষ ইত্যাদি ।

ম্যামিনোরিয়া—আর্জবাতাব ।

লক্ষণ ।—ইহা দ্বিবিধ ১ম প্রকাবে আর্জব আবিভ হইয়া জ্বায়ুর অভ্যন্তরে সঞ্চিত থাকে ; কোন প্রকাব অবরোধ থাকি বশতঃ বাহির হইতে পারে না জ্বায়ুব মুখ বা যোনিপ্রণালীৰ অবরোধ হাৰা ইহা সংঘটিত হয় রক্ত সঞ্চিত থাকায় তল-পেটে অর্কুদবৎ স্ফীততা অল্পভব হয় ইহাতে অল্প চিকিৎসাব প্রয়োজন

২য় প্রকাবে আদৌ আর্জবপ্রাব হয় না । এই প্রকাব পীড়াই সচবাচন জনে ঋতু প্রকাশ হওয়ার পব কিছুকাল নিয়মিতভাবে হইয়া পবে অসময়ে বিলুপ্ত হয় মানসিক অভি-যাত বশতঃ হঠাৎ ঋতু শোণিত স্রবণ অবরুদ্ধ হয় বিবিধ তরুণ পীড়া জন্মিলে এবং সর্দি ও আর্জতা বশতঃ এই বোগ উৎপন্ন হইতে পারে শোণিতপ্রাব প্রমলঃ কমিয়া অবশেষে একবাৰে বন্ধ হয় সার্কারিক লক্ষণাদি বর্তমান থাকিতে পারে আকস্মিক অববোধেই ইহা সুস্পষ্ট প্রকাশ পায় গর্ভাবস্থা বলিয়া এম না জনে, তৎপ্রতি সতর্ক হওয়া উচিত

চিকিৎসা ।—হঠাৎ ঋতু বিলোপে একোনাইট ব্যব-হার্য্য এন্টিয়া বেসিমোলা সাধাবণতঃ বিশেষ উপকারী নাই-ট্রিক এসিড ও ট্যানাক্সেসেবম ৩৭০, পটাসী টার্ট ■ ম্যালোক্স ৩২৭ ; গ্যাষোজ ৩৪৫, ম্যালোক্স ৩৪০, পডোফিলিন ও ম্যালোক্স আইওডাইড অব্ পটাসিয়ম ৫ গ্রেণ ও টিংচর আইওডিন ■ মিনিম একোনাইটম ; এমোনি ক্লোরাইডম লাইকর এমোনিয়া ১ ড্রাম, লুক্স ১ পাইন্ট যোনিধারাভ্যন্তরে

পীচকাবি এপিয়ল এক এক মাত্রা দিনে ও রাতে ঋতু উপ-
স্থিত হওয়ার সময়ে ৫৬ দিন ব্যবহার্য টিং ক্যাঙ্কেবাইডিস
১৯০, ৩৬৭, ফিরম রিউক্টম ২০৪, ২০৫, ২০৬; ফেবি গ্রোমাই-
ডম; ফেবি আইয়োডিডম ১৮১, ১৯৯, ৩৮৮; গুণ্ডমাণীয় ব্যক্তি-
দের পক্ষে। মিঃ ফেবি কং ১৯০; মেরি সল্ফাস ১৭৮, ফেবি
এট এমোনি সাইটম ১৮৮, ৩৮৫; গোসেকম ২৮৬; আইয়োডো-
ফর্ম, স্ত্রাবাইনা ৩৮৭, সব ৩৮৬; পটানী নাইট্রস, পটানী
গ্রোমাইড ৪০৮ ফোলিয়ো বিগিনী স্ত্রনোপবি স্থানিক বোজ-
মেরি; রিউটা গ্রাভিয়োলেন্স ৩৮৬। সিকেলি কর্ণিউটম ৩৯০,
৩৯১, ৩৯২ হিপ বাথ, স্ত্রনে সিনাপিজম বোরাক্স ৩০২,
ষ্ট্রীকনিয়া ১৬, ১৭, ১৭৩, ৩৮৮ সম্বল ১০ হইতে ২০ গ্রে°
মাত্রায়, অয়েল অব্ টর্পেন্টাইন এনিমা ৮১, ৮৩ ইলেক
ট্রিসিটি নাইট্রস ইথর ও স্পির্বিট জুনিপার ৩৬৮ পারমাঙ্ক-
নেট অব্ পটাশ ২ গ্রে° মাত্রায় বটিকাকাষে। পল্‌সেটিল।
কলোফাইডম সেবন করিলে আর্তব সমুপস্থিত হয় ইলেকট্রি-
সিটিও ও যুক্ত হয়।

ডিস্মিনোরিয়া—কষ্টরজঃ।

স্নায়ুশূলজ কষ্টরজঃ।—মামবীয় ও ক্ষীণ শরীরবিশিষ্ট
স্ত্রীলোকদিগেব যৌবনাবস্থায় কষ্টরজঃ সমুপস্থিত হয় কয়েক
বৎসর বেদনাবিহীন ঋতু হওয়ার পর এই পীড়া জন্মিতে পাবে।
বিশেষতঃ যাহাদের গর্ভ না হইয়াছে, তাহাদের এই রোগ হয়।
মৃদুক বেদনা, তলপেটে ও কোমবেব নীচে বেদনা। উরুর
উপরাংশেব অভ্যন্তর দিকে বেদনা বোধ নিম্নগমনশীল বেদনা

ও বস্তিদেশে ভাববোধ ঋতুশ্রাব যথেষ্ট পরিমাণে হইলে যন্ত্র-
ণার উপশম হয়। সাধারণতঃ ঋতু শোণিত অতি অল্প পরিমাণে
নিঃসৃত হওয়ায় যন্ত্রণাদি বর্ধিত হয় বেদনা একবার কমিয়া
পুনরায় বৃদ্ধি প্রাপ্ত হয় শুভ্রবায়ু, উদরাগ্নান, কোষ্ঠবদ্ধ, ডিম্ব
কোষে বেদনা আদি লক্ষণ প্রকাশিত হয়

রক্তাধিক্যজ কর্টরজঃ —ইহা অধিক বয়সে হয়
ঋতু প্রকাশের ৪৫ দিন পূর্ব হইতে যন্ত্রণা আবস্ত হয় পৃষ্ঠ
বেদনা, ক্রান্তিবোধ ও অস্থিরতা, বস্তিদেশে ভারবোধ, মূত্রা-
শয়েব উদ্দীপনা, অর্শ, জ্বায়ুতে দব্দবে বেদনা ক্রমশঃ ঋতু
প্রকাশ পায়, প্রথমে শোণিত ক্ষবঃ অতি অল্প পরিমাণে হইতে
থাকে শোণিত শ্রাব অধিক হইলে যাতনাব উপশম হয়
অমা বক্ত বা বিল্লী নিঃসৃত হয় ডিম্বকোষ ও শুন বেদনা-
ধিত থাকে

যান্ত্রিক কর্টরজঃ —বাহ্য বা আভ্যন্তর অম্ ইউটিবা-
ইতে অববোধ বশতঃ বা জ্বায়ুতে অর্কুদ, উহাব স্থানচ্যুতি
প্রভৃতি কারণে এই পীড়া জন্মে ঋতু অল্প, শ্রাব এক এক
বার অধিক পরিমিত তৎসঙ্গ বেদনা থাকে পৃষ্ঠ বেদনা,
মূত্রাশয়েব উদ্দীপন, ডিম্বকোষে বেদনা ও বক্তাধিক্য পরীক্ষা
দ্বারা অম্ ইউটিবাই ছোট ১০বার ঋতু শোণিত নিঃস্রব কালে
উদরত আক্ষেপ উপস্থিত হয়

চিকিৎসা। এন্ট্রিয়া রেসিমোজাব টিংচর বিল্লী
নিঃসৃত হইতে থাকিলে আর্গেনিক ব্যবহার্য স্নায়ুশূলজ
বোগে ক্রোটন ক্লোবা ব্যবহার্য বেদনা নিবারণার্থ উষ্ণ
জলে কটিনান, তৎপূর্ব অকুগাইড অব্ জিক ও বেলেডোনা

পেসারি বেদনা নিবারণে তন্তু ইঞ্জিয়ান হেম্প ও ইথর ৯৮ ;
 মর্ফিয়াব অধস্তাচ প্রক্ষেপ ; ওপিয়ম ১৩৩, ১৪১ । একষ্টা বেলে
 ডোনা ও ডোভর্ম পাউডর ১০১ ক্লোবোডাইন মধ্যবর্তী
 কালে স্নায়বীয় বলকারক ঔষধ প্রয়োজ্য ফস্ফরিক এসিড
 ও বার্ক ; কুইনাইন ও গিনাবেণা এসিডস ১৯৩, হাইপোফস্ফা-
 ইট অব্ মোডা ৪৩০, কডলিভর অয়েণ। বাত রোগ থাকিলে
 তদনুরূপ ঔষধ প্রয়োগ বিধায় কোষ্ঠবন্ধে যুহু বিরেচক—
 পিল্ নিয়াই কং, একাবভেসিং সাইটেট অব্ ম্যাগ্নিশিয়া,
 ক্যামেগাইল টি পথ্যায় ছুট, টি, কফি, মদ্য, মাংসযুষাদি
 বিশুদ্ধ বায়ু সেবন, ওহু অন্ন ব্যায়াম পুরুষ সহবাস কয়েক
 সপ্তাহ বন্ধ রাখা কর্তব্য ক্লোবেট অব্ পটাশ ও ডিঃ বার্ক

রক্তাধিক্য কষ্টবন্ধে লঘু ও অনুরোধক খাদ্য, সামান্য
 ব্যায়াম, বিশুদ্ধ বায়ুতঃ প্রশ্ন আইয়োডাইড অব্ সোড ও বেল-
 ডোনা পেসাবি আইয়োডাইড অব্ পটাসিয়ম, কলচিকম,
 কডলিভর অয়েণ, উষ্ণজলো স্নান, মার্কিউবিমেল ভেপার বাথ
 কারণানুযায়ী চিকিৎসা করা কর্তব্য বেদনাকালেব চিকিৎসা
 পূর্ববৎ মধ্যবর্তীকালে পুরোঁলিপিও ঔষধ ব্যতীত বোমাইড
 অব্ পটাসিয়ম, কবোসিব সল্লিমেট

অত্যন্ত যন্ত্রণা দায়ক বেদনায় এন্টিপাইবিণ বা ফিনাসিটিন,
 কফিন সাইটস সহ প্রয়োজ্য। ১৫।২০ মিনিম লডেনম, মিউ-
 সিলেজ সহ মলদ্বাবে পীচকানি জেলসিমিয়ম ৩—৫ মিনিম
 মাত্রায় ও টিং পল্মেটিল ১২ মাত্রায় প্রয়োজ্য

মিনোরেজিয়া ও মিট্রোরেজিয়া ।

বৃজোথিক্য ও জ্বাযবীয় রক্তশ্রাব

ইহাতে ঋতুকালে অধিক পরিমাণে শোণিত শ্রাব হয় টুবর-
কিউলোসিস, ব্রাইটাখ্য পীড়া, প্লীহাব বোগ, অপরিমিত শুক্রদান,
মাসিক ঋতু প্রকাশকালে উত্তেজনা, অপরিমিত সংসর্গ, ও ভিষ-
কোষের প্রদাহ, জরায়ু তন্তুব শিথিলতা ও অর্কুদাদি এই পীড়ার
কাবণ

জ্বাযাত ক্যান্সাব, অর্কুদ ও পলীপস এণ্ডোসিটাইটিস,
জ্বাযু গ্রীবাব প্রাদাহিক পীড়া, ভিষকোষে রক্তাধিক্য আদি
কারণে জ্বাযু হইতে রক্তশ্রাব হয় গর্ভশ্রাবের পূর্বেও শোণিত
নিঃসৃত হইয়া থাকে

চিকিৎসা ।—রজোথিক্য সহ শিরোবেদনা থাকিলে এক-
টিয়া রেসিমোজা নব্যবতীদেব পক্ষে ব্রোমাইড অব্ পটাশিয়ম
বা সোডিয়ম বিশেষ উপযোগী ঋতু প্রকাশের এক সপ্তাহ
পূর্ক হইতে সেবন আরম্ভ করতঃ রক্তশ্রাব বন্ধ হওয়ার পরও
দিন কয়েক ব্যবহার করিবে । যদি ২৩ সপ্তাহ অন্তর বক্ত-
শ্রাব হইতে থাকে, তাহা হইলে ১০ গ্রেণ মাত্রায় ব্রোমাইড
অব্ পটাশিয়ম রোগাবোগ্য না হওয়া পর্য্যন্ত নিম্নত ব্যবহাব
করিবে শিবঃপীড়া বিঘ্নমানে ক্লোবাইড অব্ এমোনিয়ম
অয়েল সিনেমন উপযুক্ত মাত্রায় রজোথিক্য জনিত রক্তহীন
ভায় ফস্ফেট অব্ লাইম ও আয়বঃ সংকোচক—গ্যালিক এসিড
ও সিনেমন একত্রে বা স্বতন্ত্র, ২১৮, ২২৩, ২২৭, ২৩৩, ৪৩১
এসিটেট অব্ লেড ২.৫, ২২৮ কেরোসিব সল্ভিমেন্ট ৩২৮
আর্গট অব্ রাই ৩.২ এমোনিয়ো সল্ফেট অব্ আয়রণ ;

পারক্লোরাইড অব্ আয়রন; ইনফিঃ ডিডিটেলিস জর্জ আউন্স
 মাত্রায় টর্পেন্টাইন ২১৭, লাবক ফেবি পান নাইট্রেটাম
 ২১৯; ওপিয়ম, ইণ্ডিয়ান হৈম্প টিংচন ■ ফোটা মাত্রায় দিন
 তিন বাব ভাইনম ইপিকাক, শ্রাবাইনা, অকুমাইড অব্
 সিন্‌ডর, আর্সিনিক । হামাসেলিস বা হেজিগিন । স্থানিক—
 উদরাদঃ প্রদেণে ববল, যোনিদ্রাবেব মধ্যে ববফ, ট্যানিক এসিড্
 বা ম্যাটিকোব ধাবন দ্বাং পীচকাবি, সংকোচক পেসাবি, অস্-
 ইউটিবাইয়েব মুখ স্পঞ্জ, যোনিদ্রাব তুলা দ্বাং অবরুদ্ধ কবা,
 শীতল জলের পীচকাবা । অন্তান্ত অধিক বক্তব্যাবে একষ্ট্রী আর্গট
 লিকুইডে উপকাব না হইলে উহাব সাব ১২ গ্রেণ অর্থাৎ
 আর্গটিনের হাইপোডর্মিক ইন্‌জেকশন এবষ্ট্রাঃ, হাইড্রাষ্টিস
 লিকুইঃ ৫—১৫ মিনিম্ মাত্রায় ।

ইউটিরাইন ক্যাটার—লিউকোরিয়া ।

শ্বেত পদর

যোনিব ও জবাযুবব শৈল্পিক বিহীতে সর্দি-প্রদাহ জন্মে
 ইহাতে অধিক পরিমাণে শ্লেষাস্রাব হয় বিবিধ কারণে উপ-
 স্থিত হয়

লক্ষণ ।—অধিক জর, সার্বাঙ্গিক উদ্দীপনা, ক্ষুধাত্যাগ ;
 তলপেটে, বাট, বিটপ ও উরুদেশে বেদনা, বস্তিতে উত্তাপ ও
 পূর্ণতা বোধ, সতত মূত্রত্যাগেচ্ছা গর্ভাশয় ও উদরকোম সবে-
 দন ষোগ প্রাচীন হইলে অধিক পরিমাণে শ্লেষাস্রাব হয়
 ঋতুক্রিয়া বেদনাসহ সম্পাদিত হয় পাবৈপাক ক্রিয়া বিশৃঙ্খলা,
 পৃষ্ঠবেদনা, শিবোবেদনা, গাত্র শুষ্কতা, ক্রমশঃ বলক্ষয়

ইনফ্লুয়েন্সান্ ও এণ্ডোমিট্ৰাইটিস—জ্বৰায়ু প্ৰদাহ । ৩৭১

চিকিৎসা — তৰণ বোগে • বিশ্রাম, স্নিগ্ধপানীয়, লঘু
 পথ্য প্ৰমে কোষ্ঠ পৰিষ্কাৰার্থ কল্‌পাউণ্ড ড্ৰেলাপ পাউডাৰ
 ১ ড্ৰাম ও ■ গেণ ক্যালোমেল দিবে প্ৰাতে ও বাত্ৰিতে উষ্ণ
 জলে কটিলান (রক্তশ্ৰাব থাকিলে নিষিদ্ধ) উষ্ণ জলেব
 পীচকাৰী যোনিমধ্যে মাৰ্কবী ও বেলেডোনাৰ পেসাৰি উদ
 রাধঃপ্ৰদেশে লিনসিড পুলটীস পুৰাতন বোগে গ্ৰিঃ আইয়ো-
 ডাইড অব্ মাৰ্কবী, বেড আইয়োডাইড অব্ মাৰ্কবী, ডেনো-
 ডান্স সলিউশন ; কবোসিব সলিমেট ৪০২ আইয়োডাইড
 অব্ পটাশিয়ম ৩৯৯, ৪০১ কডলিওব অমেল ৪১০ পেপ্-
 সিন্ ৪১৭, টিং ফেবি পাৰক্লোৰাইড ফফেট অব্ জিঙ্ক ও
 অক্সিজেন ৪২৯ পুষ্টিকৰ ঝ'চ, স'ংস, ছ'ঙ্ক, ডি'স, ম'চ অ'চ প'বি-
 মাণে বিগ্ৰহ বায়ুতে অমণ সল্‌ফেট অব্ বিবিবিয়া বলকৰ-
 গাৰ্থ বায়ু পৰিবৰ্ত্তন ফেবি ফ'ফ ও ক্যাল্‌সিয়' ফ'ফ ফেবি
 এট্ এমোনি' সাইট্ৰ'স, সিনপ ফেবি আইয়োডাইড ও টিং ন'ব' বা
 লাইক'ব ট্ৰীক্‌নিয়া বিবিধ সংকোচক ও পচননিবাৰক ঔষধেব বা
 শুদ্ধ উষ্ণ জলেব পীচকাৰি বা ডুগ

ইনফ্লুয়েন্সান অব্ দি ইউটিৰ'স—মিট্ৰাইটিস ও
 এণ্ডোমিট্ৰাইটিস্ — জ্বৰায়ু প্ৰদাহ ।

যাহাদেব গৰ্ভ না হইয়াছে, তাহাদেব জ্বৰায়ুৰ বিধানপ্ৰদাহ
 একটী বিবল পীড়া জ্বৰায়ুৰ মধ্যস্থানেব, গ্ৰীবাৰ বা সমস্ত
 যন্ত্ৰেব পৈশিক তন্ত্ৰ আক্ৰান্ত হয়

লক্ষণ । — তৰণ প্ৰদাহ হঠাৎ নীত হইয়া আবস্ত হয়

কিছু সচরাচর ক্রমশঃ উপস্থিত হয় বস্তিগহ্বরের পূর্ণতা, ভাব ও উষ্ণতা বোধ হয় তলাপট, কুচকী ও মদাছার বেদনা ও দব্দব করে মূত্রাশয়েব উদ্দীপনা, বমন, বিবমিষা কোষ্ঠানি সহ উদবাসয়। প্রথম দিনের পর জরাযুক্তে তীব্র বেদনা জন্মে ও থাকিয়া থাকিয়া উহাব প্রকোপ হয়। শ্লেষ্মা বা সরক্ত স্রাব নির্গত হয়, উত্তানভাবে শয়ন করিলে যন্ত্রণার উপশম হয় এক সপ্তাহের মধ্যে ৩৬° লক্ষণাদি তিবো-হিত হয় প্রায়ই সহজে আবোগ্য হয়, তবে কখন কখন পুষ্ণোৎপত্তি হইয়া থাকে।

চিকিৎসা — তরুণাবস্থায় সম্পূর্ণ বিশ্রাম, লঘু পথ্য, স্নিগ্ধ পানীয়, উষ্ণ স্থলে রুটিন, ওপিয়াম ও বেলেডোনা পেসাৰি, ওপিয়েট এনিমা ও সপোজিটবী মৃচ্ছ করোসিব সল্লিমেট লোসন বা কণ্ডিস সলিউশনের ডুশ বা পীচকারি স্বেদন জলের পীচকারি মিসিবিণ ও একট্রাঃ বেলেডোনা তলাপেটে লাগাইবে গণেব ডুগীব বা মসিনার পুষ্ণটিম, উষ্ণ জলস্বেদ জ্বব থাকিলে তাহার চিকিৎসা সাধাবণ উপায়ে করিবে রোগের তরুণাবস্থা উত্তীর্ণ হইলে আইয়োডাইড অব্ পটাশিয়াম ও ডিকক্‌সন অব্ বার্ক, কডলিভর অয়েল, পুষ্টিকর খাদ্য, আইয়োডাইড অব্ গেড ও কোনিয়াম পেসাৰি। সার্জিকাল স্বাস্থ্য যাহাতে উন্নত হয়, তাহাব চেষ্টা করিবে করোসিব সল্লিমেট ও বার্ক বা সার্জা ৩৯৮, ৪০২

অল্‌সারেসন অব্ দি সারভির্বা ইউটিরাই ।

রক্তাধিক্য ও প্রদাহবশতঃ ক্ষত উৎপন্ন হইতে পারে। কখন

কখন হাজিরা যাওয়ার জায় বোধ হয়। উপদংশ বিষ বশতঃ ক্ষত জন্মিতে পারে।

লক্ষণ।—কটিদেশে ও নিতম্বে বেদনা, ডিম্বকোষের উদ্দীপনা, শ্বেতপ্রদব, অপাক, উদরাগ্নান জরায়ুর ক্রিয়া বিশৃঙ্খলা, সার্কাঙ্কিক স্বাস্থ্যহানি রক্তস্রাব, শিরোবেদনা, বক্তহীনতা, দৌর্বল্য দাঁড়াইলে বা সোজা হইয়া বসিলে সময় সময় বেদনামুভূত হয়।

চিকিৎসা।—ম্যালম ও ডিক ইন্ডেক্সন ২৪৪, ২৪৫। সংকোচক ■ অবসাদক পেমারি এমিড সলিউশন অব নাইট্রেট অব মার্কবী স্থানিক পুষ্টিকর পথ্য, ক্লাবেট, সেরি, স্যাম্পেন বা ত্রাণ্ডি ও জল পেপ্সিন্, কুইনাইন, বিউবার্ব, নাইট্রো হাইড্রোক্লোরিক এমিড ও তিক্ত ফাণ্ট, স্ট্রাঙ্গিন আইয়োডাইড অব পটাসিয়ম ও আর্গিনিক, কডলিডর অয়েল। গ্লিসিরিন ৯০ ভাগ ■ ইকুথিয়ল ১০ ভাগে একত্রে তুলা সহযোগে স্থানীক প্রয়োজ্য। আইয়োডিন ১ ভাগ ও কার্বলিক এমিড ৪ ভাগ একত্রে প্রয়ো-
গার্থ ব্যবহৃত হয়

ক্যান্সার অব্ দি ইউটিউস।

জরায়ুর গ্রীবাতেই সচবাচর ভগ্নে ৪০ বৎসর বয়সের পর প্রায় এই বয়সে ঘটে।

লক্ষণ।—দুর্গম, গীতাত, মলিন জলবৎ স্রাব। আকস্মিক বক্তবৎ যন্ত্রণাদায়ক বেদনা, প্রথম প্রথম রাত্রিতে আত্যস্ত বৃদ্ধি হয়, অবশেষে নিরন্তর বেদনা প্রবল থাকে বমন ■ বিবমিধা, উদরাগ্নান জরায়ুর ক্রিয়া বিশৃঙ্খলা, অরুচি বেদনা-

স্থিত মানসিক অবসন্নতা ০ দিন দিন শরীর দুর্বল ও জীর্ণ শীর্ণ হইতে থাকে। মুখাকৃতি পীতাত ও উৎকর্ষাব্যঞ্জক বস্তু-গ্ৰহণে অসমর্থ অচলাভাৱে বঁধ দেখা যায় ছুই বৎসরের মধ্যে অবসন্নতা প্রাহুর্ভূত হইয়া রোগীর মৃত্যু হয়

চিকিৎসা — পুষ্টিকর খাদ্য, ছুন্ধ, মাংস, ডিম্ব, ঘৃত, মাংস প্রভৃতি। উত্তেজক পানীয়—এাণ্ডি, মেনি বলকারক—এমোনিয়া ও বার্ক ১৮৩; ফস্ফেট অব্ জায়বন ও ফস্ফরিক এসিড ডিগ ১৮৭; কুইনাইন ও বেলেডোনা; কডলিউন অয়েল। পাকশয় উগ্র থাকিলে পেপসিন ৪১৭; নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড, এমোনি কার্ব ও হাইড্রোসিয়ানিক এসিড ৪, স্ত্রিঃ এমন স্যান্ডেলেটিক ১০, ক্লোবেট অব্ পটাশ ড্রিঙ্ক ২৯৪। পাকশয়ে একষ্টা বেলেডোনার প্রলেপ ক্যাষ্টর অয়েল, কনফেকশন অব্ সেনা, ক্যাষ্টর অয়েলের পীচকাবী বেদনা নিবারণার্থ হেনবেন ও ক্যান্ফর ১৪১, ক্যান্ফর ও বেলেডোনা ৪২০; ওপিয়াম ও মর্ফিয়া পূর্ণ মাত্রায় মর্ফিয়ার অধখাচ প্রলেপ ক্লোরোফর্ম ও ইণ্ডিয়ান হেম্প ৯৮ মূত্রাশয়ে উগ্রতাতে বেলেডোনা স্থানিক ব্যবহার্য বক্তৃলাব নিবারণার্থ গ্যালিক এসিড, মিনা-বেন এসিড্‌স, গিনেমন, এসিটেট অব্ লেড, টর্পেণ্টাইন গ্যালিক এসিড ও স্যাবোমেটিক সল্ফিউরিক এসিড ৪৩১ স্পেকুলাম ব্যবহার কবাব সুবিধ হইলে লিট ও টিষ্ট ও স্লিগিরিগ স্থানিক ব্যবহার্য। বিবিধ প্রকার সংকোচক ঔষধের পীচকারি ছুর্গন্ধ নিবারণার্থ পাবমান্‌গানেট অব্ পটাশ ৩০ গ্রেণ, অল ১ পাইন্ট পীচকাবি দিবে। এতর্থে ক্রিসেছোট, ক্লোবাইড অব্ জিঙ্ক, বা ক্লোরিনিক এসিড জলমিশ্রিত কবিয়া পীচকারিরূপে প্রয়োজ্য

বোবিক লোশন রক্তস্রাব নিবারণার্থ হামাগেলিস বা হেজিগিন,
একষ্টাঃ আর্গট লিকু, বা হাইড্রাষ্টিস লিকু ব্যবহার্য

ফাইব্রাইড টিউমার্স অব্ দি ইউট্রুস ।

অবায়ু তন্তু অতি বর্ধিত হইয়া এই প্রকার অর্কুদ উৎপন্ন হয় এক বা বহু অর্কুদ জন্মিতে পারে অর্কুদ কখন ছোট ও কখনও অত্যন্ত বড় হয়

